ওঁ সচ্চিদানন্দমদ্বয়ং ব্রহ্ম ॥

উপনিষদঃ ।

(ঈশ-কেন-কঠ-প্রশ্ন-মুণ্ডক-মাণ্ডুক্যেতি ষট্)

—— ✱ ——

ব্রহ্মজিজ্ঞাসাদিগ্রন্থপ্রণেতুঃ

শ্রীসীতানাথ-দত্তস্য

'শঙ্করকৃপা'-নামটীকয়া 'প্রবোধক'-নাম-বঙ্গানুবাদেন চ সমেতাঃ,

সুপ্রসিদ্ধ-বেদাচার্য্যেণ

শ্রীসত্যব্রতসামশ্রমিণা সংশোধিতাঃ।

CALCUTTA

16/1 Ghoshe's Lane, Satya Press

rinted and published by Mohendra Nath sirc

1898

(মূল্য এক টাকা)

ওঁ

গ্রন্থোৎসর্গ।

যিনি অনন্ত-জীবন-পথে [illegible]াস'-রূপ আমার গৃহে আমার পত্নীরূপে কিছুদিন বাস করিয়াছিলেন,

যিনি গার্হস্থ্যজীবনের সমুদায় কর্ত্তব্য বিশ্বস্তরূপে সম্পাদন করিয়া কালপ্রাপ্তে উচ্চতর লোকে গমন করিয়াছেন,

যিনি ইহ-জীবনেই উপনিষৎ-প্রতিপাদিত আত্মজ্ঞান লাভ করিয়াছিলেন এবং ব্রহ্মযোগের মধুর আস্বাদন অনুভব করিয়াছিলেন,

যিনি সংস্কৃত ভাষায় অনভিজ্ঞা হইয়াও সংস্কৃত শ্লোকের রসাস্বাদনে সমর্থা ছিলেন,

'কেনেষিতং পততি প্রেষিতং মনঃ' প্রভৃতি বচনগুলি যাঁহার অতীব প্রিয় ছিল,

যিনি অদ্য এখানে বর্ত্তমান থাকিলে এই পুস্তকের প্রচারে অত্যন্ত আনন্দ লাভ করিতেন,

যাঁহার স্মৃতিচিহ্ন-স্বরূপ এই টীকা ও অনুবাদ রচিত হইয়াছে, তাঁহারই পবিত্র নামে এই গ্রন্থদ্বয় ভক্তিভাবে উৎসর্গীকৃত হইল।

সূচীপত্রম্ ।

ঈশোপনিষৎ	১
কেনোপনিষৎ	৯
কঠোপনিষৎ	
প্রথমা বল্লী	২৩
দ্বিতীয়া বল্লী	৩৯
তৃতীয়া বল্লী	৫২
চতুর্থী বল্লী	৫৯
পঞ্চমী বল্লী	৬৬
ষষ্ঠী বল্লী	৭৩
মুণ্ডকোপনিষৎ	
প্রথমমুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ	৮১
প্রথমমুণ্ডকে দ্বিতীয়ঃ খণ্ডঃ	৮৫
দ্বিতীয়মুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ	৯২
দ্বিতীয়মুণ্ডকে দ্বিতীয়ঃ খণ্ডঃ	৯৭
তৃতীয়মুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ	১০৩
তৃতীয়মুণ্ডকে দ্বিতীয়ঃ খণ্ডঃ	১০৯
মাণ্ডুক্যোপনিষৎ	১১৫
প্রশ্নোপনিষৎ	
প্রথমঃ প্রশ্নঃ	১২২
দ্বিতীয়ঃ প্রশ্নঃ	১২৯
তৃতীয়ঃ প্রশ্নঃ	১৩৫
চতুর্থঃ প্রশ্নঃ	১৪১
পঞ্চমঃ প্রশ্নঃ	১৪৭
ষষ্ঠঃ প্রশ্নঃ	১৫১

ওঁ সচ্চিদানন্দমদ্বয়ং ব্রহ্ম।

শুক্ল-যজুর্ব্বেদীয়া,

বাজসনেয়সংহিতোপনিষৎ

বা

ঈশোপনিষৎ।

ঈশা বাস্যমিদং সর্ব্বং যৎ কিঞ্চ জগত্যাং জগৎ।
তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্য স্বিদ্ধনম্ ॥ ১ ॥
কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ।
এবং ত্বয়ি নান্যথেতোঽস্তি ন কর্ম্ম লিপ্যতে নরে ॥ ২ ॥

জগত্যাম্ (পৃথিব্যাং) যৎ কিঞ্চ (যৎ কিঞ্চিৎ) জগৎ (প্রপঞ্চভূতম্) [অস্তি], ইদম্ সর্ব্বম্ (নামরূপাখ্যং বিকারজাতম্) ঈশা (পরমাত্মনা) বাস্যম্ (আচ্ছাদনীয়ম্,—সর্ব্বম্ ব্রহ্মণা ব্যাপ্তম্ ইতি অবধার্য্যম্)। তেন ত্যক্তেন (ত্যাগেন,—বিষয়াসক্তেঃ পরিত্যাগেন) [পরমাত্মানম্] ভুঞ্জীথাঃ; কস্য স্বিৎ (কস্যচিৎ) ধনম্ মা গৃধঃ (আকাঙ্ক্ষাম্ মা কার্ষীঃ) ॥ ১ ॥

[ব্রহ্মযোগাসমর্থঃ নরঃ] কর্ম্মাণি (অগ্নিহোত্রাদীনি) কুর্ব্বন্ এব শতম্ (শতসংখ্যকাঃ) সমাঃ (সংবৎসরান্) ইহ (অত্র লোকে) জিজীবিষেৎ (জীবিতুম্ ইচ্ছেৎ)। এবম্ (এবম্প্রকারেণ জিজীবিষতি) ত্বয়ি নরে ইতঃ (এতস্মাৎ কর্ম্মাণি কুর্ব্বতঃ বর্ত্তমানাৎ প্রকারাৎ) অন্যথা (প্রকারান্তরম্) ন অস্তি, [যেন প্রকারেণ অশুভম্] কর্ম্ম ন লিপ্যতে ॥ ২ ॥

জগতে যাহা কিছু বস্তু আছে, সেই সমুদায়কে পরমাত্ম-দ্বারা আচ্ছাদন করিতে হইবে (অর্থাৎ সমস্তই পরমাত্মা দ্বারা ব্যাপ্ত রহিয়াছে, এরূপ উপলব্ধি করিতে হইবে)। এইরূপে বিষয়াসক্তিতে ত্যাগ বুদ্ধি দ্বারা [পরমাত্মাকে] সম্ভোগ কর; কাহারো ধনে আকাঙ্ক্ষা করিও না ॥ ১ ॥

অসুর্য্যা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ।
তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহনো জনাঃ॥ ৩॥
অনেজদেকং মনসো জবীয়ো নৈনদ্দেবা আপ্নুবন্ পূর্ব্বমর্ষৎ।
তদ্ধাবতোঽন্যানত্যেতি তিষ্ঠৎ তস্মিন্নপো মাতরিশ্বা দধাতি॥৪॥

অসুর্য্যাঃ (পরমাত্মানম্ উপেক্ষ্য অসুরত্বম্ গতানাম্ জনানাম্ আবাসভূতাঃ) নাম (প্রসিদ্ধাঃ) অন্ধেন (অদর্শনাত্মকেন) তমসা (অজ্ঞানেন) আবৃতাঃ তে লোকাঃ (নরকবিশেষাঃ)। যে কে চ আত্মহনঃ জনাঃ (অবিদ্বাংসঃ,—আত্মানম্ ঘ্নন্তি হিংসন্তি,—অবিদ্যাদোষেণ বিদ্যমানম্ আত্মানম্ তিরস্কুর্ব্বন্তি ইতি), তে প্রেত্য (ইমম্ দেহম্ ত্যক্ত্বা) তান্ (লোকান্) অভিগচ্ছন্তি॥ ৩॥

[ব্রহ্ম] অনেজৎ (অচলৎ অপি), [সর্ব্বত্র সদৈব বিদ্যমানম্] একম্, মনসঃ জবীয়ঃ (জববত্তরম্,—মনসা অপ্রাপ্যম্), দেবাঃ (চক্ষুরাদীনি ইন্দ্রিয়াণি) এনৎ (এতৎ) পূর্ব্বমর্ষৎ (পূর্ব্বম্ এব গতম্) ন আপ্নুবন্ (প্রাপ্তবন্তঃ)। তৎ তিষ্ঠৎ (স্থিরম্, অবিকৃতম্) [অপি] ধাবতঃ (দ্রুতম্ গচ্ছতঃ) অন্যান্ (মনঃ-বাক্-ইন্দ্রিয়-প্রভৃতীন্) অত্যেতি (অতীত্য গচ্ছতি ইব); তস্মিন্ (পরমাত্মনি সতি) মাতরিশ্বা (বায়ুঃ) অপঃ (কর্ম্মাণি,—প্রাণিনাম্ চেষ্টালক্ষণানি) দধাতি (বিভজতি, ধারয়তি বা)॥ ৪॥

[ব্রহ্মযোগে অসমর্থ ব্যক্তি অগ্নিহোত্রাদি] কর্ম্ম করিয়াই ইহ লোকে শত বৎসর জীবিত থাকিতে ইচ্ছা করিবেক। হে মনুষ্য! তোমার পক্ষে ইহা ব্যতীত এরূপ অন্য পথ নাই, যদ্দ্বারা [অশুভ] কর্ম্মে লিপ্ত হইবে না॥ ২॥

যাহারা আত্মঘাতী (অর্থাৎ যাহারা অবিদ্যাবশতঃ আত্মাকে অস্বীকার করে) তাহারা এই দেহান্তে আলোকবিহীন এবং অজ্ঞানরূপ অন্ধকারাবৃত অসুর লোকে গমন করে॥ ৩।

ব্রহ্ম অচল হইলেও [সর্ব্বত্র সদা বিদ্যমান] এক ও মন হইতেও বেগবান্; ইন্দ্রিয়সকল তাঁহাকে প্রাপ্ত হয় না। তিনি ইহাদের অগ্রগামী। তিনি স্থির থাকিয়াও দ্রুতগামী অন্য সকলকে

তদেজতি তন্নৈজতি তদ্ দূরে তদ্বন্তিকে।
তদন্তরস্য সর্ব্বস্য তদু সর্ব্বস্যাস্য বাহ্যতঃ ॥ ৫ ॥
যস্তু সর্ব্বাণি ভূতানি আত্মন্যেবানুপশ্যতি।
সর্ব্বভূতেষু চাত্মানং ততো ন বিজুগুপ্সতে ॥ ৬ ॥
যস্মিন্ সর্ব্বাণি ভূতানি আত্মৈবাভূদ্বিজানতঃ।
তত্র কো মোহঃ কঃ শোক একত্বমনুপশ্যতঃ ॥ ৭ ॥

তৎ (ব্রহ্ম) এজতি (চলতি), তৎ ন এজতি (অচলমেব সৎ চলতি ইব ইত্যর্থঃ)। তৎ দূরে তৎ উ (অপি) অন্তিকে (সমীপে)। তৎ অস্য সর্ব্বস্য (জগতঃ) অন্তঃ (অভ্যন্তরে), তৎ উ অস্য সর্ব্বস্য বাহ্যতঃ ॥ ৫ ॥

যঃ তু সর্ব্বাণি ভূতানি আত্মনি এব অনুপশ্যতি, সর্ব্বভূতেষু চ আত্মানম্ অনুপশ্যতি, সঃ ততঃ (তস্মাৎ এব দর্শনাৎ) [কঞ্চিদপি] ন বিজুগুপ্সতে (ঘৃণাং ন করোতি) ॥ ৬ ॥

যস্মিন্ [কালে] আত্মা এব সর্ব্বাণি ভূতানি অভূৎ [ইতি] বিজানতঃ, তত্র (তস্মিন্ কালে) [এবং] একত্বম্ অনুপশ্যতঃ (দর্শনশীলস্য) কঃ মোহঃ কঃ [এব] শোকঃ ॥ ৭ ॥

[অর্থাৎ মন ও ইন্দ্রিয় প্রভৃতিকে] অতিক্রম করিয়া যান ; তাঁহাতে অধিষ্ঠিত থাকিয়াই বায়ু, প্রাণীদিগের দেহ-চেষ্টাসকল বিধান করিতেছে ॥ ৪ ॥

তিনি (ব্রহ্ম) [কার্য্যে বোধ হয়] চলেন, [বাস্তবিক] তিনি চলেন না ; তিনি দূরে আছেন, তিনি নিকটেও আছেন। তিনি এই সমুদায়ের অন্তরে আছেন, তিনি এই সমুদায়ের বাহিরেও আছেন ॥ ৫ ॥

যিনি আত্মাতে (অর্থাৎ পরমাত্মাতে) সমুদায় বস্তু দেখেন, এবং সমুদায় বস্তুতে আত্মাকে দেখেন, তিনি সেই কারণে [কাহাকেও] ঘৃণা করেন না ॥ ৬ ॥

যখন এরূপ জ্ঞান হয়, যে, আত্মাই (অর্থাৎ পরমাত্মাই) সমুদায়

স পর্য্যগাচ্ছুক্রমকায়মব্রণ-
মস্নাবিরং শুদ্ধমপাপবিদ্ধম্।
কবির্ম্মনীষী পরিভূঃ স্বয়ম্ভূ-
র্যাথাতথ্যতোঽর্থান্ ব্যদধাচ্ছাশ্বতীভ্যঃ সমাভ্যঃ ॥ ৮ ॥
অন্ধং তমঃ প্রবিশন্তি যেঽবিদ্যামুপাসতে।
ততো ভূয় ইব তে তমো য উ বিদ্যায়াং রতাঃ ॥ ৯ ॥

সঃ (পরমাত্মা) পরি (সমন্তাৎ) অগাৎ (গতবান্—সর্ব্বব্যাপী ইত্যর্থঃ), শুক্রম্ (শুদ্ধম্, জ্যোতিষ্মৎ), অকায়ম্ (অশরীরম্), অব্রণম্ (অক্ষতম্), অস্নাবিরং (স্নায়বঃ শিরাঃ যস্মিন্ ন বিদ্যন্তে), শুদ্ধম্ অপাপবিদ্ধম্ (পাপবর্জ্জিতম্), [সঃ] কবিঃ (সর্ব্বদৃক্) মনীষী (মনসঃ ঈশিতা নিয়ন্তা), পরিভূঃ (সর্ব্বেষাম্ উপর্য্যুপরি ভবতি ইতি), স্বয়ম্ভূঃ। [সঃ] যাথাতথ্যতঃ (যথাভূত-কর্ম্মসাধনতঃ) [প্রজাভ্যঃ] শাশ্বতীভ্যঃ (নিত্যাভ্যঃ) সমাভ্যঃ (সংবৎসরাখ্যেভ্যঃ) অর্থান্ (পদার্থান্) ব্যদধাৎ (বিহিতবান্) ॥ ৮ ॥

যে অবিদ্যাম্ (বিদ্যায়াঃ অন্যা অবিদ্যা, তাম্ অগ্নিহোত্রাদিলক্ষণং কর্ম্মমাত্রম্), উপাসতে (তৎপরাঃ সন্তঃ অনুতিষ্ঠন্তি), [তে] অন্ধং (অদর্শনাত্মকং) তমঃ (অজ্ঞানরূপং) প্রবিশন্তি। যে উ বিদ্যায়াম্ (দেবতাজ্ঞানে) রতাঃ, তে ততঃ (তস্মাৎ) ভূয় ইব (বহুতরমেব) তমঃ [প্রবিশন্তি] ॥ ৯ ॥

বস্তুরূপী হইয়াছেন, তখন [এইরূপে] একত্বদর্শী ব্যক্তির পক্ষে মোহ ও শোকের সম্ভাবনা থাকে না ॥ ৭ ॥

তিনি (পরমাত্মা) সর্ব্বব্যাপী, জ্যোতির্ম্ময়, অশরীরী, শিরা ও ব্রণরহিত, শুদ্ধ, অপাপবিদ্ধ। তিনি সর্ব্বদর্শী, মনের নিয়ন্তা, সকলের শ্রেষ্ঠ ও স্বয়ম্ভূঃ, তিনি সর্ব্বকালে প্রজাদিগের ভোগের জন্য যথোপযুক্ত বস্তুসকল বিধান করিতেছেন ॥ ৮ ॥

যাহারা কেবল কর্ম্মের অনুসরণ করে, তাহারা [অজ্ঞানরূপ] গভীর অন্ধকারে প্রবেশ করে। যাহারা কেবল দেবতাজ্ঞানে রত, তাহারা তদপেক্ষাও গভীরতর অন্ধকারে প্রবেশ করে ॥ ৯ ॥

অন্যদেবাহুর্বিদ্যয়াঽন্যদেবাহুরবিদ্যয়া।
ইতি শুশ্রুম ধীরাণাং যে নস্তদ্বিচচক্ষিরে ॥ ১০ ॥
বিদ্যাঞ্চাবিদ্যাঞ্চ যস্তদ্বেদোভয়ং সহ।
অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্বা বিদ্যয়ামৃতমশ্নুতে ॥ ১১ ॥
অন্ধং তমঃ প্রবিশন্তি যেঽসম্ভূতিমুপাসতে।
ততো ভূয় ইব তে তমো য উ সম্ভূত্যাং রতাঃ ॥ ১২ ॥

বিদ্যয়া (দেবতাজ্ঞানেন) অন্যৎ (পৃথক্) এব [ফলম্ ইতি পণ্ডিতাঃ] আহুঃ (বদন্তি), অবিদ্যয়া (কর্ম্মণা) অন্যৎ এব [ফলম্ ইত্যাদি]। যে নঃ (অস্মভ্যম্) তৎ (কর্ম্ম চ দেবতাজ্ঞানঞ্চ) বিচচক্ষিরে (ব্যাখ্যাতবন্তঃ) [তেষাং] ধীরাণাং (ধীমতাং) [বচনম্] ইতি (এবং) [বয়ং] শুশ্রুমঃ (শ্রুতবন্তঃ) ॥ ১০ ॥

যঃ বিদ্যাং চ অবিদ্যাং চ তৎ উভয়ং সহ (একেনৈব পুরুষেণ উভয়ম্ অনু-ষ্ঠেয়ম্ ইতি) বেদ (জ্ঞাতবান্), [সঃ] অবিদ্যয়া (কর্ম্মণা) মৃত্যুং (স্বাভাবিকং কর্ম্মজ্ঞানঞ্চ মৃত্যুশব্দবাচ্যং) তীর্ত্বা (অতিক্রম্য) বিদ্যয়া (দেবতাজ্ঞানেন) অমৃতম্ (দেবতাত্মভাবম্) অশ্নুতে (প্রাপ্নোতি) ॥ ১১ ॥

যে অসম্ভূতিম্ (প্রকৃতিং—কামকর্ম্মবীজভূতাম্ অদর্শনাত্মিকাম্ অবিদ্যাম্) উপাসতে, তে অন্ধং তমঃ প্রবিশন্তি। যে উ সম্ভূত্যাং (যস্মাৎ ভূতানি সম্ভবন্তি তস্মিন্ কার্য্যব্রহ্মণি হিরণ্যগর্ভাখ্যে) রতাঃ, তে ততঃ ভূয় ইব তমঃ [প্রবি-শন্তি] ॥ ১২ ॥

[জ্ঞানীরা] দেবতাজ্ঞান ও কর্ম্মের পৃথক্ পৃথক্ ফল কহিয়াছেন। যাঁহারা আমাদিগের নিকট ইহা (অর্থাৎ দেবতাজ্ঞান ও কর্ম্মতত্ত্ব) ব্যাখ্যা করিয়াছেন, সেই জ্ঞানীদিগের মুখ হইতে আমরা এরূপ শুনিয়াছি ॥ ১০ ॥

যে কেহ দেবতাজ্ঞান ও কর্ম্ম উভয়কে একত্র (অর্থাৎ একই পুরুষের অনুষ্ঠেয় বলিয়া) জানে, সে কর্ম্মদ্বারা মৃত্যু (অর্থাৎ স্বাভাবিক জ্ঞান ও কর্ম্ম) হইতে মুক্ত হইয়া দেবতাজ্ঞানদ্বারা দেবত্ব লাভ করে ॥ ১১ ॥

অন্যদেবাহুঃ সম্ভবাদন্যদাহুরসম্ভবাৎ।
ইতি শুশ্রুম ধীরাণাং যে নস্তদ্বিচচক্ষিরে ॥ ১৩ ॥
সম্ভূতিঞ্চ বিনাশঞ্চ যস্তদ্বেদোভয়ং সহ।
বিনাশেন মৃত্যুং তীর্ত্বাসম্ভূত্যামৃতমশ্নুতে ॥ ১৪ ॥

সম্ভবাৎ (কার্য্যব্রহ্মোপাসনাৎ) অন্যৎ (পৃথক্) এব [ফলম্—অণিমাদি-ঐশ্বর্য্যলক্ষণম্—উৎপদ্যতে ইতি পণ্ডিতাঃ] আহুঃ (বদন্তি); অসম্ভবাৎ (প্রকৃতেঃ উপাসনাৎ) অন্যৎ (পৃথক্) [ফলম্—প্রকৃতিলয়লক্ষণম্] আহুঃ। স্পষ্টমন্যৎ পূর্ব্ববৎ ॥ ১৩ ॥

যঃ সম্ভূতিং (হিরণ্যগর্ভোপাসনাং) চ বিনাশং (প্রকৃতিং—প্রকৃতেরুপাসনাং) চ, তৎ উভয়ম্ সহ (একেনৈব পুরুষেণ উভয়ম্ অনুষ্ঠেয়ম্ ইতি) বেদ (জ্ঞাতবান্), [সঃ] বিনাশেন (হিরণ্যগর্ভোপাসনয়া) মৃত্যুং (অনৈশ্বর্য্যম্ অধর্ম্মকামাদিলক্ষণম্) তীর্ত্বা (অতিক্রম্য) অসম্ভূত্যা (প্রকৃতেরুপাসনয়া) অমৃতং (প্রকৃতিলয়লক্ষণম্) অশ্নুতে ॥ ১৪ ॥

যাহারা [কেবল অবিদ্যারূপিণী] প্রকৃতির উপাসনা করে, তাহারা গভীর অজ্ঞানান্ধকারে প্রবেশ করে। আর যাহারা কেবল কার্য্যব্রহ্ম হিরণ্যগর্ভে অনুরক্ত, তাহারা তদপেক্ষাও গভীরতর অন্ধকারে প্রবেশ করে ॥ ১২ ॥

জ্ঞানীরা কার্য্যব্রহ্ম ও প্রকৃতির উপাসনার পৃথক্ পৃথক্ ফল কহিয়াছেন (অর্থাৎ কার্য্যব্রহ্মোপাসনার ফল অণিমাদি ঐশ্বর্য্যলাভ এবং প্রকৃতির উপাসনার ফল প্রকৃতিতে লয়)। যাঁহারা আমাদিগের নিকট ইহা (অর্থাৎ এই উভয়বিধ উপাসনাতত্ত্ব) ব্যাখ্যা করিয়াছেন, সেই জ্ঞানীদিগের মুখ হইতে আমরা এরূপ শুনিয়াছি ॥১৩॥

যে হিরণ্যগর্ভ ও প্রকৃতির উপাসনা উভয়কে একত্র (অর্থাৎ একই পুরুষের অনুষ্ঠেয় বলিয়া) জানে, সে হিরণ্যগর্ভোপাসনা দ্বারা (অনৈশ্বর্য্য ও অধর্ম্মাদিরূপ) মৃত্যু অতিক্রম করিয়া প্রকৃতির উপাসনা দ্বারা (প্রকৃতিতে লয়রূপ) অমৃতত্ব প্রাপ্ত হয় ॥ ১৪ ॥

হিরণ্ময়েন পাত্রেণ সত্যস্যাপিহিতং মুখম্।
তত্ত্বং পূষন্নপাবৃণু সত্যধর্ম্মায় দৃষ্টয়ে ॥ ১৫ ॥
পূষন্নেকর্ষে যম সূর্য্য প্রাজাপত্য.
ব্যূহ রশ্মীন্ সমূহ।
তেজো যত্তে রূপং কল্যাণতমং তত্তে পশ্যামি
যোঽসাবসৌ পুরুষঃ সোঽহমস্মি ॥ ১৬ ॥
বায়ুরনিলমমৃতমথেদং ভস্মান্তং শরীরম্।
ওঁ ক্রতো স্মর কৃতং স্মর ক্রতো স্মর কৃতং স্মর ॥ ১৭ ॥

হে পূষন্ (জগতঃ পোষক! সূর্য্য! [তব] হিরণ্ময়েন (জ্যোতির্ম্ময়েন) পাত্রেণ সত্যস্য (আদিত্যমণ্ডলস্থস্য ব্রহ্মণঃ) মুখম্ অপিহিতম্ (আচ্ছাদিতম্)। সত্যধর্ম্মায় (যথাভূতস্য ধর্ম্মস্য অনুষ্ঠাত্রে মহ্যম্) দৃষ্টয়ে (তব সত্যাত্মনঃ উপলব্ধয়ে) ত্বং তৎ অপাবৃণু (অপগতাবরণং কুরু, প্রকাশয়) ॥ ১৫ ॥

হে পূষন্ (সূর্য্য), হে একর্ষে (একএব গচ্ছতি ইতি), হে যম (সর্ব্বস্য সংযমনাৎ), হে সূর্য্য (রশ্মীনাং রসানাং চ স্বীকরণাৎ গ্রহণাৎ), হে প্রাজাপত্য (প্রজাপতেরপত্য), রশ্মীন্ ব্যূহ (বিগময়); তেজঃ সমূহ (একীকুরু, উপসংহর), তে (তব) যৎ কল্যাণতমম্ (অত্যন্তশোভনং) রূপং তৎ তে (তব প্রসাদাৎ) পশ্যামি। যঃ অসৌ (আদিত্যমণ্ডলস্থিতঃ) পুরুষঃ সঃ অহম্ অস্মি (ভবামি) ॥ ১৬ ॥

হে জগতের পোষক সূর্য্য! তোমার জ্যোতির্ম্ময় পাত্র দ্বারা সত্যের (অর্থাৎ সূর্য্যমণ্ডলস্থিত ব্রহ্মের) মুখ আচ্ছাদিত রহিয়াছে। সত্যধর্ম্মানুষ্ঠায়ীর (আমার) দৃষ্টির জন্য তাহা আবরণশূন্য-কর ॥ ১৫ ॥

হে জগতের পোষক সূর্য্য! হে একাকী গমনশীল! হে সকল প্রাণীর সংযমকর্ত্তা! হে প্রজাপতিতনয়! তোমার রশ্মিসমূহকে সংযত কর এবং তোমার তেজ সংবরণ কর। তোমার যে অতি-শোভন রূপ, তাহা আমি তোমার প্রসাদে দেখি। ঐ যে (সূর্য্য-মণ্ডলস্থিত) পুরুষ, তিনিই আমি ॥ ১৬ ॥

অগ্নে নয় সুপথা রায়ে অস্মান্ বিশ্বানি দেব বয়ুনানি বিদ্বান্।
যুয়োধ্যস্মজ্জুহুরাণমেনো ভূয়িষ্ঠাং তে নম উক্তিং বিধেম ॥ ১৮ ॥

অথ (ইদানীং) [মম মরিষ্যতঃ] বায়ুঃ (প্রাণঃ), [সর্ব্বাত্মকং] অনিলম্ অমৃতং [প্রতিপদ্যতাম্]; ইদং শরীরং ভস্মান্তং [ভূয়াৎ]। ওঁ (-ইতি ব্রহ্মস্মরণং) হে ক্রতো (মনঃ!), কৃতং (এতাবন্তং কালম্ অনুষ্ঠিতং কর্ম্ম) স্মর। পুনর্ব্বচনমাদরার্থম্ ॥ ১৭ ॥

হে অগ্নে! অস্মান্ রায়ে (ধনায়—কর্ম্মফলভোগায়) সুপথা (শোভনেন মার্গেণ) নয় (গময়); হে দেব, [ত্বম্] বিশ্বানি (সর্ব্বাণি) বয়ুনানি (কর্ম্মাণি) বিদ্বান্ (জানন্) অস্মৎ (অস্মত্তঃ) জুহুরাণং (কুটিলং বচনাত্মকম্) এনঃ (পাপং) যুয়োধি (বিয়োজয়, বিনাশয়), তে (তুভ্যং) ভূয়িষ্ঠাং (বহুতরাং) নম উক্তিং (নমস্কারবচনং) বিধেম ॥ ১৮ ॥

এখন [মৃত্যুকালপ্রাপ্ত আমার] প্রাণবায়ু, [সর্ব্বব্যাপী] বায়ুরূপ অমৃতে [মিশ্রিত হউক!] আর এই শরীর ভস্মসাৎ হউক! ওঁ (ব্রহ্মস্মরণ) হে মন! নিজকৃত কার্য্য স্মরণ কর, হে মন! নিজকৃত কার্য্য স্মরণ কর ॥ ১৭ ॥

হে অগ্নি! আমাদিগকে কর্ম্মফল ভোগের নিমিত্ত সুপথে লইয়া যাও; হে দেব! তুমি সমুদায় কর্ম্ম জ্ঞাত আছ। আমাদিগের মন হইতে কুটিল পাপ দূর কর। তোমাকে বার বার নমস্কার করি ॥ ১৮ ॥

ইতি ঈশোপনিষৎ সমাপ্তা ॥

সামবেদীয় তলবকারোপনিষৎ

বা

কেনোপনিষৎ।

কেনেষিতং পততি প্রেষিতং মনঃ
কেন প্রাণঃ প্রথমঃ প্রৈতি যুক্তঃ।
কেনেষিতাং বাচমিমাং বদন্তি
চক্ষুঃ শ্রোত্রং ক উ দেবো যুনক্তি ॥ ১ ॥

শ্রোত্রস্য শ্রোত্রং মনসো মনো যদ্বাচো হ বাচং স উ প্রাণস্য প্রাণশ্চক্ষুষশ্চক্ষুরতিমুচ্য ধীরাঃ প্রেত্যাস্মাল্লোকাদমৃতা ভবন্তি ॥ ২ ॥

কেন ঈষিতং (প্রেরিতং) [সৎ] মনঃ পততি (স্ববিষয়ং প্রতি গচ্ছতি) ? কেন প্রথমঃ (শরীরেষু প্রধানতয়া বর্ত্তমানঃ) প্রাণঃ যুক্তঃ (নিযুক্তঃ, প্রেরিতঃ) [সন্] প্রৈতি (স্বব্যাপারং প্রতি প্রতস্থে) ? কেন ঈষিতাম্ ইমাং বাচং [লোকাঃ] বদন্তি ?, চক্ষুঃ শ্রোত্রঞ্চ কঃ উ (অপি) দেবঃ যুনক্তি (যুঙ্‌ক্তে, প্রেরয়তি) ? ॥ ১ ॥

যৎ শ্রোত্রস্য শ্রোত্রম্ (তৎ-সামর্থ্যনিমিত্তম্) মনসঃ মনঃ, বাচঃ হ বাচম্, (তৎ ব্রহ্মৈব মনআদীনাং প্রবর্ত্তকম্ ইতি) ; সঃ (পরমাত্মা) উ প্রাণস্য প্রাণঃ ; চক্ষুষঃ চক্ষুঃ। [এবং বিদিত্বা শ্রোত্রাদ্যাত্মভাবম্] অতিমুচ্য (পরিত্যজ্য) ধীরাঃ (ধীমন্তঃ) অস্মাৎ লোকাৎ প্রেত্য (গত্বা) অমৃতাঃ (অমরাঃ) ভবন্তি ॥ ২ ॥

মন কাঁহা কর্ত্তৃক প্রেষিত হইয়া নিজ বিষয়ের প্রতি গমন করে? [শরীরের অভ্যন্তরে] প্রধান প্রাণ কাঁহা কর্ত্তৃক নিযুক্ত হইয়া নিজ বিষয়ের প্রতি গমন করে? কাঁহার ইচ্ছাতে লোকে এই সকল বাক্য উচ্চারণ করে, এবং কোন্ দেবতাই বা চক্ষু ও কর্ণকে নিজ নিজ বিষয়ে নিযুক্ত করেন? । ১ ।

যিনি শ্রোত্রের শ্রোত্র, মনের মন, বাক্যের বাক্য (অর্থাৎ এই সমুদায়ের শক্তির কারণ), [তিনিই মন আদির প্রবর্ত্তক] ; তিনিই প্রাণের প্রাণ, চক্ষুর চক্ষু ; [এই জ্ঞান দ্বারা শ্রোত্রাদির আত্মত্ব

ন তত্র চক্ষুর্গচ্ছতি ন বাগ্ গচ্ছতি নো মনো
ন বিদ্মো ন বিজানীমো যথৈতদনুশিষ্যাৎ।
অন্যদেব তদ্বিদিতাদথো অবিদিতাদধি
ইতি শুশ্রুম পূর্ব্বেষাং যে নস্তদ্ ব্যাচচক্ষিরে ॥ ৩ ॥
যদ্বাচানভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে ॥ ৪ ॥

তত্র (তস্মিন্ ব্রহ্মণি) চক্ষুঃ ন গচ্ছতি, বাক্ ন গচ্ছতি, মনঃ ন গচ্ছতি; [বয়ং তং] ন বিদ্মঃ (জানীমঃ), যথা এতৎ (ব্রহ্ম) অনুশিষ্যাৎ (শিষ্যায় উপদিশেৎ) [তদপি] ন বিজানীমঃ। তৎ (ব্রহ্ম) বিদিতাৎ (জ্ঞাতাৎ বস্তুনঃ) অথ অবিদিতাৎ (অজ্ঞাতাৎ বস্তুনঃ) অধি (উপরি) অন্যৎ (পৃথক্) এব। যে নঃ (অস্মভ্যম্) তৎ (ব্রহ্মতত্ত্বম্) ব্যাচচক্ষিরে (বিস্পষ্টং কথিতবন্তঃ), [তেষাং] পূর্ব্বেষাম্ (আচার্য্যাণাম্) [বচনম্] ইতি [বয়ং] শুশ্রুমঃ (শ্রুতবন্তঃ স্মঃ) ॥ ৩ ॥

যৎ বাচা অনভ্যুদিতম্ (অপ্রকাশিতম্), যেন বাক্ অভ্যুদ্যতে (প্রযুজ্যতে), তৎ এব ত্বম্ ব্রহ্ম বিদ্ধি (বিজানীহি); যৎ ইদম্ (উপাধিভেদবিশিষ্টং—দেশকালপরিচ্ছিন্নম্) [পদার্থম্ লোকাঃ] উপাসতে, ন ইদম্ [ব্রহ্ম] ॥ ৪ ॥

ধারণা] পরিত্যাগ করিয়া জ্ঞানিগণ ইহলোক হইতে অপসৃত হইয়া অমর হয়েন। ২।

তিনি (ব্রহ্ম) চক্ষুর গম্য নহেন, বাক্যের গম্য নহেন, মনেরও গম্য নহেন, আমরা [তাঁহাকে] জানি না, কিরূপে তাঁহার উপদেশ দিতে হয় তাহাও জানি না। তিনি জ্ঞাত ও অজ্ঞাত তাবৎ বস্তু হইতে ভিন্ন। যে সকল পূর্ব্ব পূর্ব্ব [আচার্য্যেরা] আমাদের নিকট ব্রহ্মতত্ত্ব ব্যাখ্যা করিয়াছেন, তাঁহাদের নিকট আমরা এইরূপ শুনিয়াছি। ৩।

যিনি বাক্যদ্বারা প্রকাশিত হ'ন না, যাঁহাদ্বারা বাক্য প্রকাশিত (অর্থাৎ উচ্চারিত) হয়, তাঁহাকেই তুমি ব্রহ্ম বলিয়া জান; এই

যন্মনসা ন মনুতে যেনাহুর্ম্মনো মতম্।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে ॥ ৫ ॥
যচ্চক্ষুষা ন পশ্যতি যেন চক্ষূংষি পশ্যতি।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে ॥ ৬ ॥
যচ্ছ্রোত্রেণ ন শৃণোতি যেন শ্রোত্রমিদং শ্রুতম্।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে ॥ ৭ ॥

যৎ [লোকঃ] মনসা ন মনুতে (সঙ্কল্পয়তি, নিশ্চিনোতি); [অপি] যেন মনঃ মতং (বিষয়ীকৃতম্) [ইতি ব্রহ্মবিদঃ] আহুঃ (বদন্তি), তৎ এব ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ৫ ॥

যৎ [লোকঃ] চক্ষুষা ন পশ্যতি, যেন (চৈতন্যাত্মজ্যোতিষা সহায়ভূতেন) [লোকঃ] চক্ষূংষি (চক্ষুর্গোচরবিষয়াণি) পশ্যতি, তৎ এব ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ৬ ॥

যৎ [লোকঃ] শ্রোত্রেণ (কর্ণেন) ন শৃণোতি, যেন ইদং শ্রোত্রং শ্রুতং (বিষয়ীকৃতম্), তৎ এব ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ৭ ॥

যে [পরিমিত] বস্তু [লোক কর্ত্তৃক] উপাসিত হইতেছে; তাহা [ব্রহ্ম] নহে। ৪।

লোকে যাঁহাকে মনের দ্বারা মনন করিতে পারে না, [কিন্তু] যিনি মনকে জানেন বলিয়া [ব্রহ্মবিদেরা] বলেন, তুমি তাঁহাকেই ব্রহ্ম বলিয়া জান; এই যে [পরিমিত] বস্তু [লোক কর্ত্তৃক] উপাসিত হইতেছে, তাহা ব্রহ্ম নহে। ৫।

যাঁহাকে লোকে চক্ষুর্দ্বারা দেখিতে পায় না, যাঁহার শক্তিতে লোকে চক্ষুর্গোচর বস্তু সমূহকে দেখিতে পায়, তাঁহাকেই তুমি ব্রহ্ম বলিয়া জান; এই যে [পরিমিত] বস্তু [লোক কর্ত্তৃক] উপাসিত হইতেছে, তাহা ব্রহ্ম নহে। ৬।

যাঁহাকে লোকে কর্ণদ্বারা শুনিতে পায় না, যিনি কর্ণকে শ্রবণ করেন (অর্থাৎ জানেন) তাঁহাকেই তুমি ব্রহ্ম বলিয়া জান; এই

যৎ প্রাণেন ন প্রাণিতি যেন প্রাণঃ প্রণীয়তে।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে ॥ ৮ ॥
যদি মন্যসে সুবেদেতি দভ্রমেবাপি নূনং ত্বং বেত্থ ব্রহ্মণো রূপম্।
যদস্য ত্বং যদস্য দেবেষ্বথ নু মীমাংস্যমেব তে মন্যে বিদিতম্ ॥ ৯ ॥

যৎ [লোকঃ] প্রাণেন (নাসিকাপুটান্তরাবস্থিতেন ঘ্রাণেন) ন প্রাণিতি (বিষয়ীকরোতি), যেন (চৈতন্যাত্মজ্যোতিষা) প্রাণঃ (ঘ্রাণঃ) প্রণীয়তে (স্ববিষয়ং প্রতি গচ্ছতি), তৎ এব ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ৮ ॥

যদি মন্যসে সুবেদ ইতি (অহং ব্রহ্ম স্বাত্মনি প্রত্যক্ষীকৃত্বা সুষ্ঠু বেদ ইতি), [তদা] ত্বং নূনং (নিশ্চিতম্) ব্রহ্মণঃ রূপম্ দভ্রম্ (অল্পম্) এব অপি বেত্থ (জানীসে)। ত্বম্ দেবেষু অস্য (ব্রহ্মণঃ) যৎ [বেত্থ তৎ অপি নূনম্ অল্পম্ এব বেত্থ], অথ নু (তস্মাৎ) ব্রহ্ম তে মীমাংস্যম্ (বিচার্য্যম্) এব। [এবম্ উক্তঃ শিষ্যঃ ব্রহ্ম বিচার্য্য স্বানুভবম্ চ কৃত্বা আচার্য্যসকাশম্ উপগম্য উবাচ,—অহম্] মন্যে [ইদানীং ময়া ব্রহ্ম] বিদিতম্ ইতি ॥ ৯ ॥

যে [পরিমিত] বস্তু [লোক কর্ত্তৃক] উপাসিত হইতেছে, তাহা ব্রহ্ম নহে। ৭।

যাঁহাকে লোকে ঘ্রাণেন্দ্রিয় (নাসিকা) দ্বারা আঘ্রাণ করে না, কিন্তু যাঁহার শক্তিতে ঘ্রাণেন্দ্রিয় নিজ বিষয়ের প্রতি গমন করে, তাঁহাকে তুমি ব্রহ্ম বলিয়া জান; এই যে [পরিমিত] বস্তু লোক কর্ত্তৃক উপাসিত হইতেছে, তাহা ব্রহ্ম নহে। ৮।

যদি তুমি মনে কর যে তুমি ব্রহ্মকে [নিজ আত্মায় প্রত্যক্ষ করিয়া] উত্তমরূপে জানিয়াছ, তবে তুমি ব্রহ্মের স্বরূপ নিশ্চয়ই অতি-অল্প জানিয়াছ। দেবতাদিগের মধ্যে তাঁহার স্বরূপ যতটুকু জানিয়াছ তাহাও অল্প, অতএব ব্রহ্ম তোমার বিচার্য্য। [এই কথা শুনিয়া শিষ্য ব্রহ্মকে বিচার ও অনুভব করণানন্তর আচার্য্য-সমীপে আসিয়া বলিলেন] আমার বোধ হয় [এখন আমি ব্রহ্মকে] জানিয়াছি। ৯।

নাহং মন্যে সুবেদেতি নো ন বেদেতি বেদ চ।
যো নস্তদ্বেদ তদ্বেদ নো ন বেদেতি বেদ চ ॥ ১০ ॥
যস্যামতং তস্য মতং মতং যস্য ন বেদ সঃ।
অবিজ্ঞাতং বিজানতাং বিজ্ঞাতমবিজানতাম্ ॥ ১১ ॥

[অহম্ ব্রহ্ম] সুবেদ (সুষ্ঠু বেদ) ইতি ন অহম্ মন্যে ; ন বেদ ইতি, বেদ চ [ইতি] নো (ন) [মন্যে]। নঃ (অস্মাকম্ মধ্যে) "নো ন বেদ বেদ চ ইতি" তৎ [বচনম্] যঃ বেদ, [সঃ] তৎ (ব্রহ্ম) বেদ ॥ ১০ ॥

[ব্রহ্ম] যস্য অমতম্ (ময়া ব্রহ্ম অবিদিতম্ ইতি নিশ্চয়ঃ), তস্য [তৎ] মতম্ (জ্ঞাতম্) ; [ব্রহ্ম] যস্য মতম্ (ময়া ব্রহ্ম বিদিতম্ ইতি নিশ্চয়ঃ), সঃ [তৎ] ন বেদ (জানাতি)। [ব্রহ্ম] বিজানতাম্ (সম্যক্ বিদিতবতাম্) অবিজ্ঞাতম্ (ন অস্মাভিঃ ব্রহ্ম সম্যক্ বিদিতম্ ইতি নিশ্চয়ঃ), অবিজানতাম্ (অসম্যগ্দর্শিনাম্) [তৎ] বিজ্ঞাতম্ (অস্মাভিঃ ব্রহ্ম সম্যক্ বিদিতম্ ইতি নিশ্চয়ঃ) ॥ ১১ ॥

আমি মনে করি না যে আমি [ব্রহ্মকে] সুন্দররূপে জানিয়াছি ; আমি যে তাঁহাকে জানি না এমন নহে, জানি যে এমনও নহে। "আমি যে তাঁহাকে জানি না এমন নহে, জানি যে এমনও নহে"—এই বাক্যের অর্থ আমাদিগের মধ্যে যিনি জানিয়াছেন, তিনিই তাঁহাকে জানেন। ১০।

যিনি মনে করেন আমি ব্রহ্মকে জানিতে পারি নাই, তিনি তাঁহাকে জানিয়াছেন, এবং যিনি মনে করেন আমি ব্রহ্মকে জানিয়াছি, তিনি ব্রহ্মকে জানেন না। উত্তম জ্ঞানবান্ ব্যক্তিদের নিকট ব্রহ্ম অবিজ্ঞাত (অর্থাৎ তাঁহাদের বিশ্বাস যে তাঁহারা ব্রহ্মকে উত্তমরূপে জানিতে পারেন নাই); কিন্তু অসম্যগ্‌দর্শীদিগের নিকট তিনি বিজ্ঞাত (অর্থাৎ এরূপ ব্যক্তিরা মনে করেন যে তাঁহারা ব্রহ্মকে উত্তমরূপে জানিয়াছেন)। ১১।

প্রতিবোধবিদিতং মতমমৃতত্বং হি বিন্দতে।
আত্মনা বিন্দতে বীর্য্যং বিদ্যয়া বিন্দতেঽমৃতম্॥ ১২॥
ইহ চেদবেদীদথ সত্যমস্তি
ন চেদিহাবেদীন্মহতী বিনষ্টিঃ।
ভূতেষু ভূতেষু বিচিন্ত্য ধীরাঃ
প্রেত্যাস্মাল্লোকাদমৃতা ভবন্তি॥ ১৩॥

[যদা ব্রহ্ম] প্রতিবোধবিদিতম্ (বোধং বোধং প্রতি বিদিতম্—সর্ব্বপ্রত্যয়-দর্শিরূপেণ জ্ঞাতম্), [তদা তৎ] মতম্ (সম্যগ্ দর্শনম্); [তস্মাৎ দর্শনাৎ] অমৃতত্বম্ হি বিন্দতে (প্রাপ্যতে)। আত্মনা (আত্মস্বরূপজ্ঞানেন) বীর্য্যম্ (সামর্থ্যম্) বিন্দতে, বিদ্যয়া (আত্মবিষয়িণা জ্ঞানেন) অমৃতম্ (অমরত্বম্) বিন্দতে *॥ ১২॥

[মনুষ্যঃ] ইহ (অত্র লোকে) [ব্রহ্ম] চেৎ (যদি) অবেদীৎ (বিদিতবান্), অথ (তদা) সত্যং (জন্মসাফল্যম্) অস্তি; ন চেৎ ইহ [তৎ] অবেদীৎ [তদা] মহতী বিনষ্টিঃ (বিনাশঃ) [ভবতি]। [তস্মাৎ] ধীরাঃ

ব্রহ্মকে সর্ব্বপ্রত্যয়দর্শীরূপে জানিলেই প্রকৃতরূপে জানা হয়; এরূপ জ্ঞানে অমৃতত্ব লাভ হয়। আত্মস্বরূপ জ্ঞানে শক্তি লাভ হয়, এবং আত্মবিষয়ক জ্ঞানে অমরত্ব লাভ হয়। ১২।

যদি মনুষ্য ব্রহ্মকে ইহলোকে জানিতে পারে তবেই জন্ম সফল হয়, ইহলোকে জানিতে না পারিলে মহান্ বিনাশ অর্থাৎ পুনঃ পুনঃ

---

* 'আত্মনা' স্বেন যত্নেন, 'বিন্দতে' লভতে, 'বীর্য্যম্' ব্রহ্মবিদ্যাবীর্যাম্; 'বিদ্যয়া' ব্রহ্মবিষয়য়া, 'বিন্দতে' 'অমৃতম্'।—ইতি আনন্দচন্দ্র বেদান্তবাগীশ।

অর্থাৎ নিজের যত্নে ব্রহ্মবিদ্যারূপ সামর্থ্যলাভ হয়, আর ব্রহ্মবিষয়ক জ্ঞানে অমৃতত্ব লাভ হয়। শুনিয়াছি, সামশ্রমী মহাশয় এস্থলে আরও কয়েক-প্রকার অর্থ করিয়া থাকেন। তন্মধ্যে 'প্রতিবোধবিদিতম্' অর্থাৎ (১ম) প্রতি ব্যক্তির সহজ বোধে বিদিত, (২য়) ঈশ্বরপ্রসাদে স্বপ্নপ্রতিবোধবৎ বিদিত, (৩য়) গুরূপদেশকেও প্রতিবোধ কহে, তদ্দ্বারা বিদিত।

ব্রহ্ম হ দেবেভ্যো বিজিগ্যে তস্য হ ব্রহ্মণো বিজয়ে দেবা অমহীয়ন্ত। ত ঐক্ষন্তাস্মাকমেবায়ং বিজয়োঽস্মাকমেবায়ং মহিমেতি॥ ১৪॥

তদ্ধৈষাং বিজজ্ঞৌ তেভ্যো হ প্রাদুর্ব্বভূব তন্ন ব্যজানত কিমিদং যক্ষমিতি॥ ১৫॥

(ধীমন্তঃ) ভূতেষু ভূতেষু (সর্ব্বভূতেষু) [পরমাত্মানম্] বিচিন্ত্য (বিজ্ঞায়—সাক্ষাৎ কৃত্বা) অস্মাৎ লোকাৎ প্রেত্য (উপরম্য) অমৃতাঃ (অমরাঃ) ভবন্তি॥ ১৩॥

ব্রহ্ম হ (কিল) দেবেভ্যঃ [নিমিত্তং] বিজিগ্যে (জয়ং লব্ধবৎ—দেবাসুরাণাং সংগ্রামে অসুরান্ জিত্বা দেবেভ্যঃ জয়ং তৎ-ফলঞ্চ প্রাযচ্ছৎ); তস্য হ ব্রহ্মণঃ বিজয়ে দেবাঃ অমহীয়ন্ত (মহিমানম্ প্রাপ্নুবন্তঃ)। তে (দেবাঃ) ঐক্ষন্ত (ঈক্ষিতবন্তঃ) অয়ম্ বিজয়ঃ অস্মাকম্ এব, অয়ম্ মহিমা চ অস্মাকম্ এব ইতি॥ ১৪॥

তৎ [ব্রহ্ম] হ এষাম্ [মিথ্যেক্ষণম্] বিজজ্ঞৌ (বিজ্ঞাতবৎ); তেভ্যঃ (দেবেভ্যঃ) হ প্রাদুর্ব্বভূব (আত্মানম্ প্রকাশয়ামাস)। তৎ (ব্রহ্ম) কিম্ ইদম্ যক্ষম্ (পূজ্যম্, মহদ্ভূতম্) ইতি [তে] ন ব্যজানত (বিজ্ঞাতবন্তঃ)॥১৫॥

জন্ম জরামৃত্যু ভোগ করিতে হয। অতএব জ্ঞানিগণ সমুদায় বস্তুতে পরমাত্মাকে উপলব্ধি করিয়া ইহলোক হইতে উপরত হইয়া অমর হয়েন। ১৩।

ব্রহ্মই দেবতাদিগের জন্য জয় করিলেন (অর্থাৎ দেবাসুর-সংগ্রামে অসুরদিগকে পরাজয় করিয়া দেবতাদিগকে জয় ও তৎফল প্রদান করিলেন), সেই ব্রহ্মেরই বিজয়ে দেবতারা মহিমান্বিত হইলেন; কিন্তু তাঁহারা মনে করিলেন এই বিজয় আমাদেরই, এই মহিমা আমাদেরই। ১৪।

তিনি (ব্রহ্ম) ইহা জানিতে পারিলেন এবং তাঁহাদিগের সম্মুখে প্রকাশিত হইলেন; কিন্তু এই পূজ্যস্বরূপ কে? ইহা তাঁহারা জানিতে পারিলেন না। ১৫।

তেঽগ্নিমব্রুবন্ জাতবেদ এতদ্বিজানীহি কিমেতদ্ যক্ষমিতি। তথেতি ॥ ১৬ ॥

তদভ্যদ্রবৎ তমভ্যবদৎ কোঽসীতি। অগ্নির্ব্বা অহমস্মীত্যব্রবীজ্জাতবেদা বা অহমস্মীতি ॥ ১৭ ॥

তস্মিংস্ত্বয়ি কিং বীর্য্যমিতি। অপীদং সর্ব্বং দহেয়ং যদিদং পৃথিব্যামিতি ॥ ১৮ ॥

তস্মৈ তৃণং নিদধাবেতদ্দহেতি। তদুপপ্রেয়ায় সর্ব্বজবেন তন্ন

তে অগ্নিম্ অব্রুবন্ (উক্তবন্তঃ), হে জাতবেদঃ (সর্ব্বজ্ঞকল্প), [ত্বম্] এতৎ (অস্মদ্-গোচরস্থম্) বিজানীহি (বিশেষতঃ বুধ্যস্ব) কিম্ ইদম্ যক্ষম্? ইতি, [অগ্নিঃ উবাচ] তথা (তথাস্তু) ইতি ॥ ১৬ ॥

[অগ্নিঃ] তৎ (যক্ষম্) অভ্যদ্রবৎ (প্রতি গতবান্), তম্ (অগ্নিম্) তৎ (যক্ষম্) অভ্যবদৎ (প্রত্যভাষত) '[ত্বম্] কঃ অসি?' ইতি। [অগ্নিঃ] অব্রবীৎ অহম্ অগ্নিঃ বৈ জাতবেদা বৈ অস্মি ইতি ॥ ১৭ ॥

[ব্রহ্ম উবাচ] 'তস্মিন্ (এবম্-প্রসিদ্ধ-গুণ-নামবতি) ত্বয়ি, কিম্ বীর্য্যম্ [অস্তি]?' ইতি; [অগ্নিঃ] অব্রবীৎ 'পৃথিব্যাম্ ইদম্ যৎ [অস্তি তৎ] সর্ব্বম্ দহেয়ম্ (ভস্মীকুর্য্যাম্)' ॥ ১৮ ॥

'এতৎ দহ' ইতি [উক্ত্বা ব্রহ্ম] তস্মৈ [অগ্নয়ে] [একম্] তৃণম্ নিদধৌ

তাঁহারা অগ্নিকে বলিলেন,—হে জাতবেদঃ! (সর্ব্বজ্ঞ!), এই পূজনীয় স্বরূপ কে? তাহা তুমি জানিয়া এস; [অগ্নি বলিলেন] সেইরূপই হউক। ১৬।

অগ্নি তাঁহার নিকট গমন করিলেন; [তখন তিনি বলিলেন] 'তুমি কে?' অগ্নি বলিলেন আমি অগ্নি, আমি জাতবেদাঃ। ১৭।

[ব্রহ্ম বলিলেন] এমন (প্রসিদ্ধ গুণ ও নামযুক্ত) যে তুমি, তোমাতে কি শক্তি আছে? [অগ্নি উত্তর করিলেন] পৃথিবীতে যাহা কিছু আছে, আমি তৎসমস্ত দগ্ধ করিতে পারি। ১৮।

শশাক দগ্ধুং, স তত এব নিবব্রতে নৈতদশকং বিজ্ঞাতুং যদেতদ্ যক্ষমিতি ॥ ১৯ ॥

অথ বায়ুমব্রুবন্ বায়বেতদ্বিজানীহি কিমেতদ্ যক্ষমিতি, তথেতি ॥ ২০ ॥

তদভ্যদ্রবৎ তমভ্যবদৎ কোঽসীতি বায়ুর্ব্বা অহমস্মীত্যব্রবী-ন্মাতরিশ্বা বা অহমস্মীতি ॥ ২১ ॥

(দত্তবান্), [অগ্নিঃ] তৎ (তৃণম্) উপপ্রেয়ায় (তৃণসমীপং গত্বা) সর্ব্বজবেন (সর্ব্বোৎসাহকৃতেন) তৎ দগ্ধুং ন শশাক (শক্তবান্), সঃ ততঃ (যক্ষাৎ) এব নিববৃতে (প্রতিগতবান্) [অব্রবীৎ চ] যৎ এতৎ যক্ষম্ ইতি এতৎ বিজ্ঞাতুম্ [অহম্] ন অশকম্ (শক্তবান্ অস্মি) ॥ ১৯ ॥

অথ (অনন্তরং) [দেবাঃ] বায়ুম্ অব্রুবন্, হে বায়ো এতৎ ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ২০ ॥

মাতরি (অন্তরীক্ষে) শ্বসতি ইতি মাতরিশ্বা। স্পষ্টমন্যৎ পূর্ব্ববৎ ॥ ২১ ॥

'ইহা দগ্ধ কর' এই বলিয়া ব্রহ্ম তাঁহাকে একটী তৃণ দিলেন; অগ্নি সেই তৃণের নিকটবর্ত্তী হইয়া সমুদায় বলের সহিত চেষ্টা করিয়াও উহা দগ্ধ করিতে পারিলেন না। তিনি তাঁহার নিকট হইতে প্রতিনিবৃত্ত হইলেন ['এবং বলিলেন] এই পূজনীয় স্বরূপ কে, তাহা আমি জানিতে পারিলাম না। ১৯।

তৎপর দেবতারা বায়ুকে বলিলেন, হে বায়ো! এই পূজনীয় স্বরূপ কে? তাহা তুমি জানিয়া আইস; [বায়ু বলিলেন] সেই-রূপই হউক। ২০।

বায়ু তাঁহার নিকট গমন করিলেন; [তখন তিনি বলিলেন] 'তুমি কে?' বায়ু বলিলেন, আমি বায়ু, আমি মাতরিশ্বা (যে আকাশে নিশ্বাস প্রশ্বাস করে)। ২১।

তস্মিংস্ত্বয়ি কিং বীর্য্যমিতি অপীদং সর্ব্বমাদদীয়ং যদিদং, পৃথিব্যামিতি॥ ২২ ॥

তস্মৈ তৃণং নিদধাবেতদাদৎস্বেতি তদুপপ্রেয়ায় সর্ব্বজবেন তন্ন শশাকাদাতুং স তত এব নিববৃর্তে নৈতদশকং বিজ্ঞাতুং যদেতদ্ যক্ষমিতি ॥ ২৩ ॥

অথেন্দ্রমব্রুবন্ মঘবন্নেতদ্ বিজানীহি কিমেতদ্ যক্ষমিতি তথেতি তদভ্যদ্রবৎ তস্মাত্তিরোদধে ॥ ২৪ ॥

আদদীয়ম্ (আদদীয়—গৃহ্ণীয়াম্) স্পষ্টমন্যৎ পূর্ব্ববৎ ॥ ২২ ॥

আদৎস্ব (গৃহাণ), আদাতুম্ (গ্রহিতুম্)। স্পষ্টমন্যৎ পূর্ব্ববৎ ॥ ২৩ ॥

অথ [দেবাঃ] ইন্দ্রম্ অব্রুবন্ হে মঘবন্! (ঐশ্বর্য্যবন্!) এতৎ বিজানীহি ইত্যাদি পূর্ব্ববৎ। তস্মাৎ (ইন্দ্রাৎ) [ব্রহ্ম] তিরোদধে (তিরোভূতম্ অভূৎ) ॥ ২৪ ॥

[ব্রহ্ম বলিলেন] এমন (প্রসিদ্ধ গুণ ও নাম যুক্ত) যে তুমি তোমাতে কি শক্তি আছে ? [বায়ু উত্তর করিলেন] পৃথিবীতে যাহা কিছু আছে, আমি তৎসমুদায়ই গ্রহণ করিতে পারি। ২২।

'ইহা গ্রহণ কর' এই বলিয়া ব্রহ্ম তাঁহাকে একটী তৃণ দিলেন; বায়ু সেই তৃণের নিকটবর্ত্তী হইয়া সমুদায় বলের সহিত চেষ্টা করিয়াও উহা গ্রহণ করিতে পারিলেন না। [তখন] তিনি তাঁহার নিকট হইতে প্রতিনিবৃত্ত হইলেন [এবং বলিলেন] এই পূজনীয় স্বরূপ কে ? আমি তাহা জানিতে পারিলাম না। ২৩।

তৎপর দেবতারা ইন্দ্রকে বলিলেন, হে মঘবন্! (ঐশ্বর্য্য-বিশিষ্ট !) এই পূজনীয় স্বরূপ কে, তাহা তুমি জানিয়া আইস। [তিনি বলিলেন] সেইরূপই হউক। [এই বলিয়া] তিনি তাঁহার নিকটবর্ত্তী হইলেন; [কিন্তু ব্রহ্ম] তাঁহার সম্মুখ হইতে তিরোহিত হইলেন। ২৪।

স তস্মিন্নেবাকাশে স্ত্রিয়মাজগাম বহুশোভমানামুমাং হৈমবতীং তাং হোবাচ কিমেতদ্ যক্ষমিতি॥ ২৫ ॥

ব্রহ্মেতি হোবাচ ব্রহ্মণো বা এতদ্বিজয়ে মহীয়ধ্বমিতি ততো হৈব বিদাঞ্চকার ব্রহ্মেতি॥ ২৬ ॥

তস্মাদ্বা এতে দেবা অতিতরামিবান্যান্ দেবান্ যদগ্নির্ব্বায়ুরিন্দ্রস্তে

সঃ (ইন্দ্রঃ) তস্মিন্ এব আকাশে স্ত্রিয়ম্ (স্ত্রীরূপাম্) বহু-শোভমানাম্ হৈমবতীম্ (হৈমবিশিষ্টাম্) উমাম্ আজগাম (তাম্ প্রাদুর্ভূতাম্ দৃষ্ট্বা তস্যাঃ সমীপং জগাম)। তাং হ উবাচ কিম্ এতৎ যক্ষম্ ইতি। ২৫।

[সা হৈমবতী উমা] হ উবাচ [ইদম্] ব্রহ্ম ইতি, ব্রহ্মণঃ বৈ বিজয়ে [যূয়ম্] এতৎ (এবং) মহীয়ধ্বম্ (মহিমানম্ প্রাপ্নুথ)। ততঃ (তস্মাৎ উমাবাক্যাৎ) হ এবঃ (ইন্দ্রঃ) [ইদম্] ব্রহ্ম ইতি বিদাঞ্চকার (বিজজ্ঞৌ) ॥ ২৬ ॥

যৎ [যস্মাৎ হেতোঃ] অগ্নিঃ বায়ুঃ ইন্দ্রঃ তে হি এনৎ (এতৎ,—ব্রহ্ম) নেদিষ্ঠং (সমীপম্) পস্পর্শুঃ (স্পৃষ্টবন্তঃ), [যস্মাৎ চ হেতোঃ] তে হি এনৎ প্রথমঃ (প্রথমম্ *) [এতৎ] ব্রহ্ম ইতি বিদাঞ্চকার (বিদাঞ্চক্রুঃ, জজ্ঞুঃ)

তিনি (ইন্দ্র) সেই আকাশেই স্ত্রীরূপিণী অতিসৌন্দর্য্যশালিনী হৈমবতী উমাকে [আবির্ভূত দেখিয়া] তাঁহার নিকটবর্ত্তী হইলেন এবং তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, এই পূজনীয় স্বরূপ কে ? । ২৫ ।

তিনি বলিলেন, ইনি ব্রহ্ম, ব্রহ্মের (অর্থাৎ ব্রহ্ম-প্রদত্ত) বিজয়েই তোমরা এরূপ মহিমান্বিত হইয়াছ। তাহা হইতেই (অর্থাৎ উমার বাক্য হইতেই) ইন্দ্র জানিতে পারিলেন যে ইনি ব্রহ্ম। ২৬।

যে হেতু অগ্নি, বায়ু ও ইন্দ্র এই দেবতারা তাঁহার (ব্রহ্মের) নিকটবর্ত্তী হইয়াছিলেন, এবং যে হেতু তাঁহারাই তাঁহাকে প্রথমে

---

* ইহা শ্রদ্ধেয় সামশ্রমী মহাশয়ের মতে ; ভাষ্যে আছে—'প্রথমঃ প্রথমাঃ প্রধানাঃ সন্তঃ' অর্থাৎ প্রধান হইয়া।

হ্যেনন্নেদিষ্ঠং পস্পর্শুস্তে হ্যেনৎ প্রথমো বিদাঞ্চকার ব্রহ্মেতি ॥২৭॥

তস্মাদ্বা ইন্দ্রোঽতিতরামিবান্যান্ দেবান্ স হ্যেনন্নেদিষ্ঠং পস্পর্শ স হ্যেনৎ প্রথমো বিদাঞ্চকার ব্রহ্মেতি ॥ ২৮ ॥

তস্যৈষ আদেশো যদেতদ্বিদ্যুতো ব্যদ্যুতদা ইতীতি ন্যমীমিষদা ইত্যধিদৈবতম্ ॥ ২৯ ॥

অথাধ্যাত্মং যদেতদ্গচ্ছতীব চ মনোঽনেন চৈতদুপস্মরত্যভীক্ষ্ণং সংকল্পঃ ॥ ৩০ ॥

তস্মাৎ এতে বৈ দেবাঃ অন্যান্ দেবান্ অতিতরাম্ (অতিশয়েন) [শেরতে] ইব (এব) ॥ ২৭ ॥

সঃ [ইন্দ্রঃ] হি (যতঃ) এনৎ নেদিষ্ঠম্ পস্পর্শ, সঃ হি এনৎ প্রথমঃ (প্রথমম্) [এতৎ] ব্রহ্ম ইতি বিদাঞ্চকার, তস্মাৎ ইন্দ্রঃ বৈ অন্যান্ দেবান্ অতিতরাং [শেরতে] ইব ॥ ২৮ ॥

তস্য (ব্রহ্মণঃ) এষঃ আদেশঃ (প্রকাশঃ) যৎ এতৎ বিদ্যুতঃ ব্যদ্যুতৎ (বিদ্যোতনম্) তৎ আ (তৎ ইব) (আ—যথা, উপমার্থে) ইতি ইতি, ইতি (এতৎ) অধিদৈবতম্ (দেবতাসমীপে ব্রহ্মণঃ প্রকাশঃ) ন্যমীমিষৎ আ (চক্ষুষঃ নিমেষম্ ইব) ॥ ২৯ ॥

অথ অধ্যাত্মম্ (আত্মবিষয়ঃ উপদেশঃ) [উচ্যতে] যৎ মনঃ এতৎ (ব্রহ্ম)

ব্রহ্ম বলিয়া জানিতে পারিয়াছিলেন, সেই হেতু এই দেবতারা নিশ্চয় অন্যান্য দেবতা হইতে বিশেষরূপে শ্রেষ্ঠ হইলেন। ২৭।

যে হেতু তিনি (ইন্দ্র) তাঁহার নিকটবর্ত্তী হইয়াছিলেন এবং তাঁহাকে সর্ব্বপ্রথমে ব্রহ্ম বলিয়া জানিতে পারিয়াছিলেন, সেই হেতু ইন্দ্র নিশ্চয় অন্যান্য দেবতা হইতে শ্রেষ্ঠ হইলেন। ২৮।

সেই ব্রহ্মের এই প্রকাশ এই যে বিদ্যুৎ-প্রকাশ তাহার ন্যায়; দেবতাদের সমীপে ব্রহ্মের এই প্রকাশ চক্ষুর নিমেষের ন্যায়। ২৯।

তৎপর আত্মবিষয়ক উপদেশ এই যে মন যেন তাঁহার (অর্থাৎ

তদ্ধ তদ্বনং নাম তদ্বনমিত্যুপাসিতব্যং স য এতদেবং বেদাভি হৈনং সর্ব্বাণি ভূতানি সংবাঞ্ছন্তি ॥ ৩১ ॥

উপনিষদং ভো ব্রূহীত্যুক্তা ত উপনিষদ্ ব্রাহ্মীং বাব ত উপনিষদমব্রূমেতি ॥ ৩২ ॥

তস্যৈ তপো দমঃ কর্ম্মেতি প্রতিষ্ঠা বেদাঃ সর্ব্বাঙ্গানি সত্যমায়তনম্ ॥ ৩৩ ॥

গচ্ছতি ইব (বিষয়ীকরোতি), অনেন (মনসা) এতৎ (ব্রহ্ম) অভীক্ষ্ণং (ভৃশম্) উপস্মরতি, [এষঃ এব অস্য মনসঃ সাধকস্য বা] সংকল্পঃ ॥ ৩০ ॥

তৎ হ তদ্বনম্ (সম্ভজনীয়ম্) নাম [প্রখ্যাতম্। তস্মাৎ] তদ্বনম্ ইতি উপাসিতব্যম্। সঃ যঃ এতৎ (ব্রহ্ম) এবং বেদ এনং সর্ব্বাণি ভূতানি অভিসংবাঞ্ছন্তি (বিশেষেণ প্রার্থয়ন্তে) ॥ ৩১ ॥

[শিষ্য! উক্তং ত্বয়া—] ভো [ভগবন্!] উপনিষদং ব্রূহি ইতি; [অতএব] তে (তুভ্যম্) উপনিষৎ উক্তা; বাব (নিশ্চয়ং) তে ব্রাহ্মীং (ব্রহ্মবিষয়িণীম্) উপনিষদম্ অব্রূম ইতি ॥ ৩২ ॥

তস্যৈ (তস্যাঃ—উপনিষদঃ) তপঃ (কার্য্যেন্দ্রিয়মনসাং সমাধানম্), দমঃ (উপশমঃ), কর্ম্ম (অগ্নিহোত্রাদি), বেদাঃ, সর্ব্বে বেদাঙ্গানি (ব্যাকরণাদীনি)

ব্রহ্মের) নিকটে যায় (অর্থাৎ তাঁহাকে জ্ঞাত হয়) এবং ইহাদ্বারা (অর্থাৎ মনের দ্বারা) তাঁহাকে বার বার স্মরণ করে, [ইহাই মনের বা সাধকের] সংকল্প। ৩০।

তিনি সম্ভজনীয় নামে প্রখ্যাত, তিনি সম্ভজনীয়রূপে উপাসিতব্য। যিনি তাঁহাকে এইরূপে জানেন, তাঁহাকে সকল প্রাণী বিশেষরূপে [পাইতে] ইচ্ছা করে। ৩১।

[আচার্য্য শিষ্যকে বলিলেন, তুমি বলিয়াছিলে] হে ভগবন! আমাকে উপনিষৎ বলুন। [সেই হেতু] তোমাকে উপনিষৎ বলা হইল, ব্রহ্মবিষয়িণী উপনিষৎ তোমাকে বলিলাম। ৩২।

তপস্যা, দম (চিত্তের স্থৈর্য্য), কর্ম্ম, বেদ ও বেদাঙ্গ এই সমুদায়

যো বা এতামেবং বেদাপহত্য পাপ্মানমনন্তে স্বর্গে লোকে জ্যেয়ে প্রতিতিষ্ঠতি প্রতিতিষ্ঠতি ॥ ৩৪ ॥

ইতি প্রতিষ্ঠা (পাদৌ ইব,—এষু হি সৎসু ব্রহ্মবিদ্যা প্রতিতিষ্ঠতি,—এতানি তপ আদীনি ব্রহ্মবিদ্যায়াঃ প্রাপ্ত্যুপায়ভূতানি ইত্যর্থঃ)। সত্যম্ [তস্যাঃ] আয়তনম্ (আশ্রয়ভূতম্) ॥ ৩৩ ॥

যঃ বৈ এতাম্ (ব্রহ্মবিদ্যাম্) বেদ, সঃ পাপ্মানম্ অপহত্য (বিধূয়) অনন্তে জ্যেয়ে (জ্যায়সি, সর্ব্বমহত্তরে) স্বর্গে লোকে প্রতিতিষ্ঠতি (অবস্থানং করোতি)। (বাক্যশেষে পুনরুক্তিঃ নিশ্চয়তা-দ্যোতিকা, গ্রন্থ-সমাপ্তিজ্ঞাপিকা চ) ॥ ৩৪ ॥

ইহার (অর্থাৎ উপনিষৎ-প্রতিপাদ্য ব্রহ্মবিদ্যার) প্রতিষ্ঠা বা পাদ-স্বরূপ (অর্থাৎ ব্রহ্মলাভের উপায়)। সত্য ইহার আশ্রয়। ৩৩।

যিনিই এই ব্রহ্মবিদ্যা অবগত হয়েন, তিনিই পাপ হইতে মুক্ত হইয়া অনন্ত ও সর্ব্বশ্রেষ্ঠ স্বর্গলোকে প্রতিষ্ঠিত হয়েন। (শেষ বাক্যের পুনরুক্তি, নিশ্চয়তার প্রকাশক ও গ্রন্থসমাপ্তির জ্ঞাপক)।৩৪।

ইতি কেনোপনিষৎ সমাপ্তা ॥

কৃষ্ণযজুর্ব্বেদীয়া কঠোপনিষৎ।

[তত্র]

প্রথমা বল্লী।

উশন্ হ বৈ বাজশ্রবসঃ সর্ব্ববেদসন্দদৌ।
তস্য হ নচিকেতা নাম পুত্র আস ॥ ১ ॥
তং হ কুমারং সন্তং দক্ষিণাসু নীয়মানাসু শ্রদ্ধাবিবেশ সোঽমন্যত ॥২॥
পীতোদকা জগ্ধতৃণা দুগ্ধদোহা নিরিন্দ্রিয়াঃ।

বাজশ্রবসঃ উশন্ (যজ্ঞফলম্ কাময়মানঃ সন্) হ বৈ [একস্মিন্ যজ্ঞে] সর্ব্ববেদসম্ (সর্ব্বস্বম্ ধনম্) দদৌ। তস্য হ নচিকেতা নাম পুত্রঃ আস (বভুব) ॥ ১ ॥

তং সন্তং (সাধুচিত্তং) কুমারং (বালকম্) হ (অপি) দক্ষিণাসু (দক্ষিণার্থাসু গোসু) নীয়মানাসু (বিভাগেন উপনীয়মানাসু সতীষু) শ্রদ্ধা (আস্তিক্যবুদ্ধিঃ) আবিবেশ (প্রবিষ্টবতী); [ততঃ] সঃ অমন্যত (চিন্তিতবান্) ॥ ২ ॥

পীতোদকাঃ (পীতম্ উদকম্ যাভিঃ তাঃ,—পুনঃ উদকপানাসমর্থাঃ, জীর্ণাঃ ইত্যর্থঃ), জগ্ধতৃণাঃ (জগ্ধঃ তৃণং যাভিঃ তাঃ,—পুনঃ তৃণভক্ষণাসমর্থাঃ), দুগ্ধদোহাঃ (দুগ্ধঃ দোহঃ ক্ষীরাখ্যঃ যাসাম্ তাঃ,—পুনঃ দুগ্ধদানাসমর্থাঃ), নিরি-

রাজশ্রবস [যজ্ঞফল লাভে] ইচ্ছুক হইয়া [এক যজ্ঞে] আপনার সর্ব্বস্ব দান করিয়াছিলেন। তাঁহার নচিকেতা নামক এক পুত্র ছিল। ১।

তিনি বালক হইলেও সাধুচিত্ত ছিলেন, [অতএব] দক্ষিণা (দক্ষিণার্থ গোসমূহ) প্রদানের সময় তাঁহার মনে শ্রদ্ধা (ধর্ম্মভাব) প্রবেশ করিল, [তাহাতেই] তিনি ভাবিলেন। ২।

যাহাদের জলপান, তৃণভক্ষণ ও দুগ্ধদান হইয়া গিয়াছে, (অর্থাৎ যাহারা এত জীর্ণ হইয়াছে যে পুনরায় আর জলপান, তৃণভক্ষণ ও

অনন্দা নাম তে লোকাস্তান্ স গচ্ছতি তা দদৎ ॥ ৩ ॥
স হোবাচ পিতরং তত কস্মৈ মান্দাস্যতীতি।
দ্বিতীয়ং তৃতীয়ন্তং হোবাচ মৃত্যবে ত্বা দদামীতি ॥ ৪ ॥
বহূনামেমি প্রথমো বহূনামেমি মধ্যমঃ।
কিংস্বিদ্ যমস্য কর্ত্তব্যং যন্ময়াদ্য করিষ্যতি ॥ ৫ ॥

স্ত্রিয়াঃ (অ-প্রজননসমর্থাঃ), তাঃ দদৎ (দদন্), সঃ [যজমানঃ] অনন্দাঃ (অনানন্দাঃ, অসুখাঃ) নাম তে লোকাঃ, তান্ গচ্ছতি ॥ ৩ ॥

সঃ হ পিতরম্ উবাচ তত (হে তাত!) [ভবান্] মাং কস্মৈ দাস্যতি? ইতি। [সঃ এতৎ বচঃ] দ্বিতীয়ম্ তৃতীয়ম্ [অপি উবাচ, ততঃ তস্য পিতা ক্রুদ্ধঃ সন্] তং হ উবাচ, ত্বা (ত্বাম্) মৃত্যবে দদামি ইতি ॥ ৪ ॥

[এবমুক্তঃ নচিকেতাঃ একান্তে ইত্থং পবিদেবয়াঞ্চকার,—] বহূনাম্ [শিষ্যাণাং পুত্রাণাং বা মধ্যে অহং মুখ্যয়া শিষ্যাদিবৃত্ত্যা] প্রথমঃ এমি (গচ্ছামি,—ভবামি ইত্যর্থঃ), বহূনাম্ [অহম্ মধ্যময়া শিষ্যাদিবৃত্ত্যা] মধ্যমঃ এমি, [নাহং কদাচিদপি অধমঃ, তস্মাৎ নাহং মৃত্যুভবনপ্রেরণযোগ্যঃ, অতঃ ন জানে] যমস্য কিং স্বিৎ [কিং চিৎ] কর্ত্তব্যম্ (করণীয়ং) [অস্তি] যৎ [মম পিতা] অদ্য ময়া করিষ্যতি ॥ ৫ ॥

দুগ্ধদান করিতে পারিবে না) এবং যাহারা সন্তান-প্রজনন-শক্তি-বিহীন হইয়াছে, এরূপ গাভী যে (যজমান) দান করে, সে অনন্দা (নিরানন্দ) নামক লোকসমূহে গমন করে। ৩।

তিনি পিতাকে বলিলেন, হে পিতঃ! আমায় কাহাকে দিবেন? তিনি দ্বিতীয়বার তৃতীয়বার এই কথা বলিলেন [তাহাতে তাঁহার পিতা ক্রুদ্ধ হইয়া] তাঁহাকে বলিলেন, তোমায় মৃত্যুকে দিব। ৪।

[এই কথা শুনিয়া নচিকেতা একান্তে ভাবিতে লাগিলেন—] আমি বহুর [পুত্রের বা শিষ্যের] মধ্যে [উৎকৃষ্ট শিষ্যত্বাদিগুণে] প্রথম; অনেকের মধ্যে [মধ্যবিধ-শিষ্যত্বাদিগুণে] মধ্যম; [কদাচ অধম নহি সুতরাং মৃত্যুভবনে প্রেরণযোগ্যও নহি, অতএব জানি

অনুপশ্য যথা পূর্ব্বে প্রতিপশ্য তথাপরে।
শস্যমিব মর্ত্ত্যঃ পচ্যতে শস্যমিবাজায়তে পুনঃ ॥ ৬ ॥
বৈশ্বানরঃ প্রবিশত্যতিথির্ব্রাহ্মণো গৃহান্।
তস্যৈতাং শান্তিং কুর্ব্বন্তি হর বৈবস্বতোদকম্ ॥ ৭ ॥

[ততো নচিকেতা পিতরমাহ,—] পূর্ব্বে (পূর্ব্বপুরুষাঃ মহাজনাঃ) যথা (যেন প্রকারেণ) [অনুষ্ঠিতবন্তঃ], তৎ অনুপশ্য (আলোচয়); তথা অপরে (বর্ত্তমানাঃ সাধবঃ) [যথা অনুতিষ্ঠন্তি, তৎ সর্ব্বম্] প্রতিপশ্য (আলোচয়)। (তেষাং সাধূনাং সত্যপালনং ত্বম্ অনুকর্ত্তুম্ অর্হসি ইতি ভাবঃ)। মর্ত্ত্যঃ (মনুষ্যঃ) শস্যম্ ইব পচ্যতে (জীর্ণঃ সন্ ম্রিয়তে), [তথা] শস্যম্ ইব পুনঃ আজায়তে (আবির্ভবতি,—ন চ মৃষা কৃত্বা কশ্চিৎ অজরামরো ভবতি, অথ কিং মৃষা করণেন,—পালয় আত্মনঃ সত্যম্,—প্রেষয় মাং যমালয়ম্, ইত্যভিপ্রায়ঃ) ॥ ৬ ॥

[এবমুক্তঃ পিতা আত্মনঃ সত্যতায়ৈ নচিকেতসং যমালয়ং প্রেষয়ামাস।

না] যমের কি [কার্য্য] করণীয় আছে, যাহা অদ্য [পিতা] আমাদ্বারা সম্পন্ন করিবেন। ৫।

[তৎপর নচিকেতা পিতাকে বলিলেন] পূর্ব্ববর্ত্তী [মহাজন] গণ যেরূপ [অনুষ্ঠান করিয়াছিলেন], তাহা আলোচনা করুন ; এবং পরবর্ত্তী [অর্থাৎ বর্ত্তমান সাধু] গণ যেরূপ [অনুষ্ঠান করিতেছেন], তাহাও আলোচনা করুন (অর্থাৎ তাঁহাদের সত্যপালন আপনার অনুকরণীয়)। মনুষ্য শস্যের ন্যায় জীর্ণ হইয়া মরিয়া যায় এবং শস্যের ন্যায় পুনরায় জন্মগ্রহণ করে (অর্থাৎ মিথ্যা-ব্যবহার দ্বারা কেহ অজরামর হইতে পারে না, অতএব মিথ্যা ব্যবহারে প্রয়োজন কি ? আপনার সত্য আপনি পালন করুন, আমাকে যমালয়ে প্রেরণ করুন)। ৬।

[পিতা তাহা শুনিয়া আপন সত্যপালন জন্য নচিকেতাকে

আশাপ্রতীক্ষে সঙ্গতং সুনৃতা-
ঞ্চেষ্টাপূর্ত্তে পুত্রপশূংশ্চ সর্ব্বান্।
এতদ্ বৃঙ্ক্তে পুরুষস্যাল্পমেধসো
যস্যানশ্নন্ বসতি ব্রাহ্মণো গৃহে॥ ৮॥

সঃ তত্র গত্বা যমস্য অনুপস্থিতিহেতুতঃ অনভ্যর্থিতো তিস্রো রাত্রীরুবাস। ততঃ স্বালয়ং প্রত্যাগতং যমং প্রতি অমাত্যাঃ ভার্য্যাঃ বা উচুঃ,—] অতিথিঃ ব্রাহ্মণঃ বৈশ্বানরঃ (অগ্নিঃ) [ইব] গৃহান্ প্রবিশতি। (তস্য অগ্নিরূপব্রাহ্মণস্য অতিথেঃ) এতাং (পাদ্যাসনাদিদানলক্ষণাং) শান্তিং (শ্রমাপনোদনরূপাং) [জনাঃ] কুর্ব্বন্তি, [অতঃ] হে বৈবস্বত! (যম!—বিবস্বান্ সূর্য্যঃ, তস্যাপত্যং পুমান্) উদকম্ (পাদ্যার্থম্ জলম্) হর (আহর)॥ ৭॥

যস্য গৃহে ব্রাহ্মণঃ অনশ্নন্ (অভুঞ্জানঃ) বসতি, [তস্য] অল্পমেধসঃ (অল্প-প্রজ্ঞস্য) পুরুষস্য আশা (ইষ্টার্থপ্রার্থনা), প্রতীক্ষা (অবিজ্ঞাতপ্রাপ্ত্যর্থং প্রতীক্ষণং), সঙ্গতং (সৎসংযোগজং ফলং), সুনৃতাং (প্রিয়া বাক্,—তন্নি-মিত্তম্), চ (অপি) ইষ্টম্ (যাগজম্ পুণ্যং), পূর্ত্তম্ (বাপীকূপাদিখননজং পুণ্যং) পুত্রং (বংশধরং), চ (অপি) সর্ব্বান্ (গবাদীন্ গৃহপালিতান্) পশূন্, এতৎ (আশাদি পশ্বন্তং সর্ব্বং) বৃঙ্ক্তে (বিনশ্যতি)॥ ৮॥

যমালয়ে প্রেরণ করিলেন। তিনি তথায় যাইয়া যমের অনুপস্থিতি হেতুক অনভ্যর্থিত ভাবেই তিন রাত্রি বাস করিলেন। তার পর যম প্রত্যাগত হইলে যমের আত্মীয়গণ যমকে বলিলেন,—] অতিথি ব্রাহ্মণ, অগ্নির ন্যায় গৃহে প্রবেশ করেন। [লোকে] তাঁহার [অগ্নি-রূপ সেই ব্রাহ্মণ অতিথির] এইরূপে (পাদ্যদানাদি দ্বারা) শান্তি (শ্রমাপনয়ন) করিয়া থাকে। [অতএব] হে বিবস্বৎপুত্র (যম!) [পাদ্যের জন্য] জল আনয়ন কর। ৭।

যাহার গৃহে ব্রাহ্মণ অভুক্ত থাকে, সেই অল্পবুদ্ধি মনুষ্যের আকাঙ্ক্ষা ও প্রত্যাশার বিষয়, সাধু সহবাস ও প্রিয় বাক্যের ফল, যাগ যজ্ঞ ও বাপী কূপাদি সাধারণ হিতকর দ্রব্য প্রদানজনিত পুণ্য, বংশ ও [গো প্রভৃতি গৃহ-]পশু সকল [এ সমস্তই] বিনষ্ট হয়।৮।

তিস্রো রাত্রীর্যদবাৎসীর্গৃহে মে
অনশ্নন্ ব্রহ্মন্নতিথির্নমস্যঃ।
নমস্তেঽস্তু ব্রহ্মন্ স্বস্তি মেঽস্তু
তস্মাৎ প্রতি ত্রীন্ বরান্ বৃণীষ ॥ ৯ ॥
শান্তসঙ্কল্পঃ সুমনা যথা স্যাদ্
বীতমন্যুর্গৌতমো মাভিমৃত্যো।
ত্বৎপ্রসৃষ্টং মাভিবদেৎ প্রতীত
এতৎ ত্রয়াণাং প্রথমং বরং বৃণে ॥ ১০ ॥

[ততো যমো নচিকেতসে উবাচ,—] হে ব্রহ্মন্! তে (তুভ্যম্) নমঃ অস্তু; মে (মম), [ভবদনুগ্রহেণ] স্বস্তি (শুভম্) অস্তু। হে ব্রহ্মন্! যৎ (যস্মাৎ) [ত্বম্] অতিথিঃ [অতঃ] নমস্যঃ [অপি] মে (মম) গৃহে অনশ্নন্ তিস্রঃ রাত্রীঃ অবাৎসীঃ (উষিতবানসি), তস্মাৎ [অনশনেন উপোষিতাম্ একাম্ একাং রাত্রিং] প্রতি, ত্রীন্ বরান্ বৃণীষ (প্রার্থয়স্ব) ॥ ৯ ॥

[নচিকেতা উবাচ,—] হে মৃত্যো! [অহং ত্বয়াঙ্গীকৃতানাং] ত্রয়াণাং [বরাণাম্] এতৎ প্রথমং বরং বৃণে (প্রার্থয়ে) যথা (যৎ) গৌতমঃ (মম পিতা) মা অভি (মাং প্রতি) শান্তসঙ্কল্পঃ (বিগতোৎকণ্ঠঃ), সুমনাঃ (প্রসন্নমনাঃ) [তথা] বীতমন্যুঃ (বীতরোষঃ) স্যাৎ (ভবেৎ)। [কিঞ্চ সঃ] প্রতীতঃ (সঃ এব অয়ম্ মম পুত্রঃ পুনরাগতঃ ইতি এবং লব্ধস্মৃতিঃ) [সন্]

[তৎপর যম নচিকেতাকে বলিলেন] হে ব্রহ্মন্! তোমাকে নমস্কার, [তোমার অনুগ্রহে] আমার মঙ্গল হউক। হে ব্রহ্মন্! যেহেতু তুমি অতিথি [সুতরাং] নমস্য [হইয়াও] আমার গৃহে তিন রাত্রি অনাহারে বাস করিয়াছ, তজ্জন্য এক এক রাত্রির প্রতি [এক একটী করিয়া] তিনটী বর প্রার্থনা কর। ৯।

[নচিকেতা বলিলেন] হে মৃত্যো! আমি [তোমার অঙ্গীকৃত] তিন বরের মধ্যে এই প্রথম বর প্রার্থনা করিতেছি যে [আমার পিতা] গৌতম [আমার সম্বন্ধে] উৎকণ্ঠাশূন্য এবং আমার প্রতি

যথা পুরস্তাদ্ভবিতা প্রতীত
ঔদ্দালকিরারুণির্মৎপ্রসৃষ্টঃ।
সুখং রাত্রীঃ শয়িতা বীতমন্যু-
স্ত্বাং দদৃশিবান্ মৃত্যুমুখাৎ প্রমুক্তম্ ॥ ১১ ॥
স্বর্গে লোকে ন ভয়ং কিঞ্চ নাস্তি
ন তত্র ত্বং ন জরয়া বিভেতি।
উভে তীর্ত্বাঽশনয়াপিপাসে
শোকাতিগো মোদতে স্বর্গলোকে ॥ ১২ ॥

ত্বৎপ্রসৃষ্টং (ত্বয়া পরিত্যক্তং, বিনির্মুক্তম্) মা (মাম্) অভিবদেৎ (সাদরং সম্ভাষেত) ॥ ১০ ॥

[যমঃ উবাচ,—তব পিতা] ঔদ্দালকিঃ আরুণিঃ পুরস্তাৎ (পূর্ব্বম্) যথা [স্নেহ-সমন্বিতঃ আসীৎ, অধুনা] মৎপ্রসৃষ্টঃ (ময়ানুজ্ঞাতঃ সন্) [তথৈব] ভবিতা (ভবিষ্যতি), [কিঞ্চ] প্রতীতঃ (লব্ধস্মৃতিঃ) [ভবিষ্যতি]। সঃ ত্বাম্ মৃত্যুমুখাৎ প্রমুক্তং [সন্তং] দদৃশিবান্ (দৃষ্টবান্) [ততঃ] বীতমন্যুঃ স্যাৎ, [তথাচ] রাত্রীঃ সুখং শয়িতা (সুপ্তঃ ভবিষ্যতি) ॥ ১১ ॥

[নচিকেতা উবাচ,—] স্বর্গে লোকে কিঞ্চ (কিঞ্চিদপি) ভয়ং নাস্তি,

প্রসন্নমনা ও বিগতক্রোধ হউন, এবং তোমা-কর্তৃক পরিত্যক্ত অর্থাৎ বিমুক্ত হইয়া [যখন আমি গৃহে ফিরিয়া যাইব, তখন যেন তিনি] আমাকে চিনিতে পারিয়া সাদর সম্ভাষণ করেন। ১০।

[যম বলিলেন, তোমার পিতা] উদ্দালকি আরুণি পূর্ব্বে যেরূপ স্নেহ-সমন্বিত ছিলেন, আমার আদেশে এখনও সেইরূপই থাকিবেন, এবং তোমাকে চিনিতে পারিবেন। তিনি তোমাকে মৃত্যুমুখ হইতে প্রমুক্ত দেখিয়া বিগতক্রোধ হইবেন এবং রাত্রিতে সুখে নিদ্রা যাইবেন। ১১।

[নচিকেতা বলিলেন] স্বর্গলোকে কিছুই ভয় নাই, তুমি

স ত্বমগ্নিং স্বর্গ্যমধ্যেষি মৃত্যো
প্রব্রূহি তং শ্রদ্দধানায় মহ্যম্।
স্বর্গলোকা অমৃতত্বং ভজন্ত
এতদ্ দ্বিতীয়েণ বৃণে বরেণ॥ ১৩॥

প্র তে ব্রবীমি তদু মে নিবোধ
স্বর্গ্যমগ্নিন্নচিকেতঃ প্রজানন্।
অনন্তলোকাপ্তিমথো প্রতিষ্ঠাং
বিদ্ধি ত্বমেতন্নিহিতং গুহায়াম্॥ ১৪॥

তত্র ত্বম্ (মৃত্যুঃ) ন (অসি), [লোকঃ] জরয়া ন বিভেতি। অশনয়া (ক্ষুধা) পিপাসা চ উভে তীর্ত্বা (অতিক্রম্য) শোকাতিগঃ (দুঃখবর্জ্জিতঃ সন্) [লোকঃ] স্বর্গলোকে মোদতে (হৃষ্যতি)॥ ১২॥

হে মৃত্যো! স্বর্গ্যম্ (স্বর্গসাধনভূতম্) অগ্নিং সঃ ত্বম্ অধ্যেষি (জানাসি), শ্রদ্দধানায় (শ্রদ্ধাবতে) মহ্যম্ তম্ অগ্নিং প্রব্রূহি (কথয়), [যেন অগ্নিনা সাধনেন লোকাঃ] স্বর্গলোকাঃ (স্বর্গলোকবাসিনঃ সন্তঃ) অমৃতত্বম্ (অমরণত্বং) ভজন্তে (প্রাপ্নুবন্তি); [অহং] দ্বিতীয়েন বরেণ এতৎ (অগ্নিসম্বন্ধি বিজ্ঞানং) বৃণে (প্রার্থয়ে)॥ ১৩॥

[যমঃ উবাচ,—] হে নচিকেতঃ! [অহং] স্বর্গ্যম্ অগ্নিং প্রজানন্ (বিজ্ঞাতঃ সন্) তে (তুভ্যম্) প্রব্রবীমি (সবিশেষং কথয়ামি), মে (মম)

[মৃত্যু] সেখানে নাই, সেখানে লোক জরাজনিত ভয় পায় না। ক্ষুধা তৃষ্ণা উভয় অতিক্রম করিয়া লোক সেখানে আনন্দ উপভোগ করে। ১২।

হে মৃত্যো, স্বর্গপ্রাপ্তির সাধনরূপ অগ্নি, [যে অগ্নি দ্বারা লোকে] স্বর্গলোকবাসী হইয়া অমৃতত্ব লাভ করে, তাহা তুমি অবগত আছ; আমি শ্রদ্ধাবান্, আমাকে তাহা বল। আমি দ্বিতীয় বর দ্বারা এই [অগ্নির যজ্ঞীয় ব্যবহার সম্বন্ধে জ্ঞান] প্রার্থনা করি। ১৩।

[যম বলিলেন,] হে নচিকেতঃ! আমি স্বর্গপ্রাপ্তির উপায় স্বরূপ

লোকাদিমগ্নিং তমুবাচ তস্মৈ
যা ইষ্টকা যাবতীর্ব্বা যথা বা।
স চাপি তৎ প্রত্যবদদ্যথোক্ত-
মথাস্য মৃত্যুঃ পুনরেবাহ তুষ্টঃ ॥ ১৫ ॥
তমব্রবীৎ প্রীয়মাণো মহাত্মা
বরং তবেহাদ্য দদামি ভূয়ঃ।

তৎ উ (বচনম্ এব) নিবোধ (একাগ্রমনাঃ সন্ বুধ্যস্ব)। ত্বম্ এনম্ (এতম্ অগ্নিম্) অনন্তলোকাপ্তিম্ (অনন্তধাম-প্রাপ্তিসাধনম্), অথো (অপি) প্রতিষ্ঠাম্ (জগতঃ আশ্রয়ম্), [তথাচ] গুহায়াম্ (বিদুষাং ক্রিয়াজ্ঞানবতাং বুদ্ধৌ) নিহিতম্ (নিবিষ্টম্) বিদ্ধি (জানীহি) ॥ ১৪ ॥

যমঃ তস্মৈ (নচিকেতসে) লোকাদিং (লোকানাম্ আদিং,—প্রথমং সৃষ্টম্) অগ্নিম্ উবাচ; যাঃ (যদ্রূপাঃ) ইষ্টকাঃ যাবতীঃ (যৎসংখ্যাকাঃ) বা [অগ্নিচয়নায় প্রযুজ্যাঃ], যথা (যেন প্রকারেণ) [অগ্নিঃ চীয়তে, তৎসমস্তম্] উবাচ। সঃ চ অপি যথোক্তং তৎ প্রত্যবদৎ (প্রত্যুচ্চারিতবান্)। মৃত্যুঃ তস্য [প্রত্যুচ্চারণেন] তুষ্টঃ [সন্] পুনঃ আহ এব ॥ ১৫ ॥ ২৭,৪৮৮

মহাত্মা (যমঃ) প্রীয়মাণঃ (নচিকেতসঃ শিষ্যযোগ্যতাং পশ্যন্ প্রীতিম্ অনু-

অগ্নির স্বরূপ বিশেষরূপে অবগত আছি, আমি তোমাকে তাহা সবিশেষ বলিতেছি, তুমি একাগ্রচিত্তে শ্রবণ কর। তুমি এই অগ্নিকে অনন্তলোক প্রাপ্তির সাধন, [জগতের] আশ্রয় এবং গুহাতে (অর্থাৎ কর্ম্মঠদিগের বুদ্ধিতে) নিহিত বলিয়া জান; (অর্থাৎ জানিও যে কর্ম্মঠমাত্রেই ইহার স্বরূপ জানেন। ১৪।

যম তাঁহাকে সৃষ্টবস্তুর আদি স্বরূপ অগ্নির বিষয় বলিলেন; যেরূপ ও যত সংখ্যক ইষ্টকা [অগ্নিচয়নার্থ আবশ্যক] এবং যে প্রকারে [অগ্নিচয়ন করিতে হয়, তৎসমস্ত] বলিলেন। তিনিও সেই সমুদায়ের পুনরুক্তি করিলেন; যম তাঁহার [পুনরুক্তিতে] সন্তুষ্ট হইয়া পুনরায় বলিলেনই। ১৫।

তবৈব নাম্না ভবিতাঽয়মগ্নিঃ
স্বঙ্কাঞ্চেমামনেকরূপাং গৃহাণ ॥ ১৬ ॥
ত্রিণাচিকেতস্ত্রিভিরেত্য সন্ধিং
ত্রিকর্ম্মকৃত্তরতি জন্মমৃত্যু।
ব্রহ্মজজ্ঞন্দেবমীড্যং বিদিত্বা
নিচায্যেমাং শান্তিমত্যন্তমেতি ॥ ১৭ ॥

ভবন্), তং (নচিকেতসম্) অব্রবীৎ,—ইহ (অত্র বিষয়ে) এব অদ্য তব (তস্মৈ) ভূয়ঃ (পুনরপি) বরং দদামি। অয়ম্ অগ্নিঃ তব এব নাম্না ভবিতা (প্রসিদ্ধঃ ভবিষ্যতি); ইমাম্ অনেকরূপাং (বিচিত্রাং) স্বঙ্কাং (শব্দবতীং রত্নময়ীং মালাং) চ গৃহাণ ॥ ১৬ ॥

ত্রিভিঃ (মাতৃপিত্রাচার্য্যৈঃ সহ) সন্ধিং (মিলনম্) এত্য (প্রাপ্য,—মাত্রাদেঃ অনুশাসনং যথাবৎ প্রাপ্য ইত্যর্থঃ) ত্রিণাচিকেতঃ (নাচিকেতঃ অগ্নিঃ বারত্রয়ং চিতঃ যেন), [তথা] ত্রিকর্ম্মকৃৎ (ইজ্যা-অধ্যয়ন-দানানাং কর্ত্তা) জন্মমৃত্যু তরতি (অতিক্রামতি)। ইড্যম্ (স্তত্যম্) ব্রহ্মজজ্ঞম্ (ব্রহ্মণঃ জাতঃ ব্রহ্মজঃ, ব্রহ্মজশ্চাসৌ জ্ঞশ্চেতি ব্রহ্মজজ্ঞঃ,—সর্ব্বজ্ঞঃ, তং) দেবম্

মহাত্মা (যম) [নচিকেতার শিষ্যযোগ্যতা দর্শনে] প্রীত হইয়া তাঁহাকে বলিলেন, এই বিষয়ে অদ্য আমি তোমাকে আর এক বর দিতেছি। এই অগ্নি তোমারই নামে [লোকে] পরিচিত হইবেন; আর এই বিচিত্র শব্দবিশিষ্টা রত্নমালাও * গ্রহণ কর। ১৬।

যিনি [মাতা, পিতা ও আচার্য্য] এই তিন ব্যক্তির সহিত মিলন পূর্ব্বক (অর্থাৎ তাঁহাদের অনুশাসন প্রাপ্ত হইয়া) তিনবার অগ্নিচয়ন করেন, এবং [যজ্ঞ, অধ্যয়ন ও দান এই] তিন কর্ম্ম করেন, তিনি জন্ম মৃত্যু অতিক্রম করেন, এবং পূজনীয় ব্রহ্মজজ্ঞ

---

* পূজনীয় ভাষ্যকার মূলোক্ত 'স্বঙ্কা' শব্দের 'বহুফল-প্রদায়িনী কর্ম্মময়ী গতি' অর্থও করিয়াছেন।

ত্রিণাচিকেতস্ত্রয়মেতদ্বিদিত্বা
য এবং বিদ্বাংশ্চিনুতে নাচিকেতম্।
স মৃত্যুপাশান্ পুরতঃ প্রণোদ্য
শোকাতিগো মোদতে স্বর্গলোকে ॥ ১৮ ॥
এষ তেঽগ্নির্নচিকেতঃ স্বর্গ্যো
যমবৃণীথা দ্বিতীয়েন বরেণ।
এতমগ্নিং তবৈব প্রবক্ষ্যন্তি জনাস-
স্তৃতীয়ং বরং নচিকেতো বৃণীষ্ব ॥ ১৯ ॥

বিদিত্বা [তথা] নিচায্য (দৃষ্ট্বা) ইমাং (স্ববুদ্ধিপ্রত্যক্ষাং) শান্তিম্ অত্যন্তম্ (অতিশয়েন) এতি (প্রাপ্নোতি) ॥ ১৭ ॥

যঃ ত্রিণাচিকেতঃ বিদ্বান্, এতৎ ত্রয়ং ('যা ইষ্টকা যাবতীর্ব্বা যথা বা') বিদিত্বা এবং নাচিকেতম্ (অগ্নিং) চিনুতে, সঃ পুরতঃ '(শরীরপাতাৎ পূর্ব্বমেব) মৃত্যুপাশান্ (অধর্ম্মাজ্ঞানরাগদ্বেষাদিলক্ষণান্) প্রণোদ্য (অপহায়) শোকাতিগঃ (মানসৈঃ দুঃখৈঃ বর্জ্জিতঃ সন্) স্বর্গলোকে মোদতে (হৃষ্যতি) ॥১৮॥

হে নচিকেতঃ! তে (তুভ্যম্) এষঃ স্বর্গ্যঃ (স্বর্গ-সাধনভূতঃ) অগ্নিঃ (অগ্নি-সম্বন্ধী বরঃ) [দত্তঃ], যম্ (বরম্) [ত্বং] দ্বিতীয়েন বরেণ অবৃণীথা (প্রার্থিত-

দেবকে (অর্থাৎ যিনি ব্রহ্ম হইতে উৎপন্ন সমুদয় বস্তু জানেন, তাঁহাকে) জানিয়া এবং দর্শন করিয়া পরমশান্তি লাভ করেন। ১৭।

তিনবার অগ্নিচয়নকারী যে জ্ঞানী ব্যক্তি এই তিন বিষয় (অর্থাৎ যে প্রকার ও যত সংখ্যক ইষ্টক অগ্নিচয়নে আবশ্যক এবং যে প্রকারে অগ্নিচয়ন করিতে হয়) জানিয়া অগ্নিচয়ন করেন, তিনি [শরীরপাতের] পূর্ব্বেই মৃত্যুবন্ধনসমূহ (অর্থাৎ অধর্ম্ম, অজ্ঞান, রাগদ্বেষ প্রভৃতি) ছেদন পূর্ব্বক শোকাতীত হইয়া স্বর্গলোকে আনন্দ করেন। ১৮।

হে নচিকেতঃ! তুমি দ্বিতীয় বর দ্বারা যাহা চাহিয়াছিলে, এই সেই স্বর্গ-সাধনরূপী অগ্নি সম্বন্ধী বর তোমাকে [প্রদান করিলাম],

যেয়ং প্রেতে বিচিকিৎসা মনুষ্যে-
　ঽস্তীত্যেকে নায়মস্তীতি চৈকে।
এতদ্ বিদ্যামনুশিষ্টস্ত্বয়াঽহং
　বরাণামেষ বরস্তৃতীয়ঃ ॥ ২০ ॥
দেবৈরত্রাপি বিচিকিৎসিতং পুরা
　ন হি সুবিজ্ঞেয়মণুরেষ ধর্ম্মঃ।
অন্যং বরং নচিকেতো বৃণীষ্ব
　মা মোপরোৎসীরতি মা সৃজৈনম্ ॥ ২১ ॥

বানসি)। জনাসঃ (জনাঃ) এতম্ অগ্নিং তব এব [নাম্না] প্রবক্ষ্যন্তি, হে নচিকেতঃ! [অথ] তৃতীয়ং বরম্ বৃণীষ্ব (প্রার্থয়স্ব) ॥ ১৯॥

[নচিকেতা উবাচ,—] প্রেতে [মৃতে] মনুষ্যে (তদ্বিষয়ে) যা ইয়ম্ বিচিকিৎসা (সংশয়ঃ) [অস্তি], একে 'অস্তি'-ইতি, একে চ 'ন অয়ম্ অস্তি'-ইতি [কথয়ন্তি, অহম্] ত্বয়া অনুশিষ্টঃ (শিক্ষিতঃ সন্) এতৎ বিদ্যাম্ (বিজানীয়াম্); বরাণাম্ এষঃ তৃতীয়ঃ বরঃ ॥ ২০ ॥

[যমঃ উবাচ,—] অত্র (এতস্মিন্ বিষয়ে) দেবৈঃ অপি পুরা (পূর্ব্বম্) বিচিকিৎসিতম্ (সংশয়িতম্), হি (যতঃ) এষঃ ধর্ম্মঃ ন সুবিজ্ঞেয়ম্ [পরন্তু] অণুঃ (সূক্ষ্মঃ)। হে নচিকেতঃ! অন্যং বরং বৃণীষ্ব (প্রার্থয়স্ব), মা (মাম্)

লোকে এই অগ্নিকে তোমার নামে অভিহিত করিবে। হে নচিকেতঃ! তৃতীয় বর প্রার্থনা কর। ১৯।

[নচিকেতা বলিলেন] মৃত মনুষ্য সম্বন্ধে এই যে এক সন্দেহ আছে,—কেহ কেহ বলেন আছে, কেহ কেহ বলেন নাই,—আমি তোমার উপদেশে এই বিষয় জানিতে চাহি; আমার বরের মধ্যে এইটী তৃতীয় বর। ২০।

[যম বলিলেন] এই বিষয়ে দেবতারাও পূর্ব্বে সংশয়যুক্ত ছিলেন; যে হেতু এই ধর্ম্ম সুবিজ্ঞেয় নহে, ইহা সূক্ষ্ম। হে নচি-

দেবৈরত্রাপি বিচিকিৎসিতং কিল
ত্বঞ্চ মৃত্যো যন্ন সুবিজ্ঞেয়মাত্থ।
বক্তা চাস্য ত্বাদৃগন্যো ন লভ্যো
নান্যো বরস্তুল্য এতস্য কশ্চিৎ ॥ ২২ ॥
শতায়ুষঃ পুত্র পৌত্রান্ বৃণীষ
বহূন্ পশূন্ হস্তিহিরণ্যমশ্বান্।
ভূমের্মহদায়তনং বৃণীষ
স্বয়ঞ্চ জীব শরদো যাবদিচ্ছসি ॥ ২৩ ॥

মা উপরোৎসীঃ (উপরোধম্ মা কার্ষীঃ); মা (মাম্) [অনুগৃহ্ণন্] এনম্ (বরম্; এতদ্বরগ্রহণাভিলাষ মিতি যাবৎ) অতিসৃজ (বিমুঞ্চ) ॥ ২১ ॥

[নচিকেতা উবাচ,—] হে মৃত্যো! অত্র কিল [নিশ্চিতং] পুরা দেবৈঃ অপি বিচিকিৎসিতম্, যৎ [তত্ত্বম্] ত্বং চ ন সুবিজ্ঞেয়ম্ আত্থ [বদসি]। অস্য [তত্ত্বস্য] বক্তা চ ত্বাদৃক্ [ত্বত্তুল্যঃ] অন্যঃ ন লভ্যঃ; [অতঃ] ন এতস্য তুল্যঃ অন্যঃ কঃ চিৎ বরঃ [অস্তি] ॥ ২২ ॥

[যমঃ উবাচ,—] শতায়ুষঃ (শতবর্ষাণি আয়ুংষি যেষাং তান্) পুত্র-পৌত্রান্ বৃণীষ, [তথা] বহূন্ পশূন্ (গবাদীন্) হস্তিনম্, হিরণ্যম্, অশ্বান্, ভূমেঃ (পৃথিব্যাঃ) বৃহৎ আয়তনম্ (মণ্ডলং, রাজ্যং) [চ] বৃণীষ, চ (অপি)

কেতঃ! অন্য বর প্রার্থনা কর,—আমাকে উপরোধ করিও না; আমাকে [অনুগ্রহ করতঃ] এই বর [গ্রহণের অভিলাষ] ত্যাগ কর। ২১।

[নচিকেতা বলিলেন] হে মৃত্যো! এই বিষয়ে পূর্ব্বে দেবতারাও সন্দেহযুক্তই হইয়াছিলেন, তুমিও বলিতেছ ইহা সুবিজ্ঞেয় নহে, এই বিষয়ে তোমার তুল্য অন্য বক্তাও পাওয়া যাইবে না। অতএব ইহার তুল্য অন্য কোন বর নাই। ২২।

[যম বলিলেন] শতবর্ষায়ু পুত্র পৌত্র প্রার্থনা কর, বহু পশু,

এতত্তুল্যং যদি মন্যসে বরং
বৃণীষ্ব বিত্তং চিরজীবিকাঞ্চ।
মহাভূমৌ নচিকেতস্ত্বমেধি
কামানান্ত্বা কামভাজং করোমি ॥ ২৪ ॥
যে যে কামা দুর্লভা মর্ত্ত্যলোকে
সর্ব্বান্ কামাংশ্ছন্দতঃ প্রার্থয়স্ব।
ইমা রামাঃ সরথাঃ সতূর্য্যা
নহীদৃশা লম্ভনীয়া মনুষ্যৈঃ।

স্বয়ং যাবৎ শরদঃ (বর্ষাণি) [জীবিতুম্] ইচ্ছসি, তাবৎ জীব (জীবনং ধারয়) ॥ ২৩ ॥

যদি এতৎতুল্যম্ (এতেন সমানম্) [কিম্ অপি অন্যম্] মন্যসে, [যথা—] বিত্তং (হিরণ্যাদিকম্) চ (অপি) চিরজীবিকাং (চিরজীবনোপায়ম্), [তৎ] বৃণীষ্ব। হে নচিকেতঃ! মহা-ভূমৌ (মহত্যাম্ ভূমৌ) ত্বম্ [রাজা] এধি (ভব); অহং (যমঃ) ত্বা (ত্বাং) কামানাং (কাম্য-বস্তূনাং) কামভাজং (কামভাগিনং) করোমি (করিষ্যামি) ॥ ২৪ ॥

যে যে কামাঃ (কাম্যপদার্থাঃ) মর্ত্ত্যলোকে দুর্লভাঃ, [তান্] সর্ব্বান্ কামান্ ছন্দতঃ (ইচ্ছাতঃ) প্রার্থয়স্ব। ইমাঃ সরথাঃ (রথৈঃ সহ বর্ত্তন্তে ইতি) সতূর্য্যাঃ

হস্তি, স্বর্ণ, অশ্ব এবং পৃথিবীর বৃহৎ অংশ (অর্থাৎ রাজ্য) প্রার্থনা কর, এবং স্বয়ং যত বৎসর ইচ্ছা জীবন ধারণ কর। ২৩।

যদি অন্য কোন বর ইহার তুল্য মনে কর, [যথা—] বিত্ত এবং চিরজীবিকা, [তাহা] প্রার্থনা কর। হে নচিকেতঃ! তুমি প্রশস্ত ভূমিখণ্ডের উপরি [রাজা] হও, আমি তোমাকে সমুদায় কামনার কামভাগী করিব। ২৪।

মর্ত্ত্যলোকে যে যে কাম্যবস্তু দুর্লভ, সেই সমুদায় ইচ্ছানুসারে

আভির্মৎপ্রত্তাভিঃ পরিচারয়স্ব
নচিকেতো মরণং মানুপ্রাক্ষীঃ ॥ ২৫ ॥
শ্বোভাবা মর্ত্ত্যস্য যদন্তকৈতৎ
সর্ব্বেন্দ্রিয়াণাং জরয়ন্তি তেজঃ।
অপি সর্ব্বং জীবিতমল্পমেব
তবৈব বাহাস্তব নৃত্যগীতে ॥ ২৬ ॥

(তূর্য্যৈঃ বাদিত্রৈঃ সহ বর্ত্তন্তে ইতি), রামাঃ (রমণ্যঃ) ; ঈদৃশাঃ (ঈদৃশ্যঃ) ন হি মনুষ্যৈঃ লম্ভনীয়াঃ (প্রাপনীয়াঃ)। মৎপ্রত্তাভিঃ (ময়া দত্তাভিঃ) আভিঃ (সরথ-সতূর্য্য-রামাভিঃ) [আত্মানম্] পরিচারয়স্ব ; (শুশ্রূষাং কারয়) ; হে নচিকেতঃ ! মরণম্ (মরণবিষয়কং প্রশ্নম্) মা অনুপ্রাক্ষীঃ (ন পৃচ্ছ) ॥ ২৫ ॥

[নচিকেতা উবাচ,—] হে অন্তক ! (যম !) [ত্বদুক্তাঃ ভোগাঃ] শ্বোভাবাঃ (শ্বঃ কল্যং স্থাস্যন্তি ন স্থাস্যন্তি বা ইতি এবং সন্দিহ্যমানাঃ এব ভাবাঃ যেষাং তে) ; [কিঞ্চ] মর্ত্ত্যস্য (মরণশীলস্য মনুষ্যাদেঃ) সর্ব্বেন্দ্রিয়াণাম্ যৎ তেজঃ এতৎ জরয়ন্তি (অপক্ষয়ন্তি)। অপি সর্ব্বং জীবিতং (জীবনম্) অল্পম্;

প্রার্থনা কর। এই সকল রথযুক্তা ও বাদ্যযন্ত্রধারিণী রমণীগণ ; এরূপ রমণীসমূহ মনুষ্যেরা পায় না। আমার প্রদত্ত এই সকল [পরিচারিণী], কর্ত্তৃক পরিচারিত হও ;—হে নচিকেতঃ! মরণ [সম্বন্ধে] প্রশ্ন করিও না। ২৫।

[নচিকেতা বলিলেন] হে যম ! [তোমার বর্ণিত ভোগসকল] কল্য থাকিবে কি থাকিবে না ; এরূপ সন্দিহ্যমান, এবং মনুষ্যাদির সর্ব্বেন্দ্রিয়ের যে তেজ, তাহাকে ক্ষয় করে। সমগ্র জীবনও * অল্প-

* এই স্থলে ভাষ্য হইতে কিঞ্চিৎ প্রভেদ ঘটিল। ভাষ্যের ভাব—সকলেরই,—এমন কি সৃষ্টিকর্ত্তা ব্রহ্মারও—আয়ুঃ অল্প। "ব্রহ্মণোঽপি জীবিতমায়ুরল্পমেব।"

ন বিত্তেন তর্পণীয়ো মনুষ্যো
লপ্স্যামহে বিত্তমদ্রাক্ষ্ম চেত্বা।
জীবিষ্যামো যাবদীশিষ্যসি ত্বং
বরস্তু মে বরণীয়ঃ স এব ॥ ২৭ ॥
অজীর্য্যতামমৃতানামুপেত্য
জীর্য্যন্ মর্ত্ত্যঃ ক্বধঃস্থঃ প্রজানন্।
অভিধ্যায়ন্ বর্ণরতিপ্রমোদা-
নতিদীর্ঘে জীবিতে কো রমেত ॥ ২৮ ॥

[অতঃ] তব বাহাঃ (অশ্বাঃ) নৃত্যং গীতং চ, তব এব [তিষ্ঠন্তু] ॥ ২৬ ॥

বিশ্বস্য কর্ত্তা, ভুবনস্য গোপ্তা (পালয়িতা) ব্রহ্মা দেবানাম্ [মধ্যে] প্রথমঃ [সন্] সম্বভূব (প্রাদুর্ব্বভূব)। সঃ [স্বস্য] জ্যেষ্ঠপুত্রায় অথর্ব্বায় সর্ব্ববিদ্যাপ্রতিষ্ঠাং (সর্ব্ববিদ্যানাম্ আশ্রয়ম্) ব্রহ্মবিদ্যাম্ প্রাহ ॥ ১ ॥

ব্রহ্মা অথর্ব্বণে যাম্ প্রবদেত (অবদৎ), অথর্ব্বা তাম্ ব্রহ্মবিদ্যাম্ পুরা (পূর্ব্বম্) অঙ্গিরে (অঙ্গির্-নাম্নে মুনয়ে) উবাচ। সঃ ভারদ্বাজায় (ভরদ্বাজ-গোত্রায়) সত্যবাহায় (সত্যবাহ-নাম্নে) প্রাহ ; ভারদ্বাজঃ (সত্যবাহঃ) পরাবরাম্

বিশ্বের কর্ত্তা ও ভুবনের পালয়িতা ব্রহ্মা দেবতাদিগের মধ্যে প্রথমে প্রাদুর্ভূত হইয়াছিলেন। তিনি তাঁহার জ্যেষ্ঠপুত্র অথর্ব্বকে সর্ব্ববিদ্যার আশ্রয় ব্রহ্মবিদ্যা কহিয়াছিলেন। ১।

ব্রহ্মা অথর্ব্বাকে যাহা বলিয়াছিলেন, অথর্ব্বা পূর্ব্বে সেই ব্রহ্মবিদ্যা অঙ্গির্‌কে বলিয়াছিলেন। তিনি ভরদ্বাজ-গোত্রীয় সত্যবাহকে বলিয়াছিলেন ; ভারদ্বাজ (সত্যবাহ) পরম্পরায় শ্রেষ্ঠ হইতে অশ্রেষ্ঠকর্ত্তৃক প্রাপ্ত (অথবা শ্রেষ্ঠ অশ্রেষ্ঠ সমুদায় বিদ্যার বিষয়ে ব্যাপ্ত) [এই ব্রহ্মবিদ্যা] অঙ্গিরসকে [বলিয়াছিলেন]। ২।

স ভারদ্বাজায় সত্যবাহায় প্রাহ
ভারদ্বাজোঽঙ্গিরসে পরাবরাম্ ॥ ২ ॥

শৌনকো হ বৈ মহাশালোঽঙ্গিরসং বিধিবদুপসন্নঃ পপ্রচ্ছ। কস্মিন্নু ভগবো বিজ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতং ভবতীতি ॥ ৩ ॥

তস্মৈ স হোবাচ। দ্বে বিদ্যে বেদিতব্য ইতি হ স্ম যদ্ ব্রহ্মবিদো বদন্তি পরা চৈবাপরা চ ॥ ৪ ॥

তত্রাপরা ঋগ্বেদো যজুর্ব্বেদঃ সামবেদোঽথর্ব্ববেদঃ শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দো জ্যোতিষমিতি। অথ পরা যয়া তদক্ষরমধিগম্যতে ॥ ৫ ॥

(পরস্মাৎ পরস্মাৎ অবরেণ প্রাপ্তা ইতি পরাবরা, তাম্ পরাবরাম্; পর-অবর-সর্ব্ববিদ্যা-বিষয়-ব্যাপ্তাং বা) [ব্রহ্মবিদ্যাম্] অঙ্গিরসে [উবাচ] ॥ ২ ॥

মহাশালঃ (মহাগৃহস্থঃ) শৌনকঃ অঙ্গিরসম্ বিধিবৎ (যথাশাস্ত্রম্) উপসন্নঃ (উপগতঃ সন্) ইতি (ইদং) পপ্রচ্ছ,—ভগবঃ! (হে ভগবন্) কস্মিন্ নু বিজ্ঞাতে ইদং সর্ব্বং বিজ্ঞাতম্ ভবতি? ॥ ৩ ॥

তস্মৈ সঃ হ উবাচ। দ্বে বিদ্যে বেদিতব্যে ইতি (ইদং) হ স্ম (কিল) ব্রহ্মবিদঃ বদন্তি, যঃ পরা চ এব অপরা চ ॥ ৪ ॥

তত্র (তয়োঃ পরাপরয়োঃ বিদ্যয়োঃ মধ্যে) ঋগ্বেদঃ, যজুর্ব্বেদঃ, সামবেদঃ, অথর্ব্ববেদঃ, শিক্ষা (উচ্চারণাদি-বোধকং বেদাঙ্গম্), কল্পঃ (বৈদিকক্রিয়াকলাপ-

মহাগৃহস্থ শৌনক অঙ্গিরসের সমীপে যথাবিধি উপস্থিত হইয়া ইহা জিজ্ঞাসা করিলেন;— হে ভগবন্, কি জানিলে এই সমস্ত জানা হয়? ।৩।

তিনি তাঁহাকে বলিলেন। ব্রহ্মবিদেরা ইহা বলেন, দুই বিদ্যা জ্ঞাতব্য, পরা [বিদ্যা] ও অপরা [বিদ্যা]। ৪।

ইহাদের মধ্যে ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, শিক্ষা (উচ্চারণাদিবোধক বেদাঙ্গ), কল্প (বৈদিকক্রিয়াকলাপবোধক

যত্তদদ্রেশ্যমগ্রাহ্যমগোত্রমবর্ণমচক্ষুঃশ্রোত্রং তদপাণিপাদং নিত্যম্।
বিভুং সর্ব্বগতং সুসূক্ষ্মং তদব্যয়ং তদ্ভূতযোনিং পরিপশ্যন্তি ধীরাঃ॥৬

যথোর্ণনাভিঃ সৃজতে গৃহ্ণতে চ
যথা পৃথিব্যামোষধয়ঃ সম্ভবন্তি।
যথা সতঃ পুরুষাৎ কেশলোমানি
তথাঽক্ষরাৎ সম্ভবতীহ বিশ্বম্॥ ৭।

বোধকং বেদাঙ্গম্), ব্যাকরণম্, নিরুক্তম্ (বেদব্যাখ্যাপ্রকারবোধকং বেদাঙ্গম্), ছন্দঃ, জ্যোতিষম্ ইতি অপরা [বিদ্যা]। অথ (পক্ষান্তরে) যয়া তৎ অক্ষরম্ অধিগম্যতে (জ্ঞায়তে), [সা এব] পরা [বিদ্যা]॥ ৫॥

যৎ ভূতযোনিং ধীরাঃ পরিপশ্যন্তি, তৎ অদ্রেশ্যম্ (অদৃশ্যম্), অগ্রাহ্যম্, (কর্ম্মেন্দ্রিয়াবিষয়ম্), অগোত্রম্, অবর্ণম্, অচক্ষুঃশ্রোত্রম্, তৎ অপাণিপাদম্, নিত্যম্, বিভুম্, (সর্ব্বব্যাপিনং) সর্ব্বগতম্, সুসূক্ষ্মম্, তৎ অব্যয়ম্॥ ৬॥

যথা ঊর্ণনাভিঃ [স্বশরীরাৎ তন্তূন্] সৃজতে (বহিঃ প্রসারয়তি), [পুনঃ তান্ এব] গৃহ্ণতে (গৃহ্ণাতি), যথা পৃথিব্যাম্ ওষধয়ঃ সম্ভবন্তি। যথা সতঃ (জীবতঃ) পুরুষাৎ কেশলোমানি [জায়ন্তে], তথা ইহ অক্ষরাৎ বিশ্বং (সমস্তং জগৎ) সম্ভবতি॥ ৭॥

বেদাঙ্গ), ব্যাকরণ, নিরুক্ত (বেদব্যাখ্যার নিয়মাদিবোধক বেদাঙ্গ), ছন্দঃ ও জ্যোতিষ ইহারা অপরা [বিদ্যা]; পক্ষান্তরে, যদ্দ্বারা সেই অক্ষর [পুরুষকে] জানা যায়, তাহাই পরা [বিদ্যা]। ৫।

জ্ঞানিগণ যে ভূতযোনিকে দর্শন করেন, তিনি অদৃশ্য, অগ্রাহ্য (অর্থাৎ কর্ম্মেন্দ্রিয়ের অবিষয়), অগোত্র, অবর্ণ, অচক্ষুঃ ও অশ্রোত্র; তিনি হস্তপদরহিত, নিত্য, সর্ব্বব্যাপী, সর্ব্বগত, সুসূক্ষ্ম ও অব্যয়। ৬।

যেমন ঊর্ণনাভ [নিজ শরীর হইতে তন্তু] বাহির করে এবং [পুনরায়] গ্রহণ করে, যেমন পৃথিবীতে ওষধি জন্মে, যেমন

তপসা চীয়তে ব্রহ্ম ততোঽন্নমভিজায়তে।
অন্নাৎ প্রাণো মনঃ সত্যং লোকাঃ কর্ম্মসু চামৃতম্ ॥ ৮ ॥
যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিদ্ যস্য জ্ঞানময়ং তপঃ।
তস্মাদেতদ্ ব্রহ্ম নাম রূপমন্নঞ্চ জায়তে ॥ ৯ ॥

তপসা (জ্ঞানেন, উৎপত্তিবিধিজ্ঞতয় ব্রাহ্ম চীয়তে (প্রবৃদ্ধঃ ভবতি,— ইদং জগৎ উৎপিপাদয়িষৎ), ততঃ (উপচিতাৎ ব্রহ্মণঃ) অন্নং (জগদুৎ-পত্তি-বীজম্) অভিজায়তে (উৎপদ্যতে)। অন্নাৎ প্রাণঃ, মনঃ, সত্যম্ (আকাশাদি ভূতপঞ্চকম্), লোকাঃ (ভূরাদয়ঃ), [তথা] কর্ম্মসু (কর্ম্মজম্) অমৃতম্ (অবিনশ্বরং ফলম্) [অভিজায়তে] ॥ ৮ ॥

যঃ সর্ব্বজ্ঞঃ (সামান্যেন সর্ব্বং জানাতি ইতি), সর্ব্ববিৎ (বিশেষেণ সর্ব্বং বেত্তি ইতি) যস্য তপঃ জ্ঞানময়ম্, তস্মাৎ এতৎ ব্রহ্ম (হিরণ্যগর্ভঃ) নাম, রূপম্ অন্নং চ জায়তে ॥ ৯ ॥

জীবিত পুরুষ হইতে কেশ লোম [জন্মে], তেমনি এখানে অক্ষর [পুরুষ] হইতে সমুদায় জগৎ উৎপন্ন হয়। ৭।

জ্ঞান (অর্থাৎ উৎপত্তিবিধিজ্ঞতা) দ্বারা ব্রহ্ম প্রবৃদ্ধ হন (অর্থাৎ এই জগৎ উৎপাদন করেন), তাঁহা হইতে (অর্থাৎ উপচিত ব্রহ্ম হইতে) অন্ন (অর্থাৎ জগদুৎপত্তির বীজ) জন্মে। অন্ন হইতে প্রাণ * মন, সত্য (অর্থাৎ আকাশাদি পঞ্চভূত), [ভূরাদি] লোকসমূহ, এবং কর্ম্মজ অবিনশ্বর ফল উৎপন্ন হয়। ৮।

যিনি সর্ব্বজ্ঞ (অর্থাৎ সাধারণতঃ সমুদায় জানেন), সর্ব্ববিৎ (অর্থাৎ বিশেষরূপে সমুদায় জানেন), যাঁহার তপ জ্ঞানময়, তাঁহা হইতে [হিরণ্যগর্ভাখ্য] ব্রহ্ম, নাম, রূপ এবং অন্ন জন্মে। ৯।

ইতি প্রথমমুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ।

---

* ভাষ্যকারের মতে এস্থলে 'প্রাণ' শব্দের অর্থ—ব্রহ্মের জ্ঞানক্রিয়া-শক্ত্যধিষ্ঠিত জগদাত্মা হিরণ্যগর্ভ।

প্রথমমুণ্ডকে দ্বিতীয়ঃ খণ্ডঃ।

তদেতৎ সত্যং মন্ত্রেষু কর্ম্মাণি কবয়ো যান্যপশ্যং-
স্তানি ত্রেতায়াং বহুধা সন্ততানি।
তান্যচরথ নিয়তং সত্যকামা
এষ বঃ পন্থা সুকৃতস্য লোকে ॥ ১ ॥
যদা লেলায়তে হ্যর্চ্চিঃ সমিদ্ধে হব্যবাহনে।
তদাজ্যভাগাবন্তরেণাহুতীঃ প্রতিপাদয়েচ্ছ্রদ্ধয়া হুতম্ ॥ ২॥

তৎ এতৎ সত্যম্; মন্ত্রেষু (বেদমন্ত্রেষু) কবয়ঃ (মেধাবিনঃ) যানি কর্ম্মাণি অপশ্যন্ (দৃষ্টবন্তঃ)। তানি ত্রেতায়াং (যুগে, অথবা বেদত্রয়ে) বহুধা সন্ততানি (বিস্তৃতানি,—কর্ম্মিভিঃ ক্রিয়মাণানি); [যূয়ম্] সত্য-কামাঃ [সন্তঃ] নিয়তং তানি আচরথ (আচরত, কুরুত)। সুকৃতস্য (স্বয়ং কৃতস্য কর্ম্মণঃ) লোকে (ফলপ্রাপ্তৌ) এষঃ বঃ (যুষ্মাকম্) পন্থা ॥ ১ ॥
সমিদ্ধে (সম্যক্ ইদ্ধে, প্রজ্বলিতে) হব্যবাহনে (অগ্নৌ) [সতি] যদা অর্চ্চিঃ (অগ্নিশিখা) লেলায়তে (চলতি), তদা আজ্যভাগৌ (আজ্যভাগয়োঃ,—আজ্যঃ যাগসাধনঘৃতাদিঃ, তস্য ভাগঃ আজ্যভাগঃ, তয়োঃ আজ্যভাগয়োঃ)

ইহা সত্য; [বেদ] মন্ত্রে জ্ঞানিগণ যে সকল কর্ম্ম দেখিয়াছিলেন, সে সকল ত্রেতাতে (অর্থাৎ ত্রেতাযুগে, অথবা ত্রিবিধ বেদে) নানাপ্রকারে বিস্তৃত হইয়াছে। তোমরা সত্যকাম হইয়া সেই সমস্ত আচরণ কর, ইহাই তোমাদের নিজকৃত কর্ম্মের ফল-প্রাপ্তির পন্থা। ১।

প্রজ্বলিত অগ্নিতে যখন অগ্নিশিখা কম্পিত হইতে থাকে, তখন যাগসাধন ঘৃতাদির দুই অংশের * মধ্যস্থলে শ্রদ্ধার সহিত

---

* শাঙ্কর ভাষ্যের টীকাকার আনন্দজ্ঞানের মতে বেদীর দক্ষিণোত্তর পার্শ্বে স্থাপিত দুই অংশের; কিন্তু পূজনীয় সামশ্রমী মহাশয়ের মতে অন্য প্রকার।

যস্যাগ্নিহোত্রমদর্শমপৌর্ণমাসমচাতুর্মাস্যমনাগ্রয়ণমতিথিবর্জ্জিতঞ্চ।
অহুতমবৈশ্বদেবমবিধিনা হুতমাসপ্তমাংস্তস্য লোকান্ হিনস্তি ॥৩॥
কালী করালী চ মনোজবা চ সুলোহিতা যা চ সুধূম্রবর্ণা।
স্ফুলিঙ্গিনী বিশ্বরুচী চ দেবী লেলায়মানা ইতি সপ্ত জিহ্বাঃ ॥ ৪ ॥

অন্তরেণ (মধ্যে) শ্রদ্ধয়া হুতম্ (শ্রদ্ধয়া অর্পিতেন উপহাররূপেণ) আহুতীঃ প্রতিপাদয়েৎ (প্রক্ষিপেৎ)। এষঃ এব সুকৃতস্য লোকে ফলপ্রাপ্তৌ পন্থা ইতি সম্বন্ধঃ পূর্ব্বশ্লোকেন ॥ ২ ॥

যস্য অগ্নিহোত্রং (তদাখ্যঃ যাগঃ) অদর্শম্ (দর্শাখ্যেন অমাবস্যাযাগেন বর্জ্জিতম্) অপৌর্ণমাসম্ (পৌর্ণমাসকর্ম্মবর্জ্জিতম্), অচাতুর্ম্মাস্যং (চাতুর্ম্মাস্যকর্ম্মবর্জ্জিতম্), অনাগ্রয়ণম্ (শরদাদিষু নূতনান্নেন কর্ত্তব্যম্ আগ্রয়ণম্, তদ্বর্জ্জিতম্), অতিথি-বর্জ্জিতম্ (অক্রিয়মাণাতিথিপূজনম্), অহুতম্ (অকালে অনুষ্ঠিতম্), অবৈশ্বদেবম্ (বৈশ্বদেবকর্ম্মবর্জ্জিতম্), [তথা] অবিধিনা হুতম্ (অযথাশাস্ত্রম্ অনুষ্ঠিতম্), তস্য আসপ্তমান্ (সপ্তমসহিতান্) লোকান্ [ইদম্ অসম্যক্ অনুষ্ঠিতম্ অগ্নিহোত্রম্] হিনস্তি (নাশয়তি) ॥ ৩ ॥

কালী, করালী চ, মনোজবা (মনোবৎ বেগবতী) চ সুলোহিতা, যা চ

অর্পিত উপহার স্বরূপ আহুতিসমূহ প্রদান করিবে [এরূপ যাগসাধনই কর্ম্মফল প্রাপ্তির পন্থা,—পূর্ব্বশ্লোকের সহিত এই সম্বন্ধ]। ২।

যাহার অগ্নিহোত্র [নামক যজ্ঞ], দর্শনামক [অমাবস্যা যাগ], পৌর্ণমাস কর্ম্ম, [শরদাদি ঋতুতে নবান্ন দ্বারা কর্ত্তব্য] আগ্রয়ণ কর্ম্ম, এবং অতিথি [-সেবা] বর্জ্জিত হয়, অকালে অনুষ্ঠিত হয়, বৈশ্বদেব কর্ম্ম বর্জ্জিত হয়, [কিংবা] অবিধিপূর্ব্বক অনুষ্ঠিত হয়; [এরূপ অসম্যক্ অনুষ্ঠিত অগ্নিহোত্র] তাহার সপ্তলোক বিনাশ করে। ৩।

কালী, করালী, মনোজবা (মনের ন্যায় বেগবতী), সুলো-

এতেষু যশ্চরতে ভ্রাজমানেষু যথাকালং চাহুতয়ো হ্যাদদায়ন্।
তন্নয়ন্ত্যেতাঃ সূর্য্যস্য রশ্ময়ো যত্র দেবানাং পতিরেকোঽধিবাসঃ॥৫॥
এহ্যেহীতি তমাহুতয়ঃ সুবর্চ্চসঃ সূর্য্যস্য রশ্মিভির্যজমানং বহন্তি।
প্রিয়াং বাচমভিবদন্ত্যোঽর্চ্চয়ন্ত্য এষ বঃ পুণ্যঃ সুকৃতো ব্রহ্মলোকঃ॥৬॥

সুধূম্রবর্ণা, স্ফুলিঙ্গিনী, দেবী (দীপ্তিশালিনী) বিশ্বরুচী (সর্ব্ব-সৌন্দর্য্য-শালিনী) [ইতি অগ্নেঃ] লেলায়মানাঃ (ইতস্ততঃ বিচাল্যমানাঃ) সপ্তজিহ্বাঃ॥৪

যঃ এতেষু (অগ্নিজিহ্বাভেদেষু) ভ্রাজমানেষু (দীপ্যমানেষু) [সৎসু] যথাকালং চ চরতি (অগ্নিহোত্রাদীন্ করোতি), তম্ এতাঃ [আহুতয়ঃ] সূর্য্যস্য রশ্ময়ঃ (ভূত্বা,—সূর্য্যরশ্মিদ্বারৈঃ ইত্যর্থঃ) তম্ আদদায়ন্ (আদদানাঃ) [তত্র] নয়ন্তি, যত্র দেবানাম্ একঃ পতিঃ অধিবাসঃ (অধি সর্ব্বোপরি বসতি ইতি)॥৫

সুবর্চ্চসঃ (দীপ্তিমত্যঃ) আহুতয়ঃ “এষঃ বঃ (যুস্মাকং) সুকৃতঃ (পুণ্য-কর্ম্মলব্ধঃ) পুণ্যঃ (পবিত্রঃ) ব্রহ্মলোকঃ; এহি এহি” ইতি (ইমাং), প্রিয়াম্ বাচম্ অভিবদন্ত্যঃ [তথা] অর্চ্চয়ন্ত্যঃ তং যজমানং সূর্য্যস্য রশ্মিভিঃ বহন্তি॥ ৬॥

হিতা, সুধূম্রবর্ণা, স্ফুলিঙ্গিনী, এবং দীপ্তিশালিনী বিশ্বরুচী (সর্ব্ব সৌন্দর্য্যশালিনী], অগ্নির এই ইতস্ততঃ বিচাল্যমান সপ্ত জিহ্বা।৪।

এই সকল [অগ্নিশিখা] দীপ্যমান হইলে এবং যথাকালে যে [অগ্নিহোত্রাদির] অনুষ্ঠান করে, এই আহুতি সকল সূর্য্যরশ্মি হইয়া (অর্থাৎ সূর্য্যরশ্মির ভিতর দিয়া) তাহাকে সেই স্থানে লইয়া যায়, যে স্থানে দেবতাদিগের একমাত্র রাজা সর্ব্বোপরি বাস করেন। ৫।

দীপ্তিমান্ আহুতি সকল সেই যজমানকে “এসো এসো, এই তোমাদের পুণ্যকর্ম্ম-লব্ধ পবিত্র ব্রহ্মলোক” [এই সকল] প্রীতি-কর বাক্য বলিয়া এবং অর্চ্চনা করিয়া সূর্য্যরশ্মির ভিতর দিয়া লইয়া যান। ৬।

প্লবা হ্যেতে অদৃঢ়া যজ্ঞরূপা অষ্টাদশোক্তমবরং যেষু কর্ম্ম।
এতচ্ছ্রেয়ো যেঽভিনন্দন্তি মূঢ়া জরামৃত্যুং তে পুনরেবাপি যন্তি ॥৭
অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানাঃ স্বয়ং ধীরাঃ পণ্ডিতম্মন্যমানাঃ।
জঙ্ঘন্যমানাঃ পরিয়ন্তি মূঢ়া অন্ধেনৈব নীয়মানা যথান্ধাঃ ॥ ৮ ॥*
অবিদ্যায়াং বহুধা বর্ত্তমানা বয়ং কৃতার্থা ইত্যভিমন্যন্তি বালাঃ।

এতে হি অষ্টাদশ (ষোড়শ ঋত্বিজঃ, যজমানঃ, তৎপত্নী চ ইতি অষ্টাদশ, এতদ্‌আশ্রয়াঃ) যজ্ঞরূপাঃ প্লবাঃ (হঠাৎ বিনাশিনঃ উড়ুপাঃ), যেষু অবরম্ (অশ্রেষ্ঠং) কর্ম্ম [শাস্ত্রেণ] উক্তম্, অদৃঢ়াঃ। যে মূঢ়াঃ এতৎ শ্রেয়ঃ [ইতি] অভিনন্দন্তি, তে পুনঃ এব জরামৃত্যুং যন্তি (গচ্ছন্তি) ॥ ৭ ॥

অবিদ্যায়াম্ অন্তরে (মধ্যে) বর্ত্তমানাঃ, [অপিচ] স্বয়ং ধীরাঃ (বয়ম এব ধীরাঃ ইতি) [আত্মানম্] পণ্ডিতম্ মন্যমানাঃ মূঢ়াঃ জঙ্ঘন্যমানাঃ (জরা-রোগাদি-অনেক-অনর্থসমূহৈঃ হন্যমানাঃ, ভৃশং পীড্যমানাঃ) (পরিয়ন্তি) বিভ্রমন্তি, যথা অন্ধেন এব নীয়মানাঃ অন্ধাঃ [পরিয়ন্তি] ॥ ৮ ॥

অবিদ্যায়াম্ বহুধা বর্ত্তমানাঃ বালাঃ (অজ্ঞানিনঃ) বয়ং কৃতার্থাঃ ইতি

এই অষ্টাদশাঙ্গ (ষোড়শ পুরোহিত, যজমান ও তৎপত্নী এই অষ্টাদশাশ্রয়) যজ্ঞরূপ ভেলাসমূহ, যাহাতে [শাস্ত্র কর্ত্তৃক] অশ্রেষ্ঠ কর্ম্ম উক্ত হইয়াছে, এই সমস্ত অদৃঢ়। যে সকল মূর্খ ব্যক্তি ইহাকে শ্রেয়ঃ মনে করিয়া প্রশংসা করে, তাহারা পুনরায় জরা মৃত্যু প্রাপ্ত হয়। ৭।

যাঁহারা অজ্ঞানতায় অবস্থিত, [অথচ] আপনাদিগকে বুদ্ধিমান্ ও পণ্ডিত বলিয়া মনে করে, সেই সকল মূঢ় ব্যক্তিরা [জরা রোগাদি অনর্থ সমূহ দ্বারা] অতিশয় পীড্যমান হইয়া অন্ধ কর্ত্তৃক নীয়মান অন্ধদিগের ন্যায় পরিভ্রমণ করে। ৮।

নানা প্রকারে অজ্ঞানতায় অবস্থিত থাকিয়া (অর্থাৎ অজ্ঞানতা-

* কঠোপনিষদি দ্বিতীয়বল্ল্যাং পঞ্চমঃ শ্লোকঃ দ্রষ্টব্যঃ।

যৎ কর্ম্মিণো ন প্রবেদয়ন্তি রাগাত্তেনাতুরাঃ ক্ষীণলোকাশ্চ্যবন্তে ॥৯॥
ইষ্টাপূর্ত্তং মন্যমানা বরিষ্ঠং নান্যচ্ছ্রেয়ো বেদয়ন্তে প্রমূঢ়াঃ।
নাকস্য পৃষ্ঠে তে সুকৃতেঽনুভুত্বেমং লোকং হীনতরং বা বিশন্তি ॥১০
তপঃশ্রদ্ধে যে হ্যুপবসন্ত্যরণ্যে
শান্তা বিদ্বাংসো ভৈক্ষচর্য্যাং চরন্তঃ।

অভিমন্যন্তে (অভিমানং কুর্ব্বন্তি)। যৎ (যস্মাৎ) কর্ম্মিণঃ রাগাৎ (কর্ম্ম-ফল-আসক্তিবশাৎ) ন প্রবেদয়ন্তি (ব্রহ্মতত্ত্বং ন বিজানন্তি), তেন (কারণেন) ক্ষীণলোকাঃ (ক্ষীণকর্ম্মফলাঃ) [তে] আতুরাঃ (দুঃখার্ত্তাঃ) [সন্তঃ স্বর্গলোকাৎ] চ্যবন্তে (পতন্তি) ॥ ৯ ॥

ইষ্টং (যাগাদি কর্ম্ম), পূর্ত্তং (বাপীকূপখননাদি কর্ম্ম) বরিষ্ঠং (প্রধানম্) মন্যমানাঃ প্রমূঢ়াঃ অন্যৎ শ্রেয়ঃ ন বেদয়ন্তে। তে সুকৃতে (পুণ্যকর্ম্মলব্ধে) নাকস্য (স্বর্গস্য) পৃষ্ঠে (উপরি স্থানে) [কর্ম্মফলম্] অনুভূত্বা (অনুভূয়) [পুনঃ] ইমং লোকম্ [অস্মাৎ] হীনতরং বা [লোকম্] আবিশন্তি (প্রবিশন্তি) ॥ ১০ ॥

যে হি শান্তাঃ বিদ্বাংসঃ ভৈক্ষচর্য্যাং চরন্তঃ অরণ্যে [বর্ত্তমানাঃ] তপঃ

প্রসূত নানা প্রকার কর্ম্মকাণ্ডে নিযুক্ত থাকিয়া অজ্ঞানীরা 'আমরা কৃতার্থ' এরূপ অভিমান করে। যে হেতু কর্ম্মীরা কর্ম্মফলে আসক্তি বশতঃ [ব্রহ্মতত্ত্ব] সবিশেষ জানিতে পারে না, সেই জন্য তাহাদের কর্ম্মফল ক্ষয় হইলে তাহারা দুঃখার্ত্ত হইয়া [স্বর্গলোক হইতে] পতিত হয়। ৯।

অজ্ঞানী লোকেরা ইষ্ট (যাগাদি কর্ম্ম) ও পূর্ত্ত (বাপীকূপ-খননাদি কর্ম্ম)কে প্রধান মনে করে এবং অন্য শ্রেয়ঃ জানে না। তাহারা নিজপুণ্যকর্ম্ম-লব্ধ স্বর্গের উপরি স্থানে [কর্ম্মফল] অনুভব করিয়া [পুনরায়] এই লোক কিংবা [ইহা অপেক্ষা] হীনতর লোকে প্রবেশ করে। ১০।

সূর্য্যদ্বারেণ তে বিরজাঃ প্রয়ান্তি
যত্রামৃতঃ স পুরুষো হ্যব্যয়াত্মা ॥ ১১ ॥
পরীক্ষ্য লোকান্ কর্ম্মচিতান্ ব্রাহ্মণো
নির্ব্বেদমায়ান্নাস্ত্যকৃতঃ কৃতেন।
তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ
সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্ ॥ ১২ ॥

শ্রদ্ধাং চ উপবসন্তি (সেবন্তে, সাধয়ন্তি), তে বিরজাঃ (বিরজসঃ, বিগতং রজঃ যেষাম্,—বাসনাশূন্যাঃ ইত্যর্থঃ) [সন্তঃ] সূর্য্যদ্বারেণ [তত্র] প্রয়ান্তি (গচ্ছন্তি) যত্র সঃ অমৃতঃ (অবিনাশী) অব্যয়াত্মা পুরুষঃ (হিরণ্যগর্ভঃ) [অস্তি] ॥ ১১ ॥

কর্ম্মচিতান্ ('কর্ম্মলব্ধান্) লোকান্ পরীক্ষ্য ব্রাহ্মণঃ নির্ব্বেদং বৈরাগ্যম্ আয়াৎ (কুর্য্যাৎ); কৃতেন (কর্ম্মণা) অকৃতঃ (নিত্যঃ পদার্থঃ) নাস্তি (ন লভ্যঃ ইত্যর্থঃ) *। তৎ বিজ্ঞানার্থং সঃ সমিৎপাণিঃ (সমিধ্-হোমাগ্নি-

যে সকল শান্ত জ্ঞানী ব্যক্তি ভিক্ষাবৃত্তি অবলম্বন পূর্ব্বক অরণ্যে [থাকিয়া] তপস্যা ও শ্রদ্ধা সাধন করেন, তাঁহারা বিরজ (অর্থাৎ বাসনাশূন্য) হইয়া সূর্য্যদ্বার দিয়া [সেই স্থানে] যান, যে স্থানে সেই অবিনাশী অব্যয়াত্মা পুরুষ (হিরণ্যগর্ভ) আছেন ॥ ১১ ॥

কর্ম্মলব্ধ লোক সকল পরীক্ষা করিয়া ব্রাহ্মণ বৈরাগ্য অবলম্বন করিবেন; কর্ম্মদ্বারা নিত্য পদার্থ লাভ করা যায় না।

* এ স্থলে ভাষ্য এই:—"ইহ সংসারে নাস্তি কশ্চিদপ্যকৃতঃ পদার্থঃ। সর্ব্ব এব হি লোকাঃ কর্ম্মচিতাঃ কর্ম্মচিতত্বাচ্চানিত্যাঃ। ন নিত্যং কিঞ্চিদস্তীত্যভিপ্রায়ঃ। * * * অতঃ কিং কৃতেন কর্ম্মণা।" ইত্যাদি। অর্থাৎ—"এই সংসারে কোন অকৃত পদার্থ নাই। সমুদায় লোকই কর্ম্মলব্ধ, এবং কর্ম্মলব্ধ বলিয়াই অনিত্য। নিত্য কিছুই নাই, এই অভিপ্রায় * * * অতএব কর্ম্ম করার কি প্রয়োজন?"

তস্মৈ স বিদ্বানুপসন্নায় সম্যক্
প্রশান্তচিত্তায় শমান্বিতায়।
যেনাক্ষরং পুরুষং বেদ সত্যং
প্রোবাচ তাং তত্ত্বতো ব্রহ্মবিদ্যাম্ ॥ ১৩ ॥

জ্বালনার্থং কাষ্ঠম্—তদ্‌গৃহীতহস্তঃ সন্) শ্রোত্রিয়ং (বেদজ্ঞং) ব্রহ্মনিষ্ঠং গুরুম্ এব অভিগচ্ছেৎ (তৎসমীপং গচ্ছেৎ ইত্যর্থঃ) ॥ ১২ ॥

সঃ বিদ্বান্ তস্মৈ সম্যক্ প্রশান্তচিত্তায় শমান্বিতায় উপসন্নায় (উপগতায়, সমীপং গতায়) [পুরুষায়] যেন অক্ষরং সত্যং পুরুষং বেদ (বিজানাতি) তাম্ ব্রহ্মবিদ্যাং তত্ত্বতঃ (যথাবৎ) প্রোবাচ ॥ ১৩ ॥

তাহা (নিত্যবস্তু) জানিবার জন্য তিনি সমিধ্ (অর্থাৎ হোমাগ্নি জ্বালনার্থ কাষ্ঠ) হস্তে লইয়া বেদজ্ঞ ও ব্রহ্মনিষ্ঠ গুরুর নিকটে যাইবেন। ১২।

সেই বিদ্বান্ সম্যক্‌রূপে প্রশান্তচিত্ত, শমগুণান্বিত, তদীয় সমীপগত ব্যক্তিকে যদ্দ্বারা সেই অক্ষর, সত্য পুরুষকে জানা যায় সেই ব্রহ্মবিদ্যা যথাবৎ বলিলেন। ১৩।

ইতি প্রথমমুণ্ডকে দ্বিতীয়ঃ খণ্ডঃ।

ইতি প্রথমমুণ্ডকং সমাপ্তম্।

দ্বিতীয়মুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ।

তদেতৎ সত্যম্—
যথা সুদীপ্তাৎ পাবকাদ্বিস্ফুলিঙ্গাঃ
সহস্রশঃ প্রভবন্তে সরূপাঃ।
তথাক্ষরাৎ বিবিধাঃ সোম্য ভাবাঃ
প্রজায়ন্তে তত্র চৈবাপি যন্তি ॥ ১ ॥
দিব্যো হ্যমূর্ত্তঃ পুরুষঃ স বাহ্যাভ্যন্তরো হ্যজঃ।
অপ্রাণো হ্যমনাঃ শুভ্রো হ্যক্ষরাৎ পরতঃ পরঃ ॥ ২ ॥
এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ।

তৎ এতৎ সত্যম্,—যথা সুদীপ্তাৎ পাবকাৎ সরূপাঃ (অগ্নিসলক্ষণাঃ) বিস্ফুলিঙ্গাঃ সহস্রশঃ প্রভবন্তে (প্রভবন্তি, নির্গচ্ছন্তি) তথা হে সোম্য, অক্ষরাৎ [পুরুষাৎ] বিবিধাঃ ভাবাঃ (জীবাঃ) প্রজায়ন্তে, তত্র চ এব অপি যন্তি (অনুলীয়ন্তে, প্রতিগচ্ছন্তি) ॥ ১ ॥

সঃ দিব্যঃ পুরুষঃ হি অমূর্ত্তঃ বাহ্যাভ্যন্তরঃ (বাহ্য-অভ্যন্তরেণ বর্ত্ততে ইতি) হি অজঃ (জন্মরহিতঃ) অপ্রাণঃ (প্রাণাঃ প্রাণ-অপানাদয়ঃ পঞ্চ বায়বঃ যস্মিন্ ন বিদ্যন্তে) হি অমনাঃ (ইন্দ্রিয়-প্রধানং মনঃ যস্মিন্ ন বিদ্যতে) শুভ্রঃ (শুদ্ধঃ); হি পরতঃ অক্ষরাৎ (হিরণ্যগর্ভাৎ) পরঃ (শ্রেষ্ঠঃ) ॥ ২ ॥

এতস্মাৎ [পুরুষাৎ] প্রাণঃ মনঃ সর্ব্বাণি ইন্দ্রিয়াণি চ খং, বায়ুঃ জ্যোতিঃ

ইহা সত্য,—যেমন প্রজ্বলিত অগ্নি হইতে অগ্নিরূপ সহস্র সহস্র স্ফুলিঙ্গ নির্গত হয়, তেমনি, হে সৌম্য, অক্ষর পুরুষ হইতে বিবিধ জীব উৎপন্ন হয় এবং তাঁহাতেই বিলীন হয়। ১।

সেই দিব্য পুরুষ নিরাকার বাহ্যাভ্যন্তরবর্ত্তী, জন্মরহিত, অপ্রাণ (অর্থাৎ প্রাণাদি পঞ্চবিধ বায়ু বর্জ্জিত), [ইন্দ্রিয়-প্রধান] মন-বিবর্জ্জিত, শুদ্ধ এবং শ্রেষ্ঠ-অক্ষর পুরুষ (হিরণ্যগর্ভ) হইতে শ্রেষ্ঠ।২।

খং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবী বিশ্বস্য ধারিণী ॥ ৩ ॥
অগ্নির্মূর্দ্ধা চক্ষুষী চন্দ্রসূর্য্যৌ
দিশঃ শ্রোত্রে বাগ্‌বিবৃতাশ্চ বেদাঃ।
বায়ুঃ প্রাণো হৃদয়ং বিশ্বমস্য পদ্ভ্যাং
পৃথিবী হ্যেষ সর্ব্বভূতান্তরাত্মা ॥ ৪ ॥
তস্মাদগ্নিঃ সমিধো যস্য সূর্য্যঃ
সোমাৎ পর্জ্জন্য ওষধয়ঃ পৃথিব্যাম্।
পুমান্ রেতঃ সিঞ্চতি যোষিতায়াং
বহ্বীঃ প্রজাঃ পুরুষাৎ সম্প্রসূতাঃ ॥ ৫ ॥

আপঃ (উদকম্) [তথা] বিশ্বস্য (সর্ব্বস্য) ধারিণী পৃথিবী জায়তে ॥ ৩ ॥

অগ্নিঃ (দ্যুলোকঃ) অস্য মূর্দ্ধা (শিরঃ), চন্দ্র-সূর্য্যৌ চক্ষুষী, দিশঃ শ্রোত্রে, বিবৃতাঃ (উদ্ঘাটিতাঃ, প্রসিদ্ধাঃ) বেদাঃ চ বাক্, বায়ুঃ প্রাণঃ, হৃদয়ং বিশ্বম্, [অস্য] পদ্ভ্যাম্ পৃথিবী [জাতা], এষঃ সর্ব্বেষাম্ ভূতানাম্ অন্তরাত্মা ॥ ৪ ॥

তস্মাৎ অগ্নিঃ (দ্যুলোকঃ) [জাতঃ], সূর্য্যঃ যস্য সমিধঃ (সমিৎ,—প্রকাশকঃ), সোমাৎ (সোমরসাৎ) পর্জ্জন্যঃ (বৃষ্টিঃ) [সম্ভবতি], পৃথিব্যাম্ ওষধয়ঃ [উদ্ভবন্তি]। পুমান্ যোষিতায়াং (যোষিতি, স্ত্রিয়াং)

এই পুরুষ হইতে প্রাণ, মন, সমুদয় ইন্দ্রিয়, আকাশ, বায়ু, আলোক, জল এবং সমুদয়ের আধারভূতা পৃথিবী উৎপন্ন হইয়াছে। ৩।

অগ্নি (অর্থাৎ দ্যুলোক) ইহাঁর মস্তক, চন্দ্র ও সূর্য্য চক্ষুদ্বয়, দিক্ সকল কর্ণদ্বয়, উদ্ঘাটিত [বা প্রকাশিত] বেদ সমূহ বাক্য, বায়ু প্রাণ, হৃদয় বিশ্ব, [ইঁহার] পাদদ্বয় হইতে পৃথিবী উৎপন্না হইয়াছে। ইনি সমুদায় প্রাণীর অন্তরাত্মা। ৪।

সূর্য্য যাহার প্রকাশক, সেই দ্যুলোক তাঁহা হইতে উৎপন্ন হইয়াছে, সোম [রস] হইতে বৃষ্টি জন্মে, পৃথিবীতে ওষধিসমূহ

তস্মাদৃচঃ সাম যজূংষি দীক্ষা
যজ্ঞাশ্চ সর্ব্বে ক্রতবো দক্ষিণাশ্চ।
সংবৎসরশ্চ যজমানশ্চ লোকাঃ
সোমো যত্র পবতে যত্র সূর্য্যঃ ॥ ৬ ॥
তস্মাচ্চ দেবা বহুধা সম্প্রসূতাঃ
সাধ্যা মনুষ্যাঃ পশবো বয়াংসি।
প্রাণাপানৌ ব্রীহিযবৌ তপশ্চ
শ্রদ্ধা সত্যং ব্রহ্মচর্য্যং বিধিশ্চ ॥ ৭ ॥

রেতঃ (বীর্য্যম্) সিঞ্চতি, [এবংক্রমেণ] পুরুষাৎ বহ্বীঃ (বহ্ব্যঃ) প্রজাঃ (জীবাঃ) সম্প্রসূতাঃ (সমুৎপন্নাঃ) ॥ ৫ ॥

তস্মাৎ ঋচঃ, সামানি, যজূংষি, দীক্ষা সর্ব্বে যজ্ঞাঃ চ, ক্রতবঃ (যূপবিশিষ্টাঃ যজ্ঞাঃ। যূপম্—পশুবন্ধন-কাষ্ঠবিশেষম্), দক্ষিণাঃ চ সংবৎসরঃ চ, যজমানঃ চ, লোকাঃ (পৃথিব্যাদয়ঃ) [উৎপন্নাঃ]; যত্র সোমঃ (চন্দ্রঃ) পবতে (পবিত্র-কিরণৈঃ পুনাতি), যত্র সূর্য্যঃ [চ পবতে] ॥ ৬ ॥

তস্মাৎ চ দেবাঃ বহুধা ('বসুরুদ্রাদিভেদেন) সম্প্রসূতাঃ, সাধ্যাঃ (দেব-বিশেষাঃ), মনুষ্যাঃ, পশবঃ, বয়াংসি (পক্ষিণঃ) [চ] (সংপ্রসূতাঃ)।

উৎপন্ন হয়। পুরুষ স্ত্রীতে বীর্য্যপাত করে, [এইরূপে] পুরুষ হইতে বহু প্রাণী উৎপন্ন হইয়াছে। ৫।

তাঁহা হইতে ঋক্, সাম ও যজু [এই ত্রিবিধ মন্ত্র], দীক্ষা, সর্ব্ব প্রকার যজ্ঞ, ক্রতু (যূপ নামক পশুবন্ধন কাষ্ঠ বিশিষ্ট যজ্ঞ), দক্ষিণা, সংবৎসর, যজমান এবং যেখানে সূর্য্য ও চন্দ্র [পুণ্যকিরণ দ্বারা] পবিত্র করেন, সেই [পৃথিব্যাদি] লোক সকল উৎপন্ন হইয়াছে। ৬।

তাঁহা হইতেই [বসু রুদ্রাদি] নানা প্রকার দেবতা, সাধ্য (দেবতাবিশেষ), মনুষ্য, পশু, পক্ষি, প্রাণ (ঊর্দ্ধগামী বায়ু),

সপ্ত প্রাণাঃ প্রভবন্তি তস্মাৎ
সপ্তার্চ্চিষঃ সমিধঃ সপ্ত হোমাঃ।
সপ্ত ইমে লোকা যেষু চরন্তি
প্রাণা গুহাশয়া নিহিতাঃ সপ্ত সপ্ত ॥ ৮ ॥
অতঃ সমুদ্রা গিরয়শ্চ সর্ব্বে-
ঽস্মাৎ স্যন্দন্তে সিন্ধবঃ সর্ব্বরূপাঃ।

প্রাণঃ (উর্দ্ধগামী বায়ুঃ), অপানঃ (অধোগামী বায়ুঃ), ব্রীহিঃ (ধান্যং), যবঃ চ, তপঃ চ, শ্রদ্ধা, সত্যং, ব্রহ্মচর্য্যং, বিধিঃ চ [সম্প্রসৃতঃ] ॥ ৭ ॥

সপ্ত প্রাণাঃ (ইন্দ্রিয়াণি) তস্মাৎ প্রভবন্তি (উদ্ভবন্তি), সপ্ত অর্চ্চিষঃ (দীপ্তয়ঃ,—বিষয়প্রকাশলক্ষণাঃ), [সপ্ত] সমিধঃ (ইন্দ্রিয়গোচরাঃ বিষয়াঃ), সপ্তহোমাঃ (বিষয়বিজ্ঞানানি), [তথা] ইমে সপ্ত লোকাঃ যেষুঃ গুহাশয়াঃ (গুহায়াং শরীরে হৃদয়ে বা নিদ্রাকালে শেরতে ইতি) [প্রতিপ্রাণি ধাত্রা] সপ্ত সপ্ত নিহিতাঃ প্রাণাঃ চরন্তি [এতে সর্ব্বে তস্মাৎ প্রভবন্তি] ॥ ৮ ॥

অতঃ (অস্মাৎ) সমুদ্রাঃ সর্ব্বে গিরয়ঃ চ [উৎপন্নাঃ], অস্মাৎ সর্ব্বরূপাঃ সিন্ধবঃ (নদ্যঃ) স্যন্দন্তে (স্রবন্তি)। অতঃ চ সর্ব্বাঃ ওষধয় রসঃ চ

অপান (অধোগামী বায়ু), ব্রীহি (ধান্য), যব, তপস্যা, শ্রদ্ধা, সত্য, ব্রহ্মচর্য্য ও বিধি উৎপন্ন হইয়াছে। ৭।

সপ্ত ইন্দ্রিয়, সপ্ত দীপ্তি (অর্থাৎ বিষয়-প্রকাশরূপ ইন্দ্রিয়), কার্য্য সপ্ত সমিধ্ (অর্থাৎ ইন্দ্রিয়গোচর বিষয়) সপ্ত হোম (অর্থাৎ বিষয়-জ্ঞান) আর এই সপ্ত লোক, যাহাতে [নিদ্রাকালে] হৃদয়-নিহিত এবং [প্রতি প্রাণীতে] সপ্ত সপ্ত [ক্রমে] স্থাপিত প্রাণসকল কার্য্য করে। ৮।

ইহাঁ হইতে সমুদ্র এবং সমুদয় পর্ব্বত [উৎপন্ন হইয়াছে], ইহাঁ হইতে সর্ব্ব প্রকার নদী প্রবাহিত হইতেছে। ইহাঁ হইতেই

অতশ্চ সর্ব্বা ওষধয়ো রসশ্চ
  যেনৈষ ভূতৈস্তিষ্ঠতে হ্যন্তরাত্মা ॥ ৯ ॥
পুরুষ এবেদং বিশ্বং কর্ম্ম
  তপো ব্রহ্ম পরামৃতম্।
এতদ্ যো বেদ নিহিতং গুহায়াং
  সোঽবিদ্যাগ্রন্থিং বিকিরতীহ সোম্য ॥ ১০ ॥

[সম্ভবতি], যেন [রসেন] হি এব অন্তরাত্মা (সূক্ষ্মশরীরম্) ভূতৈঃ (পঞ্চভিঃ স্থূলৈঃ) [পরিবেষ্টিতঃ] তিষ্ঠতে (তিষ্ঠতি) ॥ ৯ ॥

কর্ম্ম, তপঃ, পর-অমৃতং ব্রহ্ম, (হিরণ্যগর্ভঃ) ইদং বিশ্বম্ (সর্ব্বং) পুরুষঃ এব। হে সোম্য! যঃ এতৎ (পুরুষম্) গুহায়াং (হৃদয়ে) নিহিতং বেদ, সঃ ইহ [এব] অবিদ্যাগ্রন্থিং বিকিরতি (বিক্ষিপতি, নাশয়তি) ॥ ১০ ॥

সমুদয় ওষধি এবং যে রস দ্বারা অন্তরাত্মা (অর্থাৎ সূক্ষ্ম শরীর) [পঞ্চস্থূল] ভূত দ্বারা [পরিবেষ্টিত হইয়া] স্থিতি করিতেছে, সেই রস সম্ভূত হইয়াছে। ৯।

কর্ম্ম, তপ; শ্রেষ্ঠ ও অমৃত ব্রহ্ম (হিরণ্যগর্ভ) এই সমস্ত সেই পুরুষই। হে সৌম্য! যিনি এই পুরুষকে হৃদয়ে নিহিত বলিয়া জানেন, তিনি এখানে [থাকিতেই নিজ] অবিদ্যাগ্রন্থি বিক্ষিপ্ত (অর্থাৎ ছিন্ন) করেন। ১০।

ইতি দ্বিতীয়মুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ।

দ্বিতীয়মুণ্ডকে দ্বিতীয়ঃ খণ্ডঃ।

আবিঃ সন্নিহিতং গুহাচরন্নাম
মহৎ পদমত্রৈতৎ সমর্পিতম্।
এজৎ প্রাণন্নিমিষচ্চ যদেতজ্জানথ সদসদ্বরেণ্যং
পরং বিজ্ঞানাদ্ যদ্বরিষ্ঠং প্রজানাম্॥ ১॥
যদর্চ্চিমদ্ যদণুভ্যোঽণু চ
যস্মিন্ লোকা নিহিতা লোকিনশ্চ।

[ব্রহ্ম] আবিঃ (প্রকাশমানম্), সন্নিহিতম্ (প্রাণিনাম্ অন্তরস্থম্), গুহাচরৎ নাম (গুহায়াং হৃদি, চরতি বসতি ইতি নাম) [তথা] মহৎপদম্ (মহৎ আশ্রয়ম্); অত্র (এতস্মিন্ ব্রহ্মণি) যৎ এজৎ (চলৎ), প্রাণৎ (প্রাণাপানাদিমৎ—মনুষ্যপশ্বাদি) [তথা] নিমিষৎ (নিমিষাদি-ক্রিয়াবৎ) এতৎ [সর্ব্বং] সমর্পিতম্ (আশ্রিতম্)। এতৎ (ব্রহ্ম) জানথ (জানত) যৎ সৎ-অসৎ (স্থূল-সূক্ষ্মরূপম্,—স্থূলসূক্ষ্ময়োঃ কারণরূপম্ ইত্যর্থঃ), বরেণ্যম্ প্রার্থনীয়ম্, পূজনীয়ম্ বা), বরিষ্ঠম্ (শ্রেষ্ঠতমম্), [তথা] প্রজানাং (প্রাণিনাম্) বিজ্ঞানাৎ পরং ব্যতিরিক্তং (লৌকিকবিজ্ঞান-অগোচরম্ ইত্যর্থঃ) ॥১॥

যৎ অর্চ্চিমৎ (দীপ্তিমৎ), যৎ অণুভ্যঃ (সূক্ষ্মেভ্যঃ [অপি] অণু (সূক্ষ্মম্),

[ব্রহ্ম] প্রকাশমান, প্রাণীদিগের অন্তরস্থ, গুহাচর (অর্থাৎ হৃদয়বাসী এবং মহৎ আশ্রয় ; চলনশীল, প্রাণাপান বিশিষ্ট [মনুষ্য-পশ্বাদি] এবং নিমিষ-ক্রিয়াযুক্ত এই [সমস্ত] ইহাঁতে আশ্রিত রহিয়াছে। যিনি সৎ-অসৎ (অর্থাৎ স্থূল-সূক্ষ্মরূপ, অর্থাৎ স্থূল ও সূক্ষ্ম উভয়বিধ বস্তুর কারণরূপ); প্রার্থনীয় (বা পূজনীয়), শ্রেষ্ঠতম, এবং প্রাণীদিগের জ্ঞানের অতীত, ইহাঁকে তোমরা জ্ঞাত হও। ১।

যিনি দীপ্তিমান, যিনি সূক্ষ্ম হইতে সূক্ষ্মতর, যাঁহাতে লোক-

তদেতদক্ষরং ব্রহ্ম স প্রাণস্তদু বাঙ্‌মনঃ।
তদেৎ সত্যং তদমৃতং তদ্বেদ্ধব্যং সোম্য বিদ্ধি ॥ ২ ॥
ধনুর্গৃহীত্বৌপনিষদং মহাস্ত্রং
শরং হ্যুপাসানিশিতং সন্ধয়ীত।
আয়ম্য তদ্ভাবগতেন চেতসা
লক্ষ্যং তদেবাক্ষরং সোম্য বিদ্ধি ॥ ৩ ॥
প্রণবো ধনুঃ শরো হ্যাত্মা ব্রহ্ম তল্লক্ষ্যমুচ্যতে।

যস্মিন্ লোকাঃ লোকিনঃ (লোকনিবাসিনঃ) চ নিহিতাঃ (স্থিতাঃ); তৎ এতৎ অক্ষরম্ ব্রহ্ম, সঃ প্রাণঃ, তৎ উ (অপি) বাক্ মনঃ। তৎ এতৎ সত্যং তৎ অমৃতং, তৎ বেদ্ধব্যং (মনসা তাড়য়িতব্যম্,—তস্মিন্ মনঃ-সমাধানং কর্ত্তব্যম্ ইত্যর্থঃ); হে সোম্য, তৎ বিদ্ধি (তস্মিন্ চেতঃ সমাধৎস্ব ইত্যর্থঃ) ॥২॥
ঔপনিষদং (উপনিষৎস্থ বিহিতং) মহাস্ত্রং ধনুঃ গৃহিত্বা, উপাসা (উপাসনয়া) নিশিতং শরং সন্ধয়ীত (সন্ধানং কুর্য্যাৎ)। হে সোম্য, তদ্ভাবগতেন (তস্মিন্ ব্রহ্মণি গতঃ ভাবঃ ভাবনা যস্য সঃ তদ্ভাবগতঃ, তেন) চেতসা [ধনুঃ] আয়ম্য (আকৃষ্য) লক্ষ্যং তৎ এব অক্ষরং বিদ্ধি ॥ ৩ ॥
প্রণবঃ (ওঁকারঃ) ধনুঃ, শরঃ হি আত্মা, ব্রহ্ম তৎ (কথিতম্) লক্ষ্যম্

সমূহ এবং লোকবাসিসমূহ স্থিতি করিতেছে, তিনি অক্ষর ব্রহ্ম, তিনি প্রাণ, তিনিই বাক্য ও মন। তিনি সত্য, তিনি অমৃত, তাঁহাকে [মনের দ্বারা] বিদ্ধ করিতে হইবে (অর্থাৎ তাঁহাতে মনঃ-সমাধান করিতে হইবে), হে সৌম্য ! [তাঁহাকে] বিদ্ধ কর (অর্থাৎ তাঁহাতে মনঃ-সমাধান কর)। ২।

উপনিষৎ-বিহিত মহাস্ত্র ধনু গ্রহণ করিয়া উপাসনা দ্বারা শাণিত শর সন্ধান করিবে। হে সৌম্য, তাহাঁতে (অর্থাৎ ব্রহ্মেতে) ভাবনাগত চিত্ত দ্বারা [ধনু] আকর্ষণ করিয়া লক্ষ্যরূপ সেই ব্রহ্মকে বিদ্ধ কর। ৩।

প্রণব অর্থাৎ ওঁকার ধনু, শর আত্মা, ব্রহ্মকে লক্ষ্য বলা যায়।

অপ্রমত্তেন বেদ্ধব্যং শরবত্তন্ময়ো ভবেৎ ॥ ৪ ॥
যস্মিন্ দ্যৌঃ পৃথিবী চান্তরীক্ষমোতং
মনঃ সহ প্রাণৈশ্চ সর্ব্বৈঃ।
তমেবৈকং জানথ আত্মানমন্যা
বাচো বিমুঞ্চথামৃতস্যৈষ সেতুঃ ॥ ৫ ॥
অরা ইব রথনাভৌ সংহতা যত্র নাড্যঃ
স এষোঽন্তশ্চরতে বহুধা জায়মানঃ।

উচ্যতে। [তৎ লক্ষ্যম্] অপ্রমত্তেন (জিতেন্দ্রিয়েণ একাগ্রচিত্তেন) বেদ্ধব্যম্, শরবৎ তন্ময়ঃ ভবেৎ (শরঃ যথা লক্ষ্যে মগ্নঃ ভবতি, তথা সাধকঃ ব্রহ্মণি নিমজ্জেৎ ইত্যর্থঃ) ॥ ৪ ॥

যস্মিন্ দ্যৌঃ পৃথিবী চ অন্তরিক্ষম্, সর্ব্বৈঃ প্রাণৈঃ সহ মনঃ চ ওতম্ (ধৃতম্), তম্ আত্মানম্ এব জানথ (জানীথ), অন্যাঃ বাচঃ বিমুঞ্চথ (বিমুঞ্চত, পরিত্যজত)। এষ অমৃতস্য (অমৃতভাবস্য মোক্ষস্য) সেতুঃ (মোক্ষপ্রাপ্তয়ে উপায়ঃ ইত্যর্থঃ) ॥ ৫ ॥

যত্র (হৃদয়ে ইত্যর্থঃ) নাড্যঃ রথনাভৌ অরাঃ ইব সংহতাঃ (সম্প্রবিষ্টাঃ), [তত্র] সঃ এষ (আত্মা) [পশ্যন্, শৃণ্বন্, মন্বানঃ ইতি] বহুধা জায়মানঃ

একাগ্রচিত্ত হইয়া [সেই লক্ষ্য] বিদ্ধ করিতে হইবে, শরের ন্যায় তন্ময় হইবে। (অর্থাৎ শর যেমন লক্ষ্যে মগ্ন হয়, তেমনি সাধক ব্রহ্মে মগ্ন হইবেন)। ৪।

যাঁহাতে দ্যুলোক, পৃথিবী ও আকাশ এবং সমুদায় প্রাণ সহ মন ধৃত রহিয়াছে, সেই আত্মাকেই জান, অন্য কথা পরিত্যাগ কর, ইনি অমৃতভাবের সেতু (অর্থাৎ মোক্ষলাভের উপায়)। ৫।

যেখানে (অর্থাৎ হৃদয়ে) নাড়ীসকল রথনাভিতে অরার *

* নাভি হইতে চক্রনেমিতে সংলগ্ন কাষ্ঠদণ্ডগুলিকে অরা কহে।

ওঁমিত্যেবং ধ্যায়থ আত্মানং
স্বস্তি বঃ পরায় তমসঃ পরস্তাৎ ॥ ৬ ॥
যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিদ্ যস্যৈষ মহিমা ভুবি
দিব্যে ব্রহ্মপুরে হ্যেষ ব্যোম্ন্যাত্মা প্রতিষ্ঠিতঃ।
মনোময়ঃ প্রাণশরীরনেতা
প্রতিষ্ঠিতোঽন্নে হৃদয়ং সন্নিধায়
তদ্বিজ্ঞানেন পরিপশ্যন্তি ধীরা
আনন্দরূপমমৃতং যদ্বিভাতি ॥ ৭ ॥

(ভবন্) চরতে (চরতি, বিরাজতে)। ওঁ ইতি এবম্ আত্মানং ধ্যায়থ (ধ্যায়ত, চিন্তয়ত); তমসঃ (অবিদ্যান্ধকারস্য) পরস্তাৎ পরায় (পর-পার-তরণায়) বঃ (যুষ্মাকং) স্বস্তি (নির্ব্বিঘ্নম্ অস্তু) ॥ ৬ ॥

যঃ সর্ব্বজ্ঞঃ, সর্ব্ববিদ্, ভুবি যস্য এষঃ মহিমা [প্রকাশিতঃ], এষঃ আত্মা দিব্যে (জ্ঞানদীপ্তে) ব্রহ্মপুরে হৃদয়ে ব্যোম্নি (হৃদয়াকাশে, হৃদয়মধ্যে ইত্যর্থঃ) প্রতিষ্ঠিতঃ। মনোময়ঃ প্রাণস্য শরীরস্য চ নেতা, [সঃ] অন্নে হৃদয়ং (বুদ্ধিং) সন্নিধায় (অবস্থাপ্য) প্রতিষ্ঠিতঃ, যৎ আনন্দরূপম্ অমৃতং বিভাতি, তৎ ধীরাঃ বিজ্ঞানেন (বিশিষ্টেন জ্ঞানেন) পরিপশ্যন্তি ॥ ৭ ॥

ন্যায় সম্প্রবিষ্ট হইয়া আছে; সেখানে সেই আত্মা [দর্শক, শ্রোতা, মননকারী এরূপ] বহুরূপ হইয়া বিরাজ করিতেছেন। ওঁ, এইরূপে আত্মাকে চিন্তা করিবে; [অবিদ্যা]-অন্ধকারের পরপারে উত্তীর্ণ হওয়া সম্বন্ধে তোমাদের স্বস্তি (অর্থাৎ নির্ব্বিঘ্ন) হউক। ৬।

যিনি সর্ব্বজ্ঞ, সর্ব্ববিৎ, ভূলোকে যাঁহার এই মহিমা [প্রকাশিত রহিয়াছে], সেই আত্মা [জ্ঞান দ্বারা] দীপ্ত ব্রহ্মপুরে (অর্থাৎ হৃদয়ে) আকাশে (অর্থাৎ হৃদয়াভ্যন্তরে) প্রতিষ্ঠিত আছেন। মনোময়, প্রাণ ও শরীরের নেতা [তিনি] অন্ন মধ্যে বুদ্ধিকে স্থাপনা করিয়া প্রতিষ্ঠিত রহিয়াছেন। তিনি আনন্দ

ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ।
ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে॥ ৮॥
হিরণ্ময়ে পরে কোষে বিরজং ব্রহ্ম নিষ্কলম্।
তচ্ছুভ্রং জ্যোতিষাং জ্যোতিস্তদ্ যদাত্মবিদো বিদুঃ॥ ৯॥
ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকং
নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ।

তস্মিন্ পর-অবরে (কারণাত্মনা পরং, কার্য্যাত্মনা অবরং, তস্মিন্ ব্রহ্মণি) দৃষ্টে [সতি] হৃদয়-গ্রন্থিঃ (অবিদ্যাবাসনালক্ষণঃ) ভিদ্যতে, সর্ব্বসংশয়াঃ ছিদ্যন্তে; অস্য (সাধকস্য) কর্ম্মাণি চ (মোক্ষ-প্রতিরোধকানি সকামকর্ম্মাণি,—তৎফলানি ইতি ভাবঃ) ক্ষীয়ন্তে॥ ৮॥

হিরণ্ময়ে (জ্যোতির্ময়ে, বিজ্ঞান-প্রকাশে) পরে (শ্রেষ্ঠে) কোষে (আত্মনি ইত্যর্থঃ) বিরজং (অবিদ্যাদি রজঃ, মলম্, তদ্বর্জ্জিতম্), নিষ্কলং (কলা অংশঃ, তদ্রহিতম, অখণ্ডম্, নিরবয়বম্ ইত্যর্থঃ) ব্রহ্ম [প্রকাশিতম্ অস্তি]। তৎ শুভ্রং (শুদ্ধং) জ্যোতিষাং (সর্ব্বপ্রকাশাত্মনাম্ আদিত্যাদীনাং) জ্যোতিঃ, তৎ [এব বস্তু] যৎ আত্মবিদঃ (আত্মজ্ঞাঃ) বিদুঃ (জানন্তি)॥ ৯॥

ও অমৃতরূপে প্রকাশ পাইতেছেন তাঁহাকে জ্ঞানিগণ গভীর জ্ঞান দ্বারা বিশেষরূপে দর্শন করেন। ৭।

সেই পরাবর (অর্থাৎ কারণরূপে শ্রেষ্ঠ এবং কার্য্যরূপে অশ্রেষ্ঠ) [ব্রহ্মকে] দর্শন করিলে হৃদয়গ্রন্থি (অর্থাৎ অবিদ্যাজন্য বিষয়বাসনা) ভেদ হয়, সমুদায় সংশয় ছিন্ন হয় এবং ইহাঁর (অর্থাৎ সাধকের) কর্ম্মসমূহও (অর্থাৎ মোক্ষপ্রতিরোধক সকামকর্ম্মের ফলসমুদায়) ক্ষয় হয়। ৮।

হিরণ্ময় (অর্থাৎ জ্যোতির্ম্ময়, জ্ঞানালোকিত) শ্রেষ্ঠ [আত্মরূপ] কোষমধ্যে নির্ম্মল, অখণ্ড ব্রহ্ম (প্রকাশিত আছেন)। তিনি শুদ্ধ,

তমেব ভান্তমনুভাতি সর্ব্বং
তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি ॥ ১০ ॥
ব্রহ্মৈবেদমমৃতং পুরস্তাদ্ ব্রহ্ম পশ্চাদ্ ব্রহ্মদক্ষিণতশ্চোত্তরেণ।
অধশ্চোর্দ্ধঞ্চ প্রসৃতং ব্রহ্মৈবেদং বিশ্বমিদং বরিষ্ঠম্ ॥ ১১ ॥

তত্র (ব্রহ্মণি) সূর্য্যঃ ন ভাতি (তৎ ব্রহ্ম ন প্রকাশয়তি ইত্যর্থঃ), চন্দ্রতারকং ন [ভাতি], ইমাঃ বিদ্যুতঃ ন ভান্তি, অয়ম্ অগ্নিঃ কুতঃ ? (কথং অগ্নিঃ তং প্রকাশয়িষ্যতি ইত্যর্থঃ)। তং ভান্তং (দীপ্যমানং) সর্ব্বং (সূর্য্যাদিকম্) অনুভাতি (অনুদীপ্যতে), তস্য (ব্রহ্মণঃ) [এব] ভাসা (দীপ্ত্যা) সর্ব্বম্ ইদং বিভাতি (দীপ্যতে) ॥ ১০ ॥

ইদম্ অমৃতম্ ব্রহ্ম এব পুরস্তাৎ (অগ্রে) ব্রহ্ম পশ্চাৎ, ব্রহ্ম দক্ষিণতঃ, উত্তরেণ চ। [তৎ] অধঃ ঊর্দ্ধং চ প্রসৃতম্ (প্রণতং বিস্তৃতম্), ইদং বরিষ্ঠম্ (বরতমং) শ্রেষ্ঠতমম্) ব্রহ্ম এব ইদং বিশ্বং (সমস্তম্) ॥ ১১ ॥

জ্যোতিষ্মদ্-বস্তুসমূহের জ্যোতি, তিনি [ই সেই বস্তু] যাঁহাকে আত্মজ্ঞ ব্যক্তিরা জানেন। ৯।

সেখানে সূর্য্য কিরণ দেয় না (অর্থাৎ সূর্য্য ব্রহ্মকে প্রকাশ করিতে পারে না), চন্দ্রতারকা কিরণ দেয় না, এই বিদ্যুৎসমূহ প্রকাশ পায় না, এ অগ্নি কোথায় ? (অর্থাৎ এই অগ্নি তাঁহাকে কিরূপে প্রকাশ করিবে ?) সমুদায় বস্তু সেই দীপ্যমানেরই প্রকাশে অনুপ্রকাশিত, তাঁহারই দীপ্তিতে সকলে দীপ্তি পাইতেছে। ১০।

এই অমৃত স্বরূপ ব্রহ্মই অগ্রে, ব্রহ্ম পশ্চাতে, ব্রহ্ম দক্ষিণে এবং উত্তরে। [তিনি] অধঃ এবং ঊর্দ্ধে বিস্তৃত হইয়া আছেন ; এই শ্রেষ্ঠতম ব্রহ্মই এই সমস্ত [জগৎ]*। ১১।

ইতি দ্বিতীয়-মুণ্ডকে দ্বিতীয়ঃ খণ্ডঃ।

ইতি দ্বিতীয়-মুণ্ডকম্ সমাপ্তম্ ॥

---

* কঠোপনিষৎ ৫।১৫। এই পুস্তকের ৭২ পৃষ্ঠা।

তৃতীয়মুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ।

দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে।
তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকশীতি॥ ১॥
সমানে বৃক্ষে পুরুষো নিমগ্নো-
ঽনীশয়া শোচতি মুহ্যমানঃ।
জুষ্টং যদা পশ্যত্যন্যমীশ-
মস্য মহিমানমিতি বীতশোকঃ॥ ২॥

দ্বা (দ্বৌ) সযুজা (সযুজৌ, সর্ব্বদা সহযুক্তৌ), সখায়া (সখায়ৌ) সুপর্ণা সুপর্ণৌ (সুন্দরৌ পর্ণৌ পক্ষৌ যয়োঃ তৌ,—পক্ষিণৌ ইত্যর্থঃ) সমানম্ (একং) বৃক্ষং (শরীরম্ ইত্যর্থঃ) পরিষস্বজাতে (পরিস্বক্তবন্তৌ, আশ্রিতবন্তৌ)। তয়োঃ অন্যঃ (একঃ, জীবঃ ইত্যর্থঃ) স্বাদু (মিষ্টম্) পিপ্পলম্ (ফলম্) অত্তি (ভক্ষয়তি, উপভুঙ্‌ক্তে), অন্যঃ (ঈশ্বরঃ) অনশ্নন্ (অভুঞ্জানঃ) [কেবলম্] অভিচাকশীতি (পশ্যতি)॥ ১॥

পুরুষঃ (জীবঃ) সমানে (একস্মিন্ এব) বৃক্ষে নিমগ্নঃ (দেহম্ আত্মানং মন্বানঃ), অনীশয়া (শক্তিহীনতয়া, দীনভাবেন) মুহ্যমানঃ শোচতি।

দুই পরস্পর-সংযুক্ত সখ্যভাবাপন্ন পক্ষী এক বৃক্ষ আশ্রয় করিয়া আছেন। তাঁহাদের মধ্যে এক জন মিষ্ট ফল ভক্ষণ করেন, আর এক জন অনশন থাকিয়া [কেবল] দর্শন করেন। ১।

পুরুষ (অর্থাৎ জীব) একই বৃক্ষে নিমগ্ন হইয়া (অর্থাৎ দেহকে আত্মা মনে করিয়া) শক্তিহীনতা [বা দীনতা] বশতঃ

---

* ঋগ্বেদ ১ম মণ্ডল, ১৬৪ তম সূক্ত, ২১শ ঋক্।

যদাপশ্যঃ পশ্যতে রুক্মবর্ণং
কর্ত্তারমীশং পুরুষং ব্রহ্মযোনিম্।
তদা বিদ্বান্ পুণ্যপাপে বিধূয়
নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি ॥ ৩ ॥
প্রাণো হ্যেষ যঃ সর্ব্বভূতৈর্বিভাতি
বিজানন্ বিদ্বান্ ভবতে নাতিবাদী।

[পরন্তু সঃ] যদা অন্যং [সাধকৈঃ] জুষ্টং (সেবিতম্) ঈশং, [কিঞ্চ] অস্য ইতি (ইমং) মহিমানম্ পশ্যতি, তদা [সঃ] বীতশোকঃ (বিগতদুঃখঃ) [ভবতি] ॥ ২ ॥

যদা পশ্যঃ (পশ্যতি ইতি, বিদ্বান্, সাধকঃ ইত্যর্থঃ)। রুক্মবর্ণং (স্বর্ণবর্ণং জ্যোতির্ম্ময়ম্ ইত্যর্থঃ) কর্ত্তারম্ ঈশম্ ব্রহ্মযোনিম্ (অপর-ব্রহ্ম-হিরণ্যগর্ভস্য, উদ্ভবম্) পুরুষং পশ্যতে (পশ্যতি), তদা বিদ্বান্ পুণ্যপাপে (বন্ধনভূতে সকাম-কর্ম্মণী) বিধূয় (দগ্ধা, নিরস্য) নিরঞ্জনঃ (নির্ম্মলঃ) [সন্] পরমং সাম্যং (সমতাম্) উপৈতি (লভতে) ॥ ৩ ॥

যঃ সর্ব্বভূতৈঃ (সর্ব্বভূতাত্মতয়া) বিভাতি, এষঃ হি প্রাণঃ, [তং] বিদ্বান্

মুহ্যমান হইয়া শোকগ্রস্ত হয়। [কিন্তু সে] যখন [সাধকদিগের] সেবিত অপরকে [অর্থাৎ] ঈশ্বরকে [এবং] ইহাঁর এই মহিমা দেখে, [তখন সে] বিগত-শোক [হয়]। ২।

যখন দ্রষ্টা (অর্থাৎ জ্ঞানী) স্বর্ণবর্ণ (অর্থাৎ জ্যোতির্ম্ময় কর্ত্তা ঈশ্বর এবং অপর ব্রহ্মরূপী হিরণ্যগর্ভের উৎপত্তি স্থান [পরম] পুরুষকে দর্শন করেন, তখন তিনি পাপ পুণ্য (অর্থাৎ বন্ধনভূত সকাম উভয়বিধ কর্ম্ম) পরিত্যাগ পূর্ব্বক নির্ম্মল হইয়া পরম সমতা লাভ করেন। ৩।

যিনি সমুদায় ভূতের আত্মারূপে প্রকাশ পাইতেছেন, তিনিই

আত্মক্রীড় আত্মরতিঃ ক্রিয়াবা-
নেষ ব্রহ্মবিদাং বরিষ্ঠঃ ॥ ৪ ॥
সত্যেন লভ্যস্তপসা হ্যেষ আত্মা
সম্যগ্ জ্ঞানেন ব্রহ্মচর্য্যেণ নিত্যম্।
অন্তঃশরীরে জ্যোতির্ম্ময়ো হি শুভ্রো
যং পশ্যন্তি যতয়ঃ ক্ষীণদোষাঃ ॥ ৫ ॥
সত্যমেব জয়তে নানৃতং
সত্যেন পন্থা বিততো দেবযানঃ।

বিজানন্ অতিবাদী (পরব্রহ্ম অতীত্য বদিতুং শীলম্ অস্য ইতি) ন ভবতে (ভবতি)। [সঃ ব্রহ্মজ্ঞঃ] আত্মক্রীড়ঃ (পরমাত্মনি এব ক্রীড়নং যস্য ইতি), আত্মরতিঃ (পরমাত্মনি এব রতিঃ প্রীতিঃ যস্য ইতি), ক্রিয়াবান্ (সৎকার্য্যশীলঃ) ভবতি; এষঃ [সাধকঃ,] ব্রহ্মবিদাং (ব্রহ্মজ্ঞানিনাং মধ্যে) বরিষ্ঠঃ (শ্রেষ্ঠতমঃ) ॥৪॥

[যঃ] জ্যোতির্ম্ময়ঃ, শুভ্রঃ (শুদ্ধঃ) আত্মা অন্তঃ-শরীরে (শরীরাভ্যন্তরে [বর্ত্ততে] যং চ ক্ষীণদোষাঃ যতয়ঃ পশ্যন্তি, এষঃ সত্যেন, তপসা, সম্যক্ জ্ঞানেন, নিত্যম্ ব্রহ্মচর্য্যেণ চ লভ্যঃ [ভবতি] ॥ ৫ ॥

সত্যম্ এব জয়তে (জয়তি), অনৃতং (মিথ্যা) ন [জয়তি]; সত্যেন দেবযানঃ

প্রাণস্বরূপ; [তাঁহাকে] যিনি জানেন সেই বিদ্বান্ অতিবাদী হয়েন না (অর্থাৎ ব্রহ্মকে অতিক্রম করিয়া কোন কথা কহেন না। তিনি আত্মক্রীড় ও আত্মরতি হয়েন (অর্থাৎ পরমাত্মাতেই ক্রীড়া করেন, পরমাত্মাতেই আনন্দিত হয়েন); ইনি ব্রহ্মবিৎদিগের মধ্যে শ্রেষ্ঠতম। ৪।

[যে] জ্যোতির্ম্ময়, শুদ্ধ, আত্মা, শরীরের মধ্যে বর্ত্তমান, এবং নির্ম্মলচিত্ত যতিগণ যাঁহাকে দর্শন করেন; ইনি সত্য, তপস্যা, সম্যক্ জ্ঞান এবং নিত্য ব্রহ্মচর্য্য দ্বারা লভ্য [হয়েন]। ৫।

যেনাক্রমন্ত্যৃষয়ো হ্যাপ্তকামা
যত্র তৎ সত্যস্য পরমং নিধানম্ ॥ ৬ ॥
বৃহচ্চ তদ্দিব্যমচিন্ত্যরূপং
সূক্ষ্মাচ্চ তৎ সূক্ষ্মতরং বিভাতি।
দূরাৎ সুদূরে তদিহান্তিকে চ
পশ্যৎস্বিহৈব নিহিতং গুহায়াম্ ॥ ৭ ॥
ন চক্ষুষা গৃহ্যতে নাপি বাচা
নান্যৈর্দেবৈস্তপসা কর্ম্মণা বা।

[এতন্নামকঃ] পন্থাঃ বিততঃ (বিস্তীর্ণঃ, অনাবৃতদ্বারঃ) [ভবতি], যেন [পথা] আপ্তকামাঃ (বিগততৃষ্ণাঃ) ঋষয়ঃ সত্যস্য তৎ পরমং নিধানং যত্র [অস্তি], [তত্র] আক্রমন্তি (গচ্ছন্তি)॥ ৬ ॥

তৎ (ব্রহ্ম) বৃহৎ দিব্যং (স্বয়ম্প্রভম্), অচিন্ত্যরূপং চ, তৎ সূক্ষ্মাৎ চ (অপি) সূক্ষ্মতরং বিভাতি। তৎ দূরাৎ সুদূরে, ইহ (দেহে) অন্তিকে (সমীপে) চ, ইহ এব পশ্যৎসু (জ্ঞানবৎসু) গুহায়াম্ (হৃদয়ে) নিহিতম্ ॥ ৭ ॥

[সঃ পরমাত্মা] ন চক্ষুষা, ন অপি বাচা, ন অন্যৈঃ দেবৈঃ (ইন্দ্রিয়ৈঃ),

সত্যেরই জয় হয়, মিথ্যার [জয় হয়] না ; সত্য দ্বারা দেবযান [নামক] পথ বিস্তীর্ণ (অর্থাৎ অনাবৃত-দ্বার) হয়, যদ্দ্বারা আপ্তকাম (অর্থাৎ কামনাবর্জ্জিত) ঋষিগণ সত্যের পরম নিধান যে স্থানে আছেন, সে স্থানে গমন করেন। ৬।

তিনি (অর্থাৎ ব্রহ্ম) বৃহৎ, দিব্য (অর্থাৎ স্বয়ংপ্রভ), এবং অচিন্ত্যরূপ ; তিনি সূক্ষ্ম হইতে সূক্ষ্মতররূপে প্রকাশ পাইতেছেন। তিনি দূর হইতে সুদূরে এবং এখানে নিকটেও আছেন, এবং এখানেই জ্ঞানবান্ পদার্থসমূহের [বুদ্ধিরূপ] গুহাতে নিহিত রহিয়াছেন। ৭।

পরমাত্মা চক্ষুর গ্রাহ্য নহেন, বাক্যেরও গ্রাহ্য নহেন, অন্যান্য

জ্ঞানপ্রসাদেন বিশুদ্ধসত্ত্ব-

স্ততস্তু তং পশ্যতে নিষ্কলং ধ্যায়মানঃ ॥ ৮ ॥

এষোঽণুরাত্মা চেতসা বেদিতব্যো

যস্মিন্ প্রাণঃ পঞ্চধা সংবিবেশ।

প্রাণৈশ্চিত্তং সর্ব্বমোতং প্রজানাং

যস্মিন্ বিশুদ্ধে বিভবত্যেষ আত্মা ॥ ৯ ॥

তপসা, কর্ম্মণা বা গৃহ্যতে। [সাধকঃ] জ্ঞানস্য প্রসাদেন (নির্ম্মলতয়া,--বিশুদ্ধ-জ্ঞানেন ইত্যর্থঃ) বিশুদ্ধসত্ত্বঃ (বিশুদ্ধান্তঃকরণঃ) [সন্] ততঃ (তদনন্তরং) তু ধ্যায়মানঃ নিষ্কলং [পরমাত্মানং] পশ্যতে (পশ্যতি) ॥ ৮ ॥

এষঃ অণুঃ (সূক্ষ্মঃ) আত্মা চেতসা (জ্ঞানেন) [তস্মিন্ শরীরে] বেদিতব্যঃ, যস্মিন্ (যত্র, শরীরে ইত্যর্থঃ) প্রাণঃ (বায়ুঃ) পঞ্চধা (প্রাণাপানাদি-ভেদেন) সংবিবেশ (সম্যক্ প্রবিষ্টঃ)। প্রাণৈঃ (ইন্দ্রিয়ৈঃ) প্রজানাং (প্রাণিনাং) সর্ব্বং চিত্তম্ ওতং (ব্যাপ্তং), যস্মিন্ (চিত্তে) বিশুদ্ধে [সতি] এষঃ আত্মা বিভবতি (উদেতি, প্রকাশতে ইত্যর্থঃ) ॥ ৯ ॥

ইন্দ্রিয়েরও গ্রাহ্য নহেন, তপস্যা ও কর্ম্মদ্বারা তাঁহাকে লাভ করা যায় না। জ্ঞানশুদ্ধি দ্বারা (অর্থাৎ নির্ম্মল জ্ঞান দ্বারা) বিশু-দ্ধান্তঃকরণ [হইয়া সাধক] অতঃপর ধ্যানযোগে নিরবয়ব [পর-মাত্মা]কে দর্শন করেন। ৮।

এই সূক্ষ্ম আত্মাকে জ্ঞান দ্বারা [সেই শরীর মধ্যে] জানিতে হইবে, যেখানে প্রাণবায়ু [প্রাণ অপানাদি ভেদে] পঞ্চ প্রকারে প্রবিষ্ট হইয়া আছে। প্রাণীদিগের সমগ্র চিত্ত ইন্দ্রিয়সমূহ দ্বারা ব্যাপ্ত রহিয়াছে *, চিত্ত বিশুদ্ধ হইলেই এই আত্মা উদিত হয়েন। ৯।

* ভাষ্য অনুসারে এই স্থলের অর্থ কিছু ভিন্ন :—'ইন্দ্রিয়সমূহের সহিত প্রাণীদিগের সমুদায় চিত্ত আত্মা দ্বারা ব্যাপ্ত রহিয়াছে।"

যং যং লোকং মনসা সংবিভাতি
বিশুদ্ধসত্ত্বঃ কাময়তে যাংশ্চ কামান্।
তং তং লোকং জয়তে তাংশ্চ কামাং-
স্তস্মাদাত্মজ্ঞং হ্যর্চ্চয়েদ্ভূতিকামঃ॥ ১০॥

বিশুদ্ধসত্ত্বঃ (শুদ্ধান্তঃকরণঃ) যং যং লোকং মনসা সংবিভাতি (সঙ্কল্পয়তি), যান্ চ কামান্ (ভোগান্) কাময়তে (প্রার্থয়তে), তং তং লোকং, তান্ কামান্ চ জয়তে (প্রাপ্নোতি), তস্মাৎ হি ভূতিকামঃ (ঐশ্বর্য্যাকাঙ্ক্ষী) আত্মজ্ঞম্ অর্চ্চয়েৎ (পূজয়েৎ)॥ ১০॥

বিশুদ্ধান্তঃকরণ ব্যক্তি যে যে লোক মনে মনে সঙ্কল্প করেন, এবং যে যে ভোগ্য বস্তু কামনা করেন, সেই সেই লোক এবং সেই ভোগ্য বস্তুসমূহ প্রাপ্ত হয়েন; অতএব ঐশ্বর্য্যাকাঙ্ক্ষী ব্যক্তি আত্মজ্ঞের পূজা করিবেন। ১০।

ইতি তৃতীয়-মুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ সমাপ্তঃ।

তৃতীয়মুণ্ডকে দ্বিতীয়ঃ খণ্ডঃ।

—※—

স বেদৈতৎ পরমং ব্রহ্ম ধাম
　যত্র বিশ্বং নিহিতং ভাতি শুভ্রম্।
উপাসতে পুরুষং যে হ্যকামা-
　স্তে শুক্রমেতদতিবর্ত্তন্তি ধীরাঃ ॥ ১ ॥
কামান্ যঃ কাময়তে মন্যমানঃ
　স কামভির্জ্জায়তে তত্র তত্র।

সঃ (আত্মজ্ঞঃ) এতৎ পরমং ধাম (আশ্রয়ম্) ব্রহ্ম বেদ (জানাতি), যত্র বিশ্বং নিহিতং (সমর্পিতম্), [যঃ চ] শুভ্রং (শুদ্ধম্) ভাতি। যে হি আপ্তকামাঃ ধীরাঃ [তম্] পুরুষম্ উপাসতে, তে এতৎ শুক্রম্ অতিবর্ত্তন্তে (অতিক্রামন্তি,—ন পুনঃ জায়ন্তে ইত্যর্থঃ) ॥ ১ ॥

যঃ কামান্ মন্যমানঃ (চিন্তয়ানঃ) কাময়তে, সঃ [তৈঃ] কামভিঃ (কামৈঃ) [সহ] তত্র তত্র (তৎ-তৎ-কামভোগোপযোগিনি লোকে)

তিনি (অর্থাৎ আত্মজ্ঞ) এই পরম আশ্রয় ব্রহ্মকে জানেন, যাঁহাতে সমস্ত আশ্রিত রহিয়াছে, এবং যিনি শুদ্ধরূপে প্রকাশ পাইতেছেন। যে আপ্তকাম জ্ঞানিগণ [সেই] পুরুষের * উপাসনা করেন, তাঁহারা এই শুক্র অতিক্রম করেন (অর্থাৎ তাঁহাদের পুনর্জ্জন্ম হয় না। ১।

যে ব্যক্তি কাম্যবস্তু সমূহের চিন্তা করিয়া [সেই সেই বিষয়] আকাঙ্ক্ষা করে, সে ব্যক্তি [সেই সকল] কামনা সহ সেই সেই

* ভাষ্যকারের মতে এস্থলে 'পুরুষ' শব্দ আত্মজ্ঞকে বুঝাইতেছে।

পর্য্যাপ্তকামস্য কৃতাত্মনস্তু
ইহৈব সর্ব্বে প্রবিলীয়ন্তি কামাঃ ॥ ২ ॥
নায়মাত্মা প্রবচনেন লভ্যো
ন মেধয়া ন বহুনা শ্রুতেন।
যমেবৈষ বৃণুতে তেন লভ্য-
স্তস্যৈষ আত্মা বৃণুতে তনূং স্বাম্ ॥ ৩ ॥

জায়তে। তু (কিন্তু) পর্য্যাপ্তকামস্য (পরি সমন্তাৎ আপ্তাঃ ব্যাপ্তাঃ কামাঃ যস্য সঃ পর্য্যাপ্তকামঃ বাসনাবর্জ্জিতঃ ইত্যর্থঃ', তস্য) কৃতাত্মনঃ (কৃতঃ নিষ্পন্নঃ আত্মা স্বরূপেণ যস্য সঃ কৃতাত্মা, তস্য, নিষ্পন্নাত্মনঃ, প্রকাশিত-স্বরূপস্য ইত্যর্থঃ) সর্ব্বে কামাঃ ইহ এব প্রবিলীয়ন্তে ॥ ২ ॥

অয়ম্ আত্মা প্রবচনেন (বেদাধ্যাপনেন) ন লভ্যঃ, মেধয়া (গ্রন্থার্থ-ধারণ-শক্ত্যা), বহুনা শ্রুতেন (শাস্ত্রজ্ঞানেন) [চ] ন [লভ্যঃ]। যঃ (সাধকম্) এষঃ (আত্মা) বৃণুতে (আত্মদর্শনার্থং বরয়তি), তেন (বৃতেন সাধকেন) এব [এষঃ] লভ্যঃ; তস্য [সমীপে] এষঃ (আত্মা) স্বাং (স্বকীয়াং) তনুম্ (স্বরূপম্) বৃণুতে (প্রকাশয়তি) ॥ ৩ ॥

[কামভোগোপযোগী] লোকে জন্মগ্রহণ করে। কিন্তু বাসনা-বর্জ্জিত ও প্রকাশিত-স্বরূপ ব্যক্তির সমুদায়কামনা এখানেই বিলীন হয়। ২।

এই আত্মাকে বেদাধ্যাপন, বা মেধা (অর্থাৎ গ্রন্থার্থধারণ-শক্তি)* বা বহু শাস্ত্রজ্ঞান দ্বারা লাভ করা যায় না। যাঁহাকে ইনি (অর্থাৎ আত্মা) [আত্মদর্শনার্থ] বরণ করেন, তাঁহাদ্বারাই ইনি লভ্য; তাঁহার নিকটে ইনি স্বকীয়া তনূ (অর্থাৎ স্ব-স্বরূপ) প্রকাশ করেন। ৩।

---

* কঠোপনিষৎ, দ্বিতীয়া বল্লী, ২৩শ শ্লোক। এই পুস্তকের ৫০ পৃষ্ঠা।

নায়মাত্মা বলহীনেন লভ্যো
ন চ প্রমাদাত্তপসো বাপ্যলিঙ্গাৎ।
এতৈরুপায়ৈর্যততে যস্তু বিদ্বাং-
স্তস্যৈষ আত্মা বিশতে ব্রহ্মধাম ॥ ৪ ॥
সম্প্রাপ্যৈনমৃষয়ো জ্ঞানতৃপ্তাঃ
কৃতাত্মানো বীতরাগাঃ প্রশান্তাঃ।
তে সর্ব্বগং সর্ব্বতঃ প্রাপ্য ধীরা
যুক্তাত্মানঃ সর্ব্বমেবাবিশন্তি ॥ ৫ ॥

অয়ম্ আত্মা বলহীনেন (আত্মনিষ্ঠাজনিত-বীর্য্যহীনেন) ন লভ্যঃ, ন চ প্রমাদাৎ (বিষয়সঙ্গনিমিত্ত-ঔদাস্যাৎ) [ন] বা অলিঙ্গাৎ (সন্ন্যাসরহিতাৎ) তপসঃ (জ্ঞানাৎ) অপি [সঃ লভ্যঃ]। যঃ তু বিদ্বান্ এতৈঃ উপায়ৈঃ (বীর্য্য-অপ্রমাদ-সন্ন্যাসযুক্ত-জ্ঞানৈঃ) যততে, তস্য এষঃ আত্মা ব্রহ্মধাম বিশতে (প্রবিশতি) ॥ ৪ ॥

এনম্ (এতং) সম্প্রাপ্য ঋষয়ঃ জ্ঞানতৃপ্তাঃ, কৃতাত্মানঃ (প্রকাশিত-স্বরূপাঃ) বীতরাগাঃ (অনাশক্তাঃ), প্রশান্তাঃ [চ ভবন্তি]। তে যুক্তাত্মানঃ (সমাহিতচিত্তাঃ) ধীরাঃ সর্ব্বগং (সর্ব্বব্যাপিনম্ ব্রহ্ম) সর্ব্বতঃ (সর্ব্বত্র) প্রাপ্য সর্ব্বং (সম্যক্) [তম্] আবিশন্তি (প্রবিশন্তি) ॥ ৫ ॥

[আত্ম-নিষ্ঠাজনিত] বীর্য্য যাহার নাই, সে এই আত্মাকে লাভ করিতে পারে না। ঔদাস্য এবং সন্ন্যাসরহিত জ্ঞান দ্বারাও [তাঁহাকে লাভ করা যায়] না। কিন্তু যে জ্ঞানী ব্যক্তি এই সমস্ত উপায়ে (অর্থাৎ বীর্য্য, অপ্রমাদ এবং সন্ন্যাসযুক্ত জ্ঞান সহ) যত্ন করেন, তাঁহার আত্মা ব্রহ্মধামে প্রবেশ করে। ৪।

ইহাঁকে প্রাপ্ত হইয়া ঋষিগণ জ্ঞানতৃপ্ত, প্রকাশিত-স্বরূপ ও প্রশান্ত [হয়েন]। সেই সমাহিতচিত্ত জ্ঞানীরা সর্ব্বব্যাপী [ব্রহ্ম]কে সর্ব্বত্র প্রাপ্ত হইয়া সর্ব্বতোভাবে [তাঁহাতে] প্রবেশ করেন। ৫।

বেদান্তবিজ্ঞানসুনিশ্চিতার্থাঃ
সন্ন্যাসযোগাদ্ যতয়ঃ শুদ্ধসত্ত্বাঃ।
তে ব্রহ্মলোকেষু পরান্তকালে
পরামৃতাঃ পরিমুচ্যন্তি সর্ব্বে ॥৬॥
গতাঃ কলাঃ পঞ্চদশ প্রতিষ্ঠা
দেবাশ্চ সর্ব্বে প্রতিদেবতাসু।
কর্ম্মাণি বিজ্ঞানময়শ্চ আত্মা
পরেঽব্যয়ে সর্ব্ব একীভবন্তি ॥ ৭ ॥

বেদান্ত-বিজ্ঞান-সুনিশ্চিতার্থাঃ (বেদান্তবিজ্ঞানস্য অর্থঃ বিষয়ঃ ব্রহ্ম ইত্যর্থঃ, সুনিশ্চিতঃ সুবিজ্ঞাতঃ যৈঃ তে) সন্ন্যাসযোগাৎ শুদ্ধসত্ত্বাঃ (শুদ্ধস্বভাবাঃ), পরামৃতাঃ (পরম্ অমৃতত্বং প্রাপ্তাঃ) তে সর্ব্বে যতয়ঃ পরান্তকালে (মহৎ-অন্তকালে, মৃত্যুকালে ইত্যর্থঃ) ব্রহ্মলোকেষু পরিমুচ্যন্তে (সম্যক্ মুক্তাঃ ভবন্তি) ॥ ৬ ॥

[তেষাং] পঞ্চদশ (পঞ্চদশ-সংখ্যকাঃ) কলাঃ (প্রাণাদি দেহভাগাঃ) [তাসাং] প্রতিষ্ঠাঃ (কারণানি) গতাঃ [ভবন্তি], সর্ব্বে দেবাঃ (ইন্দ্রিয়াঃ) চ প্রতিদেবতাসু (স্ব স্ব দেবতাসু, আদিত্যাদিষু) [গতাঃ ভবন্তি]। [তেষাং] কর্ম্মাণি, বিজ্ঞানময়ঃ আত্মা চ সর্ব্বে পরে অব্যয়ে [ব্রহ্মণি] একীভবন্তি ॥ ৭ ॥

বেদান্ত-বিজ্ঞানের বিষয় (ব্রহ্মকে) যাঁহারা উত্তমরূপে জানিয়াছেন, সন্ন্যাসযোগ দ্বারা যাঁহারা শুদ্ধস্বভাব হইয়াছেন, যাঁহারা পরম অমৃতত্ব প্রাপ্ত হইয়াছেন সেই যতিগণ মহৎ অন্তকালে (অর্থাৎ মৃত্যুকালে) ব্রহ্মলোকসমূহে সম্যক্‌রূপে মুক্ত হয়েন। ৬।

[তাঁহাদের] পঞ্চদশ কলা (অর্থাৎ প্রাণাদি দেহভাগ) [তাহাদের] কারণে চলিয়া যায়, সমুদয় ইন্দ্রিয় আপন আপন দেবতার (অর্থাৎ আদিত্যাদিতে) চলিয়া যায়। [তাঁহাদের] কর্ম্ম এবং বিজ্ঞানময় আত্মা, সমুদয় শ্রেষ্ঠ অব্যয় [ব্রহ্মের] সহিত একীভূত হয়। ৭।

যথা নদ্যঃ স্যন্দমানাঃ সমুদ্রে-
ঽস্তং গচ্ছন্তি নামরূপে বিহায়।
তথা বিদ্বান্নামরূপাদ্বিমুক্তঃ
পরাৎপরং পুরুষমুপৈতি দিব্যম্ ॥ ৮ ॥
স যো হ বৈ তৎ পরমং ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবতি।
নাস্যাব্রহ্মবিৎকুলে ভবতি।
তরতি শোকং তরতি পাপ্মানং
গুহাগ্রন্থিভ্যো বিমুক্তোঽমৃতো ভবতি ॥ ৯ ॥

তদেতদৃচাভ্যুক্তম্—
"ক্রিয়াবন্তঃ শ্রোত্রিয়া ব্রহ্মনিষ্ঠাঃ স্বয়ং জুহ্বতে একর্ষিং শ্রদ্ধয়ন্তঃ।

যথা স্যন্দমানাঃ (গচ্ছন্ত্যঃ) নদ্যঃ নামরূপে বিহায় (হিত্বা) সমুদ্রে অস্তং (অদর্শনং) গচ্ছন্তি (প্রাপ্নুবন্তি), তথা বিদ্বান্ নামরূপাৎ বিমুক্তঃ পরাৎপরং দিব্যং পুরুষম্ উপৈতি (উপগচ্ছন্তি) ॥ ৮ ॥

যঃ হ তৎ পরমং ব্রহ্ম বেদ (জানাতি), সঃ বৈ ব্রহ্ম এব ভবতি। অস্য কুলে (কশ্চিদপি) অব্রহ্মবিৎ ন ভবতি। [সঃ] শোকং তরতি, পাপ্মানং (পাপং) তরতি, গুহাগ্রন্থিভ্যঃ (অবিদ্যাবাসনাময়-হৃদয়-গ্রন্থিভ্যঃ) বিমুক্তঃ [সন্] অমৃতঃ ভবতি ॥ ৯ ॥

তৎ এতৎ ঋচা (ঋঙ্মন্ত্রেণ) অভ্যুক্তম্ (অভিপ্রকাশিতম্):—
"[যে] ক্রিয়াবন্তঃ (যথোক্তকর্ম্মানুষ্ঠানযুক্তাঃ), শ্রোত্রিয়াঃ (বেদজ্ঞাঃ), ব্রহ্ম-

যেমন প্রবহমান নদীসমূহ নাম ও রূপ পরিত্যাগ করিয়া সমুদ্রে অদৃষ্ট হয়, সেইরূপ জ্ঞানী ব্যক্তি নাম ও রূপ হইতে বিমুক্ত হইয়া পরাৎপর দিব্য পুরুষে প্রবেশ করেন। ৮।

যিনি সেই পরব্রহ্মকে জানেন, তিনি ব্রহ্মই হয়েন। তাঁহার কুলে [কেহ] অব্রহ্মবিৎ হয় না। তিনি শোক ও পাপ হইতে উত্তীর্ণ হন, এবং [অবিদ্যাবাসনাময়] হৃদয়-গ্রন্থি হইতে বিমুক্ত হইয়া অমর হয়েন। ৯।

তেষামেবৈতাং ব্রহ্মবিদ্যাং বদেত শিরোব্রতং বিধিবদ্ যৈস্তু চীর্ণম্॥১০
তদেতৎ সত্যমৃষিরঙ্গিরাঃ পুরোবাচ নৈতদচীর্ণব্রতোঽধীতে।
নমঃ পরমঋষিভ্যো নমঃ পরমঋষিভ্যঃ ॥ ১১ ॥

নিষ্ঠাঃ, শ্রদ্ধয়ন্তঃ (শ্রদ্দধানাঃ সন্তঃ) একর্ষিম্ (একর্ষিনামানম্ অগ্নিং) জুহ্বতে '(জুহ্বতি,—অগ্নয়ে আহুতিং দদাতি), যৈঃ তু (চ) বিধিবৎ শিরোব্রতং (শিরসি অগ্নিধারণাদিলক্ষণম্) চীর্ণম্ (অনুষ্ঠিতম্), তেষাম্ এব এতাম্ ব্রহ্মবিদ্যাং বদেত ॥" ১০ ॥

ঋষিঃ অঙ্গিরাঃ পুরা তৎ এতৎ সত্যং [বিজ্ঞানম্] উবাচ; অচীর্ণব্রতঃ (ন চীর্ণম্ অনুষ্ঠিতং ব্রতং যেন ইতি) এতৎ ন অধীতে। নমঃ পরমঋষিভ্যঃ (যেভ্যঃ এষা ব্রহ্মবিদ্যা পারম্পর্য্যক্রমেণ সম্প্রাপ্তা ইত্যর্থঃ) ॥ ১১ ॥

ঋক্ মন্ত্র দ্বারা ইহা প্রকাশিত হইয়াছে—'যে ক্রিয়াবান্, বেদজ্ঞ, ও ব্রহ্মনিষ্ঠ ব্যক্তিগণ শ্রদ্ধাবান্ হইয়া একর্ষি [নামক অগ্নি] তে আহুতি'দান করেন, এবং যাঁহারা যথাবিধি শিরোব্রত (অর্থাৎ যাহাতে মস্তকে অগ্নিধারণ প্রভৃতি করিতে হয় সেই ব্রত) অনুষ্ঠান করেন, তাঁহাদিগকেই এই ব্রহ্মবিদ্যা বলিবে। ১০।'

ঋষি অঙ্গিরা পূর্ব্বে এই সত্য [বিজ্ঞান] কহিয়াছিলেন; যে ব্রত অনুষ্ঠান করে না, সে ইহা অধ্যয়ন করিবে না। (যাঁহাদিগের হইতে এই ব্রহ্মবিদ্যা পারম্পর্য্যক্রমে প্রাপ্ত হওয়া গিয়াছে, সেই) পরম ঋষিগণকে নমস্কার, পরম ঋষিগণকে নমস্কার। ১১।

ইতি তৃতীয়-মুণ্ডকে দ্বিতীয়ঃ খণ্ডঃ।

ইতি তৃতীয়-মুণ্ডকং সমাপ্তম্ ॥

ইতি মুণ্ডকোপনিষৎ সমাপ্তা।

অথর্ব্ববেদীয়া মাণ্ডুক্য-উপনিষৎ।

ওঁমিত্যেদক্ষরমিদং সর্ব্বং তস্যোপব্যাখ্যানম্
ভূতং ভবদ্ভবিষ্যদিতি সর্ব্বমোঙ্কার এব।
যচ্চান্যত্রিকালাতীতং তদপ্যোঙ্কার এব ॥ ১ ॥
সর্ব্বং হ্যেতদ্ ব্রহ্মায়মাত্মা ব্রহ্ম সোঽয়মাত্মা চতুষ্পাৎ ॥ ২ ॥
জাগরিতস্থানো বহিঃপ্রজ্ঞঃ সপ্তাঙ্গ একোনবিংশতি-
মুখঃ স্থূলভুগ্ বৈশ্বানরঃ প্রথমঃ পাদঃ ॥ ৩ ॥

ওঁ ইতি এতৎ অক্ষরম্ ইদং সর্ব্বং; তস্য উপব্যাখ্যানং (বিস্পষ্টং প্রকথ-নম্) ভূতম্ [অতীতম্], ভবৎ (বর্ত্তমানম্), ভবিষ্যৎ ইতি সর্ব্বম্ ওঁকার এব। যৎ চ অন্যৎ ত্রিকালাতীতং (প্রকৃত্যাদি) তৎ অপি ওঁকার এব ॥ ১ ॥

সর্ব্বং হি এতৎ ব্রহ্ম, অয়ম্ আত্মা ব্রহ্ম, সঃ অয়ম্ আত্মা চতুষ্পাৎ [বক্ষ্য-মাণ-চতুর্ম্মাত্রাবিশিষ্টঃ] ॥ ২ ॥

জাগরিতস্থানঃ (জাগ্রদবস্থায়াঃ অধিষ্ঠানঃ), বহিঃপ্রজ্ঞঃ (বহির্বিষয়ে প্রজ্ঞা যস্য ইতি, বহির্বিষয়-অবভাসকঃ ইত্যর্থঃ), সপ্তাঙ্গঃ (স্বর্গঃ মূর্দ্ধা, সূর্য্যঃ

ওঁ এই অক্ষরই এই সমুদয়। ইহার (অর্থাৎ ওঁকারের) স্পষ্ট ব্যাখ্যা [এই যে] ভূত, বর্ত্তমান, এবং ভবিষ্যৎ এই সমুদায়ই ওঁকার। [প্রকৃত্যাদি] অন্য যাহাকিছু ত্রিকালাতীত, তাহাও ওঁকারই। ১।

এই সমুদায়ই ব্রহ্ম। এই আত্মা ব্রহ্ম। সেই এই আত্মা চতুষ্পাৎ (অর্থাৎ পশ্চাদ্ বর্ণনীয় চারি-অবস্থা-বিশিষ্ট)। ২।

জাগ্রদবস্থার অধিষ্ঠাতা, বহিঃপ্রজ্ঞ (অর্থাৎ বহির্বিষয়ের জ্ঞাতা, বহির্ব্বিষয়-অবভাসক), সপ্তাঙ্গ (অর্থাৎ স্বর্গ মস্তক, সূর্য্য চক্ষু, বায়ু

স্বপ্নস্থানোঽন্তঃপ্রজ্ঞঃ সপ্তাঙ্গ একোনবিংশতি-
মুখঃ প্রবিবিক্তভুক্ তৈজসো দ্বিতীয়পাদঃ ॥ ৪॥

চক্ষুঃ, বায়ুঃ প্রাণঃ, অন্নজলে উদরম্, আকাশঃ মধ্যদেশঃ, পৃথিবী পাদৌ ইতি সপ্তাঙ্গানি যস্য সঃ), একোনবিংশতিমুখঃ (জ্ঞানেন্দ্রিয়াণি, কর্ম্মেন্দ্রিয়াণি চ, দশ, বায়বশ্চ প্রাণাদয়ঃ পঞ্চ, মনঃ, বুদ্ধিঃ, অহঙ্কারঃ, চিত্তম্ ইতি একোন-বিংশতিঃ উপলব্ধি-দ্বারাণি যস্য সঃ), স্থূলভুক্ (শব্দাদীন্ স্থূলান্ বিষয়ান্ ভুঙ্‌ক্তে ইতি), বৈশ্বানরঃ (বিশ্বশ্চাসৌ নরশ্চেতি বিশ্বানরঃ, বিশ্বানর এব বৈশ্বানরঃ, বিশ্বরূপঃ পুরুষঃ ইত্যর্থঃ) প্রথমঃ পাদঃ ॥ ৩ ॥

স্বপ্নস্থানঃ (স্বপ্নাবস্থায়াঃ অধিষ্ঠানঃ), অন্তঃপ্রজ্ঞঃ (বহিরিন্দ্রিয়নিরপেক্ষেষু মনোমাত্রগ্রাহ্যেষু বিষয়েষু প্রজ্ঞা যস্য ইতি), সপ্তাঙ্গঃ, একোনবিংশতিমুখঃ (স্থূলবিষয়াণি মুখানি চ মনসি বিলীনাঃ সন্তঃ বর্ত্তন্তে, অতঃ বৈশ্বানরবৎ সপ্তাঙ্গঃ একোনবিংশতিমুখঃ ইতি), প্রবিবিক্তভুক্ (প্রবিবিক্তানি সূক্ষ্মাণি বিষয়াণি ভুঙ্‌ক্তে ইতি) তৈজসঃ (তেজঃ—বিষয়শূন্যা বাসনাময়ী প্রজ্ঞা, তস্যাঃ বিষয়িত্বেন ভবতি ইতি তৈজসঃ) দ্বিতীয়ঃ পাদঃ ॥ ৪ ॥

প্রাণ, অন্ন ও জল উদর, আকাশ মধ্যদেশ, পৃথিবী পা, এই সপ্তাঙ্গ যাঁহার), একোনবিংশতিমুখ (অর্থাৎ পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও পঞ্চ কর্ম্মেন্দ্রিয় প্রাণ-অপানাদি পঞ্চ বায়ু, মন, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত, এই ঊনবিংশতি উপলব্ধিদ্বার যাঁহার), স্থূলভুক্ (অর্থাৎ শব্দাদি স্থূলবিষয়ভোগী) বৈশ্বানর (অর্থাৎ বিশ্বরূপ পুরুষ) প্রথম পাদ।৩।

স্বপ্নাবস্থার অধিষ্ঠাতা অন্তঃপ্রজ্ঞ (অর্থাৎ বহিরিন্দ্রিয়-নিরপেক্ষ মনোমাত্র-গ্রাহ্য বিষয়ের জ্ঞাতা), সপ্তাঙ্গ (অর্থাৎ মনে বিলীনা-বস্থায় বর্ত্তমান সপ্তাঙ্গযুক্ত), একোনবিংশতিমুখ (অর্থাৎ মনে বিলীনাবস্থায় বর্ত্তমান ঊনবিংশতি মুখযুক্ত), সূক্ষ্মবিষয়ের ভোক্তা, তৈজস (অর্থাৎ তেজো নামক বিষয়শূন্যা বাসনাময়ী প্রজ্ঞাতে যিনি বিষয়ী রূপে বর্ত্তমান থাকেন, তিনি) দ্বিতীয় পাদ। ৪।

যত্র সুপ্তো ন কঞ্চন কামং কাময়তে ন কঞ্চন স্বপ্নং পশ্যতি তৎ সুষুপ্তম্। সুষুপ্তস্থান একীভূতঃ প্রজ্ঞাঘন এবানন্দময়ো হ্যানন্দ-ভুক্ চেতোমুখঃ প্রাজ্ঞস্তৃতীয়ঃ পাদঃ ॥ ৫ ॥

এষ সর্ব্বেশ্বর এষ সর্ব্বজ্ঞ এষোঽন্তর্যাম্যেষ যোনিঃ সর্ব্বস্য প্রভবাপ্যয়ৌ হি ভূতানাম্ ॥ ৬ ॥

যত্র (যস্যাম্ অবস্থায়াং) সুপ্তঃ [লোকঃ] কং চন কামং ন কাময়তে, কং চন স্বপ্নং ন পশ্যতি, তৎ সুষুপ্তম্। সুষুপ্তস্থানঃ (সুষুপ্তাধিষ্ঠাতা), একী-ভূতঃ (জাগরিতে স্বপ্নে চ পৃথক্ পৃথক্ অনুভূতং প্রপঞ্চং বিশ্বং যস্মিন্ একী-ভবতি সঃ), প্রজ্ঞাঘনঃ (বিবিধ-বস্তূনাং বিবিধানি প্রজ্ঞানানি ঘনীভূতানি ইব যস্মিন্ বর্ত্তন্তে সঃ), এব আনন্দময়ঃ হি আনন্দভুক্, চেতোমুখঃ (চেতঃ বোধঃ মুখম্ অনুভবদ্বারং যস্য ইতি), প্রাজ্ঞঃ (বিশিষ্ট-প্রজ্ঞাযুক্তঃ) তৃতীয়ঃ পাদঃ ॥ ৫ ॥

এষঃ সর্ব্বেশ্বরঃ, এষঃ সর্ব্বজ্ঞঃ, এষঃ অন্তর্যামী, এষঃ সর্ব্বস্য যোনিঃ (উৎপত্তিস্থানঃ), ভূতানাং প্রভবঃ (উৎপত্তি-কারণম্) অপ্যয়ঃ (প্রলয়-কারণং চ ॥ ৬ ॥

যে অবস্থায় সুপ্ত হইয়া [লোকে] কোন কাম্যবস্তু কামনা করে না, কোন স্বপ্ন দেখে না, তাহা সুষুপ্তি। সুষুপ্তির অধি-ষ্ঠাতা, একীভূত (অর্থাৎ জাগ্রৎ ও স্বপ্নাবস্থায় পৃথক্ পৃথক্ রূপে অনুভূত প্রপঞ্চ বিশ্ব যাঁহাতে একীভূত হয়), প্রজ্ঞানঘন (অর্থাৎ বিবিধ বস্তুর বিবিধ জ্ঞান ঘনীভূতের ন্যায় হইয়া যাহাতে বর্ত্তমান থাকে), আনন্দময়, আনন্দভুক্ এবং চেতোমুখ (অর্থাৎ জ্ঞানই যাঁহার মুখ বা অনুভবদ্বার, সেই) প্রাজ্ঞ (অর্থাৎ বিশিষ্ট প্রজ্ঞা-যুক্ত যিনি, তিনিই) তৃতীয় পাদ। ৫।

ইনি সর্ব্বেশ্বর, ইনি সর্ব্বজ্ঞ, ইনি অন্তর্যামী, ইনি সমুদায়ের উৎপত্তিস্থান, এবং ভূতসমূহের উদ্ভব ও প্রলয়ের কারণ। ৬।

নান্তঃপ্রজ্ঞং ন বহিঃপ্রজ্ঞং নোভয়তঃপ্রজ্ঞং ন প্রজ্ঞানঘনং ন প্রজ্ঞং নাপ্রজ্ঞম্। অদৃষ্টমবহার্য্যমগ্রাহ্যমলক্ষণমচিন্ত্যমব্যপদেশ্যমেকাত্ম্যপ্রত্যয়সারং প্রপঞ্চোপশমং শান্তং শিবমদ্বৈতং চতুর্থং মন্যন্তে স আত্মা স বিজ্ঞেয়ঃ॥ ৭॥

ন অন্তঃপ্রজ্ঞম্, ন বহিঃপ্রজ্ঞম্, ন উভয়তঃপ্রজ্ঞম্ (ন জাগ্রৎস্বপ্নয়োঃ অন্তরাল-অবস্থাযুক্তম্), ন প্রজ্ঞানঘনম্, ন প্রজ্ঞং (দ্বৈতভাবাত্মকজ্ঞানযুক্তম্), ন অপ্রজ্ঞম্ (অচেতনম্), অদৃষ্টম্, অব্যবহার্য্যম্ (অবিষয়ত্বাৎ ব্যবহারাতীতম্,) অগ্রাহ্যং (কর্ম্মেন্দ্রিয়স্য অবিষয়ম্), অলক্ষণং (দ্বৈতসম্বন্ধরাহিত্যাৎ বর্ণনাতীতম্), অচিন্ত্যম্, অব্যপদেশ্যম্ (অনির্ব্বচনীয়ম্), একাত্ম্য-প্রত্যয়সারম্ (জাগ্রদাদি-অবস্থাসু একঃ অয়ম্ আত্মা বর্ত্ততে ইতি প্রত্যয়বিষয়ম্), প্রপঞ্চোপশমং (রূপ-রসাদি-পঞ্চবিধ-বিষয়াঃ উপাশান্তাঃ যস্মিন্, বিষয়াতীতম্ ইত্যর্থঃ), শান্তম্ রাগদ্বেষাদিরহিতম্), শিবং (মঙ্গলম্), অদ্বৈতম্ [ইতি এবং রূপং পরমাত্মানং জ্ঞানিনঃ] চতুর্থং মন্যন্তে; সঃ আত্মা, সঃ বিজ্ঞেয়ঃ (বিশেষেণ জ্ঞাতব্যঃ)॥ ৭॥

যিনি অন্তঃপ্রজ্ঞ নহেন, বহিঃপ্রজ্ঞ নহেন, উভয়-প্রজ্ঞ (অর্থাৎ জাগ্রৎ-স্বপ্নের অন্তরালাবস্থাযুক্ত) নহেন, প্রজ্ঞাঘন নহেন, প্রজ্ঞ (অর্থাৎ দ্বৈতভাবাত্মক জ্ঞানযুক্ত) নহেন, অপ্রজ্ঞ (অর্থাৎ অচেতন) নহেন, যিনি অদৃষ্ট, অব্যবহার্য্য (অর্থাৎ অবিষয়ত্ব-নিবন্ধন ব্যবহারাতীত), অগ্রাহ্য (অর্থাৎ কর্ম্মেন্দ্রিয়ের অবিষয়), অলক্ষণ (অর্থাৎ দ্বৈত সম্বন্ধ না থাকা হেতুক বর্ণনাতীত), অচিন্ত্য, অনির্ব্বচনীয়, যিনি একাত্ম্যপ্রত্যয়ের বিষয় (অর্থাৎ জাগ্রদাদি অবস্থায় এই এক আত্মাই আছেন এই প্রত্যয়-গম্য), [রূপ-রসাদি] পঞ্চ বিষয়ের অতীত, শান্ত (অর্থাৎ রাগ-দ্বেষাদি-রহিত), মঙ্গল-স্বরূপ, এবং অদ্বৈত; [তাঁহাকে জ্ঞানিগণ] চতুর্থ বলিয়া জানেন। তিনি আত্মা, তিনি বিশেষ জ্ঞাতব্য। ৭।

সোঽয়মাত্মাঽধ্যক্ষরমোঙ্কারোঽধিমাত্রং পাদা মাত্রা মাত্রাশ্চ পাদা অকার উকারো মকার ইতি ॥ ৮ ॥

জাগরিতস্থানো বৈশ্বানরোঽকারঃ প্রথমা মাত্রাঽঽপ্তেরাদিমত্ত্বাদ্বাপ্নোতি হ বৈ সর্ব্বান্ কামানাদিশ্চ ভবতি য এবং বেদ ॥ ৯ ॥

সঃ অয়ম্ আত্মা অধ্যক্ষরম্ (ওঁ ইতি অক্ষরম্ অধিকৃত্য বর্ত্ততে ইতি, ওঁ ইতি অক্ষররূপেণ বর্ণ্যমানঃ ইত্যর্থঃ)। [সঃ] ওঁকারঃ, [সঃ] অধিমাত্রম্ (পশ্চাৎ কথিতব্যং মাত্রাত্রয়ম্ অধিকৃত্য বর্ত্ততে ইতি) ; [আত্মনঃ যে] পাদাঃ [তে এব ওঁকারস্য] মাত্রাঃ, [ওঁকারস্য] অকারঃ, উকারঃ, মকারঃ [ইতি] মাত্রাঃ চ [আত্মনঃ] পাদাঃ ॥ ৮ ॥

প্রথম খণ্ডের কোন কোন পাঠক ইচ্ছা প্রকাশ করিয়াছেন যে এই খণ্ডে বা প্রথম খণ্ডের দ্বিতীয় সংস্করণে উপনিষদের দার্শনিক ও ধর্ম্মসম্বন্ধীয় মত বিষয়ে একটী ভূমিকা লিখিত হয়। এই অনুরোধ সম্বন্ধে আমার বক্তব্য এই যে উল্লিখিত একাদশ খানা উপনিষদ্ সম্পূর্ণরূপে প্রকাশিত না হইলে এরূপ ভূমিকা সন্তোষকর হওয়ার সম্ভাবনা নাই। প্রথমতঃ, উপনিষদুক্ত মত ব্যাখ্যা করিতে হইলে বিশেষ বিশেষ মতের প্রমাণরূপে উপনিষদের বিশেষ বিশেষ স্থান নির্দ্দেশ করিতে হইবে। প্রমাণ-স্থানীয় সমুদায় শ্রুতি পাঠকের সম্মুখে না থাকিলে এরূপ নির্দ্দেশ, এরূপ প্রমাণ-প্রয়োগ, সম্ভবপর নহে। দ্বিতীয়তঃ, উপনিষদের অনেকগুলি উক্তি আপাততঃ পরস্পর-বিরোধী বলিয়া বোধ হয়। এরূপ আপাত-বিরুদ্ধ শ্রুতিসমূহের সমন্বয় করিতে যাইয়া বৈদান্তিকগণ দ্বৈতবাদ, অদ্বৈতবাদ, বিশিষ্টাদ্বৈতবাদ, শুদ্ধাদ্বৈতবাদ, অনির্ব্বচনীয়-ভেদাভেদবাদ বা দ্বৈতাদ্বৈতবাদ প্রভৃতি নানা মতবাদ সৃষ্টি করিয়াছেন। যিনি এখন উপনিষদের ব্যাখ্যায় প্রবৃত্ত হইবেন, তাঁহাকে হয় এই সকল মতসমূহের কোন না কোনটীর আশ্রয় লইতে হইবে, না হয় একটী নূতন মতবাদ সৃষ্টি করিতে হইবে। যে-কোন প্রণালীই অবলম্বিত হউক, নিজ প্রণালীর সমর্থন ও বিরুদ্ধ প্রণালীর খণ্ডন বহু যত্ন ও সময়-সাপেক্ষ। সাধ্যানুসারে আমি এই শ্রম ও সময়ব্যয় উভয়ই করিতে প্রস্তুত আছি। কিন্তু তৎপূর্ব্বে উপনিষদের সহিত বঙ্গীয় পাঠকের সাধারণ পরিচয় করান একান্ত আবশ্যক, এবং সম্প্রতি এই কার্য্যই আমার কর্ম্মক্ষমতা ও অবকাশের পক্ষে যথেষ্ট, সুতরাং এই কার্য্য সম্পূর্ণ না হইলে কার্য্যান্তরে হস্তক্ষেপ করা অসম্ভব।

কিন্তু, বেদের অন্যান্য বিভাগের সহিত উপনিষদের সম্বন্ধ, উপনিষৎ-সমূহের ভিন্ন ভিন্ন নাম ও শাখা, এবং তদন্তর্ভূত বিষয়সমূহের সাধারণ বিবরণ, এই সকল বিষয় লইয়া একটী ভূমিকা লেখা আবশ্যক বোধ হইতেছে, সুতরাং এরূপ একটী ভূমিকা এই খণ্ডে প্রদত্ত হইল। ইহাতে প্রসঙ্গক্রমে কোন কোন বিষয়ের সংক্ষিপ্ত ব্যাখ্যাও আছে।

গভীর কৃতজ্ঞতার-সহিত স্বীকার করিতেছি যে এই খণ্ডের ব্যাখ্যা রচনায় আমি শঙ্করশিষ্য শ্রীমদানন্দগিরি-কৃত টীকা, অধ্যাপক ম্যাক্ষমুলর-কৃত উপনিষদের ইংরেজি অনুবাদ এবং অধ্যাপক গফের "ফিলসফি অব্ দি উপনিষদ্স্" গ্রন্থে স্থিত শ্বেতাশ্বতরের অনুবাদ হইতে বিশেষ সাহায্য প্রাপ্ত হইয়াছি॥

ওঁ ব্রহ্মকৃপা হি কেবলম্।

কলিকাতা, ব্রাহ্মপল্লী,
২১০।৩।২, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্।
আষাঢ়, ১৩০২ বঙ্গাব্দ।

শ্রীসীতানাথ দত্ত।

ওঁ সচ্চিদানন্দমদ্বয়ং ব্রহ্ম।

ভূমিকা।

স্মরণাতীত কাল হইতে বংশ ও গুরু পরম্পরায় আগত, দেবস্তুতি, যজ্ঞ তপস্যাদির বিধান, ব্রহ্মোপাসনা ও ব্রহ্মজ্ঞানাত্মক বচনাবলীর নাম বেদ। গুরূপদেশ শ্রবণরূপ উপায়ে বেদ রক্ষিত হইয়া আসিতেছে, এই জন্য ইহার অপর নাম শ্রুতি। যজ্ঞে হোতৃ, অধ্বর্য্যু ও উদ্গাতৃ, এই তিন শ্রেণীর পুরোহিত কার্য্য করেন। ইহাঁদের কার্য্যসৌষ্ঠবের জন্য বেদমন্ত্রসমূহ ঋক্, যজুঃ ও সাম এই তিন ভাগে বিভক্ত হয়। পদ্যাত্মক মন্ত্রের নাম ঋক্, গদ্যাত্মক মন্ত্র যজুঃ, ও সঙ্গীতাত্মক মন্ত্র সাম। এক একটী ভাগকে এক একটী সংহিতা বলে। যজ্ঞের তত্ত্বাবধায়ক ব্রাহ্মণের ব্যবহারার্থ উক্ত তিন ভাগ হইতে অতিরিক্ত মন্ত্রসমষ্টিতে 'অথর্ব্ব সংহিতা' সঙ্কলিত হইয়াছে।

মন্ত্রের বিভাগানুসারে মন্ত্রাধ্যায়ী ঋত্বিক্‌গণ ভিন্ন ভিন্ন শ্রেণীতে বিভক্ত হইলেন। দেশ ও কালের ব্যবধান বশতঃ প্রত্যেক শ্রেণী আবার ভিন্ন ভিন্ন শাখায় বিভক্ত হইলেন। একই সংহিতার ভিন্ন ভিন্ন শাখার মধ্যে মন্ত্রের 'আকৃতি', সংস্থান ও সংখ্যা সম্বন্ধে অল্পাধিক প্রভেদ হইয়া পড়িল। এই সকল ভিন্ন ভিন্ন শাখা বা সম্প্রদায় সম্বন্ধে যথাস্থানে কিঞ্চিৎ বলিব।

মন্ত্রের ব্যাখ্যা, প্রয়োগ-বিধি ও অন্যান্য বিষয় সংবলিত বেদাংশের নাম 'ব্রাহ্মণ'। সংহিতা ভেদে ব্রাহ্মণ ভিন্ন ভিন্ন, এমন কি শাখাভেদেও ব্রাহ্মণের ভিন্নতা আছে। ব্রাহ্মণসমূহের অভ্যন্তরে, অথবা স্থলবিশেষে ব্রাহ্মণ হইতে ভিন্ন, কতিপয়

বেদাংশ আছে, সেই সকল বেদাংশের নাম 'আরণ্যক'। 'ব্রাহ্মণ' বা 'আরণ্যকে'র ব্রহ্মপ্রতিপাদক অংশের নাম 'উপনিষদ্'। কিন্তু কোন কোন উপনিষদ্ সংহিতাতেও সন্নিবিষ্ট আছে। উপ ও নি পূর্ব্বক সদ্ ধাতুতে ক্বিপ্ প্রত্যয় যোগে 'উপনিষদ্' পদ সিদ্ধ হইয়াছে। এই শব্দের ধাত্বর্থ সম্বন্ধে বিস্তর মতভেদ দৃষ্ট হয়। অনেকে 'সদ্' ধাতুর 'বিনাশ' অর্থ গ্রহণ করিয়া, "যদ্দ্বারা অবিদ্যা ও বাসনা বিনষ্ট হয়" 'উপনিষদের' এই অর্থ করেন। 'উপ' এই উপসর্গের 'নিকট' অর্থ, 'নি' এই উপসর্গের 'বিশেষরূপে' অর্থ এই 'সদ' ধাতুর 'গমন' অর্থ গ্রহণ করিলে 'উপনিষদ্' শব্দের এই অর্থ সিদ্ধ হয়—"যাহা গুরুর নিকট বিশেষরূপে গমন করিয়া শিক্ষা করা যায়"। ধাত্বর্থ যাহাই হইক, 'উপনিষদ্' শব্দে সাধারণতঃ গভীর ও গূঢ় ব্রহ্মজ্ঞান ও তৎপ্রতিপাদক গ্রন্থকে বুঝায়।

এখন, এই সংস্করণে প্রকাশিত নয় খানি উপনিষদের নাম, ঋষি ও প্রত্যেকের অন্তর্গত বিষয় সম্বন্ধে সংক্ষেপে কিঞ্চিৎ বলা যাইতেছে। আমরা উপনিষদের চলিত ক্রম পরিত্যাগ করিয়া এস্থলে বেদের বিভাগ ও শাখা অনুসারে উপনিষৎসমূহের উল্লেখ করিব।

১। ঋগ্বেদীয়া ঐতরেয়োপনিষৎ। এই উপনিষৎ ঋগ্বেদীয় ঐতরেয় আরণ্যকের অন্তর্গত। ঐতরেয় (অর্থাৎ ইতরা-নন্দন) মহিদাস ইহার দ্রষ্টা বা রচয়িতা। যাঁহারা বেদকে অপৌরুষেয় অর্থাৎ নিত্য বলিয়া স্বীকার করেন তাঁহাদের মতে বেদের রচয়িতা কেহ নাই; ঋষিগণ ইহার দ্রষ্টা মাত্র। শারীরক মীমাংসায় 'অপৌরুষেয়ত্বে'র যে ব্যাখ্যা দেওয়া হইয়াছে, তদনুসারে বেদকে অপৌরুষেয় বলিতে কাহারও আপত্তি হইতে পারে না। সেই অর্থ স্মরণ রাখিয়া ব্যাবহারিক অর্থে 'রচয়িতা' শব্দও ব্যবহৃত

হইতে পারে। যাহা হউক, ঐতরেয়-উপনিষদের প্রথমাধ্যায়ে কবিত্বের ভাষায় সৃষ্টিতত্ত্ব ব্যাখ্যাত হইয়াছে, দ্বিতীয়াধ্যায়ে সংক্ষেপে জন্মান্তর ও অমৃতত্ব প্রাপ্তির বর্ণনা করা হইয়াছে এবং তৃতীয়াধ্যায়ে ব্রহ্মের সর্ব্বাধারত্ব প্রতিপাদিত হইয়াছে। এই তৃতীয়াধ্যায়কে বেদান্ত দর্শনের একটী সুদৃঢ় ভিত্তি বলা যাইতে পারে।

২। শুক্ল-যজুর্ব্বেদীয়া ঈশোপনিষৎ। ইহার প্রথম শব্দ 'ঈশা' হইতে ইহার নাম 'ঈশোপনিষৎ' হইয়াছে। ইহার অপর নাম 'বাজসনেয়-সংহিতোপনিষৎ'। যজুর্ব্বেদের দুই শাখা, শুক্ল ও কৃষ্ণ। এই শাখা-ভেদ সম্বন্ধে একটী জনশ্রুতি আছে। যজুর্ব্বেদাধ্যায়ী বাজসনেয় যাজ্ঞবল্ক্য ও তদীয় গুরু বৈশম্পায়ন, এই দুই ঋষির মধ্যে কোন বিষয়ে মনান্তর হওয়াতে বৈশম্পায়ন যাজ্ঞবল্ক্যকে অধীত বেদ প্রত্যর্পণ করিতে আদেশ করেন। বৈশম্পায়নের অন্যতম শিষ্য তিত্তিরি যাজ্ঞবল্ক্য হইতে উক্ত বেদ উদ্ধার করিয়া লয়েন। একটী জনপ্রবাদ এই যে বৈশম্পায়নের শিষ্যগণ তিত্তিরি পক্ষী রূপে যাজ্ঞবল্ক্যের উদ্গীর্ণ বেদ উদরস্থ করেন। যাজ্ঞবল্ক্য উক্ত বেদ-ব্যবহারে বঞ্চিত হইয়া 'বাজসনেয় সংহিতা' রচনা করেন। যাজ্ঞবল্ক্য-প্রণীত এই সংহিতার নাম 'শুক্ল-যজুর্ব্বেদ' ও তদীয় পরিত্যক্ত সংহিতার নাম 'তৈত্তিরীয়-সংহিতা' বা 'কৃষ্ণ-যজুর্ব্বেদ' হইল। ঈশোপনিষৎ এই বাজসনেয় সংহিতার অঙ্গীভূত বলিয়া ইহার অপর নাম বাজসনেয়-সংহিতোপনিষৎ। ইহাতে প্রধানতঃ এই শিক্ষা দেওয়া হইয়াছে যে জ্ঞান ও কর্ম্ম উভয়ই অনুসরণীয়, ঈশ্বর ও প্রকৃতি উভয়ের দিকেই মনোযোগ দেওয়া কর্ত্তব্য, দুয়ের একতর পথ অবলম্বনে পরমার্থ লাভ হয় না। ব্রহ্মস্বরূপ ও ব্রহ্মজ্ঞান সম্বন্ধেও ইহাতে কয়েকটী অতি সুন্দর বচন আছে।

৩। কৃষ্ণ-যজুর্ব্বেদীয় কঠোপনিষৎ। এই উপনিষৎ অতি প্রসিদ্ধ। ইহা ব্রহ্মপ্রতিপাদক অতি মনোহর শ্লোকে পরিপূর্ণ। ইহার প্রথম বল্লীতে বাজশ্রবার পুত্র নচিকেতার পিতৃ-সত্য রক্ষার্থ যমালয়ে গমনের আখ্যায়িকা আছে। নচিকেতা মৃত্যুর নিকট আত্মজ্ঞানের প্রার্থী হইলে, মৃত্যু তাঁহাকে নানা প্রলোভন দেখাইয়া তাঁহার দৃঢ়তা পরীক্ষা করিলেন। নচিকেতা কিছুতেই সঙ্কল্প পরিত্যাগ করিলেন না, অধিকন্তু আপাত-সুখকর বিষয়সমূহের অসারতা কীর্ত্তন করিলেন। দ্বিতীয়াধ্যায়ে যম নচিকেতার জ্ঞান-পিপাসার প্রশংসা করিয়া তাঁহার নিকট সংক্ষেপে আত্মতত্ত্ব ব্যাখ্যা করিলেন। তৃতীয়াধ্যায়ে প্রধানতঃ চিত্ত-শুদ্ধির প্রয়োজনীয়তা কীর্ত্তিত হইয়াছে। চতুর্থাধ্যায়ে প্রধানতঃ আত্মার একত্ব প্রতিপাদিত হইয়াছে। পঞ্চমাধ্যায়ে প্রধানতঃ পরমাত্মার সর্ব্বরূপত্ব ও সর্ব্বব্যাপিত্ব ব্যাখ্যাত হইয়াছে। ষষ্ঠাধ্যায়ে আত্মানাত্মবিবেক ও যোগবিধি বর্ণিত হইয়াছে।

৪। কৃষ্ণ-যজুর্ব্বেদীয় তৈত্তিরীয়োপনিষৎ। এই উপনিষৎ তৈত্তিরীয় আরণ্যকের অন্তর্ভূত। ইহার প্রথমাধ্যায় বা শিক্ষা-বল্লীতে জগতে ব্রহ্মোপলব্ধির সহায়রূপে কতিপয় ধ্যান ও তৎপরে শিক্ষার্থীর পালনীয় কতিপয় উপদেশ প্রদত্ত হই-য়াছে। দ্বিতীয়াধ্যায় বা ব্রহ্মানন্দবল্লীতে প্রথমতঃ আত্মার অন্নাদি পঞ্চ কোষ বর্ণিত হইয়াছে। এই পঞ্চকোষের বর্ণনা কবিত্বপূর্ণ এবং স্থানে স্থানে অতি দুর্ব্বোধ্য হইলেও বেদান্তদর্শন বুঝিবার পক্ষে নিতান্ত প্রয়োজনীয়। যথাসময়ে ইহার বিস্তৃত ব্যাখ্যা করিবার সঙ্কল্প আছে। এই বর্ণনার পর নানাজাতীয় জীবের সুখ-তারতম্য দেখাইয়া ব্রহ্মানন্দের পরাকাষ্ঠা ব্যাখ্যাত হইয়াছে। তৃতীয়াধ্যায় বা ভৃগুবল্লীতে বরুণ ও তৎপুত্র ভৃগুর কথোপকথনচ্ছলে পুনরায় পঞ্চকোষ বর্ণিত হইয়াছে ও ব্রহ্মজ্ঞান-

লাভে তপস্যার আবশ্যকতা প্রতিপাদিত হইয়াছে। শেষভাগে ব্রহ্মজ্ঞের স্তুত্যর্থ অনেক কথা বলা হইয়াছে। এই উপনিষৎ সাধারণতঃ দুর্ব্বোধ হইলেও ইহা কতিপয় প্রসিদ্ধ উক্তির আধার ও বেদান্তদর্শনের বিশেষ প্রমাণ-স্থানীয়।

৫। কৃষ্ণযজুর্ব্বেদীয়া শ্বেতাশ্বতরোপনিষৎ। এই উপনিষদের শেষভাগে বলা হইয়াছে যে শ্বেতাশ্বতর নামক ঋষি ইহা শ্রেষ্ঠ আশ্রমীদের নিকট কীর্ত্তন করিয়াছিলেন। 'শ্বেতাশ্বতর' কৃষ্ণ-যজুর্ব্বেদের একটী শাখার প্রকাশয়িতার নামও প্রসিদ্ধ। এই উপনিষৎ অতি মনোহর ও সমাদৃত। মহাত্মা শঙ্কর ইহার একটী বিশেষ ভাষ্য রচনা করিয়াছেন। এই উপনিষদের কাল ও মতামত সম্বন্ধে পাশ্চাত্য পণ্ডিত সমাজে নানা মতভেদ ও তর্কবিতর্ক চলিয়াছে, আমরা সম্প্রতি তাহাতে হস্তক্ষেপ করিব না, তবে উল্লিখিত দশ খানা উপনিষদের সহিত কোন কোন বিষয়ে ইহার পার্থক্য উল্লেখ করিব মাত্র। (১) ইহাতে ব্রহ্ম 'দেব', 'শিব', 'হর', 'রুদ্র', এই সকল চলিত নামে অভিহিত হইয়াছেন, অন্যান্য উপনিষদে এই সকল নাম দেখিতে পাওয়া যায় না। (২) ইহাতে 'মায়া' শব্দের স্পষ্ট ও বহুল ব্যবহার দেখা যায়। (৩) ইহাতে 'সাংখ্য' ও 'কপিল' শব্দের উল্লেখও দেখিতে পাওয়া যায়, কিন্তু উক্ত শব্দদ্বয় আধুনিক অর্থে ব্যবহৃত হইয়াছে কিনা সংশয়স্থল। (৪) ইহাতে পরবর্ত্তী সময়ের 'ভক্তির' আভাসও পাওয়া যায়। এই উপনিষদে এত বিষয়ের অবতারণা করা হইয়াছে, এবং এমন উচ্চ ভাষায় ও বিচিত্র প্রণালীতে ব্রহ্মস্বরূপ এবং জগৎ ও জীবের সহিত ব্রহ্মের সম্বন্ধ প্রতিপাদিত হইয়াছে, যে ইহার বর্ণিত বিষয়ের একটী সংক্ষিপ্ত বিবরণ দেওয়া তাদৃশ সম্ভবপর নহে। এস্থলে ইহার প্রতিপাদিত বিষয়সমূহের উল্লেখ মাত্র করিব। (১) ব্রহ্মের বিশ্বাতীত নির্গুণভাব। (২) তাঁহার বিশ্বরূপ সগুণভাব। (৩)

দেবাত্মশক্তি বা প্রকৃতি ও ইহার ভিন্ন ভিন্ন রূপ। (৪) ব্রহ্ম ও জীবের সম্বন্ধ। (৫) ব্রহ্মদর্শন ও ব্রহ্মলাভের সাধন-প্রণালী। (৬) মুক্তি।

৬। সামবেদীয় কেনোপনিষৎ। ইহার প্রথম শব্দ 'কেন' হইতে এই নাম হইয়াছে। ইহা সামবেদীয় তলবকার শাখার অন্তর্গত, এইজন্য ইহার অপর নাম তলবকারোপনিষৎ। ব্রহ্মই যে আমাদের সকল ইন্দ্রিয়ের শক্তি ও পরিচালক, এবং দেবগণ নিজ নিজ বলসম্বন্ধে অভিমানী হইয়া উঠিলে কিরূপে ব্রহ্মবিদ্যার সাহায্যে জানিয়াছিলেন যে ব্রহ্মই সমুদায় শক্তির আধার, এই সত্য ইহাতে ব্যাখ্যাত হইয়াছে।

৭। অথর্ব্ববেদীয় প্রশ্নোপনিষৎ। ইহাতে পিপ্পলাদ ঋষির ছয় জন শিষ্যের জিজ্ঞাসিত ছয়টী প্রশ্নের উত্তর প্রদত্ত হইয়াছে, এই জন্য ইহার নাম প্রশ্নোপনিষৎ। ইহার এক একটী অধ্যায়ের নাম এক একটী প্রশ্ন। প্রথম প্রশ্নে আদি ভূত ও আদি চৈতন্য হইতে সমুদায় প্রাণীর উৎপত্তি কথিত হইয়াছে। চন্দ্র ভূতের এবং সূর্য্য চৈতন্যের প্রতিমা স্বরূপ। যাহারা ভৌতিক জীবনেই সন্তুষ্ট, যাহারা বাহ্যিক ফলপ্রদ যাগ যজ্ঞাদিরই অনুসরণ করে, তাহারা চন্দ্রলোকে গমন করে, ও পুণ্যফল-ক্ষয়ে জন্মান্তর গ্রহণ করে। এই পথের নাম পিতৃযান্। আর, যাঁহারা জ্ঞানাদি যোগে আত্মার অর্থাৎ পরমাত্মার অন্বেষণ করেন, তাঁহারা সূর্য্যলোকে গমন করিয়া ব্রহ্মপ্রাপ্ত হয়েন, তাঁহাদের আর পুনর্জ্জন্ম হয় না। এই পথের নাম দেবযান। দ্বিতীয় প্রশ্নে শরীরধারক শক্তিসমূহের মধ্যে প্রাণের শ্রেষ্ঠত্ব প্রতিপন্ন হইয়াছে, এবং প্রাণকে পরব্রহ্ম হইতে প্রথমোৎপন্ন জগদাত্মা হিরণ্যগর্ভরূপে স্তুতি করা হইয়াছে। তৃতীয়প্রশ্নে এই হিরণ্যগর্ভরূপী প্রাণের শারীর ও জাগত ভিন্ন ভিন্ন প্রকাশ ব্যাখ্যাত হইয়াছে। চতুর্থ প্রশ্নে, নিদ্রাকালে

সমুদায় বিষয় ও ইন্দ্রিয় মনে একীভূত হয় এবং সুষুপ্তিতে মন, বিষয় ও বিজ্ঞানাত্মা অর্থাৎ জীবাত্মা সমস্তই পরমাত্মাতে প্রতিষ্ঠিত হয়, তিনিই সমুদায়ের প্রতিষ্ঠা, এই সত্য শিক্ষা দেওয়া হইয়াছে। পঞ্চমাধ্যায়ে ওঁকারের আংশিক ও পূর্ণ সাধনের ফল কথিত হইয়াছে। ষষ্ঠাধ্যায়ে ষোড়শ-কল পুরুষ ও পরম পুরুষে এই ষোড়শ কলার লয়ের দ্বারা অমরত্বলাভের কথা বর্ণিত হইয়াছে।

৮। অথর্ব্ববেদীয়া মুণ্ডকোপনিষৎ। 'মুণ্ডক' অর্থে ক্ষুর; ক্ষুর যেমন নিঃশেষরূপে কেশ ছেদন করে, এই উপনিষৎ তেমনই নিঃশেষরূপে অবিদ্যা ছেদন করে, এই জন্য ইহার নাম 'মুণ্ডকোপ-নিষৎ'। অধ্যাপক ম্যাক্ষমূলর এই উপনিষদের কোন কোন বাক্য ও ভাবের সহিত বৌদ্ধ ভাষা ও মতের সাদৃশ্য দেখিয়া অনুমান করেন যে ইহা কোন বৌদ্ধভাবাপন্ন হিন্দুর লেখা। বৌদ্ধ সন্ন্যাসী দিগকে ব্যঙ্গার্থে 'মুণ্ডক' অর্থাৎ 'মুণ্ডিতমস্তক' বা 'নেড়া' বলা হইত। এই উপনিষৎ এক জন মুণ্ডকের লেখা বলিয়া ইহার নাম 'মুণ্ডকোপানিষৎ'। যাহা হউক, এই উপনিষদের শিক্ষা অতি উচ্চ-ভাবযুক্ত। ইহা তিনটি মুণ্ডকে বিভক্ত, এবং প্রত্যেক মুণ্ডক আবার দুই খণ্ডে বিভক্ত। প্রথম মুণ্ডকে পরা ও অপরা বিদ্যার বিভাগ করণানন্তর অপরা বিদ্যা অর্থাৎ কর্ম্মকাণ্ডানুসরণের ফল বর্ণিত হইয়াছে। এই ফল,— অস্থায়ী কালের জন্য স্বর্গপ্রাপ্তি। দ্বিতীয় মুণ্ডকে ব্রহ্মের স্বরূপ এবং প্রণবযোগে ব্রহ্মসাধন উপদিষ্ট হই-য়াছে। তৃতীয় মুণ্ডকে ব্রহ্মসাধন ও তাহার ফল এবং শেষভাগে ব্রহ্মনির্ব্বাণের কথা বলা হইয়াছে।

৯। অথর্ব্ববেদীয়া মাণ্ডুক্যোপনিষৎ। বোধ হয় মণ্ডুক নামক কোন ঋষির রচিত বলিয়া এই উপনিষদের নাম মাণ্ডুক্যো-পনিষৎ। এই উপনিষদে অপেক্ষাকৃত আধুনিক বেদান্ত মতের

সংক্ষিপ্ত বিবরণ দেখিতে পাওয়া যায়। ওঁকার ব্যাখ্যার ব্যপদেশে ঋষি আত্মার জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই তিন অবস্থা, এবং এই অবস্থাত্রয়ের অতীত নিত্য অপরিবর্ত্তনীয় চতুর্থ অবস্থার বর্ণনা করিয়াছেন। তিনি উক্ত অবস্থাত্রয়কে বৈশ্বানর, তৈজস্ ও প্রাজ্ঞ নামে অভিহিত করিয়াছেন, এবং চতুর্থ অবস্থার কোন নাম না দিয়া উহাকে 'শান্তং শিবমদ্বৈতং' বলিয়া বর্ণনা করিয়াছেন এবং ইহাকেই পরম পদ বলিয়াছেন। তৎপরে, ওঁকারের অ,উ,ম, এই তিন মাত্রাকে উক্ত তিন অবস্থার এবং অমাত্র পূর্ণ ওঁকারকে চতুর্থাবস্থা বা পরমাত্মার জ্ঞাপক রূপে ব্যাখ্যা করিয়াছেন। বিশেষ জ্ঞানেচ্ছু পাঠকগণ "বেদান্তসার" নামক আধুনিক বেদান্ত গ্রন্থে ব্রহ্মের এই চতুর্ব্বিধ প্রকাশের বিস্তৃত ব্যাখ্যা দেখিতে পাইবেন।

ভূমিকান্তে পাঠকগণকে উপনিষদের সাক্ষাৎ অধ্যয়নে উন্মুখ জানিয়া নমস্কারান্তে বিদায় হই। যদি ঈশ্বরেচ্ছা থাকে, তবে পুনরায় 'ছান্দোগ্য'-হস্তে তাঁহাদের সম্মুখে উপস্থিত হইব॥

ওঁ ব্রহ্মকৃপা হি কেবলম্॥
শান্তিঃ শান্তিঃ শান্তিঃ হরিঃ ওঁ॥

সম্পাদকস্য।

সূচীপত্রম্।

	পৃষ্ঠা
মুখবন্ধ	৵০
ভূমিকা	।০
তৈত্তিরীয়োপনিষৎ	
প্রথমা বল্লী	১
দ্বিতীয়া বল্লী	২২
তৃতীয়া বল্লী	৪০
ঐতরেয়োপনিষৎ	
প্রথমোঽধ্যায়ঃ	৫২
দ্বিতীয়োঽধ্যায়ঃ	৬৫
তৃতীয়োঽধ্যায়ঃ	৬৯
শ্বেতাশ্বতরোপনিষৎ	
প্রথমোঽধ্যায়ঃ	৭৩
দ্বিতীয়োঽধ্যায়ঃ	৮৪
তৃতীয়োঽধ্যায়ঃ	৯২
চতুর্থোঽধ্যায়ঃ	১০২
পঞ্চমোঽধ্যায়ঃ	১১৩
ষষ্ঠোঽধ্যায়ঃ	১২০

তৈত্তিরীয়োপনিষৎ।

(কৃষ্ণযজুর্ব্বেদীয়া)

প্রথমা বল্লী বা শিক্ষাধ্যায়ঃ।

—∽—

হরিঃ ॥ ওঁ ॥

শং নো মিত্রঃ শং বরুণঃ। শং নো ভবত্বর্য্যমা।
শং ন ইন্দ্রো বৃহস্পতিঃ। শং নো বিষ্ণুরুরুক্রমঃ। *

নমো ব্রহ্মণে। নমস্তে বায়ো। ত্বমেব প্রত্যক্ষং ব্রহ্মাসি। ত্বামেব প্রত্যক্ষং ব্রহ্ম বদিষ্যামি। ঋতং বদিষ্যামি। সত্যং বদি-

হরিঃ। ওঁ। মিত্রঃ (প্রাণবৃত্তেঃ অহ্নঃ চ অভিমানী দেবতাত্মা) নঃ (অস্মাকম্) শং (সুখং, কল্যাণকৃৎ) [ভবতু, তথা] বরুণঃ (অপানবৃত্তেঃ রাত্রেঃ চ অভিমানী দেবতাত্মা) শং [ভবতু]। অর্য্যমা (চক্ষুষি আদিত্যে বা অভিমানী দেবতাত্মা) নঃ শং ভবতু। ইন্দ্রঃ (বলে অভিমানী), বৃহস্পতিঃ (বাচি বুদ্ধৌ চ অভিমানী) শং [ভবতাম্]। উরুক্রমঃ (উরুঃ বিস্তীর্ণঃ ক্রমঃ পাদক্ষেপঃ যস্য সঃ) বিষ্ণুঃ নঃ শং [ভবতু]।

হরিঃ। ওঁ। (প্রাণবৃত্তি ও দিবসের অভিমানী দেবতা †) মিত্র আমাদের কল্যাণকারী [হউন], (অপানবৃত্তি ও রাত্রির অভিমানী দেবতা বরুণ [আমাদের] কল্যাণকারী [হউন], (চক্ষু বা আদিত্যের অভিমানী দেবতা) অর্য্যমা আমাদের কল্যাণকারী হউন।

---

* ঋক্ ১। ৯০। ৯।

† 'আমি প্রাণবৃত্তি', 'আমি দিবস' এই অভিমান অর্থাৎ অহংবোধ যাঁহার।

ষ্যামি। তন্মামবতু। তদ্বক্তারমবতু। অবতু মাম্। অবতু বক্তারম্। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥ ১ ॥ ইতি প্রথমোঽনুবাকঃ ॥

ব্রহ্মণে নমঃ। হে বায়ো তে (তুভ্যম্) নমঃ। ত্বম্ এব প্রত্যক্ষম্ (ইন্দ্রিয়গোচরম্) ব্রহ্ম অসি। ত্বাম্ এব প্রত্যক্ষম্ ব্রহ্ম বদিষ্যামি। ঋতম্ (যথাবক্তব্যম্) বদিষ্যামি। সত্যম্ বদিষ্যামি। তৎ (ব্রহ্ম) মাম্ অবতু রক্ষতু)। তৎ বক্তারম্ (আচার্য্যম্) অবতু। মাম্ অবতু। বক্তারম্ অবতু। (পুনর্ব্বচনম্ আদরার্থম্)। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ (ত্রিবচনম্ আধ্যাত্মিক-আধিভৌতিক-আধিদৈবিকানাম্ বিদ্যাপ্রাপ্তি-বিঘ্নানাম্ প্রশমনার্থম্। 'আধ্যাত্মিকম্' আত্মসম্বন্ধি; আধিভৌতিকম্ ক্ষিত্যাদিভূতজনিতম্; 'আধিদৈবিকম্' ইন্দ্রবায়্বাদি-দেবকৃতম্॥ ১ ॥

ইতি প্রথমঃ অনুবাকঃ (বেদাংশঃ)॥

(বলাভিমানী দেবতা) ইন্দ্র এবং (বাক্য ও বুদ্ধির অভিমানী দেবতা) বৃহস্পতি আমাদের কল্যাণকারী হউন। উরুক্রম (অর্থাৎ বিস্তীর্ণ-পাদক্ষেপকারী) বিষ্ণু আমাদের কল্যাণকারী হউন। ব্রহ্মকে নমস্কার। হে বায়ো, তোমাকে নমস্কার। তুমিই প্রত্যক্ষ (অর্থাৎ ইন্দ্রিয়গোচর) ব্রহ্ম। তোমাকেই প্রত্যক্ষ ব্রহ্ম বলিব। ঋত (অর্থাৎ যথাবক্তব্য) ঘোষণা করিব। সত্য ঘোষণা করিব। তিনি (অর্থাৎ ব্রহ্ম) আমাকে রক্ষা করুন। তিনি বক্তাকে (অর্থাৎ আচার্য্যকে) রক্ষা করুন। আমাকে রক্ষা করুন। বক্তাকে রক্ষা করুন (পুনর্ব্বচন আদরার্থ)। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ (আধ্যাত্মিক অর্থাৎ আত্মসম্বন্ধী, আধিভৌতিক অর্থাৎ ক্ষিত্যাদি-ভূত-জনিত, ও আধিদৈবিক অর্থাৎ ইন্দ্র বায়ু প্রভৃতি দেবতাকৃত ;—বিদ্যালাভের এই ত্রিবিধ বিঘ্ন উপশমার্থ তিনবার শান্তিবাচন)॥ ১ ॥

ইতি প্রথম অনুবাক (অর্থাৎ প্রথম বেদাংশ)॥

ওঁ শীক্ষাং ব্যাখ্যাস্যামঃ। বর্ণঃ স্বরঃ। মাত্রা বলম্। সাম সন্তানঃ। ইত্যুক্তঃ শীক্ষাধ্যায়ঃ ॥ ২ ॥ ইতি দ্বিতীয়োঽনুবাকঃ ॥

সহ নৌ যশঃ। সহ নৌ ব্রহ্মবর্চ্চসম্। অথাতঃ সংহিতায়া উপনিষদং ব্যাখ্যাস্যামঃ। পঞ্চস্বধিকরণেষু। অধিলোকমধিজ্যৌতিষমধিবিদ্যমধিপ্রজমধ্যাত্মম্। তা মহাসংহিতা ইত্যাচক্ষতে। অথাধি-

ওঁ শীক্ষাম্ (শিক্ষ্যতে অনয়া ইতি বর্ণাদি-উচ্চারণ-লক্ষণম্; শিক্ষ্যন্তে ইতি বা শিক্ষা বর্ণাদয়ঃ, শিক্ষা এব শীক্ষা, দৈর্ঘ্যং ছান্দসং, তাম্) ব্যাখ্যা-(স্যামঃ। [ব্যাখ্যা-বিষয়াঃ—] বর্ণঃ (অকারাদিঃ), স্বরঃ (উদাত্তাদিঃ কণ্ঠ-ধ্বনিঃ), মাত্রাঃ (হ্রস্বাদ্যাঃ), বলম্ (শব্দরচনায়াং প্রযত্নবিশেষঃ)। সাম (বর্ণানাং মধ্যমবৃত্ত্যোচ্চারণ-সমতা), [তথা] সন্তানঃ (বর্ণসংযোগঃ)। ইতি শীক্ষাধ্যায়ঃ উক্তঃ ॥ ২ ॥ ইতি দ্বিতীয়ঃ অনুবাকঃ ॥

নৌ (আবয়োঃ, শিষ্যাচার্য্যয়োঃ), সহ (উভয়োঃ ইত্যর্থঃ) যশঃ [ভবতু]। সহ নৌ ব্রহ্মবর্চ্চসম্ (ব্রহ্মতেজঃ) [ভবতু]। অথ অতঃ সংহিতায়াঃ (সং-যোগস্য) উপনিষদং (দর্শনং, বিশিষ্টং জ্ঞানম্) ব্যাখ্যাস্যামঃ। পঞ্চসু (পঞ্চভিঃ) অধিকরণেষু (বিষয়-পর্য্যায়ৈঃ—ব্যাখ্যাস্যামঃ ইতি অন্বয়ঃ)। [কে

ওঁ। শিক্ষা (অর্থাৎ বর্ণাদি উচ্চারণ বা বর্ণাদি) ব্যাখ্যা করিব। [ব্যাখ্যার বিষয়—] বর্ণ (অর্থাৎ অকারাদি), স্বর (অর্থাৎ উদাত্ত প্রভৃতি কণ্ঠধ্বনি), মাত্রা (অর্থাৎ হ্রস্ব দীর্ঘ প্লুত), বল (অর্থাৎ শব্দরচনায় প্রযত্ন), সাম (অর্থাৎ মধ্যম বৃত্তিতে বর্ণোচ্চারণের সমতা) এবং সন্তান (অর্থাৎ বর্ণসংযোগ)। এই শিক্ষাধ্যায় বলা হইল। ('শীক্ষা' শব্দের দীর্ঘ ঈকার ছন্দের অনু-রোধে) ॥ ২ ॥ ইতি দ্বিতীয় অনুবাক ॥

আমাদের উভয়ের (অর্থাৎ শিষ্য ও আচার্য্যের) যশ [হউক]। আমাদের উভয়ের ব্রহ্মতেজ [হউক]। তৎপর সংহিতার উপ-নিষৎ (অর্থাৎ সংযোগের বিশেষ জ্ঞান) পঞ্চবিষয়ানুসারে ব্যাখ্যা

লোকম্। পৃথিবী পূর্ব্বরূপম্। দ্যৌরুত্তররূপম্। আকাশঃ সন্ধিঃ। বায়ুঃ সন্ধানম্। ইত্যধিলোকম্। অথাধিজ্যৌতিষম্। অগ্নিঃ পূর্ব্বরূপম্। আদিত্য উত্তররূপম্। আপঃ সন্ধিঃ। বৈদ্যুতঃ সন্ধানম্। ইত্যধিজ্যৌতিষম্। অথাধিবিদ্যম্। আচার্য্যঃ পূর্ব্বরূপম্। অন্তে-

তে বিষয়াঃ ইত্যাহ—] অধিলোকম্ (লোকেষু অধি যৎ দর্শনম্ তৎ অধিলোকম। লোকেষু অভিমানিনীনাং দেবতানাং ধ্যেয়ত্বম্ ইত্যর্থঃ)। অধিজ্যৌতিষম্ (জ্যোতিরভিমানিনীনাং দেবতানাং ধ্যেয়ত্বম্; এবং সর্ব্বত্রৈব দেবতা-ধ্যানম্ অভিপ্রেতম্)। অধিবিদ্যম্ [বিদ্যা-প্রতিবদ্ধম্ আচার্য্যাদি)। অধিপ্রজম্ (প্রজা-প্রতিবদ্ধং পিত্রাদি)। অধ্যাত্মম্ (আত্মানম্ ভোক্তারম্ অধিকৃত্য যৎ বর্ত্ততে, জিহ্বাদি ইত্যর্থঃ)। তাঃ মহাসংহিতাঃ ইতি আচক্ষতে (কথয়ন্তি—বেদবিদঃ)। অথ অধিলোকম্ [দর্শনম্ উচ্যতে]। (পৃথিবী পূর্ব্বরূপম্ (পূর্ব্বঃ বর্ণঃ পূর্ব্বরূপম্,—সংহিতায়াঃ পূর্ব্বে বর্ণে পৃথিবী-দৃষ্টিঃ কর্ত্তব্যা ইতি উক্তং ভবতি)। দ্যৌঃ (দ্যুলোকঃ) উত্তররূপম্। আকাশঃ সন্ধিঃ (সংযোগস্থানম্)। বায়ুঃ সন্ধানম্ (সংযোগকর্ত্তা)। ইতি অধিলোকঃ (ধ্যানম্ উক্তম্)। অথ অধিজ্যৌতিষম্। অগ্নিঃ পূর্ব্বরূপম্। আদিত্যঃ উত্তররূপম্। আপঃ (জলম্) সন্ধিঃ। বৈদ্যুতঃ সন্ধানম্। ইতি অধি-

করিব। [যথা] লোকসম্বন্ধী [দর্শন] (অর্থাৎ লোকসমূহের অভিমানী দেবতাদিগের ধ্যেয়ত্ব)। জ্যোতিষ্কসম্বন্ধী [দর্শন] (অর্থাৎ জ্যোতিষ্ক-মণ্ডলীর অভিমানী দেবতাদিগের ধ্যেয়ত্ব;—এইরূপে নিম্নলিখিত সমুদায় স্থলেই দেবতাধ্যান অভিপ্রেত)। বিদ্যাবিষয়ক [দর্শন] (অর্থাৎ বিদ্যার সহিত সম্বদ্ধ আচার্য্যাদির ধ্যান)। সন্তান-সম্বন্ধী [দর্শন] (অর্থাৎ সন্তান-সম্বদ্ধ পিত্রাদির ধ্যান)। দেহ-সম্বন্ধী [দর্শন] (অর্থাৎ জিহ্বাদির ধ্যান)। উহাদিগকে [বেদবিদেরা] "মহাসংহিতা" বলেন। এখন লোক-সম্বন্ধী দর্শন [কথিত হইতেছে—]। পৃথিবী পূর্ব্বরূপ (অর্থাৎ

বাষ্যুত্তররূপম্। বিদ্যা সন্ধিঃ। প্রবচনং সন্ধানম্। ইত্যধিবিদ্যম্। অথাধিপ্রজম্। মাতা পূর্ব্বরূপম্। পিতোত্তররূপম্। প্রজা সন্ধিঃ। প্রজননং সন্ধানম্। ইত্যধিপ্রজম্। অথাধ্যাত্মম্। অধরা হনুঃ পূর্ব্বরূপম্। উত্তরা হনুরুত্তররূপম্। বাক্ সন্ধিঃ। জিহ্বা সন্ধানম্। ইত্যধ্যাত্মম্। ইতীমা মহাসংহিতাঃ। য এবমেতা মহাসংহিতা

জ্যোতিষম্। অথ অধিবিদ্যম্। আচার্য্যঃ পূর্ব্বরূপম্। অন্তেবাসী (শিষ্যঃ) উত্তররূপম্। বিদ্যা সন্ধিঃ। প্রবচনম্ (বেদাধ্যয়নং) সন্ধানম্। ইতি অধিবিদ্যম্। অথ অধিপ্রজম্। মাতা পূর্ব্বরূপম্। পিতা উত্তররূপম্। প্রজা (সন্ততিঃ) সন্ধিঃ। প্রজননং (সন্তানোৎপাদনং) সন্ধানম্। ইতি অধিপ্রজম্। অথ অধ্যাত্মম্। অধরা (নিম্না) হনুঃ পূর্ব্বরূপম্। উত্তরা (উপরিস্থা) হনুঃ উত্তররূপম্। বাক্ সন্ধিঃ। জিহ্বা সন্ধানম্। ইতি অধ্যাত্মম্। ইতি ইমাঃ

সংহিতার পূর্ব্ববর্ণে পৃথিবী-দৃষ্টি করিতে হইবে)। দ্যুলোক উত্তররূপ (তাৎপর্য্য পূর্ব্ববৎ)। আকাশ সংযোগ-স্থান। বায়ু সংযোগকর্ত্তা। এই লোকসম্বন্ধী ধ্যান [কথিত হইল]। এখন জ্যোতিষ্কসম্বন্ধী ধ্যান [কথিত হইতেছে—]। অগ্নি পূর্ব্বরূপ। আদিত্য উত্তররূপ। জল সংযোগস্থান। বিদ্যুৎ সংযোগ-কর্ত্তা। এই জ্যোতিষ্ক-সম্বন্ধী ধ্যান [কথিত হইল]। এখন বিদ্যাসম্বন্ধী ধ্যান [কথিত হইতেছে—]। আচার্য্যপূর্ব্বরূপ। শিষ্য উত্তররূপ। বিদ্যা সংযোগ-স্থান। বেদাধ্যয়ন সংযোগের কারণ। এই বিদ্যা-সম্বন্ধী ধ্যান [কথিত হইল]। এখন সন্তানসম্বন্ধী ধ্যান [কথিত হইতেছে—]। মাতা পূর্ব্বরূপ। পিতা উত্তররূপ। সন্তান সংযোগ-স্থান। সন্তানোৎপাদন সংযোগের কারণ। এই সন্তান-সম্বন্ধী ধ্যান [কথিত হইল]। এখন দেহ-সম্বন্ধী ধ্যান [কথিত হইতেছে—]। নিম্ন হনু পূর্ব্বরূপ। উপরিস্থ হনু উত্তররূপ। বাক্য সংযোগ-স্থান। জিহ্বা সংযোগের কারণ। এই দেহ-সম্বন্ধী ধ্যান [কথিত হইল]। এই সমুদায়কেই মহা-

ব্যাখ্যাতা বেদ। সন্ধীয়তে প্রজয়া পশুভির্ব্রহ্মবর্চ্চসেনান্নাদ্যেন সুবর্গেণ লোকেন ॥ ৩ ॥ ইতি তৃতীয়োঽনুবাকঃ ॥

যশ্ছন্দসামৃষভো বিশ্বরূপঃ। ছন্দোভ্যোঽধ্যমৃতাৎ সম্বভূব। স মেন্দ্রো মেধয়া স্পৃণোতু। অমৃতস্য দেবধারণো ভূয়াসম্। শরীরং মে বিচর্ষণম্। জিহ্বা মে মধুমত্তমা। কর্ণাভ্যাং ভূরি বিশ্রুবম্। ব্রহ্মণঃ কোশোঽসি মেধয়া পিহিতঃ। শ্রুতং মে গোপায়।[আব-

মহাসংহিতাঃ। যঃ এবম্ এতাঃ মহাসংহিতাঃ ব্যাখ্যাতাঃ বেদঃ (জানাতি, ধ্যায়তি; 'উপাস্তে'-ইতি ভাষ্যকারঃ), [সঃ] প্রজয়া, পশুভিঃ, ব্রহ্মবর্চ্চসেন, অন্নাদ্যেন [তথা] স্বর্গেণ লোকেন সন্ধীয়তে (যুজ্যতে,—প্রজাদি ফলম্ আপ্নোতি ইত্যর্থঃ) ॥ ৩ ॥ ইতি তৃতীয়ঃ অনুবাকঃ॥

যঃ ছন্দসাম্ (বেদানাং) ঋষভঃ (প্রধানঃ) বিশ্বরূপ (সর্ব্ববাগ্ব্যাপ্তেঃ সর্ব্বরূপঃ) [ওঁকারঃ], যঃ অমৃতাৎ (অমৃতেভ্যঃ, অমৃতত্বহেতুভূতেভ্যঃ) ছন্দোভ্যঃ (বেদেভ্যঃ) অধিসম্বভূব, সঃ ইন্দ্রঃ (ঐশ্বর্য্যশালী) মা (মাম্) মেধয়া (প্রজ্ঞয়া) স্পৃণোতু (বলয়তু)। হে দেব, [অহম্] অমৃতস্য (অমৃতত্বহেতুভূতস্য ব্রহ্ম-জ্ঞানস্য) ধারণঃ (ধারয়িতা) ভূয়াসম্ (ভবেয়ম্)। শরীরং মে বিচর্ষণম্ (বিচক্ষণং, যোগ্যম্) [ভূয়াৎ]। জিহ্বা মে মধুমত্তমা (অতিশয়েন মধুর-

সংহিতা [বলে]। এই ব্যাখ্যাত মহাসংহিতা-সমূহকে যিনি এই-রূপে জানেন (বা ধ্যান করেন), তিনি সন্তান, পশু, ব্রহ্মতেজ, অন্নাদি এবং স্বর্গলোকের সহিত যুক্ত হয়েন (অর্থাৎ সন্তান প্রভৃতি ফল প্রাপ্ত হয়েন) ॥ ৩ ॥ ইতি তৃতীয় অনুবাক ॥

বেদবাক্যের মধ্যে প্রধান, বিশ্বরূপ (অর্থাৎ সমুদায় বাক্যে ব্যাপ্ত থাকা বশতঃ সর্ব্বরূপ) [ওঁকার], যিনি অমৃত (অর্থাৎ অমৃতত্বের হেতুভূত), তিনি বেদসমূহ হইতে উৎপন্ন হইয়াছেন, সেই ইন্দ্র (অর্থাৎ ঐশ্বর্য্যশালী) আমাকে প্রজ্ঞাদ্বারা বলবান্ করুন। হে দেব, আমি যেন অমৃতত্বের (অর্থাৎ অমৃতত্বের হেতু-

হন্তী বিতন্বানা। কুর্ব্বাণা চীরমাত্মনঃ। বাসাংসি মম গাবশ্চ। অন্নপানে চ সর্ব্বদা। ততো মে শ্রিয়মাবহ। লোমশাং পশুভিঃ সহ স্বাহা। আ মা য়ন্তু ব্রহ্মচারিণঃ স্বাহা। বি মায়ন্তু ব্রহ্মচারিণঃ স্বাহা। প্র মায়ন্তু ব্রহ্মচারিণঃ স্বাহা। দমায়ন্তু ব্রহ্মচারিণঃ স্বাহা।

ভাষিণী) [ভূয়াৎ]। কর্ণাভ্যাম্ ভূরি (বহু) বিশ্রুবং (ব্যশ্রুবং, শ্রোতা ভূয়াসম্)। [ত্বং] মেধয়া (লৌকিক-প্রজ্ঞয়া) পিহিতঃ (আচ্ছাদিতঃ, সামান্যপ্রজ্ঞৈঃ অবিদিতঃ ইত্যর্থঃ) ব্রহ্মণঃ কোশঃ (প্রতীকম্, প্রতিমা) অসি (ত্বয়ি ব্রহ্ম উপলভ্যতে ইত্যর্থঃ)। মে (মম) শ্রুতং (শ্রবণপূর্ব্বকং জ্ঞানং) গোপায় (রক্ষ)। [সুখদাত্রী শ্রীঃ] আত্মনঃ (মম) বাসাংসি সর্ব্বদা অচীরম্ (অচিরম্, ক্ষিপ্রম্—ছান্দসঃ দীর্ঘঃ) কুর্ব্বাণা (নির্ম্মিমাণা) আবহন্তী (আনয়ন্তী) বিতন্বানা (বিস্তারয়ন্তী) গাবশ্চ অন্নপানে চ [আবহন্তী]। ততঃ (তস্মাৎ) মে (মম সমীপং) লোমশাং (লোমযুক্তাং, লোমজবস্ত্রপ্রদাম্ ইত্যর্থঃ) শ্রিয়ম্ পশুভিঃ সহ আবহ (আনয়), স্বাহা (ইতি হোমান্ত-মন্ত্রার্থ-জ্ঞাপনার্থঃ)। ব্রহ্মচারিণঃ (ব্রহ্মচর্য্যব্রতধারিণঃ শিক্ষার্থিনঃ) মা (মম সকাশম্) আয়ন্তু (আগচ্ছন্তু), স্বাহা। ব্রহ্মচারিণঃ বি (বিশেষেণ, ক্ষিপ্রম্ ইত্যর্থঃ) মা (মম সকাশম্) আয়ন্তু, স্বাহা। ব্রহ্মচারিণঃ প্র (সর্ব্বতঃ) মা আয়ন্তু, স্বাহা। ব্রহ্মচারিণঃ

ভূত ব্রহ্মজ্ঞানের) ধারয়িতা হই। আমার শরীর বিচক্ষণ (অর্থাৎ যোগ্য) হউক। আমার জিহ্বা অতিশয় মধুরভাষিণী হউক। আমি যেন কর্ণে বহু শ্রবণ করিঃ। তুমি [লৌকিক] প্রজ্ঞাদ্বারা আচ্ছাদিত (অর্থাৎ সামান্য প্রজ্ঞার অবিদিত) ব্রহ্মের কোশ (অর্থাৎ প্রতিমা। তাৎপর্য্য এই যে তোমাতে ব্রহ্ম উপলব্ধ হন)। আমার শ্রবণদ্বারা উপার্জিত জ্ঞানকে রক্ষা কর। [সুখদাত্রী শ্রী] সর্ব্বদা ও শীঘ্র আমার বস্ত্র নির্ম্মাণ করেন, আনয়ন করেন, ও বিস্তার করেন, এবং গো ও অন্নপান [আনয়ন করেন]। অতএব আমার নিকটে লোমযুক্তা (অর্থাৎ লোমজ-

শমায়ন্তু ব্রহ্মচারিণঃ স্বাহা। যশো জনেঽসানি স্বাহা। শ্রেয়ান্ বস্যসোঽসানি স্বাহা। তং ত্বা ভগ প্রবিশানি স্বাহা। স মা ভগ প্রবিশ স্বাহা। তস্মিন্ৎ-সহস্রশাখে। নিভগাঽহং ত্বয়ি মৃজে স্বাহা। যথাপঃ প্রবতা য়ন্তি। যথা মাসা অহর্জরম্। এবং মাং ব্রহ্মচারিণঃ।

দম (দমম্, ইন্দ্রিয়-নিগ্রহম্) আয়ন্ত (কুর্ব্বন্তু), স্বাহা। ব্রহ্মচারিণঃ শম (শমম্, মনঃস্থৈর্য্যম্ আয়ন্তু (প্রাপ্নুবন্তু), স্বাহা। জনে (জনসমূহে) [অহম্] যশঃ (যশস্বী) অসানি (ভবানি) স্বাহা। অহম্ বস্যসঃ (বসীয়সঃ, ধনবতঃ) শ্রেয়ান্ অসানি (ভবানি) স্বাহা। হে ভগ, (ঐশ্বর্য্য) তং (ব্রহ্মণঃ কোশ-ভূতং ত্বা (ত্বাম্) [অহম্] প্রবিশানি, স্বাহা। হে ভগ, সঃ (ত্বম্) মা প্রবিশ, স্বাহা। হে ভগ, তস্মিন্ সহস্রশাখে (বহুভেদে) ত্বয়ি অহং নিমৃজে (আত্মানং শোধয়ামি), স্বাহা। যথা আপঃ প্রবতা (প্রবণবতা নিম্নবতা) দেশেন যন্তি (গচ্ছন্তি), যথা মাসাঃ অহর্জরম্* (সংবৎসরম্) [যন্তি], হে

বস্ত্র-প্রদা) শ্রীকে পশু সহ আনয়ন কর, স্বাহা†। ব্রহ্মচারিগণ (অর্থাৎ ব্রহ্মচর্য্যব্রতধারী শিক্ষার্থীরা) আমার নিকটে আসুক, স্বাহা। ব্রহ্মচারিগণ শীঘ্র শীঘ্র আমার নিকটে আসুক, স্বাহা। ব্রহ্মচারিগণ সমুদায় দিক্ হইতে আমার নিকটে আসুক, স্বাহা। ব্রহ্মচারিগণ দম (অর্থাৎ ইন্দ্রিয়নিগ্রহ) সাধন করুক, স্বাহা। ব্রহ্মচারিগণ শম (অর্থাৎ মনঃ-স্থৈর্য্য) লাভ করুক, স্বাহা। আমি যেন লোকে যশস্বী হই, স্বাহা। আমি যেন ধনবান্ অপেক্ষা শ্রেষ্ঠতর হই, স্বাহা। হে ঐশ্বর্য্য, সেই (অর্থাৎ ব্রহ্মের কোশভূত) তোমাতে আমি যেন প্রবেশ করি, স্বাহা। হে ঐশ্বর্য্য, সেই তুমি

---

* "অহোভিঃ পরিবর্ত্তমানো লোকান্ জরয়তীতি, অহানি যস্মিন্ জরয়ন্ত্যন্তর্ভবন্তীত্যহর্জরঃ"—ইতি ভাষ্যকারঃ।

† দেবোদ্দেশে অগ্নিতে প্রদত্ত ঘৃতাদি নিক্ষেপ-সূচক বাক্য। এস্থলে কামনা-জ্ঞাপক।

ধাতরায়ন্তু সর্ব্বতঃ স্বাহা। প্রতিবেশোঽসি প্র মা ভাহি প্র মা পদ্যস্ব ॥ ৪ ॥ ইতি চতুর্থোঽনুবাকঃ ॥

ভূর্ভুবঃ সুবরিতি বা এতাস্তিস্রো ব্যাহৃতয়ঃ। তাসামু হ স্মৈতাং চতুর্থীম্। মাহাচমস্যঃ প্রবেদয়তে। মহ ইতি। তদ্ ব্রহ্ম। স আত্মা। অঙ্গান্যন্যা দেবতাঃ। ভূরিতি বা অয়ং লোকঃ। ভুব ইত্যন্তরিক্ষম্। সুব ইত্যসৌ লোকঃ। মহ ইত্যাদিত্যঃ। আদিত্যেন

ধাতঃ (সর্ব্বস্য বিধাতঃ), এবং ব্রহ্মচারিণঃ মাং সর্ব্বতঃ আয়ন্তু, স্বাহা। [ত্বম্] প্রতিবেশঃ (আশ্রয়ঃ) অসি, মা (মাম্) প্রভাহি (জ্ঞানবন্তং কুরু), মা (মাং) প্রপদ্যস্ব (অধিকুরু,—ত্বন্ময়ং কুরু) ॥ ৪ ॥ ইতি চতুর্থঃ অনুবাকঃ ॥

ভূঃ, ভুবঃ, সুবঃ, ইতি বৈ এতাঃ তিস্রঃ ব্যাহৃতয়ঃ (সংক্ষিপ্তাঃ মন্ত্রাঃ)। তাসাম্ উ হ স্ম (পাদপূরণে) মাহাচমস্যঃ (মহাচমসস্য অপত্যং পুমান্) মহঃ ইতি এতাং চতুর্থীম্ প্রবেদয়তে (শিক্ষয়ামাস), তৎ ব্রহ্ম। সঃ আত্মা। অন্যাঃ দেবতাঃ (আত্মনঃ) অঙ্গানি। ভূঃ ইতি বা অয়ং লোকঃ। ভুবঃ ইতি অন্তরিক্ষম্। সুবঃ ইতি অসৌ (দ্যৌঃ) লোকঃ। মহঃ ইতি আদিত্যঃ।

আমাতে প্রবেশ কর, স্বাহা। হে ঐশ্বর্য্য, সহস্রশাখা (অর্থাৎ বহুরূপ) যে তুমি, তোমাতে আমি আপনাকে পবিত্র করি, স্বাহা। জল যেরূপ নিম্নস্থানে যায়, মাসসমূহ যেরূপ সংবৎসরে যায়, হে বিধাতঃ, সেরূপ ব্রহ্মচারিগণ সর্ব্বদিক্ হইতে আমার সমীপে আসুক, স্বাহা। তুমি আশ্রয়, আমাকে আলোকিত (অর্থাৎ জ্ঞানবান্) কর, আমাকে অধিকারী কর (অর্থাৎ ত্বন্ময় কর) ॥৪॥ ইতি চতুর্থ অনুবাক ॥

ভূঃ, ভুবঃ, সুবঃ এই তিন ব্যাহৃতি (অর্থাৎ সংক্ষিপ্ত মন্ত্র)। তন্মধ্যে [মহাচমস্যের পুত্র] মাহাচমস্য 'মহঃ' এই চতুর্থ ব্যাহৃতি শিক্ষা দিয়াছিলেন। তাহা ব্রহ্ম। তিনি আত্মা। অন্য দেবতাগণ [তাঁহার] অঙ্গ। ভূঃ এই লোক। ভুবঃ অন্তরীক্ষ। সুবঃ

াব সর্ব্বে লোকা মহীয়ন্তে। ভূরিতি বা অগ্নিঃ। ভুব ইতি বায়ুঃ। সুবরিত্যাদিত্যঃ। মহ ইতি চন্দ্রমাঃ। চন্দ্রমসা বাব সর্ব্বাণি জ্যোতীংষি মহীয়ন্তে। ভূরিতি বা ঋচঃ। ভুব ইতি সামানি। সুবরিতি যজূংষি। মহ ইতি ব্রহ্ম। ব্রহ্মণা বাব সর্ব্বে বেদা মহীয়ন্তে। ভূরিতি বৈ প্রাণঃ। ভুব ইত্যপানঃ। সুবরিতি ব্যানঃ। মহ ইত্যন্নম্। অন্নেন বাব সর্ব্বে প্রাণা মহীয়ন্তে। তা বা এতাশ্চতস্রশ্চতুর্দ্ধা। চতস্রশ্চতস্রো ব্যাহৃতয়ঃ। তা যো বেদ। স বেদ ব্রহ্ম। সর্ব্বেঽস্মৈ দেবা বলিমাবহন্তি॥ ৫॥ ইতি পঞ্চমোঽনুবাকঃ॥

আদিত্যেন বাব সর্ব্বে লোকাঃ মহীয়ন্তে (বর্দ্ধন্তে)। ভূঃ ইতি বা অগ্নিঃ। ভুবঃ ইতি বায়ুঃ। সুবঃ ইতি আদিত্যঃ। মহঃ ইতি চন্দ্রমাঃ; চন্দ্রমসা বাব সর্ব্বাণি জ্যোতীংষি মহীয়ন্তে। ভূঃ ইতি বৈ ঋচঃ (ঋক্-মন্ত্রাঃ) ভুবঃ ইতি সামানি। সুবঃ ইতি যজূংষি। মহঃ ইতি ব্রহ্ম; ব্রহ্মণা বাব সর্ব্বে বেদাঃ মহীয়ন্তে। ভূঃ ইতি বৈ প্রাণঃ। ভুবঃ ইতি অপানঃ। সুবঃ ইতি ব্যানঃ। মহঃ ইতি অন্নম্; অন্নেন বাব সর্ব্বে প্রাণাঃ মহীয়ন্তে। তাঃ বা এতাঃ চতস্রঃ চতুর্দ্ধা, চতস্রঃ চতস্রঃ বাহৃতয়ঃ। তাঃ যঃ বেদ, সঃ ব্রহ্ম বেদ। তস্মৈ (এবং বিদুষে) দেবাঃ বলিম্ আবহন্তি (আনয়ন্তি)॥ ৫॥ ইতি পঞ্চমঃ অনুবাকঃ॥

ঐ লোক (অর্থাৎ দ্যুলোক)। মহঃ আদিত্য। আদিত্যদ্বারা সমুদায় লোক বর্দ্ধিত হয়। ভূঃ অগ্নি। ভুবঃ বায়ু। সুবঃ আদিত্য। মহঃ চন্দ্রমা। চন্দ্রদ্বারা সমুদায় জ্যোতিষ্কমণ্ডলী বর্দ্ধিত হয়। ভূঃ ঋক্-মন্ত্র। ভুবঃ সাম। সুবঃ যজুঃ। মহঃ ব্রহ্ম। ব্রহ্মদ্বারা সমুদায় বেদ বর্দ্ধিত হয়। ভূঃ প্রাণ। ভুবঃ অপান। সুবঃ ব্যান। মহঃ অন্ন। অন্নদ্বারা সমুদায় প্রাণ বর্দ্ধিত হয়। এই চারি চারি প্রকার চারিটী ব্যাহৃতি হইল। যিনি এই সমুদায় জানেন, তিনি

স য এষোঽন্তর্হৃদয় আকাশঃ। তস্মিন্নয়ং পুরুষো মনোময়ঃ। অমৃতো হিরণ্ময়ঃ। অন্তরেণ তালুকে। য এষ স্তন ইবাবলম্বতে। সেন্দ্রযোনিঃ। যত্রাসৌ কেশান্তো বিবর্ত্ততে। ব্যপোহ্য শীর্ষ-কপালে। ভূরিত্যগ্নৌ প্রতিতিষ্ঠতি। ভুব ইতি বায়ৌ। সুব-রিত্যাদিত্যে। মহ ইতি ব্রহ্মণি। আপ্নোতি স্বারাজ্যম্। আপ্নোতি

সঃ যঃ এষঃ অন্তর্হৃদয়ঃ (হৃদয়াভ্যন্তরবর্ত্তী) আকাশঃ, তস্মিন্ অয়ং মনোময়ঃ, অমৃতঃ, হিরণ্ময়ঃ (জ্যোতির্ম্ময়ঃ) পুরুষঃ [অস্তি]। অন্তরেণ তালুকে (তালুকয়োঃ মধ্যে) যঃ এষঃ স্তনঃ ইব অবলম্বতে (লম্বমানঃ সন্ বর্ত্ততে), সা ইন্দ্রযোনিঃ ('ইন্দ্রস্য' ব্রহ্মণঃ, 'যোনিঃ' মার্গঃ,—স্বরূপপ্রতিপত্তিদ্বারম্ ইত্যর্থঃ); যত্র অসৌ কেশান্তঃ (কেশানাম্ মূলম্) বিবর্ত্ততে (বিভাগেন 'বর্ত্ততে), [তত্র] শীর্ষ-কপালে (শিরসঃ ঊর্দ্ধভাগৌ) ব্যপোহ্য (বিভজ্য, বিদার্য্য) মনোময়-আত্ম-দর্শী [বিদ্বান্ মূর্দ্ধঃ বিনিক্রম্য] ভূঃ ইতি [ব্যাহৃতিরূপিণি] অগ্নৌ প্রতি-তিষ্ঠতি (প্রবিশতি); ভুবঃ ইতি [ব্যাহৃতিরূপিণি] বায়ৌ [প্রতিতিষ্ঠতি]; সুবঃ ইতি আদিত্যে; মহঃ ইতি ব্রহ্মণি। [ব্রহ্মভূতঃ সন্ সঃ] স্বারাজ্যম্ (অঙ্গভূতানাং

ব্রহ্মকে জানেন। সমুদায় দেবতারা তাঁহাকে উপহার দেন॥ ৫॥
ইতি পঞ্চম অনুবাক॥

ঐ যে হৃদয়স্থ আকাশ, তন্মধ্যে এই মনোময়, অমৃত ও হিরণ্ময় (অর্থাৎ জ্যোতির্ম্ময়) পুরুষ আছেন। তালুদ্বয়ের মধ্যে যাহা স্তনের ন্যায় লম্বমান আছে, তাহা ইন্দ্রযোনি। যেখানে কেশান্ত-ভাগ খণ্ডিত হইয়াছে, সেখানে * মনোময় আত্মদর্শী বিদ্বান্ মস্ত-কের কপালদ্বয় (অর্থাৎ ঊর্দ্ধভাগদ্বয়) বিদীর্ণ করিয়া [মূর্দ্ধা হইতে বাহির হয়েন এবং ভূঃ এই [ব্যাহৃতিরূপ] অগ্নিতে প্রবেশ করেন। ভুবঃ এই [ব্যাহৃতিরূপ] বায়ুতে [প্রবেশ করেন]। মহঃ এই

* এখানে ভাষ্যের সহিত কিঞ্চিৎ প্রভেদ ঘটিল। প্রভেদ গুরুতর নহে, সুতরাং ভাষ্য উদ্ধৃত করা হইল না।

মনসস্পতিম্। বাক্‌পতিশ্চক্ষুস্পতিঃ। শ্রোত্রপতির্বিজ্ঞানপতিঃ। এতত্ততো ভবতি। আকাশশরীরং ব্রহ্ম। সত্যাত্ম প্রাণারামং মন আনন্দম্। শান্তিসমৃদ্ধমমৃতম্। ইতি প্রাচীনযোগ্যাপাস্ব ॥ ৪ ॥ ইতি ষষ্ঠোঽনুবাকঃ ॥

পৃথিব্যন্তরিক্ষং দ্যৌর্দিশোঽবান্তরদিশঃ। অগ্নির্বায়ুরাদিত্যশ্চন্দ্রমা নক্ষত্রাণি। আপ ওষধয়ো বনস্পতয়ঃ। আকাশ আত্মা।

দেবানাং আধিপত্যম্) আপ্নোতি। [সঃ] মনসঃ পতিম্ আপ্নোতি। [সঃ] বাক্‌পতিঃ, চক্ষুঃপতিঃ, শ্রোত্রপতিঃ, বিজ্ঞানপতিঃ [চ ভবতি]। (ততঃ অপি অধিকতরম্) এতৎ [ভবতি, কিং ততঃ, উচ্যতে] আকাশশরীরম্ (আকাশঃ শরীরম্ অস্য, আকাশবৎ বা সূক্ষ্মং শরীরম্ অস্য ইতি) সত্যাত্ম (সত্য-স্বরূপম্), প্রাণারামং, মনঃ আনন্দম্, শান্তিসমৃদ্ধম্ (শান্তিপূর্ণম্) অমৃতম্ ব্রহ্ম (প্রাপ্নোতি ইতি শেষঃ)। হে প্রাচীনযোগ্য, ইতি (এতদ্-রূপং ব্রহ্ম) উপাস্ব ॥ ৬ ॥ ইতি ষষ্ঠঃ অনুবাকঃ ॥

[ইদানীং পৃথিব্যাদি পাঙ্‌ক্তস্বরূপেণ ব্রহ্মোপাসনম্ উচ্যতে] পৃথিবী, অন্তরিক্ষং, দ্যৌঃ (স্বর্গলোকঃ) দিশঃ, অবান্তরদিশঃ (ঈশাননৈঋ‌র্তাদয়ঃ)

[ব্যাহৃতিরূপ] ব্রহ্মে [প্রবেশ করেন। তিনি ব্রহ্মভূত হইয়া] স্বারাজ্য (অর্থাৎ অঙ্গভূত দেবতাদিগের আধিপত্য) লাভ করেন। [তিনি] মনের স্বামীকে লাভ করেন। তিনি বাক্‌পতি, চক্ষুপতি, শ্রোত্রপতি ও বিজ্ঞানপতি [হয়েন]। তদপেক্ষাও [অধিকতর] এই [হয়েন যে তিনি] আকাশশরীর (অর্থাৎ আকাশ যাঁহার শরীর অথবা আকাশের ন্যায় সূক্ষ্ম যাঁহার শরীর) সত্যস্বরূপ, প্রাণারাম, মনের আনন্দকর, শান্তিপূর্ণ ও অমৃতস্বরূপ ব্রহ্মকে [প্রাপ্ত হয়েন]। হে প্রাচীনযোগ্য, এইরূপ [ব্রহ্মের] উপাসনা কর ॥ ৬ ॥ ইতি ষষ্ঠ অনুবাক ॥

[এখন পৃথিব্যাদি পঞ্চস্বরূপে ব্রহ্মোপাসনার বিষয় বলিতেছেন—] পৃথিবী, অন্তরীক্ষ, স্বর্গলোক, দিক্‌সমূহ, [ঈশান-নৈঋ‌র্-

ইত্যধিভূতম্। অথাধ্যাত্মম্। প্রাণোঽপানো ব্যান উদানঃ সমানঃ। চক্ষুঃ শ্রোত্রং মনো বাক্ ত্বক্। চর্ম্ম মাংসং স্নাবাস্থি মজ্জা। এতদধিবিধায় ঋষিরবোচৎ। পাঙ্ক্তং বা ইদং সর্ব্বম্। পাঙ্ক্তে-নৈব পাঙ্ক্তং স্পৃণোতীতি॥ ৭॥ ইতি সপ্তমোঽনুবাকঃ॥

[ইতি লোকপাঙ্ক্তম্]। অগ্নিঃ, বায়ুঃ, আদিত্যঃ, চন্দ্রমাঃ, নক্ষত্রাণি [ইতি দেবতা-পাঙ্ক্তম্] আপঃ, ওষধয়ঃ বনস্পতয়ঃ (পুষ্পং বিনা ফলোৎপাদকাঃ বৃক্ষাঃ) আকাশঃ, আত্মা (জগদাত্মা বিরাট্পুরুষঃ) [ইতি ভূতপাঙ্ক্তম্]। ইতি অধিভূতম্। অথ অধ্যাত্মম্ (শরীরবিষয়ম্)। প্রাণঃ, অপানঃ, ব্যানঃ, উদানঃ, সমানঃ [ইতি বায়ুপাঙ্ক্তম্]। চক্ষুঃ, শ্রোত্রং, মনঃ, বাক্, ত্বক্ [ইতি ইন্দ্রিয়পাঙ্ক্তম্]। চর্ম্ম, মাংসং, স্নায়ু, অস্থি, মজ্জা [ইতি ধাতুপাঙ্ক্তম্] এতৎ (বিভাগপঞ্চকম্) অধিবিধায় (পরিকল্প্য) [কশ্চিৎ] ঋষিঃ অবোচৎ (উক্তবান্) পাঙ্ক্তং বৈ ইদং সর্ব্বম্। [উপাসকঃ] পাঙ্ক্তেন (আধ্যাত্মিকেন পাঙ্ক্তেন) পাঙ্ক্তম্ (বাহ্যং ভূতরূপং পাঙ্ক্তম্) স্পৃণোতি (পূরয়তি)॥ ৭॥ ইতি সপ্তমঃ অনুবাকঃ॥

তাদি], অবান্তর দিক্ [এই পঞ্চ লোক]। অগ্নি, বায়ু, আদিত্য, চন্দ্রমা, নক্ষত্রসমূহ [এই পঞ্চ দেবতা]। জল, ওষধি, বনস্পতি (অর্থাৎ পুষ্প ব্যতিরেকে ফলোৎপাদক বৃক্ষ), আকাশ, আত্মা, (অর্থাৎ জগদাত্মা বিরাট্পুরুষ) [এই পঞ্চ ভূত]। ভূত সম্বন্ধে এই [বলা হইল)। তৎপর আত্মা (অর্থাৎ শরীর) সম্বন্ধে [বলা যাইতেছে—]। প্রাণ, অপান, ব্যান, উদান, সমান [এই পঞ্চ বায়ু]। চক্ষু, শ্রোত্র, মন, বাক্, ত্বক্ [এই পঞ্চ ইন্দ্রিয়]। চর্ম্ম, মাংস, স্নায়ু, অস্থি, মজ্জা [এই পঞ্চ ধাতু]। এই [পঞ্চ বিভাগ] বিধান করিয়া [কোন] ঋষি বলিলেন এই সমস্ত পঞ্চ বিভাগযুক্ত। [উপাসক আধ্যাত্মিক] পাঙ্ক্ত দ্বারা [বাহ্য অর্থাৎ ভূতরূপ] পাঙ্ক্তকে পূরণ করেন॥ ৭॥ ইতি সপ্তম অনুবাক॥

ওমিতি ব্রহ্ম। ওমিতীদং সর্ব্বম্। ওমিত্যেতদনুকৃতির্হ স্ম বা অপ্যোংশ্রাবয়েত্যাশ্রাবয়ন্তি। ওমিতি সামানি গায়ন্তি। ওঁ শোমিতি শস্ত্রাণি শংসন্তি। ওমিত্যধ্বর্য্যুঃ প্রতিগরং প্রতিগৃণাতি। ওমিতি ব্রহ্মা প্রসৌতি। ওমিত্যগ্নিহোত্রমনুজানাতি। ওমিতি

[ইদানীং সর্ব্ব-উপাসনা-অঙ্গভূতস্য ওঙ্কারস্য উপাসনম্ বিধিৎস্যতে—] ওঁ ইতি ব্রহ্ম। ওঁ ইতি ইদং সর্ব্বম্। ওঁ ইতি এতৎ অনুকৃতিঃ (অনুকরণম, 'এতৎ কুরু' ইতি উক্তঃ অন্যঃ ওঁ ইতি উক্ত্বা আদেশম্ অনুকরোতি ইত্যর্থঃ) হ স্ম বৈ (নিশ্চয়ম্) অপি (চ) 'ওঁ শ্রাবয়' (কথয়) ইতি [উক্তাঃ অন্যে) আশ্রাবয়ন্তি (কথয়ন্তি)। ওঁ ইতি [উচ্চার্য্য সামগাঃ] সামানি গায়ন্তি। ওঁ শোং ইতি (উচ্চার্য্য) শস্ত্রাণি (গীতরহিতাঃ ঋচঃ) শংসন্তি (উচ্চারয়ন্তি—শস্ত্রশংসিতারঃ ইতি কর্ত্তা)। ওঁ ইতি [উচ্চার্য্য] অধ্বর্য্যুঃ (যজুর্ব্বেদজ্ঞঃ ঋত্বিক্) প্রতিগরম্ ('ওঁ শোং সামো দৈব' ইতি, প্রশংসনম্) প্রতিগৃণাতি (হোতুঃ শসনং প্রতি উচ্চারয়তি)। ওঁ ইতি (উচ্চার্য্য) ব্রহ্মা (ঋত্বিক্) প্রসৌতি (অনুজ্ঞাং প্রযচ্ছতি)। ওঁ ইতি [উচ্চার্য্য যজমানঃ] অগ্নিহোত্রম্ (অনু-

[এখন সর্ব্বোপাসনার অঙ্গভূত ওঁকারোপাসনার বিধান করিতেছেন—] ওঁ ইহা ব্রহ্ম। ওঁ ইহা এই সমুদায়। ওঁ ইহা অনুকরণ [অর্থাৎ 'এই কার্য্য কর' অন্য ব্যক্তিকে এই কথা বলিলে সে 'ওঁ বলিয়া আদেশের অনুসরণ করে। আরও 'ওঁ, বল', [এই কথা বলিলে অন্যেরা] বলেন। ওঁ ইহা [উচ্চারণ করিয়া সামবেদের গায়কগণ] সামগান করেন। 'ওঁ শোং' এইরূপে [শস্ত্র-উচ্চারণকারিগণ] শস্ত্র (অর্থাৎ গীতরহিত ঋক্) উচ্চারণ করেন। ওঁ [ইহা উচ্চারণ করিয়া] অধ্বর্য্যু (অর্থাৎ যজুর্ব্বেদজ্ঞ ঋত্বিক্) ['ওঁ শোং সামো দৈব' ইত্যাদি বাক্য হোতার উচ্চারণের পর] প্রত্যুচ্চারণ করেন। ওঁ ইহা [উচ্চারণ করিয়া] ঋত্বিক্ অনুজ্ঞা প্রদান করেন। ওঁ ইহা [উচ্চারণ করিয়া] যজমান অগ্নিহোত্র [সম্পাদনের] আদেশ করেন। ব্রাহ্মণ বেদা-

ব্রাহ্মণঃ প্রবক্ষ্যন্নাহ ব্রহ্মোপাপ্নুবানীতি। ব্রহ্মৈবোপাপ্নোতি ॥ ৮ ॥ ইত্যষ্টমোঽনুবাকঃ ॥

ঋতঞ্চ স্বাধ্যায়-প্রবচনে চ। সত্যঞ্চ স্বাধ্যায়-প্রবচনে চ। তপশ্চ স্বাধ্যায়-প্রবচনে চ। দমশ্চ স্বাধ্যায়-প্রবচনে চ। শমশ্চ স্বাধ্যায়-প্রবচনে চ। অগ্নয়শ্চ স্বাধ্যায়-প্রবচনে চ। অগ্নিহোত্রঞ্চ স্বাধ্যায়-প্রবচনে চ। অতিথয়শ্চ স্বাধ্যায়-প্রবচনে চ। মানুষঞ্চ

জানাতি)। ব্রাহ্মণঃ প্রবক্ষ্যন্ (বেদাধ্যাপনং করিষ্যন্) ইতি (ইদম্) আহ ওঁ ব্রহ্ম (বেদম্ পরমাত্মানং বা) উপাপ্নুবানি (প্রাপ্নুয়াম্) ইতি। ব্রহ্ম এব উপাপ্নোতি (প্রাপ্নোতি) ॥ ৮ ॥ ইতি অষ্টমঃ অনুবাকঃ ॥

[কানি অনুষ্ঠেয়ানি ইতি ব্রবীতি] ঋতম্ (যথাকর্ত্তব্যং, ন্যায়ানুগতং) চ স্বাধ্যায়ঃ (অধ্যয়নম্) প্রবচনম্ (অধ্যাপনং) চ। সত্যং চ স্বাধ্যায়-প্রবচনে চ। তপঃ চ স্বাধ্যায়-প্রবচনে চ। দমঃ (বাহ্যেন্দ্রিয়-উপশমঃ) চ স্বাধ্যায়-প্রবচনে চ। শমঃ (অন্তরিন্দ্রিয়-উপশমঃ) স্বাধ্যায়-প্রবচনে চ। অগ্নয়ঃ (দক্ষিণাদি-পঞ্চাগ্নয়ঃ—তেষু আহুতিঃ দাতব্যা ইতি ভাবঃ) চ স্বাধ্যায়-প্রবচনে চ। অগ্নিহোত্রং (নাম যাগঃ কর্ত্তব্যঃ ইতি ভাবঃ) চ স্বাধ্যায়-প্রবচনে চ। অতিথয়ঃ (পূজ্যাঃ ইতি শেষঃ) চ স্বাধ্যায়-প্রবচনে চ।

ধ্যাপনে প্রবৃত্ত হইয়া বলেন,—'ওঁ আমি যেন ব্রহ্মকে (অর্থাৎ বেদ বা পরমাত্মাকে) প্রাপ্ত হই।' [এই বলিয়া] ব্রহ্মকেই প্রাপ্ত হয়েন ॥ ৮ ॥ ইতি অষ্টম অনুবাক ॥

[কি কি করিতে হইবে তাহা বলিতেছেন,—] ন্যায়ানুগত কার্য্য এবং অধ্যয়ন ও অধ্যাপন। সত্য এবং অধ্যপন ও অধ্যাপন। তপস্যা এবং অধ্যয়ন ও অধ্যাপন। দম (অর্থাৎ বাহ্যেন্দ্রিয়ের উপশম) এবং অধ্যয়ন ও অধ্যাপন। শম অর্থাৎ (অন্তরিন্দ্রিয়ের উপশম) এবং অধ্যয়ন ও অধ্যাপন। অগ্নি (অর্থাৎ দক্ষিণ প্রভৃতি পঞ্চাগ্নিতে আহুতি দান) এবং অধ্যয়ন ও অধ্যাপন। অগ্নিহোত্র

স্বাধ্যায়-প্রবচনে চ। প্রজা চ স্বাধ্যায়-প্রবচনে চ। প্রজনশ্চ স্বাধ্যায়-প্রবচনে চ। প্রজাতিশ্চ স্বাধ্যায়-প্রবচনে চ। সত্যমিতি সত্যবচা রাথীতরঃ। তপ ইতি তপোনিত্যঃ পৌরুশিষ্টিঃ। স্বাধ্যায়-প্রবচনে এবেতি নাকো মৌদ্গল্যঃ। তদ্ধি তপস্তদ্ধি তপঃ ॥ ৯ ॥ ইতি নবমোঽনুবাকঃ ॥

মানুষম্ (লৌকিকসংব্যবহারঃ,—তৎ চ অনুষ্ঠেয়ম্ ইতি ভাবঃ)। প্রজা (অপত্যং,—তৎ চ উৎপাদ্যম্ ইত্যর্থঃ) চ স্বাধ্যায়-প্রবচনে চ। প্রজনঃ (ভার্য্যায়াঃ গর্ভোৎপাদম্) চ স্বাধ্যায়-প্রবচনে চ। প্রজাতিঃ (পৌত্রোৎপত্তিঃ,—তস্মিন্ পুত্রঃ নিবেশয়িতব্যঃ) স্বাধ্যায়-প্রবচনে চ। ("সর্ব্বৈরেতৈঃ কর্ম্মভির্যুক্তস্যাপি স্বাধ্যায়-প্রবচনে যত্নতোঽনুষ্ঠেয়ে ইত্যেবমর্থঃ সর্ব্বেণ সহ স্বাধ্যায়-প্রবচন-গ্রহণম্। স্বাধ্যায়াধীনং হি অর্থজ্ঞানম্। অর্থজ্ঞানায়ত্তং চ পরং শ্রেয়ঃ, প্রবচনঞ্চ তদবিস্মরণার্থং ধর্ম্মবৃদ্ধ্যর্থঞ্চ; অতঃ স্বাধ্যায়-প্রবচনয়োরাদরঃ কার্য্যঃ"—ইতি ভাষ্যকারঃ। সত্যবচা রাথীতরঃ সত্যম্ [এব অনুষ্ঠাতব্যম্] ইতি [মন্যতে]। তপোনিত্যঃ পৌরুশিষ্টিঃ তপঃ [এব কর্ত্তব্যম্] ইতি [মন্যতে]। নাকঃ মৌদ্গল্যঃ স্বাধ্যায়-প্রবচনে এব [অনুষ্ঠেয়ে] ইতি [মন্যতে]। হি [যস্মাৎ] তৎ (স্বাধ্যায়-প্রবচনম্) এব তপঃ। (পুনরুক্তিরাদরার্থা) ॥ ৯ ॥ ইতি নবমঃ অনুবাকঃ ॥

[নামক যজ্ঞানুষ্ঠান] এবং অধ্যয়ন ও অধ্যাপন। অতিথি-[সেবা] এবং অধ্যয়ন ও অধ্যাপন। লৌকিক ব্যবহার এবং অধ্যয়ন ও অধ্যাপন। প্রজা (অর্থাৎ সন্তানোৎপাদন) এবং অধ্যয়ন ও অধ্যাপন। প্রজন (অর্থাৎ ভার্য্যার গর্ভোৎপাদন) এবং অধ্যয়ন ও অধ্যাপন। প্রজাতি (অর্থাৎ পৌত্রোৎপত্তি কার্য্যে পুত্রের নিয়োগ) এবং অধ্যয়ন ও অধ্যাপন। ('এই সমুদায় কার্য্যে নিযুক্ত থাকিয়াও অধ্যয়ন ও অধ্যাপন যত্নের সহিত করিতে হইবে; এই জন্য প্রত্যেকের সঙ্গে অধ্যয়ন ও অধ্যাপনের উল্লেখ করা হইয়াছে। অধ্যয়ন না করিলে অর্থজ্ঞান হয় না। অর্থজ্ঞান আয়ত্ত করাই

অহং বৃক্ষস্য রেরিবা। কীর্ত্তিঃ পৃষ্ঠং গিরেরিব। ঊর্দ্ধপবিত্রো বাজিনীব স্বমৃতমস্মি। দ্রবিণং সুবর্চ্চসম্। সুমেধা অমৃতোক্ষিতঃ। ইতি ত্রিশঙ্কোর্বেদানুবচনম্॥ ১০॥ ইতি দশমোঽনুবাকঃ॥

[ব্রহ্মাত্মৈকত্ববিৎ ঋষিঃ ত্রিশঙ্কুঃ ব্রহ্মযোগেন আত্মনঃ কৃতকৃত্যতাম্ আখ্যাপনার্থম্ ইমং মন্ত্রম্ উচ্চারয়তি—] অহম্ বৃক্ষস্য (সংসারবৃক্ষস্য) রেরিবা (প্রেরয়িতা), [মম] কীর্ত্তিঃ গিরেঃ (পর্ব্বতস্য) পৃষ্ঠম্ ইব [উত্থিতা]। [অহম্] ঊর্দ্ধপবিত্রঃ (ঊর্দ্ধম্ উন্নতম্ পবিত্রং জ্ঞানজ্যোতিঃ যস্য সঃ) *; [অহম্] বাজিনি (বাজম্ অন্নম্, তদ্বতি সবিতরি বর্ত্তমানম্ সু-অমৃতম্) ইব সু-অমৃতম্ (শোভনম্ আত্মতত্ত্বম্) অস্মি। [অহম্] সুবর্চ্চসম্ (দীপ্তিমৎ) দ্রবিণং (ধনম্) [ইব]। [অহং] সুমেধাঃ (শোভনমেধাযুক্তঃ) অমৃতঃ অক্ষিতঃ (অব্যয়ঃ) [চ]। ইতি ত্রিশঙ্কোঃ (এতন্নাম-ঋষেঃ) বেদানুবচনম্ (বেদার্থ-কথনম্)॥ ১০॥ ইতি দশমঃ অনুবাকঃ॥

পরম শ্রেয়ঃ। অর্থজ্ঞান স্মরণ রাখিবার জন্য এবং ধর্ম্ম বৃদ্ধির জন্য অধ্যাপনের প্রয়োজন। অতএব অধ্যয়ন অধ্যাপনের আদর করা কর্ত্তব্য।"—ভাষ্যকার)। সত্যবচা রাথীতরের মতে কেবল সত্যই অনুষ্ঠেয়। তপোনিত্য পৌরুশিষ্টির মতে কেবল তপস্যাই কর্ত্তব্য। নাক মৌদ্গল্যের মতে কেবল অধ্যয়ন ও অধ্যাপনই অনুষ্ঠেয়। যেহেতু তাহাই তপস্যা, তাহাই তপস্যা। (পুনরুক্তি আদরার্থ।। ৯।। ইতি নবম অনুবাক।।

[ব্রহ্মের সহিত আত্মার একত্বজ্ঞ ঋষি ত্রিশঙ্কু ব্রহ্মযোগদ্বারা আপনার কৃতকৃত্যতা প্রকাশার্থ এই মন্ত্র উচ্চারণ করিতেছেন,—] আমি [সংসাররূপ] বৃক্ষের প্রেরয়িতা, [আমার] কীর্ত্তি গিরিশৃঙ্গের ন্যায় [উত্থিত হইয়াছে]। [আমি] ঊর্দ্ধ-

* "ঊর্দ্ধকারণং পবিত্রং পাবনং জ্ঞানপ্রকাশ্যং পবিত্রং পরমং ব্রহ্ম যস্য"—ইতি ভাষ্যম্। অর্থাৎ যাহার ঊর্দ্ধে কারণরূপ পাবন পরব্রহ্ম আছেন।

বেদমনুচ্যাচার্য্যোঽন্তেবাসিনমনুশাস্তি। সত্যং বদ। ধর্ম্মঞ্চর। স্বাধ্যায়ান্মা প্রমদঃ। আচার্য্যায় প্রিয়ং ধনমাহৃত্য প্রজাতন্তুং মা ব্যবচ্ছেৎসীঃ। সত্যান্ন প্রমদিতব্যম্। ধর্ম্মান্ন প্রমদিতব্যম্। কুশলান্ন প্রমদিতব্যম্। ভূত্যৈ ন প্রমদিতব্যম্। স্বাধ্যায়-প্রবচনাভ্যাং ন প্রমদিতব্যম্। দেবপিতৃকার্য্যাভ্যাং ন প্রমদিতব্যম্। মাতৃদেবো

বেদম্ অনূচ্য ('অধ্যাপ্য) আচার্য্যঃ অন্তেবাসিনং (শিষ্যম্) অনুশাস্তি (উপদিশতি)। সত্যং বদ। ধর্ম্মং চর। স্বাধ্যায়াৎ মা প্রমদঃ (প্রমাদম্ ঔদাস্যম্ মা কার্ষীঃ)। আচার্য্যায় (আচার্য্যার্থম্) প্রিয়ম্ (ইষ্টং) ধনম্ আহৃত্য (আনীয়, দত্ত্বা) প্রজাতন্তুং (সন্তানসূত্রং, সন্তানবিস্তারং) মা ব্যবচ্ছেৎসীঃ (মা কর্ত্তেত,—গার্হস্থ্যাশ্রমং প্রবিশ্য সন্তানোৎপত্তৌ যত্নঃ কর্ত্তব্যঃ ইত্যভিপ্রায়ঃ)। সত্যাৎ ন প্রমদিতব্যম্ (বিচলিতব্যম্)। ধর্ম্মাৎ ন প্রমদিতব্যম্। কুশলাৎ ন প্রমদিতব্যম্। ভূত্যৈ (মহত্ত্বাৎ) ন প্রমদিতব্যম্। স্বাধ্যায়-প্রবচনাভ্যাং ন প্রমদিতব্যম্। দেবপিতৃকার্য্যাভ্যাং (দেবপিতৃকার্য্যে

পবিত্র (অর্থাৎ উন্নত ও পবিত্র জ্ঞানজ্যোতির্বিশিষ্ট; [আমি] সূর্য্যে বর্ত্তমান স্বমৃতের ন্যায় স্বমৃত (অর্থাৎ শোভন আত্মতত্ত্ব)। [আমি] দীপ্তিমৎ ধন [স্বরূপ]। আমি শোভন মেধাযুক্ত, অমৃত এবং অব্যয়। ইতি [ঋষি] ত্রিশঙ্কুর বেদার্থকথন ॥ ১০ ॥ ইতি দশম অনুবাক ॥

বেদাধ্যাপনান্তে আচার্য্য শিষ্যকে উপদেশ দিতেছেন। সত্য বলিবে। ধর্ম্মাচরণ করিবে। বেদাধ্যয়নে ঔদাস্য করিবে না। আচার্য্যকে উপযুক্ত ধন [দক্ষিণা স্বরূপ] দান করিয়া (অর্থাৎ গুরুদক্ষিণা-দানান্তে গুরুগৃহ পরিত্যাগ করিয়া) সন্তানসূত্র কর্ত্তন করিবে না (অর্থাৎ গার্হস্থ্যাশ্রমে প্রবেশ করিয়া সন্তানোৎপত্তির উপায়াবলম্বন করিবে)। সত্য হইতে বিচলিত হইবে না। ধর্ম্ম হইতে বিচলিত হইবে না। কুশল হইতে বিচলিত হইবে না।

ভব। পিতৃদেবো ভব। আচার্য্যদেবো ভব। অতিথিদেবো ভব। যান্যনবদ্যানি কর্ম্মাণি। তানি সেবিতব্যানি। নো ইতরাণি। যান্যস্মাকং সুচরিতানি। তানি ত্বয়োপাস্যানি। নো ইতরাণি। যে কে চাস্মচ্ছ্রেয়াংসো ব্রাহ্মণাঃ। তেষাং ত্বয়াসনেন প্রশ্বসিতব্যম্। শ্রদ্ধয়া দেয়ম্। অশ্রদ্ধয়াঽদেয়ম্। শ্রিয়া দেয়ম্। হ্রিয়া দেয়ম্। ভিয়া দেয়ম্। সংবিদা দেয়ম্। অথ যদি তে কর্ম্মবিচিকিৎসা বা বৃত্তবি-

কর্ত্তব্যে, তাভ্যাম্) ন প্রমদিতব্যম্। মাতৃদেবঃ (মাতা দেবো যস্য সঃ,—মাতরং প্রতি ভক্তিমান্, মাতৃসেবাপরায়ণঃ ইতি যাবৎ) ভব (মাতা দেববৎ পূজনীয়া ইত্যর্থঃ)। পিতৃদেবঃ ভব। আচার্য্যদেবঃ ভব। অতিথিদেবঃ ভব। যানি অনবদ্যানি (অনিন্দনীয়ানি, শিষ্টাচারলক্ষণানি) কর্ম্মাণি, তানি সেবিতব্যানি (কর্ত্তব্যানি)। নো (ন) ইতরাণি (অন্যানি, নিন্দনীয়ানি ইত্যর্থঃ) [কর্ম্মাণি কর্ত্তব্যানি ইতি শেষঃ]। যানি অস্মাকং সুচরিতানি (সৎকর্ম্মাণি) তানি [এব] ত্বয়া উপাস্যানি (কর্ত্তব্যানি) নো (ন) ইতরাণি (বিপরীতানি)। একে (কেচিৎ) চ অস্মৎ-শ্রেয়াংসঃ (শ্রেষ্ঠতরাঃ) ব্রাহ্মণাঃ [সন্তি]। ত্বয়া আসনেন (আসনদানাদিনা) তেষাং প্রশ্বসিতব্যম্ (প্রশ্বাসঃ শ্রমাপনয়ঃ, সঃ কর্ত্তব্যঃ)। শ্রদ্ধয়া দেয়ম্। অশ্রদ্ধয়া অদেয়ম্। শ্রিয়া (বুদ্ধ্যা)

মহত্ত্ব [লাভে] ঔদাস্য করিবে না। বেদাধ্যয়ন ও অধ্যাপনে ঔদাস্য করিবে না। দেব ও পিতৃকার্য্যে ঔদাস্য করিবে না। মাতাকে দেববৎ পূজা করিবে। পিতাকে দেববৎ পূজা করিবে। আচার্য্যকে দেববৎ পূজা করিবে। অতিথিকে দেববৎ পূজা করিবে। যে সকল কর্ম্ম অনিন্দনীয়, সেই সকল কর্ম্ম করিবে; অন্য (অর্থাৎ নিন্দনীয় কর্ম্ম) করিবে না। আমাদের যে সকল কর্ম্ম সৎ সে সকলই [তোমার] কর্ত্তব্য, অন্য (অর্থাৎ বিপরীত কর্ম্ম) কর্ত্তব্য নহে। আমাদের অপেক্ষা শ্রেষ্ঠতর কোন কোন ব্রাহ্মণ আছেন, আসন [দানাদি] দ্বারা তাঁহাদের শ্রমাপনয়ন করিবে। শ্রদ্ধার

চিকিৎসা বা স্যাৎ। যে তত্র ব্রাহ্মণাঃ সম্মর্শিনঃ। যুক্তা আযুক্তাঃ। অলূক্ষা ধর্ম্মকামাঃ স্যুঃ। যথা তে তত্র বর্ত্তেরন্। তথা তত্র বর্ত্তেথাঃ। অথাভ্যাখ্যাতেষু। যে তত্র ব্রাহ্মণাঃ সম্মর্শিনঃ। যুক্তা আযুক্তাঃ। অলূক্ষা ধর্ম্মকামাঃ স্যুঃ। যথা তে তেষু বর্ত্তেরন্। তথা তেষু বর্ত্তেথাঃ। এষ আদেশঃ। এষ উপদেশঃ। এষা বেদোপ-

দেয়ম্। হ্রিয়া (লজ্জয়া, বিনয়েন ইত্যর্থঃ) দেয়ম্। ভিয়া (ধর্ম্মভয়েন) দেয়ম্। সংবিদা (মিত্রভাবেন) দেয়ম্। অথ যদি তে কর্ম্মবিচিকিৎসা (কর্ম্মবিষয়ে সংশয়ঃ) বা বৃত্তবিচিকিৎসা (আচারবিষয়ে সংশয়ঃ) স্যাৎ, [তদা] তত্র (তস্মিন্ দেশে কালে বা) যে সম্মর্শিনঃ (বিচারক্ষমাঃ) অলূক্ষাঃ (অরুক্ষাঃ অক্রুরমতয়ঃ), ধর্ম্মকামাঃ, যুক্তাঃ (অন্যেন যাগাদৌ নিযুক্তাঃ), আযুক্তাঃ (স্বতন্ত্রাঃ) [বা] ব্রাহ্মণাঃ স্যুঃ, তে তত্র (তস্মিন্ কর্ম্মণি বৃত্তে বা) যথা বর্ত্তেরন্ (তে যথা কুর্ব্বীরন্ ইত্যর্থঃ), [ত্বম্ অপি] তত্র (তস্মিন্ কর্ম্মণি বৃত্তে বা) তথা [এব] বর্ত্তেথাঃ (তথা এব কুর্ব্বীথাঃ ইত্যর্থঃ)। অথ অভ্যাখ্যাতেষু (পুরুষবিশেষৈঃ অভিযুক্তেষু) [কর্ম্মসু বৃত্তেষু বা] তত্র যে সম্মর্শিনঃ, অলূক্ষাঃ, ধর্ম্মকামাঃ যুক্তাঃ আযুক্তাঃ [বা] ব্রাহ্মণাঃ স্যুঃ, তে তেষু (কর্ম্মসু বৃত্তেষু বা) যথা বর্ত্তেরন্ [ত্বম্ অপি] তেষু তথা বর্ত্তেথাঃ। এষঃ আদেশঃ।

সহিত দান করিবে। অশ্রদ্ধার সহিত দান করিবে না। বুদ্ধির সহিত দান করিবে। লজ্জার (অর্থাৎ বিনয়ের) সহিত দান করিবে। ধর্ম্মভয়ের সহিত দান করিবে। মিত্রভাবের সহিত দান করিবে। যদি তোমার কর্ম্ম বা আচার বিষয়ে সংশয় হয়, তবে সেই স্থানে বা কালে যে সকল বিচারক্ষম, অক্রূরমতি, ধর্ম্মকাম, [অন্য কর্ত্তৃক যাগাদি কার্য্যে] নিযুক্ত বা স্বাধীন ব্রাহ্মণ থাকেন, তাঁহারা সেই বিষয়ে যেরূপ আচরণ করেন, [তুমিও] সেই বিষয়ে তদ্রূপ আচরণ করিবে। [কোন কোন ব্যক্তি দ্বারা] অভিযুক্ত [কর্ম্ম বা আচরণ] সম্বন্ধে সেই স্থানে বা কালে যে

নিষৎ। এতদনুশাসনম্। এবমুপাসিতব্যম্। এবমু চৈতদুপাস্যম্ ॥ ১১ ॥ ইত্যেকাদশোঽনুবাকঃ ॥

শন্নো মিত্রঃ শং বরুণঃ। শন্নো ভবত্বর্য্যমা। শন্ন ইন্দ্রো বৃহস্পতিঃ। শন্নো বিষ্ণুরুরুক্রমঃ। নমো ব্রহ্মণে। নমস্তে বায়ো। ত্বমেব প্রত্যক্ষং ব্রহ্মাসি। ত্বামেব প্রত্যক্ষং ব্রহ্মাবাদিষম্। ঋতমবাদিষম্। সত্যমবাদিষম্। তন্মামাবীৎ। তদ্বক্তারমাবীৎ।

এষঃ উপদেশঃ। এষা বেদোপনিষৎ (বেদ-রহস্যম্, বেদার্থঃ)। এতৎ অনুশাসনম্। এবম্ উপাসিতব্যম্ (কর্ত্তব্যম্)। এবম্ উ চ এতৎ উপাস্যম্ (কার্য্যম্) ॥ ১১ ॥ ইতি একাদশোঽনুবাকঃ ॥

'শন্নোমিত্রঃ' ইত্যাদি ব্রহ্মাসি পর্য্যন্তঃ প্রথমানুবাকবৎ। ত্বাম্ এব প্রত্যক্ষং ব্রহ্ম অবাদিষম্ (অবদম্); ঋতম্ অবাদিষম্। সত্যম্ অবাদিষম্। তৎ

সকল বিচারক্ষম, অক্রূরমতি, ধর্ম্মকাম, [অন্য কর্ত্তৃক যাগাদি কার্য্যে] নিযুক্ত বা স্বাধীন ব্রাহ্মণ থাকেন, তাঁহারা সেই সকল বিষয়ে যেরূপ আচরণ করেন, [তুমিও] সেই সকল বিষয়ে সেরূপ আচরণ করিবে। ইহাই আদেশ। ইহাই উপদেশ। ইহাই বেদরহস্য (বেদার্থ বা)। ইহাই অনুশাসন। এরূপ আচরণ কর্ত্তব্য। এইরূপে ইহা পালন করিবে ॥ ১১ ॥ ইতি একাদশ অনুবাক ॥

মিত্র * আমাদের কল্যাণকারী হউন। বরুণ আমাদের কল্যাণকারী হউন। অর্য্যমা আমাদের কল্যাণকারী হউন। ইন্দ্র এবং বৃহস্পতি আমাদের কল্যাণকারী হউন। উরুক্রম বিষ্ণু আমাদের কল্যাণকারী হউন। ব্রহ্মকে নমস্কার। হে বায়ো, তোমাকে নমস্কার। তুমিই প্রত্যক্ষ ব্রহ্ম। তোমাকেই প্রত্যক্ষ ব্রহ্ম বলিয়াছি। ঋত ঘোষণা করিয়াছি। সত্য ঘোষণা করিয়াছি।

* প্রথমানুবাক দ্রষ্টব্য।

আবীন্মাম্। আবীদ্বক্তারম্। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥ ১২ ॥
ইতি দ্বাদশোঽনুবাকঃ ॥

ইতি শিক্ষ্যাধ্যায়নাম-প্রথমবল্লী।

(ব্রহ্ম) মাম্ আবীৎ (অরক্ষৎ)। তৎ বক্তারম্ আবীৎ। মাম্ আবীৎ। বক্তারম্ আবীৎ ॥ ১২ ॥ ইতি দ্বাদশোঽনুবাকঃ ॥

ইতি শিক্ষাধ্যায়ঃ। প্রথমা বল্লী।

তিনি (অর্থাৎ ব্রহ্ম) আমাকে রক্ষা করিয়াছেন। তিনি বক্তাকে রক্ষা করিয়াছেন। আমাকে রক্ষা করিয়াছেন। বক্তাকে রক্ষা করিয়াছেন ॥ ১২ ॥ ইতি দ্বাদশ অনুবাক ॥

ইতি শিক্ষাধ্যায় নামক প্রথম বল্লী ॥

ব্রহ্মানন্দবল্লী-নাম-দ্বিতীয়বল্লী।

হরিঃ ॥ ওঁ ॥

সহ নাববতু। সহ নৌ ভুনক্তু। সহ বীর্য্যং করবাবহৈ। তেজস্বি নাবধীতমস্তু। মা বিদ্বিষাবহৈ। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥

হরিঃ ওঁ। [ব্রহ্ম] নৌ (শিষ্যাচার্য্যৌ) সহ (উভৌ) অবতু (রক্ষতু)। [তৎ] নৌ সহ ভুনক্তু। [আবাম্] সহ (উভৌ) বীর্য্যং (সামর্থ্যং) করবাবহৈ (প্রাপ্নুবাব)। তেজস্বি (জ্ঞানম্) নৌ (আবয়োঃ) অধীতম্

হরিঃ ওঁ। [ব্রহ্ম] আমাদের উভয়কে (অর্থাৎ আচার্য্য ও শিষ্যকে) রক্ষা করুন। [তিনি] আমাদের উভয়কে সম্ভোগ

ওঁ ব্রহ্মবিদাপ্নোতি পরম্। তদেষাভ্যুক্তা। সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম। যো বেদ নিহিতং গুহায়াং পরমে ব্যোমন্। সোঽশ্নুতে সর্ব্বান্ কামান্ সহ। ব্রহ্মণা বিপশ্চিতেতি। তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ। আকাশাদ্বায়ুঃ। বায়োরগ্নিঃ। অগ্নেরাপঃ। অদ্ভ্যঃ পৃথিবী। পৃথিব্যা ওষধয়ঃ। ওষধিভ্যোঽন্নম্। অন্নাদ্রেতঃ। রেতসঃ পুরুষঃ। স'বা এষ পুরুষোঽন্নরসময়ঃ।

(বর্দ্ধিতম্) অস্তু। [আবাম্] মা বিদ্বিষাবহৈ (কলহং করবাবহৈ)। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।

ওঁ ব্রহ্মবিৎ পরম্ [ব্রহ্ম] আপ্নোতি (প্রাপ্নোতি)। তৎ (তস্মিন্ ব্রহ্মবিষয়ে) এষা ঋক্ অভি-উক্তা। সত্যং জ্ঞানম্ অনন্তম্ ব্রহ্ম যঃ পরমে (প্রকৃষ্টে) ব্যোমন্ (ব্যোম্নি, হৃদয়াকাশে) গুহায়াম্ (বুদ্ধৌ) নিহিতম্, বেদ (বিজানাতি), সঃ বিপশ্চিতা (সর্ব্বজ্ঞেন) ব্রহ্মণা সহ সর্ব্বান্ কামান্ অশ্নুতে, ইতি (ইতিশব্দঃ মন্ত্র-সমাপ্ত্যর্থঃ)॥

তস্মাৎ বৈ এতস্মাৎ আত্মনঃ আকাশঃ সম্ভূতঃ। আকাশাৎ বায়ুঃ। বায়োঃ অগ্নিঃ। অগ্নেঃ আপঃ। অদ্ভ্যঃ পৃথিবী। পৃথিব্যাঃ ওষধয়ঃ। ওষধিভ্যঃ অন্নম্। অন্নাৎ রেতঃ। রেতসঃ পুরুষঃ। সঃ বা এষঃ পুরুষঃ অন্নরসময়ঃ (অন্নরসবিকারঃ)।

করুন। আমরা উভয়ে যেন সামর্থ্য লাভ করি। আমাদের দুজনকার জ্ঞান বর্দ্ধিত হউক। আমরা দুজনে যেন কলহ না করি। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।

ওঁ। ব্রহ্মবিৎ পরব্রহ্মকে লাভ করেন। তৎসম্বন্ধে এই [ঋক্] উক্ত হইয়াছে। যিনি সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ ও অনন্তস্বরূপ ব্রহ্মকে হৃদয়াকাশে [বুদ্ধিরূপ] গুহাতে স্থিত বলিয়া জানেন, তিনি সর্ব্বজ্ঞ ব্রহ্ম সহ সমুদায় কাম্য বস্তু ভোগ করেন। (ইতি শব্দ মন্ত্রের সমাপ্তি প্রকাশ করিতেছে)।

তস্যেদমেব শিরঃ। অয়ং দক্ষিণঃ পক্ষঃ। অয়মুত্তরঃ পক্ষঃ। অয়মাত্মা। ইদং পুচ্ছং প্রতিষ্ঠা। তদপ্যেষ শ্লোকো ভবতি ॥ ১ ॥ ইতি প্রথমোঽনুবাকঃ ॥

অন্নাদ্বৈ প্রজাঃ প্রজায়ন্তে। যাঃ কাশ্চ পৃথিবীং শ্রিতাঃ।
অথো অন্নেনৈব জীবন্তি। অথৈনদপি যন্ত্যন্ততঃ।
অন্নং হি ভূতানাং জ্যেষ্ঠম্। তস্মাৎ সর্ব্বৌষধমুচ্যতে।
সর্ব্বং বৈ তেঽন্নমাপ্নুবন্তি। যেঽন্নং ব্রহ্মোপাসতে।
অন্নং হি ভূতানাং জ্যেষ্ঠম্। তস্মাৎ সর্ব্বৌষধমুচ্যতে।

তস্য ইদম্ এব শিরঃ। অয়ং দক্ষিণঃ পক্ষঃ (বাহুঃ)। অয়ম্ উত্তরঃ পক্ষঃ। অয়ম্ আত্মা (মধ্যমঃ দেহভাগঃ)। ইদং নাভেঃ অধস্তাৎ (যৎ অঙ্গং তৎ) পুচ্ছং (পশ্চাদ্-ভাগঃ) প্রতিষ্ঠা (প্রতিতিষ্ঠতি অনয়া ইতি প্রতিষ্ঠা, স্থিতিহেতুঃ ইত্যর্থঃ)। তৎ (তস্মিন্ বিষয়ে) এষঃ শ্লোকঃ ভবতি ॥১॥ ইতি প্রথমোঽনুবাকঃ॥

যাঃ কাঃ চ প্রজাঃ পৃথিবীং শ্রিতাঃ (আশ্রিতাঃ) [তাঃ সর্ব্বাঃ] অন্নাৎ বৈ প্রজায়ন্তে। অথো অন্নেন এব জীবন্তি। অথ অন্ততঃ (অন্তে) এনৎ (অন্নম্) অপিয়ন্তি (প্রতিগচ্ছন্তি)। হি (যস্মাৎ) অন্নং ভূতানাং জ্যেষ্ঠম্

এই আত্মা হইতে আকাশ সম্ভূত হইয়াছে। আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল, জল হইতে পৃথিবী, পৃথিবীহইতে ওষধি, ওষধি হইতে অন্ন, অন্ন হইতে রেত, এবং রেত হইতে মনুষ্য (হইয়াছে)। এই মনুষ্য অন্নরসের বিকার।

এই তাহার শির। এই দক্ষিণ বাহু। এই বামবাহু। এই মধ্যম দেহভাগ। এই (অর্থাৎ নাভির অধঃস্থিত অঙ্গ) পুচ্ছ (অর্থাৎ পশ্চাদ্ভাগ। এবং প্রতিষ্ঠা (অর্থাৎ স্থিতিহেতু)। তদ্বিষয়ে এই শ্লোক উক্ত হইতেছে ॥ ১ ॥ ইতি প্রথম অনুবাক॥

পৃথিবীতে যত প্রাণী বাস করিতেছে, সেই সমুদায়ই অন্ন হইতে জন্মে। তৎপরে অন্ন দ্বারাই জীবন ধারণ করে। তৎপর

অন্নাদ্ভূতানি জায়ন্তে। জাতান্যন্নেন বর্দ্ধন্তে।
অদ্যতেঽত্তি চ ভূতানি। তস্মাদন্নং তদুচ্যত ইতি।
তস্মাদ্বা এতস্মাদন্নরসময়াৎ অন্যোঽন্তর আত্মা প্রাণময়ঃ।
তেনৈষ পূর্ণঃ। স বা এষ পুরুষবিধ এব। তস্য পুরুষবিধতাম্। অন্বয়ং

প্রথমজম্। তস্মাৎ ['অন্নম্] সর্ব্বৌষধং (সর্ব্বপ্রাণিনাং দেহদাহপ্রশমনম্) উচ্যতে। যে অন্নম্ ব্রহ্ম [ইতি] উপাসতে, তে বৈ সর্ব্বম্ অন্নম্ আপ্নুবন্তি। অন্নং হি ভূতানাং জ্যেষ্ঠম্। তস্মাৎ [তৎ] সর্ব্বৌষধম্ উচ্যতে। অন্নাৎ ভূতানি জায়ন্তে। জাতানি [তানি] অন্নেন বর্দ্ধন্তে। [তৎ ভূতৈঃ] অদ্যতে, [তৎ স্বয়ং ভূতানি] অত্তি চ, তস্মাৎ অন্নম্ তৎ (অন্নম্) উচ্যতে, ইতি ('ইতি' শব্দঃ প্রথম-কোশপরিসমাপ্ত্যর্থঃ)।

তস্মাৎ বৈ এতস্মাৎ অন্নরসময়াৎ [কোশাৎ] অন্যঃ প্রাণময়ঃ অন্তরঃ (অভ্যন্তরঃ) আত্মা (আত্মত্বেন পরিকল্পিতঃ কোশঃ) [অস্তি], তেন (প্রাণ-

অন্তকালে ইহাতেই প্রতিগমন করে যেহেতু অন্ন সকল ভূতের জ্যেষ্ঠ (অর্থাৎ প্রথমজ)। সেইজন্য [অন্নকে] সর্ব্বৌষধি (অর্থাৎ সমুদায় প্রাণীর দেহ-দাহ-নিবারক) বলে।

যাঁহারা অন্নকে ব্রহ্মরূপে উপাসনা করেন, তাঁহারা সমুদায় অন্ন লাভ করেন। যেহেতু অন্ন সমুদায় প্রাণীর জ্যেষ্ঠ। সেই জন্য [ইহাকে] সর্ব্বৌষধি বলে। অন্ন হইতে সমুদায় প্রাণী জন্মে। জন্মিয়া তাহারা অন্ন দ্বারাই বর্দ্ধিত হয়। [উহা প্রাণিগণকর্ত্তৃক] ভক্ষিত হয় এবং [উহা স্বয়ং প্রাণীদিগকে] ভক্ষণ করে, সেইজন্য অন্নকে তাহা (অর্থাৎ অন্ন) বলে। ইতি (ইতি শব্দ দ্বারা প্রথম কোশের পরিসমাপ্তি বুঝাইতেছে)।

এই অন্নরসময় কোশ হইতে ভিন্ন আর একটী অন্তর (অভ্যন্তর) আত্মা (অর্থাৎ আত্মা রূপে পরিকল্পিত কোশ) [আছে, সেটী] প্রাণময়। তদ্দ্বারা (অর্থাৎ প্রাণময় কোশ দ্বারা) ইহা

পুরুষবিধঃ। তস্য প্রাণ এব শিরঃ। ব্যানো দক্ষিণঃ পক্ষঃ। অপান উত্তরঃ পক্ষঃ। আকাশ আত্মা। পৃথিবী পুচ্ছং প্রতিষ্ঠা। তদপ্যেষ শ্লোকো ভবতি ॥ ২ ॥ ইতি দ্বিতীয়োঽনুবাকঃ ॥

প্রাণং দেবা অনু প্রাণন্তি। মনুষ্যাঃ পশবশ্চ যে।
প্রাণো হি ভূতানামায়ুঃ। তস্মাৎ সর্ব্বায়ুষমুচ্যতে।

ময়েন আত্মনা) এষঃ (অন্নময়ঃ আত্মা) পূর্ণঃ। সঃ বৈ এষঃ (প্রাণময়ঃ কোশঃ) [অন্নময়কোশবৎ শিরঃ-পক্ষাদিভিঃ সংযুক্তঃ] পুরুষবিধঃ (পুরুষাকারঃ) এব। তস্য (অন্নময়স্য) পুরুষবিধতাম্ (পুরুষাকারতাম্) অনু (সদৃশম্) অয়ম্ (প্রাণময়ঃ) পুরুষবিধঃ। তস্য প্রাণঃ এব শিরঃ। ব্যানঃ দক্ষিণঃ পক্ষঃ। অপানঃ উত্তরঃ পক্ষঃ। আকাশঃ আত্মা। পৃথিবী পুচ্ছং প্রতিষ্ঠা। তৎ অপি এষঃ শ্লোকঃ ভবতি ॥ ২ ॥ ইতি দ্বিতীয়ঃ অনুবাকঃ ॥

দেবাঃ প্রাণম্ (প্রাণনশক্তিম্) অনুপ্রাণন্তি (প্রাণনকর্ম্ম কুর্ব্বন্তি, প্রাণনক্রিয়যা ক্রিয়াবন্তঃ ভবন্তি)। যে মনুষ্যাঃ পশবঃ চ [তে চ প্রাণনকর্ম্মণা এব চেষ্টাবন্তঃ ভবন্তি]। প্রাণঃ হি ভূতানাম্ আয়ুঃ। তস্মাৎ [প্রাণঃ] সর্ব্বায়ুষম্ (সর্ব্বে-

(অর্থাৎ অন্নময় কোশ) পূর্ণ। ইহাও (অর্থাৎ প্রাণময় কোশও) [অন্নময় কোশবৎ শির বাহু প্রভৃতি সংযুক্ত] মনুষ্যাকার। ইহার (অর্থাৎ প্রাণময় কোশের) মনুষ্যাকার উহার (অর্থাৎ অন্নময় কোশের) মনুষ্যাকারের ন্যায়। প্রাণই উহার মস্তক। ব্যান দক্ষিণ বাহু। অপান বাম বাহু। আকাশ আত্মা (অর্থাৎ মধ্যভাগ)। পৃথিবী পুচ্ছ প্রতিষ্ঠা। তদ্বিষয়েও এই শ্লোক [উক্ত] হইতেছে ॥ ২ ॥ ইতি দ্বিতীয় অনুবাক ॥

দেবতারা প্রাণশক্তি দ্বারা প্রাণন কর্ম্ম করেন। মনুষ্য এবং পশুরাও [প্রাণশক্তি দ্বারাই প্রাণন কর্ম্ম করে]। প্রাণই প্রাণীদিগের আয়ু। এই জন্য প্রাণকে সকলের আয়ু বলা হয়। যাঁহারা প্রাণকে ব্রহ্ম বলিয়া উপাসনা করেন, তাঁহারা পূর্ণ আয়ু প্রাপ্ত

সর্ব্বমেব ত আয়ুর্যন্তি। যে প্রাণং ব্রহ্মোপাসতে।
প্রাণোহি ভূতানামায়ুঃ। তস্মাৎ সর্ব্বায়ুষমুচ্যত ইতি।

তস্যৈষ এব শারীর আত্মা। যঃ পূর্ব্বস্য। তস্মাদ্বা এতস্মাৎ প্রাণময়াৎ। অন্যোঽন্তর আত্মা মনোময়ঃ। তেনৈষ পূর্ণঃ। স বা এষ পুরুষবিধ এব। তস্য পুরুষবিধতাম্। অন্বয়ং পুরুষবিধঃ। তস্য যজুরেব শিরঃ। ঋগ্ দক্ষিণঃ পক্ষঃ। সামোত্তরঃ পক্ষঃ। আদেশ

যাম্ আয়ুঃ সর্ব্বায়ুঃ, সর্ব্বায়ুঃ এব সর্ব্বায়ুষম্ ইতি) উচ্যতে। যে প্রাণম্ ব্রহ্ম [ইতি] উপাসতে, তে সর্ব্বম্ আয়ুঃ এব পূর্ণায়ুঃ ইত্যর্থঃ) যন্তি (প্রাপ্নুবন্তি)। হি (যতঃ) প্রাণঃ ভূতানাম্ আয়ুঃ।' তস্মাৎ সর্ব্বায়ুষম্ উচ্যতে ইতি (শ্লোক-সমাপ্ত্যর্থঃ)। তস্য (প্রাণময়স্য) শারীরঃ (শরীরে ভবঃ) আত্মা এষঃ এব, যঃ (শারীরঃ আত্মা) পুর্ব্বস্য (অন্নময়স্য), (একঃ এব আত্মা প্রাণময়ে অন্নময়ে চ উভয়োঃ শরীরয়োঃ বর্ত্ততে ইত্যর্থঃ)।

তস্মাৎ বৈ এতস্মাৎ প্রাণময়াৎ অন্যঃ মনোময়ঃ অন্তরঃ আত্মা [অস্তি]। তেন (মনোময়েন আত্মনা) এষঃ (প্রাণময়ঃ আত্মা) পূর্ণঃ। সঃ বৈ এষঃ (মনোময়ঃ কোশঃ) পুরুষবিধঃ এব। তস্য (প্রাণময়স্য) পুরুষবিধতাম্ অনু অয়ম্ (মনোময়ঃ) পুরুষবিধঃ। তস্য যজুঃ এব শিরঃ। ঋক্ দক্ষিণঃ পক্ষঃ।

হয়েন; যেহেতু প্রাণ প্রাণীদিগের আয়ু। সেই জন্য ইহাকে সর্ব্বায়ু বলে। ইতি (ইতি শব্দে শ্লোকের সমাপ্তি বুঝাইতেছে)। পূর্ব্বোক্ত [অন্নময়কোশের] শারীর (অর্থাৎ শরীরস্থ) আত্মা যিনি, ঐ [প্রাণময় কোশের শারীর আত্মা] ও তিনি (অর্থাৎ অন্নময় ও প্রাণময় উভয় শরীরে একই আত্মা বর্ত্তমান)।

এই প্রাণময় আত্মা হইতে ভিন্ন আর একটি অন্তর্-আত্মা [আছে, সেটী] মনোময়। তদ্দ্বারা (অর্থাৎ মনোময় কোশ দ্বারা ইহা (অর্থাৎ প্রাণময় কোশ) পূর্ণ। ইহাও (অর্থাৎ মনোময় কোশও) মনুষ্যাকার। ইহার (অর্থাৎ মনোময় কোশের) মনুষ্যা-

আত্মা। অথর্বাঙ্গিরসঃ পুচ্ছং প্রতিষ্ঠা। তদপ্যেষ শ্লোকো ভবতি ॥ ৩ ॥ ইতি তৃতীয়োঽনুবাকঃ ॥

যতো বাচো নিবর্ত্তন্তে। অপ্রাপ্য মনসা সহ।

আনন্দং ব্রহ্মণো বিদ্বান্। ন বিভেতি কদাচনেতি।

তস্যৈষ এব শারীর আত্মা। যঃ পূর্ব্বস্য। তস্মাদ্বা এতস্মান্মনোময়াৎ। অন্যোঽন্তর আত্মা বিজ্ঞানময়ঃ। তেনৈষ পূর্ণঃ।

সাম উত্তরঃ পক্ষঃ। আদেশঃ (ব্রাহ্মণনামকঃ বেদভাগঃ) আত্মা। অথর্ব্বাঙ্গিরসঃ (অথর্ব্বমন্ত্রাঃ) পুচ্ছং প্রতিষ্ঠা। তৎ অপি এষঃ শ্লোকঃ ভবতি ॥ ৩ ॥ ইতি তৃতীয়ঃ অনুবাকঃ ॥

বাচঃ মনসা সহ [যৎ] অপ্রাপ্য যতঃ নিবর্ত্তন্তে (প্রত্যাবর্ত্তন্তে, নিরস্তাঃ ভবন্তি), তস্য ব্রহ্মণঃ আনন্দং বিদ্বান্ (যঃ জানাতি সঃ) কদাচন ন বিভেতি, ইতি (শ্লোকসমাপ্ত্যর্থঃ)। তস্য (মনোময়স্য) শারীরঃ আত্মা এষঃ এব, যঃ পূর্ব্বস্য (প্রাণময়স্য)।

তস্মাৎ বৈ এতস্মাৎ মনোময়াৎ অন্যঃ বিজ্ঞানময়ঃ (বিজ্ঞানং নিশ্চয়াত্মিকা বুদ্ধিঃ, তন্ময়ঃ) অন্তরঃ আত্মা [অস্তি]। তেন (বিজ্ঞানময়েন আত্মনা)

কার উহার (অর্থাৎ প্রাণময় কোশের) মনুষ্যাকারের ন্যায়। যজুই উহার শির। ঋক্ দক্ষিণ বাহু। সাম বাম বাহু। আদেশ (অর্থাৎ ব্রাহ্মণ নামক বেদাংশ) আত্মা (অর্থাৎ মধ্যভাগ)। অথর্ব্বাঙ্গিরস (অর্থাৎ অথর্ব্বমন্ত্রসকল). পুচ্ছ-প্রতিষ্ঠা। তদ্বিষয়েও এই শ্লোক [উক্ত] হইতেছে ॥ ৩ ॥ ইতি তৃতীয় অনুবাক ॥

মনের সহিত বাক্য [যাঁহাকে] না পাইয়া যাঁহা হইতে ফিরিয়া আইসে, সেই ব্রহ্মের আনন্দ যিনি জানেন, তিনি কদাচ ভয় প্রাপ্ত হয়েন না, ইতি। যিনি পূর্ব্বোক্ত [প্রাণময়] শরীরস্থ আত্মা, তিনিই ঐ [মনোময় শরীরের] ও [আত্মা]।

এই মনোময় আত্মা হইতে ভিন্ন আর একটি অন্তর্-আত্মা [আছে, সেটি] বিজ্ঞানময় (অর্থাৎ নিশ্চয়াত্মিকা বুদ্ধিরূপ যে

স বা এষ পুরুষবিধ এব। তস্য পুরুষবিধতাম্। অন্বয়ং পুরুষবিধঃ। তস্য শ্রদ্ধৈব শিরঃ। ঋতং দক্ষিণঃ পক্ষঃ। সত্যমুত্তরঃ পক্ষঃ। যোগ আত্মা। মহঃ পুচ্ছং প্রতিষ্ঠা। তদপ্যেষ শ্লোকো ভবতি ॥ ৪ ॥ ইতি চতুর্থোঽনুবাকঃ ॥

বিজ্ঞানং যজ্ঞং তনুতে। কর্ম্মাণি তনুতেঽপি চ।
বিজ্ঞানং দেবাঃ সর্ব্বে। ব্রহ্ম জ্যেষ্ঠমুপাসতে।

এষঃ (মনোময়ঃ আত্মা পূর্ণঃ। সঃ বৈ এষঃ (বিজ্ঞানময়ঃ কোশঃ) পুরুষবিধঃ এব। তস্য (মনোময়স্য) পুরুষবিধতাম্ অনু অয়ম্ (বিজ্ঞানময়ঃ) পুরুষবিধঃ। তস্য শ্রদ্ধা এব শিরঃ। ঋতং দক্ষিণঃ পক্ষঃ। সত্যম্ উত্তরঃ পক্ষঃ। যোগঃ আত্মা। মহঃ (বুদ্ধিঃ) পুচ্ছং প্রতিষ্ঠা। তৎ অপি এষঃ শ্লোকঃ ভবতি ॥ ৪ ॥ ইতি চতুর্থঃ অনুবাকঃ ॥

বিজ্ঞানং যজ্ঞং তনুতে (তনোতি, করোতি), কর্ম্মাণি অপি চ তনুতে। সর্ব্বে দেবাঃ বিজ্ঞানম্ ব্রহ্ম জ্যেষ্ঠং [চ ইতি] উপাসতে। চেৎ (যদি) [কশ্চিৎ] বিজ্ঞানম্ ব্রহ্ম [ইতি] বেদ, [তথা] তস্মাৎ (বিজ্ঞানময়াদ্ ব্রহ্মণঃ) চেৎ ন

বিজ্ঞান, তন্ময়]। তদ্দ্বারা (অর্থাৎ বিজ্ঞানময় কোশ দ্বারা) ইহা (অর্থাৎ মনোময় কোশ) পূর্ণ। ইহাও (অর্থাৎ বিজ্ঞানময় কোশও) মনুষ্যাকার। ইহার (অর্থাৎ বিজ্ঞানময় কোশের) মনুষ্যাকার উহার (অর্থাৎ মনোময় কোশের) মনুষ্যাকারের ন্যায়। শ্রদ্ধাই উহার শির। ঋত (অর্থাৎ যথাকর্ত্তব্য) দক্ষিণ বাহু। সত্য বাম বাহু। যোগ আত্মা। মহঃ (অর্থাৎ বুদ্ধি) পুচ্ছ-প্রতিষ্ঠা। তদ্বিষয়েও এই শ্লোক [উক্ত] হইতেছে ॥৪॥ ইতি চতুর্থ অনুবাক ॥

বিজ্ঞান যজ্ঞ করে, কর্ম্ম ও করে। সমুদায় দেবতারা বিজ্ঞানকে ব্রহ্ম ও জ্যেষ্ঠরূপে উপাসনা করেন। যদি কেহ বিজ্ঞানকে ব্রহ্ম বলিয়া জানে এবং তাঁহা হইতে (অর্থাৎ বিজ্ঞানময় ব্রহ্ম হইতে)

বিজ্ঞানং ব্রহ্ম চেদ্বেদ। তস্মাচ্চেন্ন প্রমাদ্যতি।
শরীরে পাপ্মনো হিত্বা। সর্ব্বান্ কামান্ সমশ্নুত ইতি।
তস্যৈব এব শারীর আত্মা। যঃ পূর্ব্বস্য। তস্মাদ্বা এতস্মাদ্বিজ্ঞানময়াৎ। অন্যোঽন্তর আত্মানন্দময়ঃ। তেনৈষ পূর্ণঃ। স বা এষ পুরুষবিধ এব। তস্য পুরুষবিধতাম্। অন্বয়ং পুরুষবিধঃ। তস্য প্রিয়মেব শিরঃ। মোদো দক্ষিণঃ পক্ষঃ। প্রমোদ উত্তরঃ পক্ষঃ। আনন্দ আত্মা। ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা। তদপ্যেষ শ্লোকো ভবতি ॥ ৫ ॥ ইতি পঞ্চমোঽনুবাকঃ ॥

প্রমাদ্যতি (বিচ্যুতঃ ভবতি), [তদা সঃ সর্ব্বান্ শরীরে প্রভবান্] পাপ্মনঃ শরীরে হিত্বা সর্ব্বান্ কামান্ সমশ্নুতে ইতি। তস্য (বিজ্ঞানময়স্য) এষঃ এব শারীরঃ আত্মা, যঃ পূর্ব্বস্য।

তস্মাৎ বৈ এতস্মাৎ বিজ্ঞানময়াৎ অন্যঃ অন্তরঃ আনন্দময়ঃ আত্মা [অস্তি]। তেন (আনন্দময়েন) এষঃ (বিজ্ঞানময়ঃ) পূর্ণঃ। সঃ বৈ এষঃ পুরুষবিধঃ এব। তস্য পুরুষবিধতাম্ অনু অয়ম্ পুরুষবিধঃ। তস্য প্রিয়ম্ (প্রীতিঃ, হর্ষঃ) এব শিরঃ। মোদঃ দক্ষিণঃ পক্ষঃ। প্রমোদঃ উত্তরঃ পক্ষঃ। আনন্দঃ আত্মা। ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা। তৎ অপি এষঃ শ্লোকঃ ভবতি ॥ ৫ ॥ ইতি পঞ্চমঃ অনুবাকঃ ॥

বিচ্যুত না হয়, তবে সে [সমুদায় শরীর-জাত] পাপ শরীরে পরিত্যাগ করিয়া সমুদায় কাম্য বস্তু প্রাপ্ত হয়। পূর্ব্বোক্ত [মনোময় কোশের] শরীরস্থ আত্মা যিনি, ঐ [বিজ্ঞানময় কোশের] শরীরস্থ আত্মাও তিনি।

এই বিজ্ঞানময় আত্মা হইতে ভিন্ন আর একটি অন্তর্-আত্মা [আছে, সেটি] আনন্দময়। তদ্দ্বারা (অর্থাৎ আনন্দময় কোশ দ্বারা) ইহা (অর্থাৎ বিজ্ঞানময় কোশ) পূর্ণ। ইহাও মনুষ্যাকার। ইহার মনুষ্যাকার উহার মনুষ্যাকারের ন্যায়। প্রীতি বা হর্ষই

অসন্নেব ভবতি। অসদ্ ব্রহ্মেতি বেদ চেৎ।
অস্তি ব্রহ্মেতি চেদ্বেদ। সন্তমেনং ততো বিদুরিতি।

তস্যৈষ এব শারীর আত্মা। যঃ পূর্ব্বস্য। অথাতোঽনুপ্রশ্নাঃ। উতাবিদ্বানমুং লোকং প্রেত্য। কশ্চন গচ্ছতি। আহো বিদ্বানমুং লোকং প্রেত্য কশ্চিৎ সমশ্নুতাউ। সোঽকাময়ত। বহু স্যাং প্রজায়েয়েতি। স তপোঽতপ্যত। স তপস্তপ্ত্বা। ইদং সর্ব্বমসৃজত।

[কশ্চিৎ] ব্রহ্ম অসৎ ইতি চেৎ বেদ [মন্যতে], সঃ অসন্ এব ভবতি। [কশ্চিৎ] ব্রহ্ম অস্তি ইতি চেৎ বেদ, ততঃ [জ্ঞানিনঃ] এনং সন্তং বিদুঃ। ইতি। তস্য (আনন্দময়স্য)এষঃ এব শারীরঃ আত্মা যঃ পূর্ব্বস্য (বিজ্ঞানময়স্য)। অথ অতঃ অনুপ্রশ্নাঃ (আচার্য্য-উক্তিম্ অনু শিষ্যস্য প্রশ্নাঃ)। উত (প্রশ্নে) কশ্চন অবিদ্বান্ [ইতঃ] প্রেত্য অমুং লোকং গচ্ছতি [কিং বা ন গচ্ছতি ?] আহো (প্রশ্নে) কশ্চিৎ বিদ্বান্ [ইতঃ] প্রেত্য অমুং লোকং সমশ্নুতাউ (সমশ্নুতে) [কিং বা ন সমশ্নুতে] ? [উত্তরঃ—] সঃ (পরমাত্মা) অকাময়ত (কামিতবান্) বহু স্যাম্ (ভবেয়ম্) প্রজায়েয় (উৎপদ্যেয়)ইতি।

উহার মস্তক। মোদ (অর্থাৎ সুখ) দক্ষিণ বাহু। প্রমোদ বাম বাহু। আনন্দ আত্মা। ব্রহ্ম পুচ্ছ-প্রতিষ্ঠা। তদ্বিষয়েও এই শ্লোক [উক্ত] হইতেছে ॥ ৫॥ ইতি পঞ্চম অনুবাক ॥

যদি কেহ ব্রহ্মকে অসৎ মনে করে, তবে সে অসৎই হয়। যদি কেহ মনে করে যে, ব্রহ্ম আছেন, তবে [জ্ঞানিগণ] তাহাকে সৎ বলিয়া মনে করেন ।। ইতি ।। পূর্ব্বোক্ত [বিজ্ঞানময় কোশের] শারীর আত্মা যিনি, ঐ [আনন্দময় কোশের] শারীর আত্মা তিনিই। তৎপর [শিষ্য আচার্য্যোক্তির পর] প্রশ্ন করিতেছেন। কোন অজ্ঞানী ব্যক্তি ইহলোক হইতে অপসৃত হইয়া ঐ লোকে যায় কি না ? কোন জ্ঞানী ব্যক্তি ইহলোক হইতে অপসৃত হইয়া

যদিদং কিঞ্চ। তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ। তদনুপ্রবিশ্য। সচ্চ ত্যচ্চাভবৎ। নিরুক্তঞ্চানিরুক্তঞ্চ। নিলয়নঞ্চানিলয়নঞ্চ। বিজ্ঞানঞ্চা-বিজ্ঞানঞ্চ। সত্যঞ্চানৃতঞ্চ সত্যমভবৎ। যদিদং কিঞ্চ। তৎ সত্যমিত্যাচক্ষতে। তদপ্যেষ শ্লোকো ভবতি ॥ ৬ ॥ ইতি ষষ্ঠো-ঽনুবাকঃ ॥

সঃ তপঃ অতপ্যত (সৃজ্যমান-জগৎ-রচনাদি-বিষয়াম্ আলোচনাম্ অকরোৎ ইত্যর্থঃ)। সঃ তপঃ তপ্ত্বা ইদং সর্ব্বম্ অসৃজত, যৎ ইদং কিং চ। তৎ সৃষ্ট্বা তৎ এব অনুপ্রাবিশৎ। তৎ অনুপ্রবিশ্য সৎ (মূর্ত্তং) চ, ত্যৎ (অমূর্ত্তং) চ, নিরুক্তম্ (বচনীয়ং) চ অনিরুক্তম্ (অনির্ব্বচনীয়ং) চ, নিলয়নম্ (আশ্রিতং) চ, অনিলয়নম্ (অনাশ্রিতং) চ, বিজ্ঞানং চ, (চেতনম্) চ, অবিজ্ঞানম্ (অচেতনম্ পাষাণাদি) চ, সত্যং চ, অনৃতং চ, যৎ ইদং কিং চ [তৎ সর্ব্বং] সত্যম্ (সত্যস্বরূপম্ ব্রহ্ম) অভবৎ। তৎ (তস্মাৎ) [ব্রহ্ম] সত্যম্ ইতি আচক্ষতে (উচ্যতে)। তৎ অপি এষঃ শ্লোকঃ ভবতি ॥ ৬ ॥ ইতি ষষ্ঠঃ অনুবাকঃ ॥

ঐ লোক প্রাপ্ত হয়েন কি না? [উত্তর—] তিনি [অর্থাৎ] পর-মাত্মা] ইচ্ছা করিলেন—আমি বাহু হইব, আমি উৎপন্ন হইব। তিনি তপস্যা করিলেন (অর্থাৎ সৃজ্যমান জগৎ-রচনাদিবিষয়ে আলোচনা করিলেন)। তিনি তপস্যা করিয়া এই যাহা কিছু আছে, সমস্ত সৃষ্টি করিলেন। তাহা সৃষ্টি করিয়া তাহাতে অনু-প্রবিষ্ট হইলেন। তাহাতে অনুপ্রবিষ্ট হইয়া সৎ ও ত্যৎ (অর্থাৎ মূর্ত্ত ও অমূর্ত্ত), সবিশেষ ও নির্ব্বিশেষ, আশ্রিত ও অনাশ্রিত, চেতন ও অচেতন, সত্য ও অসত্য, যাহা কিছু আছে,—সত্যস্বরূপ ব্রহ্ম তৎসমুদায় হইলেন। সেই জন্যই ব্রহ্মকে সত্য বলে। তদ্-বিষয়েও এই শ্লোক [উক্ত] হইতেছে ॥ ৬ ॥ ইতি ষষ্ঠ অনুবাক ॥

অসদ্বা ইদমগ্র আসীৎ। ততো বৈ সদজায়ত।
তদাত্মানং স্বয়মকুরুত। তস্মাৎ তৎ সুকৃতমুচ্যত ইতি।
যদ্বৈ তৎ সুকৃতম্। রসো বৈ সঃ। রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দী ভবতি। কো হ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাৎ। যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ। এষ হ্যেবানন্দয়তি। যদা হ্যেবৈষ এতস্মিন্নদৃশ্যে-

ইদং (নামরূপবিশেষবৎ প্রকাশিতং জগৎ) অগ্রে অসৎ (প্রকাশিত-নাম-রূপ-বিশেষ-বিপরীত-রূপম্ অবিকৃতম্ ব্রহ্ম) বৈ আসীৎ। ততঃ (অসৎ-শব্দ-বাচ্য-ব্রহ্মণঃ) বৈ সৎ (প্রকাশিত-নামরূপাত্মকং জগৎ) অজায়ত। তদ্ (ব্রহ্ম) স্বয়ম্ আত্মানম্ অকুরুত (কৃতবৎ, আত্মানং জগৎ-রূপেণ ব্যাকরোৎ)। তস্মাৎ তৎ সুকৃতং (স্বয়ং-কর্তৃ) উচ্যতে। ইতি। যৎ বৈ তৎ সুকৃতং সঃ বৈ রসঃ (আনন্দকরঃ)। অয়ং (জীবঃ) রসং হি এব লব্ধ্বা আনন্দী (সুখী) ভবতি। যৎ (যদি) এষঃ আনন্দঃ আকাশে (হৃদয়াকাশে) ন স্যাৎ [ততঃ] কঃ হি এব অন্যাৎ (অপানচেষ্টাং কুর্য্যাৎ) কঃ প্রাণ্যাৎ (প্রাণনং কুর্য্যাৎ)। এষঃ হি এব [লোকম্] আনন্দয়তি। যদা হি এব এষঃ (সাধকঃ) এতস্মিন্ অদৃশ্যে, অনাত্ম্যে (অশরীরে) অনিরুক্তে

(বিশেষ বিশেষ নামরূপবৎ প্রকাশিত) এই জগৎ অগ্রে অসৎ ছিল (অর্থাৎ বিশেষ বিশেষ নামরূপবৎ প্রকাশের বিপরীত অবিকৃত ব্রহ্মরূপ ছিল)। সেই (অসৎ-শব্দ-বাচ্য ব্রহ্ম) হইতে সৎ (অর্থাৎ প্রকাশিত নামরূপাত্মক জগৎ) উৎপন্ন হইল। তিনি স্বয়ং আপনাকে সৃষ্টি করিলেন (অর্থাৎ আপনাকে জগৎ রূপে প্রকাশ করিলেন)। সেই জন্য তাঁহাকে সুকৃত (অর্থাৎ স্বয়ং কর্ত্তা) বলে। ইতি। যিনি সেই সুকৃত, তিনিই রসস্বরূপ। এই [জীব] রসস্বরূপকে প্রাপ্ত হইয়াই সুখী হয়। যদি আকাশে (অর্থাৎ হৃদয়াকাশে) এই আনন্দস্বরূপ না থাকিতেন, তবে কে বা অপান চেষ্টা করিত, কেই বা প্রাণন কার্য্য করিত? (অর্থাৎ কেহই

ঽনাত্ম্যেঽনিরুক্তেঽনিলয়নেঽভয়ং প্রতিষ্ঠাং বিন্দতে। অথ সোঽভয়ং গতো ভবতি। যদা হ্যেবৈষ এতস্মিন্নুদরমন্তরং কুরুতে। অথ তস্য ভয়ং ভবতি। তত্ত্বেব ভয়ং বিদুষো ঽমন্বানস্য। তদপ্যেষ শ্লোকো ভবতি ॥ ৭ ॥ ইতি সপ্তমোঽনুবাকঃ ॥

ভীষাস্মাদ্বাতঃ পবতে। ভীষোদেতি সূর্য্যঃ।
ভীষাস্মাদগ্নিশ্চেন্দ্রশ্চ। মৃত্যুর্ধাবতি পঞ্চম ইতি।

(নির্ব্বিশেষে) অনিলয়নে (অনাধারে) [ব্রহ্মণি] অভয়ং (ক্রিয়া-বিশেষণম্) প্রতিষ্ঠাং (স্থিতিম্) বিন্দতে (লভতে), অথ (তদা) সঃ অভয়ং গতঃ ভবতি। যদা হি এব এষঃ এতস্মিন্ উৎ (অপি) অরম্ (অল্পম্) অন্তরম (ভেদদর্শনম্) কুরুতে, অথ তস্য ভয়ং ভবতি। তৎ (ব্রহ্ম) তু অমন্বানস্য) ব্রহ্ম আত্মৈকত্বেন অজানতঃ) বিদুষঃ (বিদ্যাভিমানিনঃ, ন তু প্রকৃতজ্ঞানিনঃ) ভয়ং (ভয়কারণম্) এব। তৎ অপি এষঃ শ্লোকঃ ভবতি ॥ ৭ ॥ ইতি সপ্তমঃ অনুবাকঃ ॥

অস্মাৎ (ব্রহ্মণঃ) ভীষা (ভয়েন) বাতঃ পবতে, [অস্মাৎ চ] ভীষা সূর্য্যঃ উদেতি। অস্মাৎ ভীষা অগ্নিঃ চন্দ্রঃ চ, পঞ্চমঃ মৃত্যুঃ [চ] ধাবতি

নিশ্বাস প্রশ্বাস দ্বারা প্রাণধারণ করিতে পারিত না)। ইনিই জীবকে আনন্দদান করেন। যখন এই [সাধক] এই অদৃশ্য, নির্ব্বিশেষ ও অনাধার ব্রহ্মে নির্ভয়ে প্রতিষ্ঠালাভ করেন, তখন তিনি অভয় প্রাপ্ত হয়েন। যখন ইনি ইহাঁতে অল্পমাত্রও ভেদ দর্শন করেন, তখন তাঁহার ভয় হয়। [ব্রহ্মের সহিত আত্মার একত্ব] যিনি জানেন না, সেই বিদ্বানের (অর্থাৎ বিদ্যাভিমানীর) পক্ষে তিনি (অর্থাৎ ব্রহ্ম) ভয়ের কারণ। তদ্বিষয়েও এই শ্লোক [উক্ত] হইতেছে ॥ ৭ ॥ ইতি সপ্তম অনুবাক ॥

ইহাঁর ভয়ে বায়ু প্রবাহিত হয়, ইহাঁর ভয়ে সূর্য্য উদিত হয়। ইহাঁর ভয়ে অগ্নি, চন্দ্র এবং পঞ্চমতঃ মৃত্যু ধাবমান হইতেছে

সৈষানন্দস্য মীমাংসা ভবতি। যুবা স্যাৎ সাধু যুবাধ্যায়কঃ। আশিষ্ঠো দৃঢ়িষ্ঠো বলিষ্ঠঃ। তস্যেয়ং পৃথিবী সর্ব্বা বিত্তস্য পূর্ণা স্যাৎ। স একো মানুষ আনন্দঃ। তে যে শতং মানুষা আনন্দাঃ। স একো মনুষ্যগন্ধর্ব্বাণামানন্দঃ। শ্রোত্রিয়স্য চাকামহতস্য। তে যে শতং মনুষ্যগন্ধর্ব্বাণামানন্দাঃ। স একো দেবগন্ধর্ব্বাণামানন্দঃ। শ্রোত্রিয়স্য চাকামহতস্য। তে যে শতং দেবগন্ধর্ব্বাণামানন্দাঃ।

(স্বকীয়ং কর্ম্ম করোতি) ইতি। [কঠোপনিষদি ষষ্ঠবল্ল্যাঃ তৃতীয়া শ্রুতিঃ দ্রষ্টব্যা]।

[তস্য ব্রহ্মণঃ] আনন্দস্য সা এষা মীমাংসা (বিচারণা) ভবতি। সাধুঃ, অধ্যায়কঃ (অধীতবেদঃ), আশিষ্ঠঃ (ক্ষিপ্রকর্ম্মা), দৃঢ়িষ্ঠঃ (দৃঢ়তমঃ) বলিষ্ঠঃ যুবা স্যাৎ। ইয়ং সর্ব্বা বিত্তস্য (বিত্তেন) পূর্ণা পৃথিবী তস্য স্যাৎ। সঃ (তস্য যূনঃ আনন্দঃ) একঃ মানুষঃ (মনুষ্যাণাম্ প্রকৃষ্টঃ একঃ) আনন্দঃ। তে যে শতং মানুষাঃ আনন্দাঃ, সঃ একঃ মনুষ্য-গন্ধর্ব্বাণাম্ আনন্দঃ (মানুষাৎ আনন্দাৎ শতগুণেন উৎকৃষ্টঃ মনুষ্য-গন্ধর্ব্বাণাম্ আনন্দঃ। মনুষ্যাঃ সন্তঃ কর্ম্মবিদ্যাবিশেষাৎ গন্ধর্ব্বত্বং প্রাপ্তাঃ মনুষ্যগন্ধর্ব্বাঃ।) শ্রোত্রিয়স্য (বেদজ্ঞস্য) অকামহতস্য (কামমুক্তস্য) [পুরুষস্য] চ [তাবান্ আনন্দঃ]। তে যে

(অর্থাৎ আপন আপন কার্য্য সম্পাদন করিতেছে) ইতি। [কঠোপনিষদের ষষ্ঠ বল্লীর তৃতীয় শ্রুতি দ্রষ্টব্য]।

[সেই ব্রহ্মের] আনন্দের এই মীমাংসা (অর্থাৎ বিচার) করা যাইতেছে। [মনে কর যেন] এক জন বেদজ্ঞ, ক্ষিপ্রকর্ম্মা, দ্রঢ়িষ্ঠ এবং বলিষ্ঠ যুবক আছে, এবং এই বিত্তপূর্ণ সমস্ত পৃথিবী তাহার। ইহা (অর্থাৎ এরূপ যুবকের আনন্দ) এক [পূর্ণমাত্রা মানবীয় আনন্দ। এরূপ মানবীয় আনন্দের শতগুণ মনুষ্য-গন্ধর্ব্বের এক [পূর্ণমাত্রা] আনন্দ (অর্থাৎ মনুষ্য-গন্ধর্ব্বের আনন্দ] মানবীয় আনন্দের শতগুণ। বিশেষ কর্ম্ম বা জ্ঞান বশতঃ গন্ধর্ব্বত্ব প্রাপ্ত

স একঃ পিতৃণাং চিরলোকলোকানামানন্দঃ। শ্রোত্রিয়স্য চাকামহতস্য। তে যে শতং পিতৃণাং চিরলোকলোকানামানন্দাঃ। স এক আজানজানাং দেবানামানন্দঃ। শ্রোত্রিয়স্য চাকামহতস্য। তে যে শতমাজানজানাং দেবানামানন্দাঃ। স একঃ কর্ম্মদেবানামানন্দঃ। যে কর্ম্মণা দেবানপি যন্তি। শ্রোত্রিয়স্য চাকামহতস্য। তে যে শতং কর্ম্মদেবানামানন্দাঃ। স একো দেবানামানন্দঃ। শ্রোত্রিয়স্য চাকামহতস্য। তে যে শতং দেবানামানন্দাঃ। স এক ইন্দ্র-

শতং মনুষ্য-গন্ধর্ব্বাণাম্ আনন্দাঃ, সঃ একঃ দেবগন্ধর্ব্বাণাম্ আনন্দঃ। (দেব-গন্ধর্ব্বাঃ জাতিতঃ এব)। শ্রোত্রিয়স্য অকামহতস্য চ। তে যে শতং দেবগন্ধর্ব্বাণাম্ আনন্দাঃ, সঃ চিরলোকলোকানাম্ (চিরকালস্থায়ী লোকঃ, লোকঃ যেষাং তে চিরলোকলোকাঃ, তেষাম্) পিতৃণাম্ একঃ আনন্দঃ। শ্রোত্রিয়স্য অকামহতস্য চ। তে যে শতং চিরলোকলোকানাম্ আনন্দাঃ, সঃ একঃ আজানজানাম্ (আজানঃ ইতি দেবলোকঃ, তস্মিন্ জাতাঃ আজানজাঃ,—স্মার্ত্তকর্ম্মবিশেষতঃ দেবস্থানেষু জাতাঃ, তেষাং) দেবানাম্ আনন্দঃ। শ্রোত্রিয়স্য অকামহতস্য চ। তে যে শতম্ আজানজানাং দেবানাম্ আনন্দাঃ, সঃ একঃ কর্ম্মদেবানাম্ আনন্দঃ।

মনুষ্যকে মনুষ্য-গন্ধর্ব্ব বলে)। কামনা-মুক্ত শ্রোত্রিয় (অর্থাৎ বেদজ্ঞ) পুরুষেরও [সেই পরিমাণ আনন্দ]। মনুষ্য-গন্ধর্ব্বের শতগুণ আনন্দ এক [পূর্ণমাত্রা] দেব-গন্ধর্ব্বের আনন্দ। (দেব-গন্ধর্ব্ব একজাতীয় জীব)। কামনা-মুক্ত শ্রোত্রিয় পুরুষেরও [সেই পরিমাণ আনন্দ]। দেব-গন্ধর্ব্বের আনন্দের শতগুণ চির-লোকবাসী পিতৃদিগের এক [পূর্ণমাত্রা] আনন্দ। (যাঁহাদের লোক অর্থাৎ বাসস্থান চিরকালস্থায়ী, অর্থাৎ দীর্ঘকাল স্থায়ী, তাঁহাদিগকে চিরলোকবাসী বলে)। কামনামুক্ত শ্রোত্রিয় পুরু-ষেরও [সেই পরিমাণ আনন্দ] চিরলোকবাসীদিগের আনন্দের শতগুণ আজানজ দেবতাদিগের এক [পূর্ণমাত্রা] আনন্দ। (বিশেষ

স্যানন্দঃ। শ্রোত্রিয়স্য চাকামহতস্য। তে যে শতমিন্দ্রস্যানন্দাঃ। স একো বৃহস্পতেরানন্দঃ। শ্রোত্রিয়স্য চাকামহতস্য। তে যে শতং বৃহস্পতেরানন্দাঃ। স একঃ প্রজাপতেরানন্দঃ। শ্রোত্রিয়স্য চাকামহতস্য। তে যে শতং প্রজাপতেরানন্দাঃ। স একো ব্রহ্মণ আনন্দঃ। শ্রোত্রিয়স্য চাকামহতস্য। স যশ্চায়ং পুরুষে। যশ্চা-

যে [অগ্নিহোত্রাদিনা শ্রৌতেন] কর্ম্মণা দেবান্ যন্তি (গচ্ছন্তি)। শ্রোত্রিয়স্য অকামহতস্য চ। তে যে শতং কর্ম্মদেবানাম্ আনন্দাঃ, সঃ একঃ দেবানাম্ আনন্দঃ (দেবাঃ,—অষ্টৌ বসবঃ, একাদশ রুদ্রাঃ, দ্বাদশ আদিত্যাঃ, ইন্দ্রঃ প্রজাপতিশ্চ, ইতি ত্রয়স্ত্রিংশৎ)। শ্রোত্রিয়স্য অকামহতস্য চ। তে যে শতং দেবানাম্ আনন্দাঃ সঃ একঃ ইন্দ্রস্য (দেবরাজস্য) আনন্দঃ। শ্রোত্রিয়স্য অকাম-হতস্য চ। তে যে শতম্ ইন্দ্রস্য আনন্দাঃ, সঃ একঃ বৃহস্পতেঃ (দেবগুরোঃ) আনন্দঃ। শ্রোত্রিয়স্য অকামহতস্য চ। তে যে শতম্ বৃহস্পতেঃ আনন্দাঃ, সঃ একঃ প্রজাপতেঃ আনন্দঃ। শ্রোত্রিয়স্য অকামহতস্য চ। তে যে শতম্ প্রজাপতেঃ আনন্দাঃ, সঃ একঃ ব্রহ্মণঃ আনন্দঃ। শ্রোত্রিয়স্য অকামহতস্য চ।

বিশেষ স্মৃতিবিহিত কর্ম্মবশতঃ আজানে অর্থাৎ দেবলোকে জাত দেবতাদিগকে আজানজ দেবতা বলে)। কামনামুক্ত শ্রোত্রিয় পুরুষেরও [সেই পরিমাণ আনন্দ]। আজানজ দেবতার আনন্দের শতগুণ [সেই] কর্ম্মদেবতাদিগের এক [পূর্ণমাত্রা] আনন্দ, যাঁহারা [শ্রুতিবিহিত অগ্নিহোত্রাদি] কর্ম্ম দ্বারা দেবতা-দিগকে প্রাপ্ত হয়েন। কামনামুক্ত শ্রোত্রিয় পুরুষেরও [সেই পরিমাণ আনন্দ]। কর্ম্মদেবতাদিগের আনন্দের শতগুণ দেবতা-দিগের এক পূর্ণমাত্রা আনন্দ। (অষ্ট বসু, একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য, ইন্দ্র ও প্রজাপতি, এই ত্রয়স্ত্রিংশৎ জন বৈদিক দেবতা)। কামনামুক্ত শ্রোত্রিয় পুরুষেরও [সেই পরিমাণ আনন্দ]। [অপর] দেবতাদিগের আনন্দের শতগুণ (দেবরাজ) ইন্দ্রের এক [পূর্ণ-

ন্যাবাদিত্যে। স একঃ। স য এবংবিৎ। অস্মাল্লোকাৎ প্রেত্য। এতমন্নময়মাত্মানমুপসংক্রামতি। এতং প্রাণময়মাত্মানমুপসংক্রামতি। এতং মনোময়মাত্মানমুপসংক্রামতি। এতং বিজ্ঞানময়মাত্মানমুপসংক্রামতি। এতমানন্দময়মাত্মানমুপসংক্রামতি। তদপ্যেষ শ্লোকো ভবতি ॥ ৮ ॥ ইত্যষ্টমোঽনুবাকঃ ॥

সঃ যঃ চ অয়ম্ (আত্মা) পুরুষে, যঃ চ অসৌ (আত্মা) আদিত্যে, সঃ একঃ। যঃ এবংবিৎ সঃ অস্মাৎ লোকাৎ প্রেত্য এতম্ অন্নময়ম্ আত্মানম্ উপসংক্রামতি (বিজানাতি, প্রাপ্নোতি)। এতম্ প্রাণময়ম্ আত্মানম্ উপসংক্রামতি। এতম্ মনোময়ম্ আত্মানম্ উপসংক্রামতি। এতম্ বিজ্ঞানময়ম্ আত্মানম্ উপসংক্রামতি। এতম্ আনন্দময়ম্ আত্মানম্ উপসংক্রামতি। তদ্ অপি এষঃ শ্লোকঃ ভবতি ॥ ৮ ॥ ইতি অষ্টমঃ অনুবাকঃ ॥

মাত্রা] আনন্দ। কামনামুক্ত শ্রোত্রিয় পুরুষেরও [সেই পরিমাণ আনন্দ]। ইন্দ্রের আনন্দের শতগুণ [দেবগুরু] বৃহস্পতির এক [পূর্ণমাত্রা] আনন্দ। কামনামুক্ত শ্রোত্রিয় পুরুষেরও সেই পরিমাণ আনন্দ]। বৃহস্পতির আনন্দের শতগুণ প্রজাপতির এক [পূর্ণমাত্রা] আনন্দ। কামনামুক্ত শ্রোত্রিয় পুরুষেরও [সেই পরিমাণ আনন্দ]। প্রজাপতির আনন্দের শতগুণ ব্রহ্মের এক [পূর্ণমাত্রা] আনন্দ। কামনামুক্ত শ্রোত্রিয় পুরুষেরও [সেই পরিমাণ আনন্দ]। এই যে [আত্মা] মনুষ্যে এবং ঐ যে [আত্মা] আদিত্যে, তিনি একই। যিনি ইহা জানেন, তিনি এই লোক হইতে অপসৃত হইয়া এই অন্নময় আত্মাকে প্রাপ্ত হয়েন ; এই প্রাণময় আত্মাকে প্রাপ্ত হয়েন ; এই মনোময় আত্মাকে প্রাপ্ত হয়েন ; এই বিজ্ঞানময় আত্মাকে প্রাপ্ত হয়েন ; এই আনন্দময় আত্মাকে প্রাপ্ত হয়েন। এ বিষয়েও এই শ্লোক [উক্ত] হইতেছে ॥ ৮ ॥ ইতি অষ্টম অনুবাক ॥

যতো বাচো নিবর্ত্তন্তে। অপ্রাপ্য মনসা সহ।
আনন্দং ব্রহ্মণো বিদ্বান্। ন বিভেতি কুতশ্চনেতি।
এতং হ বাব ন তপতি। কিমহং সাধু নাকরবম্। কিমহং পাপমকরবমিতি। স য এবং বিদ্বানেতে আত্মানং স্পৃণুতে। উভে হ্যেবৈষ এতে আত্মানং স্পৃণুতে। য এবং বেদ। ইত্যুপনিষৎ ॥৯॥
ইতি নবমোঽনুবাকঃ ॥
ইতি ব্রহ্মানন্দনাম-দ্বিতীয়বল্লী।

বাচঃ মনসা সহ [যৎ] অপ্রাপ্য যতঃ নিবর্ত্তন্তে [তস্য] ব্রহ্মণঃ আনন্দম্ বিদ্বান্ কুতঃ চন (কস্মাৎ অপি নিমিত্তাৎ) ন বিভেতি। ইতি। কিং (কথম্) অহং সাধু (শোভনং কর্ম্ম) ন অকরবম্ (কৃতবান্ অস্মি), কিম্ অহম্ পাপম্ অকরবম্ ইতি (এতাদৃশী চিন্তা) তম্ (বিদ্বাংসং) হ বাব ন তপতি (তাপয়তি, উদ্বেজয়তি)। যঃ এবং বিদ্বান্ (জানাতি ইতি) সঃ এতে (পুণ্যপাপে) আত্মানম্ (আত্মভাবেন) [দৃষ্ট্বা আত্মানম্] স্পৃণুতে (প্রীণয়তি)। যঃ এবং বেদ, এষঃ এতে (পুণ্যপাপে) উভে হি আত্মানম্ [দৃষ্ট্বা আত্মানম্] স্পৃণুতে। ইতি উপনিষৎ ॥ ৯ ॥ ইতি নবমঃ অনুবাকঃ ॥
ইতি ব্রহ্মানন্দ-বল্লী।

মনের সহিত বাক্য যাঁহাকে না পাইয়া যাঁহা হইতে ফিরিয়া আইসে, সেই ব্রহ্মের আনন্দ যিনি জানেন, তিনি কোন বস্তু হইতে ভয় প্রাপ্ত হয়েন না, ইতি। "আমি কেন সাধু কর্ম্ম করি নাই, আমি কেন পাপ কর্ম্ম করিয়াছি ?" এই [চিন্তা] তাঁহাকে (অর্থাৎ জ্ঞানীকে) সন্তপ্ত করে না। যিনি এরূপ জানেন, তিনি ইহাদিগকে (অর্থাৎ পাপপুণ্যকে) আত্মভাবে [দেখিয়া] আপনাকে পরিতৃপ্ত করেন। যিনি এরূপ জানেন, তিনি এই উভয়কে আত্মভাবে [দেখিয়া] আপনাকে পরিতৃপ্ত করেন। এই উপনিষৎ [উক্ত হইল] ॥৯॥ ইতি নবম অনুবাক ॥
ইতি ব্রহ্মানন্দ নামক দ্বিতীয় বল্লী।

ভৃগুবল্লী-নাম-তৃতীয়বল্লী।

——

হরিঃ ॥ ওঁ ॥

সহনাববতু। সহ নৌ ভুনক্তু। সহ বীর্য্যং করবাবহৈ। তেজস্বি নাবধীতমস্তু। মা বিদ্বিষাবহৈ। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥

ভৃগুর্বৈ বারুণিঃ। বরুণং পিতরমুপসসার। অধীহি ভগবো ব্রহ্মেতি। তস্মা এতৎ প্রোবাচ। অন্নং প্রাণং চক্ষুঃ শ্রোত্রং মনো বাচমিতি। তং হোবাচ।

যতো বা ইমানি ভূতানি জায়ন্তে। যেন জাতানি জীবন্তি। যৎ প্রযন্ত্যভিসংবিশন্তি। তদ্বিজিজ্ঞাসস্ব। তদ্ ব্রহ্মেতি। স তপোহতপ্যত। স তপস্তপ্ত্বা ॥ ১ ॥ ইতি প্রথমোহনুবাকঃ ॥

হরিঃ ওঁ॥ সহ নাববতু ইত্যাদি পূর্ব্ববৎ।

বারুণিঃ (বরুণপুত্রঃ) ভৃগুঃ বৈ পিতরম্ বরুণম্ উপসসার (উপগতবান্—তস্য সকাশং গতবান্), [উক্তবান্ চ] ভগবঃ (হে ভগবন্), [মাম্] ব্রহ্ম অধীহি (অধ্যাপয) ইতি। তস্মৈ [সঃ] এতৎ প্রোবাচ,—অন্নম্, প্রাণং, চক্ষুঃ, শ্রোত্রম্, মনঃ, বাচম্ ইতি (এতানি ব্রহ্মোপলব্ধৌ দ্বারাণি উক্তবান্)। তং হ [বরুণঃ এতৎ চ] উবাচ,—যতঃ বৈ ইমানি ভূতানি জায়ন্তে, জাতানি যেন জীবন্তি, [প্রলয়কালে চ] যৎ প্রযন্তি (প্রতিগচ্ছন্তি), অভিসংবিশন্তি (প্রবিশন্তি), তৎ বিজিজ্ঞাসস্ব (বিশেষেণ জ্ঞাতুম্ ইচ্ছস্ব) ইতি। সঃ (ভৃগুঃ) তপঃ অতপ্যত। সঃ তপঃ তপ্ত্বা ॥ ১ ॥ ইতি প্রথমঃ অনুবাকঃ ॥

বরুণপুত্র ভৃগু পিতা বরুণের সমীপে উপস্থিত হইয়া বলিলেন, ভগবন্, আমাকে ব্রহ্ম সম্বন্ধে শিক্ষা দিন; তাঁহাকে তিনি এই বলিলেন,—অন্ন, প্রাণ, চক্ষু, শ্রোত্র, মন, বাক্য [এই সমুদায় ব্রহ্মোপলব্ধির দ্বার]। তাঁহাকে বরুণ [আরও] বলিলেন,—যাঁহা হইতে এই প্রাণিসমূহ জন্মে, জন্মিয়া যাঁহাতে জীবন ধারণ করে, [এবং

অন্নং ব্রহ্মেতি ব্যজানাৎ। অন্নাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে। অন্নেন জাতানি জীবন্তি। অন্নং প্রযন্ত্যভিসংবিশন্তীতি। তদ্বিজ্ঞায়। পুনরেব বরুণং৩ পিতরমুপসসার। অধীহি ভগবো ব্রহ্মেতি। তং হোবাচ। তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব। তপো ব্রহ্মেতি। স তপোঽতপ্যত। স তপস্তপ্‌ত্বা ॥ ২ ॥ ইতি দ্বিতীয়োঽনুবাকঃ ॥

প্রাণো ব্রহ্মেতি ব্যজানাৎ। প্রাণাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি

অন্নম্ ব্রহ্ম ইতি ব্যজানাৎ (বিজ্ঞাতবান্)। হি (যতঃ) অন্নাৎ এব খলু ইমানি ভূতানি জায়ন্তে, জাতানি অন্নেন জীবন্তি, অন্নম্ প্রযন্তি অভিসংবিশন্তি ইতি। তৎ (অন্নম্ ব্রহ্ম ইতি) বিজ্ঞায় [সঃ] পুনঃ এব পিতরম্ বরুণম্ উপসসার; [উক্তবান্ চ] ভগবঃ, [মাম্] ব্রহ্ম অধীহি, ইতি। [সঃ] তং হ উবাচ,—তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব। তপঃ [এব] ব্রহ্ম (ব্রহ্মসাধনম্ ইত্যর্থঃ) ইতি। সঃ তপঃ অতপ্যত। সঃ তপঃ তপ্‌ত্বা ॥ ২ ॥ ইতি দ্বিতীয়ঃ অনুবাকঃ ॥

প্রাণঃ ব্রহ্ম ইতি ব্যজানাৎ। হি প্রাণাৎ এব খলু ইমানি ভূতানি জায়ন্তে,

প্রলয়কালে] যাঁহাতে প্রতিগমন ও প্রবেশ করে, তাঁহাকে বিশেষ রূপে জানিতে চেষ্টা কর, ইতি। তিনি (অর্থাৎ ভৃগু) তপস্যা করিলেন। তিনি তপস্যা করিয়া—॥ ১ ॥ ইতি প্রথম অনুবাক ॥

জানিতে পারিলেন যে অন্ন ব্রহ্ম। যেহেতু অন্ন হইতেই এই সকল প্রাণী জন্মে, জন্মিয়া অন্ন দ্বারাই জীবন ধারণ করে এবং অন্নেতেই প্রতিগমন ও প্রবেশ করে। ইহা জানিয়া তিনি পুনরায় পিতা বরুণের সমীপে গমনপূর্ব্বক বলিলেন,—"ভগবন্, আমাকে ব্রহ্ম সম্বন্ধে শিক্ষা দিন।" তিনি তাঁহাকে বলিলেন,—"তপস্যা দ্বারা ব্রহ্মকে জানিতে চেষ্টা কর। তপস্যাই ব্রহ্ম (অর্থাৎ ব্রহ্মজ্ঞানের সাধন)।" তিনি তপস্যা করিলেন। তিনি তপস্যা করিয়া— ॥ ২ ॥ ইতি দ্বিতীয় অনুবাক ॥

জানিতে পারিলেন যে প্রাণ ব্রহ্ম। যেহেতু প্রাণ হইতেই এই

জায়ন্তে। প্রাণেন জাতানি জীবন্তি। প্রাণং প্রযন্ত্যভিসংবিশন্তীতি। তদ্বিজ্ঞায়। পুনরেব বরুণং পিতরমুপসসার। অধীহি ভগবো ব্রহ্মেতি। তং হোবাচ। তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব। তপো ব্রহ্মেতি। স তপোঽতপ্যত। স তপস্তপ্‌ত্বা॥ ৩॥ ইতি তৃতীয়োঽনুবাকঃ॥

মনো ব্রহ্মেতি ব্যজানাৎ। মনসোহ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে। মনসা জাতানি জীবন্তি। মনঃ প্রযন্ত্যভিসংবিশন্তীতি। তদ্বিজ্ঞায়। পুনরেব বরুণং পিতরমুপসসার। অধীহি ভগবো

জাতানি প্রাণেন জীবন্তি, প্রাণম্ প্রযন্তি অভিসংবিশন্তি ইতি। তৎ (প্রাণঃ ব্রহ্ম ইতি) বিজ্ঞায় পুনঃ এব পিতরম্ বরুণম্ উপসসার, [উক্তবান্ চ] ভগবঃ, [মাম্] ব্রহ্ম অধীহি ইতি। [সঃ] তং হ উবাচ,—তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব। তপঃ [এব] ব্রহ্ম। সঃ তপঃ অতপ্যত। সঃ তপঃ তপ্‌ত্বা॥ ৪॥ ইতি তৃতীয়ঃ অনুবাকঃ॥

মনঃ ব্রহ্ম ইতি ব্যজানাৎ। হি মনসঃ এব খলু ইমানি ভূতানি জায়ন্তে, জাতানি মনসা জীবন্তি, মনঃ প্রযন্তি, অভিসংবিশন্তি, ইতি। তৎ (মনঃ ব্রহ্ম ইতি) বিজ্ঞায় পুনঃ এব পিতরম্ বরুণম্ উপসসার। [উক্তবান্ চ], ভগবঃ,

প্রাণিসমূহ জন্মে, জন্মিয়া প্রাণ দ্বারা জীবন ধারণ করে এবং প্রাণে প্রতিগমন ও প্রবেশ করে। তাহা জানিয়া তিনি পুনরায় পিতা বরুণের সমীপে গমনপূর্ব্বক বলিলেন—"ভগবন্, আমাকে ব্রহ্ম সম্বন্ধে শিক্ষা দিন।" তিনি তাঁহাকে বলিলেন, "তপস্যা দ্বারা ব্রহ্মকে জানিতে চেষ্টা কর। 'তপস্যাই ব্রহ্ম (অর্থাৎ ব্রহ্মজ্ঞানের সাধন)।" তিনি তপস্যা করিলেন। তিনি তপস্যা করিয়া— ॥৩॥ ইতি তৃতীয় অনুবাক॥

জানিতে পারিলেন যে মন ব্রহ্ম। যেহেতু মন হইতেই এই প্রাণিসমূহ জন্মে, জন্মিয়া মনে জীবন ধারণ করে এবং মনে প্রতিগমন ও প্রবেশ করে। তাহা জানিয়া তিনি পুনরায় পিতা

ব্রহ্মেতি। তং হোবাচ। তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব। তপো ব্রহ্মেতি। স তপোঽতপ্যত। স তপস্তপ্ত্বা॥ ৪ ॥ চতুর্থোঽনুবাকঃ॥

বিজ্ঞানং ব্রহ্মেতি ব্যজানাৎ। বিজ্ঞানাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে। বিজ্ঞানেন জাতানি জীবন্তি। বিজ্ঞানং প্রযন্ত্যভিসংবিশন্তীতি। তদ্বিজ্ঞায়। পুনরেব বরুণং পিতরমুপসসার। অধীহি ভগবো ব্রহ্মেতি। তং হোবাচ। তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব। তপো ব্রহ্মেতি। স তপোঽতপ্যত। স তপস্তপ্ত্বা॥ ৫ ॥ পঞ্চমোঽনুবাকঃ॥

[মাম্] ব্রহ্ম অধীহি, ইতি। [সঃ] তং হ উবাচ,—তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব, তপঃ ব্রহ্ম, ইতি। সঃ তপঃ অতপ্যত। সঃ তপঃ তপ্ত্বা॥ ৪॥ ইতি চতুর্থঃ অনুবাকঃ॥

বিজ্ঞানম্ ব্রহ্ম ইতি ব্যজানাৎ। হি বিজ্ঞানাৎ এব খলু ইমানি ভূতানি জায়ন্তে, জাতানি বিজ্ঞানেন জীবন্তি। বিজ্ঞানম্ প্রযন্তি অভিসংবিশন্তি ইতি। তৎ (বিজ্ঞানম্ ব্রহ্ম ইতি) বিজ্ঞায় পুনঃ এব পিতরম্ বরুণম্ উপসসার, [উক্তবান্ চ] ভগবঃ [মাম্] ব্রহ্ম অধীহি ইতি। [সঃ তং হ উবাচ,—তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব, তপঃ ব্রহ্ম, ইতি সঃ তপঃ অতপ্যত। সঃ তপঃ তপ্ত্বা॥ ৫॥ ইতি পঞ্চমঃ অনুবাকঃ॥

বরুণের সমীপে গমনপূর্ব্বক বলিলেন,—"ভগবন্, আমাকে ব্রহ্মসম্বন্ধে শিক্ষা দিন।" তিনি তাঁহাকে বলিলেন,—"তপস্যা দ্বারা ব্রহ্মকে জানিতে চেষ্টা কর, তপস্যাই ব্রহ্ম (অর্থাৎ ব্রহ্মজ্ঞানের সাধন)।" তিনি তপস্যা করিলেন। তিনি তপস্যা করিয়া—॥৪॥ ইতি চতুর্থ অনুবাক॥

জানিতে পারিলেন যে, বিজ্ঞান ব্রহ্ম। যেহেতু বিজ্ঞান হইতেই এই প্রাণিসমূহ জন্মে, জন্মিয়া বিজ্ঞানে জীবন ধারণ করে এবং বিজ্ঞানে প্রতিগমন ও প্রবেশ করে। তাহা জনিয়া তিনি পুনরায় পিতা বরুণের সমীপে গমন পূর্ব্বক বলিলেন,—"ভগবন্, আমাকে

আনন্দো ব্রহ্মেতি ব্যজানাৎ। আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে। আনন্দেন জাতানি জীবন্তি। আনন্দং প্রযন্ত্যভিসংবিশন্তীতি। সৈষা ভার্গবী বারুণী বিদ্যা পরমে ব্যোমন্ প্রতিষ্ঠিতা। য এবং বেদ প্রতিতিষ্ঠতি। অন্নবানন্নাদো ভবতি। মহান্ ভবতি প্রজয়া পশুভির্ব্রহ্মবর্চ্চসেন। মহান্ কীর্ত্ত্যা ॥ ৬ ॥ ষষ্ঠোঽনুবাকঃ ॥

আনন্দঃ ব্রহ্ম ইতি ব্যজানাৎ। হি আনন্দাৎ এব খলু ইমানি ভূতানি জায়ন্তে, জাতানি আনন্দেন জীবন্তি, আনন্দম্ প্রযন্তি অভিসংবিশন্তি, ইতি। সা এষা ভার্গবী (ভৃগুণা বিদিতা) বারুণী (বরুণেন প্রোক্তা) বিদ্যা পরমে ব্যোমন্ (ব্যোম্নি,—হৃদয়াকাশ-গুহায়াম্) প্রতিষ্ঠিতা। যঃ এবং বেদ [সঃ ব্রহ্মণি] প্রতিতিষ্ঠতি, অন্নবান্ অন্নাদঃ (সুস্থকায়ঃ) ভবতি, [তথা] প্রজয়া (পুত্রাদিনা] পশুভিঃ (গবাশ্বাদিভিঃ), ব্রহ্মবর্চ্চসেন (ব্রহ্মতেজসা), কীর্ত্ত্যা [চ] মহান্ ভবতি ॥ ৬ ॥ ইতি ষষ্ঠঃ অনুবাকঃ ॥

ব্রহ্মসম্বন্ধে শিক্ষা দিন।" তিনি তাঁহাকে বলিলেন,—"তপস্যা দ্বারা ব্রহ্মকে জানিতে চেষ্টা কর, তপস্যাই ব্রহ্ম (অর্থাৎ ব্রহ্মজ্ঞানের সাধন)।" তিনি তপস্যা করিলেন। তিনি তপস্যা করিয়া—।। ৫ ।। ইতি পঞ্চম অনুবাক ॥

জানিতে পারিলেন যে আনন্দ ব্রহ্ম। যে হেতু আনন্দ হইতেই এই প্রাণিসমূহ জন্মে, জন্মিয়া আনন্দে জীবন ধারণ করে এবং আনন্দে প্রতিগমন ও প্রবেশ করে। এই ভার্গবী বারুণী (অর্থাৎ ভৃগুকর্ত্তৃক বিদিত এবং বরুণকর্ত্তৃক উক্ত) বিদ্যা উচ্চতম [হৃদয়রূপ] আকাশে প্রতিষ্ঠিত। যিনি এরূপ জানেন, তিনি [ব্রহ্মে] প্রতিষ্ঠিত হয়েন, অন্নবান্ এবং অন্নভোক্তা (অর্থাৎ সুস্থকায়) হয়েন, এবং পুত্রাদি, পশু, ব্রহ্মতেজ ও কীর্ত্তি বিষয়ে মহান্ হয়েন ॥ ৬ ॥ ইতি ষষ্ঠ অনুবাক ॥

অন্নং ন নিন্দ্যাৎ। তৎব্রতম্। প্রাণো বা অন্নম্। শরীরমন্নাদম্। প্রাণে শরীরং প্রতিষ্ঠিতম্। শরীরে প্রাণঃ প্রতিষ্ঠিতঃ। তদে-তদন্নমন্নে প্রতিষ্ঠিতম্। স য এতদন্নমন্নে প্রতিষ্ঠিতং বেদ প্রতি-তিষ্ঠতি। অন্নবানন্নাদো ভবতি। মহান্ ভবতি প্রজয়া পশুভি-র্ব্রহ্মবর্চ্চসেন। মহান্ কীর্ত্ত্যা ॥ ৭ ॥ ইতি সপ্তমোঽনুবাকঃ ॥

অন্নং ন পরিচক্ষীত। তদ্ ব্রতম্। আপো বা অন্নম্। জ্যোতি-রন্নাদম্। অপ্সু জ্যোতিঃ প্রতিষ্ঠিতম্। জ্যোতিষ্যাপঃ প্রতিষ্ঠিতাঃ। তদেতদন্নমন্নে প্রতিষ্ঠিতম্। স য এতদন্নমন্নে প্রতিষ্ঠিতং বেদ প্রতি-

অন্নং ন নিন্দ্যাৎ। তৎ ব্রতম্। প্রাণঃ বৈ অন্নম্। শরীরম্ অন্নাদম্। প্রাণে শরীরম্ প্রতিষ্ঠিতম্। শরীরে প্রাণঃ প্রতিষ্ঠিতঃ। তৎ এতৎ অন্নম্ অন্নে প্রতি-ষ্ঠিতম্। যঃ এতৎ অন্নম্ অন্নে প্রতিষ্ঠিতম্ বেদ, সঃ [ব্রহ্মণি] প্রতিতিষ্ঠতি, অন্নবান্ অন্নাদঃ ভবতি। প্রজয়া পশুভিঃ, ব্রহ্মবর্চ্চসেন, কীর্ত্ত্যা চ মহান্ ভবতি ॥ ৭ ॥ ইতি সপ্তমঃ অনুবাকঃ ॥

অন্নং ন পরিচক্ষীত (পরিহরেৎ)। তৎ ব্রতম্। আপঃ বৈ অন্নম্। জ্যোতিঃ অন্নাদম্। অপ্সু জ্যোতিঃ প্রতিষ্ঠিতম্। জ্যোতিষি আপঃ প্রতিষ্ঠিতাঃ। তৎ এতৎ অন্নম্ অন্নে প্রতিষ্ঠিতম্। যঃ এতৎ অন্নম্ অন্নে প্রতিষ্ঠিতম্ বেদ, সঃ

অন্নের নিন্দা করিবে না। তাহা ব্রত। প্রাণ অন্ন। শরীর অন্ন-ভোক্তা। প্রাণে শরীর প্রতিষ্ঠিত। শরীরে প্রাণ প্রতিষ্ঠিত। এই অন্ন অন্নে প্রতিষ্ঠিত। যিনি এই অন্নকে অন্নে প্রতিষ্ঠিত বলিয়া জানেন, তিনি [ব্রহ্মে] প্রতিষ্ঠিত হয়েন, অন্নবান্ ও অন্ন-ভোক্তা এবং পুত্রাদি, পশু, ব্রহ্মতেজ ও কীর্ত্তি বিষয়ে মহান্ হয়েন ॥ ৭ ॥ ইতি সপ্তম অনুবাক ॥

অন্নকে পরিত্যাগ করিবে না। তাহা ব্রত। জল অন্ন। জ্যোতিঃ অন্নভোক্তা। জলে জ্যোতিঃ প্রতিষ্ঠিত। জ্যোতিতে জল প্রতিষ্ঠিত। এই অন্ন অন্নে প্রতিষ্ঠিত। যিনি এই অন্নকে

তিষ্ঠতি। অন্নবানন্নাদো ভবতি। মহান্ ভবতি প্রজয়া পশুভি-র্ব্রহ্মবর্চ্চসেন। মহান্ কীর্ত্ত্যা ॥ ৮ ॥ ইতি অষ্টমোঽনুবাকঃ ॥

অন্নং বহু কুর্ব্বীত। তদ্‌ব্রতম্। পৃথিবী বা অন্নম্। আকাশো-ঽন্নাদঃ। পৃথিব্যামাকাশঃ প্রতিষ্ঠিতঃ। আকাশে পৃথিবী প্রতি-ষ্ঠিতা। তদেতদন্নমন্নে প্রতিষ্ঠিতম্। স য এতদন্নমন্নে প্রতিষ্ঠিতং বেদ প্রতিতিষ্ঠতি। অন্নবানন্নাদো ভবতি। মহান্ ভবতি প্রজয়া পশুভির্ব্রহ্মবর্চ্চসেন। মহান্ কীর্ত্ত্যা ॥ ৯ ॥ ইতি নবমোঽনুবাকঃ ॥

ন কঞ্চন বসতৌ প্রত্যাচক্ষীত। তদ্ ব্রতম্। তস্মাদ্ যয়া কয়া চ

[ব্রহ্মণি] প্রতিতিষ্ঠতি, অন্নবান্ অন্নাদঃ ভবতি, প্রজয়া, পশুভিঃ, ব্রহ্মবর্চ্চসেন, কীর্ত্ত্যা [চ] মহান্ ভবতি ॥ ৮ ॥ ইতি অষ্টমঃ অনুবাকঃ ॥

বহু অন্নং কুর্ব্বীত (অর্জ্জয়েৎ)। তৎ ব্রতম্। পৃথিবী বৈ অন্নম্। আকাশঃ অন্নাদঃ। পৃথিব্যাম্ আকাশঃ প্রতিষ্ঠিতঃ। আকাশে পৃথিবী প্রতিষ্ঠিতা। তৎ এতৎ অন্নম্ অন্নে প্রতিষ্ঠিতম্। যঃ এতৎ অন্নম্ অন্নে প্রতিষ্ঠিতম্ বেদ, সঃ [ব্রহ্মণি] প্রতিতিষ্ঠতি, অন্নবান্ অন্নাদঃ ভবতি। প্রজয়া, পশুভিঃ, ব্রহ্মবর্চ্চসেন, কীর্ত্ত্যা [চ] মহান্ ভবতি ॥ ৯ ॥ ইতি নবমঃ অনুবাকঃ ॥

বসতৌ (বসতিনিমিত্তম্ আগতং) কং চন ন প্রত্যাচক্ষীত (নিবারয়েৎ)।

অন্নে প্রতিষ্ঠিত বলিয়া জানেন, তিনি [ব্রহ্মে] প্রতিষ্ঠিত হয়েন, অন্নবান্ ও অন্নভোক্তা এবং পুত্রাদি, পশু, ব্রহ্মতেজ ও কীর্ত্তি বিষয়ে মহান্ হয়েন ॥ ৮ ॥ ইতি অষ্টম অনুবাক ॥

বহু অন্ন [অর্জ্জন] করিবে। তাহা ব্রত। পৃথিবী অন্ন। আকাশ অন্নভোক্তা। আকাশে পৃথিবী প্রতিষ্ঠিত। এই অন্ন অন্নে প্রতিষ্ঠিত। যিনি এই অন্নকে অন্নে প্রতিষ্ঠিত বলিয়া জানেন, তিনি [ব্রহ্মে] প্রতিষ্ঠিত হয়েন, অন্নবান্ ও অন্নভোক্তা এবং পুত্রাদি পশু, ব্রহ্মতেজ ও কীর্ত্তিবিষয়ে মহান্ হয়েন ॥ ৯ ॥ ইতি নবম অনুবাক ॥

বিধয়া বহ্বন্নং প্রাপ্নুয়াৎ। অরাধ্যস্মা অন্নমিত্যাচক্ষতে। এতদ্ বৈ মুখতোঽন্নং রাদ্ধম্। মুখতোঽস্মা অন্নং রাধ্যতে। এতদ্ বৈ মধ্যতোঽন্নং রাদ্ধম্। মধ্যতোঽস্মা অন্নং রাধ্যতে। এতদ্ বা অন্ততোঽন্নং রাদ্ধম্। অন্ততোঽস্মা অন্নং রাধ্যতে। য এবং বেদ। ক্ষেম ইতি বাচি। যোগক্ষেম ইতি প্রাণাপানয়োঃ। কর্ম্মেতি হস্তয়োঃ। গতিরিতি পাদয়োঃ। বিমুক্তিরিতি পায়ৌ। ইতি মানুষীঃ সমাজ্ঞাঃ। অথ দৈবীঃ। তৃপ্তিরিতি বৃষ্টৌ। বলমিতি বিদ্যুতি। যশ ইতি পশুষু। জ্যোতিরিতি নক্ষত্রেষু। প্রজাতি-রমৃতমানন্দ ইত্যুপস্থে। সর্ব্বমিত্যাকাশে। তৎ প্রতিষ্ঠেত্যুপাসীত।

তৎ ব্রতম্। তস্মাৎ যয়া কয়া চ বিধয়া বহু অন্নম্ প্রাপ্নুয়াৎ (অন্নসংগ্রহং কুর্য্যাৎ)। [সাধুগৃহস্থাঃ] অস্মৈ (অভ্যাগতায় "[বয়ম্] অন্নম্ অরাধি" (অস্মাভিঃ অন্নম্ প্রস্তুতম্) ইতি আচক্ষতে (কথয়ন্তি)। [যেন] এতৎ বৈ অন্নম্ মুখতঃ (মুখ্যেন উপচারেণ) রাদ্ধম্ (নিবেদিতম্), অস্মৈ অন্নম্ মুখতঃ (মুখ্যেন উপচারেণ) রাধ্যতে (রাধ্যতি, উপতিষ্ঠতে)। [যেন] এতৎ বৈ অন্নম্ মধ্যতঃ (মধ্যমেন উপচারেণ) রাদ্ধম্, অস্মৈ অন্নম্ মধ্যতঃ রাধ্যতে। [যেন চ] এতৎ বৈ অন্নম্ অন্ততঃ (জঘন্যেন উপচারেণ, অবজ্ঞয়া ইত্যর্থঃ) রাদ্ধম্, অস্মৈ অন্নম্ অন্ততঃ রাধ্যতে। যঃ এবং বেদ [সঃ বক্ষ্যমাণ-প্রকারেণ ব্রহ্ম উপাসতে]। বাচি ক্ষেমঃ (প্রাপ্তরক্ষণম্,—ক্ষেমরূপেণ প্রতিষ্ঠিতম্)ইতি।

বাসের জন্য [আগত] কাহাকেও ফিরাইয়া দিবে না। তাহা ব্রত। সেইজন্য যে কোন প্রকারে হউক, বহু অন্ন সংগ্রহ করিবে। [সাধু গৃহস্থগণ] তাঁহাকে (অর্থাৎ অভ্যাগত ব্যক্তিকে) বলেন,—"আমরা অন্ন প্রস্তুত করিয়াছি"। যিনি শ্রেষ্ঠরূপে (অর্থাৎ শ্রেষ্ঠ উপচারের সহিত) এই অন্ন নিবেদন করেন, তাঁহার নিকট অন্ন শ্রেষ্ঠরূপে উপস্থিত হয়েন। যিনি মধ্যমরূপে (অর্থাৎ মধ্যম উপচারের সহিত) এই অন্ন নিবেদন করেন, তাঁহার নিকট অন্ন মধ্যমরূপে

প্রতিষ্ঠাবান্ ভবতি। তন্মহ ইত্যুপাসীত। মহান্ ভবতি। তন্মন ইত্যুপাসীত। মানবান্ ভবতি। তন্নম ইত্যুপাসীত। নম্যন্তেঽস্মৈ কামাঃ। তদ্ ব্রহ্মেত্যুপাসীত। ব্রহ্মবান্ ভবতি। তদ্ ব্রহ্মণঃ

প্রাণ-অপানয়োঃ যোগক্ষেমঃ (অপ্রাপ্তস্য প্রাপ্তিঃ, প্রাপ্তরক্ষণং চ) ইতি। হস্তয়োঃ কর্ম্ম ইতি। পাদয়োঃ গতিঃ ইতি। পায়ৌ (মলদ্বারে) বিমুক্তিঃ (নির্গমনম্) ইতি। ইতি [ব্রহ্মণঃ] মানুষীঃ (মনুষ্যসম্বন্ধিন্যঃ) সমাজ্ঞাঃ (বিজ্ঞানানি, উপাসনানি)। অথ দৈবীঃ (দেবসম্বন্ধিন্যঃ) [সমাজ্ঞাঃ উচ্যন্তে]। বৃষ্টৌ তৃপ্তিঃ ইতি। বিদ্যুতি বলম্ ইতি। পশুষু যশঃ ইতি। নক্ষত্রেষু জ্যোতিঃ ইতি। উপস্থে (জননেন্দ্রিয়ে) প্রজাতিঃ (সন্তানোৎপত্তিঃ), অমৃতম্ (অমৃতত্ব-প্রাপ্তিঃ) [তথা] আনন্দঃ ইতি। আকাশে সর্ব্বম্ ইতি। [যঃ কশ্চিৎ] তৎ (ব্রহ্ম) প্রতিষ্ঠা ইতি উপাসীত, [সঃ] প্রতিষ্ঠাবান্ ভবতি। [যঃ কশ্চিৎ] তৎ মহঃ (মহত্ত্বম্) ইতি উপাসীত, [সঃ] মহান্ ভবতি। [যঃ কশ্চিৎ] তৎ

উপস্থিত হয়েন। যিনি এই অন্ন নীচভাবে (অর্থাৎ) অবজ্ঞার সহিত) নিবেদন করেন, তাঁহার নিকট অন্ন নীচভাবে উপস্থিত হয়েন। যিনি এরূপ জানেন [তিনি পশ্চাদুক্ত প্রকারে ব্রহ্মের উপাসনা করেন,—] বাক্যে ক্ষেম (অর্থাৎ প্রাপ্তরক্ষণ) [রূপে] (অর্থাৎ ব্রহ্ম বাক্যে ক্ষেমরূপে প্রতিষ্ঠিত, এই ভাবে উপাস্য)। প্রাণ অপানে যোগক্ষেম (অর্থাৎ অপ্রাপ্তবস্তুর প্রাপ্তি ও প্রাপ্ত-বস্তুর রক্ষণ) রূপে। হস্তদ্বয়ে কর্ম্মরূপে। পাদদ্বয়ে গতিরূপে। মলদ্বারে নির্গমনরূপে। এই হইল [ব্রহ্মের] মনুষ্যসম্বন্ধীয় জ্ঞান (বা উপাসনা)। তৎপর দেবতা সম্বন্ধীয় [জ্ঞান উক্ত হইতেছে।] বৃষ্টিতে তৃপ্তিরূপে। বিদ্যুতে বলরূপে। পশুতে যশোরূপে। নক্ষত্রে জ্যোতিঃস্বরূপে। জননেন্দ্রিয়ে সন্তানোৎপত্তি, অমরত্ব ও আনন্দ-রূপে। আকাশে সর্ব্বরূপে। যে ব্রহ্মকে প্রতিষ্ঠারূপে উপাসনা করে, সে প্রতিষ্ঠাবান্ হয়। যে তাঁহাকে মহত্বরূপে উপাসনা করে,

পরিমর ইত্যুপাসীত। পর্য্যেণং ম্রিয়ন্তে দ্বিষন্তঃ সপত্নাঃ। পরি যেঽপ্রিয়া ভ্রাতৃব্যাঃ। স যশ্চায়ং পুরুষে। যশ্চাসাবাদিত্যে। স একঃ। স য এবংবিৎ। অস্মাল্লোকাৎ প্রেত্য। এতমন্নময়মাত্মান

মনঃ (মননম্) ইতি উপাসীত, [সঃ] মানবান্ (মনন-সমর্থঃ) ভবতি। [যঃ কশ্চিৎ] তৎ নমঃ (নমনম্) ইতি উপাসীত, অস্মৈ কামাঃ (ভোগ্যবিষয়াঃ) নম্যন্তে। [যঃ কশ্চিৎ] তৎ ব্রহ্ম ইতি উপাসীত, [সঃ] ব্রহ্মবান্ ভবতি। [যঃ কশ্চিৎ] তৎ ব্রহ্মণঃ পরিমরঃ (আকাশঃ ইত্যর্থঃ) * ইতি উপাসীত। [এনম্ উপাসকং] দ্বিষন্তঃ (দ্বেষকারিণঃ) সপত্নাঃ (শত্রবঃ) পরি (সমন্তাৎ) ম্রিয়ন্তে। [তস্য] যে অপ্রিয়াঃ ভ্রাতৃব্যাঃ (প্রতিদ্বন্দ্বিনঃ) [তে অপি] পরি-ম্রিয়ন্তে। সঃ যঃ চ অয়ম্ [আত্মা] পুরুষে, যঃ চ অসৌ [আত্মা] আদিত্যে,

সে মহান্ হয়। যে তাঁহাকে মননরূপে উপাসনা করে, সে মনন-সমর্থ হয়। যে তাঁহাকে নমনরূপে উপাসনা করে, তাঁহার নিকট ভোগ্যবিষয় সমূহ নত হয়। যে তাঁহাকে ব্রহ্মরূপে উপাসনা করে, সে ব্রহ্মবান্ হয়। যে তাঁহাকে ব্রহ্মের পরিমর (অর্থাৎ) আকাশ† রূপে উপাসনা করে, তাহার দ্বেষকারী শত্রুগণ চারিদিকে মরিয়া যায়। যাহারা তাহার অপ্রিয় প্রতিদ্বন্দ্বী [তাহারাও] মরিয়া যায়। এই যে [আত্মা] মনুষ্যে এবং ঐ যে [আত্মা] আদিত্যে, তিনি একই। যিনি ইহা জানেন, তিনি এই অন্নময় আত্মাকে প্রাপ্ত

* "ব্রহ্মণঃ পরিমরঃ পরিম্রিয়ন্তেঽস্মিন্ পঞ্চ দেবতাঃ বিদ্যুদ্ বৃষ্টিশ্চন্দ্রমা আদিত্যোঽগ্নিরিত্যেতাঃ। অতো বায়ুঃ পরিমরঃ শ্রুত্যন্তরপ্রসিদ্ধেঃ। স এষ এবায়ং বায়ুরাকাশেনানন্য ইত্যাকাশো ব্রহ্মণঃ পরিমরঃ"-ইতি ভাষ্যম্।

† "ব্রহ্মের পরিমর" অর্থ—যাহাতে বিদ্যুৎ, বৃষ্টি, চন্দ্রমা, আদিত্য ও অগ্নি এই পঞ্চ দেবতার মৃত্যু অর্থাৎ লয় হয়। অতএব বায়ুই পরিমর; কারণ অন্য এক শ্রুতিতে তাহাই বলা হইয়াছে। এই বায়ু আকাশের সহিত অভিন্ন, অতএব আকাশ ব্রহ্মের পরিমর, ইতি ভাষ্যার্থ।

মুপসংক্রম্য। এতং প্রাণময়মাত্মানমুপসংক্রম্য। এতং মনোময়-মাত্মানমুপসংক্রম্য। এতং বিজ্ঞানময়মাত্মানমুপসংক্রম্য। এতমানন্দ-ময়মাত্মানমুপসংক্রম্য। ইমাঁল্লোকান্ কামান্নী কামরূপ্যনুসঞ্চরন্। এতৎ সাম গায়ন্নাস্তে। হাবু হাবু হাবু। অহমন্নমহমন্নমহমন্নম্। অহমন্নাদোঽহমন্নাদোঽহমন্নাদঃ। অহং শ্লোককৃদহংশ্লোককৃদহং-শ্লোককৃৎ। অহমস্মি প্রথমজা ঋতাস্য। পূর্ব্বং দেবেভ্যোঽমৃতস্য

সঃ একঃ। যঃ এবংবিৎ সঃ অস্মাৎ লোকাৎ প্রেত্য এতম্ অন্নময়ম্ আত্মানম্ উপসংক্রম্য, এতম্ প্রাণময়ম্ আত্মানম্ উপসংক্রম্য, এতম্ মনো-ময়ম্ আত্মানম্ উপসংক্রম্য, এতম্ বিজ্ঞানময়ম্ আত্মানম্ উপসংক্রম্য, এতম্ আনন্দময়ম্ আত্মানম্ উপসংক্রম্য কামান্নী (কামতঃ অন্নম্ অস্য ইতি) কাম-রূপী (কামতঃ রূপাণি অস্য ইতি) [সন্] ইমান্ লোকান্ অনুসঞ্চরন্ (অনু-ভবন্) এতৎ সাম গায়ন্ আস্তে,—"হাবু হাবু হাবু (অহো,-ইতি অত্যন্ত বিস্ময়-খ্যাপনার্থঃ) অহম্ অন্নম্, অহম্ অন্নম্, অহম্ অন্নম্। অহম্ অন্নাদঃ, অহম্ অন্নাদঃ, অহম্ অন্নাদঃ। অহং শ্লোককৃৎ, অহং শ্লোককৃৎ, অহং শ্লোক-কৃৎ (ত্রিরুক্তিঃ বিস্ময়-খ্যাপনার্থা)। অহং ঋতস্য (সত্যস্য, মূর্ত্তামূর্ত্তস্য অস্য জগতঃ) প্রথমজঃ (হিরণ্যগর্ভঃ) অস্মি। দেবেভ্যঃ পূর্ব্বম্ [অহম্] অমৃতস্য

হইয়া, এই প্রাণময় আত্মাকে প্রাপ্ত হইয়া, এই মনোময় আত্মাকে প্রাপ্ত হইয়া, এই বিজ্ঞানময় আত্মাকে প্রাপ্ত হইয়া, এই আনন্দময় আত্মাকে প্রাপ্ত হইয়া ইচ্ছানুরূপ অন্নবান্ এবং ইচ্ছানুরূপ রূপবান্ হইয়া (অর্থাৎ যে-যে রূপ পাইতে ইচ্ছা, সেই-সেই রূপ পাইয়া), এই সকল লোক উপভোগ করিয়া এই সাম গাহিতে থাকেন,—"অঁহো, আমি অন্ন, আমি অন্ন, আমি অন্ন। আমি অন্নভোক্তা, আমি অন্নভোক্তা, আমি অন্নভোক্তা। আমি শ্লোক-রচয়িতা, আমি শ্লোক-রচয়িতা, আমি শ্লোক-রচয়িতা (ত্রিরুক্তি বিস্ময় বুঝাইতেছে)। আমি সত্যের (অর্থাৎ এই মূর্ত্তামূর্ত্ত জগতের) প্রথমজ (অর্থাৎ হিরণ্যগর্ভ)। আমি দেবতাদিগের পূর্ব্বে [সর্ব্ব-

নাভায়ি। যো মা দদাতি স ইদেব মাবাঃ। অহমন্নমন্নমদন্তমদ্মি। অহং বিশ্বং ভুবনমভ্যভবাম্। সুবর্ন জ্যোতীঃ। য এবং বেদ। ইত্যুপনিষৎ ॥ ১০ ॥ ইতি দশমোঽনুবাকঃ ॥

সহনাববতু ইত্যাদিঃ ॥ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥

ইতি ভৃগুবল্লী-নাম-তৃতীয়বল্লী।

ইতি তৈত্তিরীয়োপনিষৎ সম্পূর্ণা।

(সর্ব্বপ্রাণিনাম্ অমৃতত্বস্য।) নাভায়ি (নাভিঃ কেন্দ্রং কারণম্ ইতি যাবৎ আসম্)। যঃ মা (অন্নম্) দদাতি সঃ ইৎ এব মাবাঃ (মাম্ অবতি, রক্ষতি, ইতি)। অহম অন্নম অদন্তম্ (অন্নার্থিভ্যঃ অন্নম্ অদত্বা স্বয়ম্ ভক্ষয়ন্তম্) পুরুষম্) অদ্মি। সুবঃ ন জ্যোতিঃ (সুবরাদিত্যঃ নকার উপমার্থঃ,—আদিত্যঃ ইব জ্যোতিঃ) অহম্ বিশ্বম্ (সমস্তম) ভুবনম্ অভ্যভবাম্ (অভিভবামি,—উপসংহরামি)। যঃ এবং বেদ (সঃ যথোক্তম্ ফলম্ আপ্নোতি) ইতি উপনিষৎ ॥ ১০ ॥ ইতি দশমঃ অনুবাকঃ ॥

ইতি ভৃগুবল্লী।

ইতি 'শঙ্করকৃপা'-নাম-তৈত্তিরীয়োপনিষৎ-টীকা সম্পূর্ণা।

প্রাণীর] অমরত্বের নাভি (অর্থাৎ কারণ) ছিলাম। [অন্নার্থীকে অন্ন না দিয়া স্বয়ং] যে অন্ন ভোজন করে, আমি তাহাকে ভোজন করি। আদিত্যের ন্যায় জ্যোতির্যুক্ত আমি সমস্ত ভুবনকে উপসংহার করি। যিনি ইহা জানেন [তিনি যথোক্ত ফল প্রাপ্ত হয়েন]। এই উপনিষৎ ॥ ১০ ॥ ইতি দশম অনুবাক ॥

ইতি ভৃগুবল্লী নামক তৃতীয় বল্লী।

তৈত্তিরীয় উপনিষদের 'প্রবোধক' নামক বঙ্গানুবাদ সমাপ্ত।

ঐতরেয়োপনিষৎ।

(ঋগ্বেদীয়া)

প্রথমোঽধ্যায়ঃ।

ওঁ পরমাত্মনে নমঃ। হরিঃ ওঁ।

আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ। নান্যৎ কিঞ্চন মিষৎ। স ঈক্ষত লোকান্ নু সৃজা ইতি ॥ ১ ॥

স ইমাঁল্লোকানসৃজত। অম্ভো মরীচীর্মরমাপোঽদোঽম্ভঃ পরেণ দিবং দ্যৌঃ প্রতিষ্ঠাঽন্তরিক্ষং মরীচয়ঃ। পৃথিবী মরো যা অধস্তাৎ তা আপঃ ॥ ২ ॥

বৈ ইদং (জগৎ) অগ্রে একঃ আত্মা এব আসীৎ। অন্যৎ কিং চন মিষৎ (নিমেষক্রিয়াবৎ) [অপি] ন [আসীৎ]। সঃ ঈক্ষত (ঐক্ষত, আলোচিতবান্) "লোকান্ নু (প্রশ্নে) সৃজৈ (সৃজেম) ?" ইতি ॥ ১ ॥

[এবমালোচ্য] সঃ ইমান্ লোকান্ অসৃজত (সৃষ্টবান্),—অম্ভঃ, মরীচীঃ, মরম্, আপঃ [ইতি]। অদঃ (তৎ) অম্ভঃ (আপঃ ভরতি ইতি) পরেণ দিবং (দ্যুলোকাৎ পরস্তাৎ), [সঃ অম্ভঃ-শব্দ-বাচ্যঃ লোকঃ এব] দ্যৌঃ প্রতিষ্ঠা (অম্ভসঃ লোকস্য আশ্রয়ঃ দ্যুলোকঃ); ("দ্যুলোকাৎ পরস্তাৎ

এই জগৎ পূর্ব্বে এক আত্মামাত্র ছিল। নিমেষক্রিয়াযুক্ত অপর কিছুও ছিল না। তিনি ভাবিলেন, "আমি কি লোক সকল সৃষ্টি করিব ? ॥ ১ ॥

[এরূপ আলোচনা করিয়া] তিনি এই লোক সকল সৃষ্টি করিলেন,—অম্ভঃ,মরীচি, মর ও অপ্। সেই অম্ভঃ (অর্থাৎ যাহা জলকে ধারণ করিতেছে তাহা) দ্যুলোকের উপরে, [সেই অম্ভঃ-শব্দ-

স ঈক্ষতেমে নু লোকা লোকপালান্নু স্বজা ইতি। সোঽদ্ভ্য এব পুরুষং সমুদ্ধৃত্যামূর্চ্ছয়ৎ ॥ ৩ ॥

তমভ্যতপত্তস্যাঽভিতপ্তস্য মুখং নিরভিদ্যত যথাণ্ডম্। মুখা-

যে মহরাদয়ো লোকা যশ্চ তস্যান্তসো লোকস্যাশ্রয়ো দ্যুলোকস্তে সর্ব্বে অন্তঃ-শব্দেনোচ্যন্তে"—ইতি আনন্দজ্ঞানঃ)। অন্তরিক্ষং [যৎ তৎ] মরীচয়ঃ। ("একোঽপ্যনেকস্থানভেদত্বাদ্বহুবচনভাক্, মরীচিভির্ব্বা রশ্মিভিঃ সম্বন্ধাৎ"—ইতি ভাষ্যকারঃ)। পৃথিবী মরঃ (ম্রিয়ন্তে অস্মিন্ ভূতানি ইতি)। যাঃ [পৃথিব্যাঃ] অধস্তাৎ [তাঃ] আপঃ [উচ্যন্তে] ॥ ২ ॥

সঃ ঈক্ষত, "ইমে নু [যে] লোকাঃ [ময়া সৃষ্টাঃ, এতেষাং রক্ষণার্থং] লোকপালান্ নু সৃজৈ ?" ইতি। [এবমালোচ্য] সঃ অদ্ভ্যঃ এব পুরুষম্ (পুরুষোপাদানম্ ইত্যর্থঃ) সমুদ্ধৃত্য (সমুপাদায়) অমূর্চ্ছয়ৎ (সম্পিণ্ডিতবান্) ॥ ৩ ॥

সঃ তম্ (পুরুষম্) [উদ্দিশ্য] অভ্যতপৎ (অভিধ্যানং কৃতবান্)। তস্য অভিতপ্তস্য [পিণ্ডস্য] মুখং নিরভিদ্যত (অজায়ত), যথা [পক্ষিণঃ] অণ্ডং

বাচ্য লোকই] প্রতিষ্ঠারূপ দ্যুলোক *। [যাহা] অন্তরীক্ষ [তাহাই] মরীচি। পৃথিবীই মর (অর্থাৎ যাহাতে জীব মরে)। যাহা পৃথিবীর নিম্নে তাহাই অপ্ ॥ ২ ॥

তিনি ভাবিলেন, এই যে লোক সকল [আমি সৃষ্টি করিয়াছি, এই সমুদায়ের রক্ষণার্থ] লোকপাল সৃষ্টি করিব কি ? [এরূপ আলোচনা করিয়া] তিনি জল হইতে এক পুরুষ (অর্থাৎ পুরুষের উপাদান) গ্রহণ করিয়া গঠন করিলেন ॥ ৩ ॥

তিনি সেই [পুরুষ] সম্বন্ধে চিন্তা করিলেন, চিন্তা করাতে তাহার মুখ ফুটিয়া বাহির হইল, [যেমন পক্ষির] ডিম্ব [ফুটে]।

* শাঙ্কর ভাষ্যের টীকাকার মহাত্মা আনন্দগিরি বলেন, "দ্যুলোকের উপরে যে মহঃ প্রভৃতি লোক আছে, এবং সেই অম্ভোলোকের আশ্রয় যে দ্যুলোক, সে সমুদায়ই অম্ভঃশব্দবাচ্য।"

দ্বাগ্ বাচোঽগ্নির্নাসিকে নিরভিদ্যেতাং নাসিকাভ্যাং প্রাণঃ প্রাণাদ্বায়ুরক্ষিণী নিরভিদ্যেতামক্ষিভ্যাঞ্চক্ষুশ্চক্ষুষ আদিত্যঃ কর্ণৌ নিরভিদ্যেতাং কর্ণাভ্যাং শ্রোত্রং শ্রোত্রাদ্দিশস্ত্বঙ্ নিরভিদ্যত ত্বচো লোমানি লোমভ্য ওষধিবনস্পতয়ো হৃদয়ং নিরভিদ্যত হৃদয়ান্মনো মনসশ্চন্দ্রমা নাভির্নিরভিদ্যত নাভ্যা অপানোঽপানান্মৃত্যুঃ শিশ্নং নিরভিদ্যত শিশ্নাদ্রেতো রেতস আপঃ ।। ৪ ।। ইতি প্রথমখণ্ডঃ ॥১॥

[নিরভিদ্যতে]। মুখাৎ বাক্ [অজায়ত], বাচঃ অগ্নিঃ [অজায়ত]। নাসিকে (নাসারন্ধ্রে) নিরভিদ্যেতাম্। নাসিকাভ্যাম্ প্রাণঃ, প্রাণাৎ বায়ুঃ। অক্ষিণী নিরভিদ্যেতাম্। অক্ষিভ্যাম্ চক্ষুঃ, চক্ষুষঃ আদিত্যঃ। কর্ণৌ নিরভিদ্যেতাম্। কর্ণাভ্যাং শ্রোত্রং, শ্রোত্রাৎ দিশঃ। ত্বক্ নিরভিদ্যত। ত্বচঃ লোমানি, লোমভ্যঃ ওষধি-বনস্পতয়ঃ। হৃদয়ং নিরভিদ্যত (হৃদয়াৎ মনঃ, মনসঃ চন্দ্রমাঃ। নাভিঃ নিরভিদ্যত। নাভ্যাঃ অপানঃ অপানাৎ মৃত্যুঃ। শিশ্নং (জননেন্দ্রিয়ঃ) নিরভিদ্যত। শিশ্নাৎ রেতঃ, রেতসঃ আপঃ ।। ৪ ।। ইতি প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

মুখ হইতে বাক্য [বাহির হইল]; বাক্য হইতে অগ্নি [বাহির হইলেন]। নাসারন্ধ্রদ্বয় বাহির হইল; নাসা হইতে প্রাণ, প্রাণ হইতে বায়ু [বাহির হইলেন]। অক্ষিদ্বয় বাহির হইল; অক্ষিদ্বয় হইতে চক্ষু এবং চক্ষু হইতে আদিত্য [বাহির হইলেন]। কর্ণদ্বয় বাহির হইল; কর্ণদ্বয় হইতে শ্রবণেন্দ্রিয় এবং শ্রবণেন্দ্রিয় হইতে দিক্ সকল [বাহির হইল]। ত্বক্ বাহির হইল; ত্বক্ হইতে লোম এবং লোম হইতে ওষধি ও বনস্পতি [বাহির হইল]। হৃদয় বাহির হইল; হৃদয় হইতে মন এবং মন হইতে চন্দ্রমা [বাহির হইলেন]। নাভি বাহির হইল; নাভি হইতে অপান বায়ু এবং অপান বায়ু হইতে মৃত্যু [বাহির হইলেন]। জননেন্দ্রিয় বাহির হইল; জননেন্দ্রিয় হইতে রেত, এবং রেত হইতে জল [বাহির হইল] ॥ ৪ ॥ ইতি প্রথম খণ্ড ॥ ১ ॥

তা এতা দেবতাঃ সৃষ্টা অস্মিন্মহত্যর্ণবে প্রাপতংস্তমশনায়া পিপাসাভ্যামন্ববার্জৎ। তা এনমব্রুবন্নায়তনং নঃ প্রজানীহি যস্মিন্ প্রতিষ্ঠিতা অন্নমদামেতি॥ ১॥

তাভ্যো গামানয়ত্তা অব্রুবন্ ন বৈ নোঽয়মলমিতি। তাভ্যোঽশ্বমানয়ত্তা অব্রুবন্ ন বৈ নোঽয়মলমিতি॥ ২॥

তাঃ এতাঃ দেবতাঃ সৃষ্টাঃ [সত্যঃ] অস্মিন্ মহতি অর্ণবে (সংসারাখ্যে) প্রাপতন্ (পতিতবত্যঃ)। [ঈশ্বরঃ] তম্ (প্রথমোৎপাদিতম্ পুরুষম্) অশনা-পিপাসাভ্যাম্ অন্ববার্জৎ (অনুগমিতবান্, সংযোজিতবান্, ইত্যর্থঃ)। তাঃ [দেবতাঃ] এনম্ (ঈশ্বরম্) অব্রুবন্, নঃ (অস্মভ্যং) [তৎ] আয়তনম্ (আশ্রয়ম্) প্রজানীহি (বিধৎস্ব) যস্মিন্ [বয়ম্] প্রতিষ্ঠিতাঃ [সত্যঃ] অন্নম্ অদামঃ (ভক্ষয়ামঃ) ইতি॥ ১॥

(এবমুক্তঃ ঈশ্বরঃ) তাভ্যঃ গাং (গবাকৃতিবিশিষ্টং পিণ্ডম্ আনয়ৎ। তাঃ (তদ্ দৃষ্ট্বা) অব্রুবন্ 'অয়ং নঃ (অস্মদর্থং) ন বৈ অলম্ (পর্য্যাপ্তম্)' ইতি। (তদা স্রষ্টা) তাভ্যঃ অশ্বম্ (অশ্বাকৃতিবিশিষ্টম্ পিণ্ডম্) আনয়ৎ। (তদ্ দৃষ্ট্বা) তাঃ অব্রুবন্, 'ন বৈ নঃ অলম্' ইতি॥ ২॥

সেই দেবতারা সৃষ্ট হইয়া এই মহৎ [সংসার-] সাগরে পতিত হইলেন। [স্রষ্টা] তাঁহাকে (অর্থাৎ প্রথমোৎপাদিত পুরুষকে) ক্ষুধা-পিপাসা-বিশিষ্ট করিলেন। তাঁহারা (অর্থাৎ সেই দেবতারা) তাঁহাকে (অর্থাৎ স্রষ্টাকে) বলিলেন, "আমাদিগকে এরূপ আশ্রয়স্থান দিন্, যাহাতে প্রতিষ্ঠিত হইয়া আমরা অন্ন আহার করিতে পারি"॥ ১॥

[দেবতাগণ এরূপ বলাতে স্রষ্টা] তাঁহাদের নিকট একটী গো (অর্থাৎ গবাকৃতি পিণ্ড) আনয়ন করিলেন। [তাহা দেখিয়া] তাঁহারা বলিলেন, "ইহা আমাদের পক্ষে যথেষ্ট নহে"। [তখন

তাভ্যঃ পুরুষমানয়ৎ তা অব্রুবন্ সুকৃতং বতেতি পুরুষো বাব সুকৃতম্। তা অব্রবীদ্ যথায়তনং প্রবিশতেতি॥ ৩॥

অগ্নির্ব্বাগ্ ভূত্বা মুখং প্রাবিশদ্বায়ুঃ প্রাণো ভূত্বা নাসিকে প্রাবিশদাদিত্যশ্চক্ষুর্ভূত্বাঽক্ষিণী প্রাবিশদ্দিশঃ শ্রোত্রং ভূত্বা কর্ণৌ প্রাবিশন্নোষধিবনস্পতয়ো লোমানি ভূত্বা ত্বচং প্রাবিশংশ্চন্দ্রমা মনো ভূত্বা হৃদয়ং প্রাবিশন্ মৃত্যুরপানো ভূত্বা নাভিং প্রাবিশদাপো রেতো ভূত্বা শিশ্নং প্রাবিশৎ॥ ৪॥

(ততঃ সঃ) তাভ্যঃ পুরুষং (নরাকৃতি-বিশিষ্টম্ পিণ্ডম্) আনয়ৎ। (তদ্-দৃষ্ট্বা) তাঃ অব্রুবন্ "[ইদম্ অধিষ্ঠানং] সুকৃতং (শোভনম্) বত (নিশ্চিতম্)" ইতি। (অতঃ) পুরুষঃ বাব (নিশ্চিতং) সুকৃতম্। (তদা স্রষ্টা) তাঃ অব্রবীৎ "যথা আয়তনং (যৎ যস্য স্থানং তৎ) প্রবিশত" ইতি॥ ৩॥

(এবমুক্তঃ) অগ্নিঃ বাক্ ভূত্বা মুখম্ প্রাবিশৎ। বায়ুঃ প্রাণঃ (ঘ্রাণবৃত্তিঃ) ভূত্বা নাসিকে প্রাবিশৎ। আদিত্যঃ চক্ষুঃ ভূত্বা অক্ষিণী প্রাবিশৎ। দিশঃ শ্রোত্রম্ ভূত্বা কর্ণৌ প্রাবিশন্। ওষধয়ঃ চ বনস্পতয়ঃ চ লোমানি ভূত্বা ত্বচম্

স্রষ্টা] তাঁহাদের নিকট একটী অশ্ব (অর্থাৎ অশ্বাকৃতি পিণ্ড) আনয়ন করিলেন। [তাহা দেখিয়া] তাঁহারা বলিলেন, "ইহা আমাদের পক্ষে যথেষ্ট নহে"॥ ২॥

[তখন তিনি] তাঁহাদিগের নিকট একটী পুরুষ (অর্থাৎ নরাকৃতি পিণ্ড) আনয়ন করিলেন। [তাহা দেখিয়া] তাঁহারা বলিলেন, "এই অধিষ্ঠান বাস্তবিকই সুন্দর"। [অতএব] পুরুষ বাস্তবিই সুন্দর। [তখন স্রষ্টা] তাঁহাদিগকে বলিলেন, "যথা-স্থানে (অর্থাৎ আপনাপন স্থানে) প্রবেশ কর"॥ ৩॥

[এই কথা শুনিয়া] অগ্নি বাক্ হইয়া মুখে প্রবেশ করিলেন। সূর্য্য চক্ষু হইয়া অক্ষিদ্বয়ে প্রবেশ করিলেন। দিক্ সকল শ্রবণেন্দ্রিয় হইয়া কর্ণদ্বয়ে প্রবেশ করিলেন। ওষধি ও বনস্পতিগণ লোম

তমশনায়াপিপাসে অব্রূতামাবাভ্যামভিপ্রজানীহীতি। স তে অব্রবীদেতাস্বেব বাং দেবতাস্বাভজাম্যেতাসু ভাগিন্যৌ করোমীতি। তস্মাদ্ যস্যৈ কস্যৈ চ দেবতায়ৈ হবির্গৃহ্যতে ভাগিন্যাবেবাস্যামশনায়াপিপাসে ভবতঃ ॥ ৫ ॥ ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ২ ॥

স ঈক্ষতেমে নু লোকাশ্চ লোকপালাশ্চান্নমেভ্যঃ সৃজা ইতি ॥১॥

প্রাবিশন্। চন্দ্রমাঃ মনঃ ভূত্বা হৃদয়ম্ প্রাবিশৎ। মৃত্যুঃ অপানঃ (অধোগামী প্রাণবায়ুঃ) ভূত্বা নাভিম্ প্রাবিশৎ। আপঃ রেতঃ ভূত্বা শিশ্নম্ প্রাবিশৎ ॥ ৪ ॥

[ততঃ] তং (স্রষ্টারম্) অশনায়া-পিপাসে অব্রূতাম্ (উক্তবত্যৌ) "আবাভ্যাম্ [অধিষ্ঠানম্] প্রতিজানীহি (বিধৎস্ব) ইতি"। [এবমুক্তঃ] সঃ তে অব্রবীৎ, "এতাসু দেবতাসু এব বাং (যুবাম্) আভজামি (বৃত্তি-সংবিভাগেন অনুগৃহ্ণামি, এতাসু ভাগিন্যৌ করোমি)" ইতি। তস্মাৎ যস্যৈ কস্যৈ চ দেবতায়ৈ হবিঃ গৃহ্যতে, অস্যাং [দেবতায়াম্] এব অশনায়া-পিপাসে ভাগিন্যৌ ভবতঃ ॥ ৫ ॥ ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ২ ॥

[ততঃ] সঃ ঈক্ষত ইমে নু লোকাঃ লোকপালাঃ চ [যে ময়া সৃষ্টাঃ] এভ্যঃ অন্নম্ সৃজৈ ইতি ॥ ১ ॥

হইয়া ত্বকে প্রবেশ করিল। চন্দ্রমা মন হইয়া হৃদয়ে প্রবেশ করিলেন। মৃত্যু অপান (অর্থাৎ অধোগামী বায়ু) হইয়া নাভিতে প্রবেশ করিলেন; [এবং] জল রেত হইয়া জননেন্দ্রিয়ে প্রবেশ করিল ॥ ৪ ॥

[তৎপর] ক্ষুধাতৃষ্ণা তাঁহাকে (অর্থাৎ স্রষ্টাকে বলিল), "আমাদিগকে স্থান দিন্"। [ইহা শুনিয়া] তিনি তাহাদিগকে বলিলেন, "এই সকল দেবতাতেই আমি তোমাদের ব্যবস্থা করিব, তোমাদিগকে ইহাঁদের ভাগী করিব"। এইজন্য যে কোন দেবতাকে হবি অর্পিত হয়, ক্ষুধা তৃষ্ণা তাঁহার ভাগী হয় ॥ ৫ ॥ ইতি দ্বিতীয় খণ্ড ॥ ২ ॥

সোঽপোঽভ্যতপৎ তাভ্যোঽভিতপ্তাভ্যো মূর্ত্তিরজায়ত।
যা বৈ সা মূর্ত্তিরজায়তান্নং বৈ তৎ ॥ ২ ॥

তদেতদভিসৃষ্টং পরাঙত্যজিঘাংসৎ তদ্বাচাজিঘৃক্ষৎ তন্নাশক্নোদ্বাচা গ্রহীতুম্। স যদ্ধৈনদ্বাচাগ্রহৈষ্যদভিব্যাহৃত্য হৈবান্নমত্রপস্যৎ ॥ ৩ ॥

[এবম্ আলোচ্য] সঃ অপঃ [উদ্দিশ্য] অভ্যতপৎ, তাভ্যঃ অভিতপ্তাভ্যঃ [উপাদানভূতাভ্যঃ] মূর্ত্তিঃ অজায়ত। যা বৈ সা মূর্ত্তিঃ অজায়ত তৎ অন্নম্ বৈ ॥ ২ ॥

